OPIUM. আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৪ সাল তারিখ ৯ আগষ্ট বুধবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৫২। ৫৩ সালের পয়দায়শী আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪০২৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৮৫৫
বানারসের পয়দায়শী আফিম	১১৭০
জুমলা সিন্দুক	৪০২৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল খারানুসারে সন ১৮৫৩ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৪ সালের ১৪ এবং ২৪ আগষ্ট এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিশ্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৪ সালের ১৪ আগষ্ট সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাটখালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৪ সালের ২৪ আগষ্ট বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৫২। ৫৩ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

							বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন	১৮৫৪	সালের	৫ সেপ্টেম্বর	মঙ্গলবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ			১২ অক্‌টোবর	বৃহস্পতিবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ			৮ নবেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ			৮ ডিসেম্বর	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৬৯	১১৭৬	৪০৪৫
							১১৪৩৪	৪৬৮৬	১৬১২০

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৪ সাল তারিখ ২০ জুলাই।

এ আর ইয়ং। এক্‌টিং ছোট সেক্রেটারী।

Detailed Statement of valuable enclosures found in the unclaimed letters opened in the Calcutta General Post Office, agreeably to Clause 27 Act No. 17 of 1837.

Date of opening.	From what place the letter was originally despatched.	Date of despatch.	Name of the Addressee.	Station to which the letter is addressed.	Bill of Exchange, Drafts and Hoondies.		Half Bank Notes.		Whole Bank Notes.		Remarks.
					No.		No.	Rs. As. P.	No.	Rs. As. P.	
1st June, 1854,	Calcutta, ...	22d May, 1852, ...	Mrs. Helm, care of Jas. Cook,	London, Rtnd.	1330	£ 5 Sterling.					This cover was sent to London and returned from thence.
2d ditto, ...	Agra, ...	15th April, 1852, ...	Ramshaie, ...	Arrah, ...	84	Rs. 62 0 0					The draft is drawn on the Arrah Treasury.
" ...	Patna, ...	Not legible, ...	Soyed Ally Raja, ...	Gyah, ..			35,679	100 0 0			
							28,759	100 0 0			The Bank of Bengal Notes are under one cover.
							37,505	100 0 0			
							40,166	100 0 0			
3rd July, ..	Chittagong, ...	1st December, 1852,	Chunder Coomar Mullick, ...	Calcutta, ...	315	25 0 0					Treasury draft on the Collector, Benares.
" ...	Noorpore, ..	4th Do.,	Miss Drummond, ...	Benares, ...	9	11 4 0					
4th ditto, ...	Rawul Pindee,...	18th Do.,	Rajkissen Mookerjee, ...	Calcutta, ...	114	8 0 0					Received under one cover.
					131	8 0 0					
					153	8 0 0					
	Rungpore, ...	17th Do.,	Runglall Bundopadhoy, ...	Calcutta, ...	136	25 0 0					Treasury Draft.
				Total Co.'s Rs.		147 4 0	0	400 0 0	0	0 0 0	

Calcutta, General Post Office, the 24th July, 1854.

J. R. B. Bennett, *Post Master General of Bengal.*

১৮৩৭ সালের ১৭ আইনের ২৭ ধারাক্রমে দাওয়া না হওয়া যে পত্র কলিকাতার সাধারণ ডাকঘরে খোলা গিয়াছে তাহার মধ্যে মূল্যবান যে২ বিষয় পাওয়া যায় তাহার কৈফিয়ৎ।

খুলিবার তারিখ	যে স্থানহইতে পত্র প্রথমে পাঠান যায়	পাঠাইবার তারিখ	যাহার নামে পত্র হয়	পত্রের শিরনামায় যে সাকিন লেখা যায়	বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী কি ড্রাফট		অর্দ্ধেক ব্যাঙ্ক নোট		পূরা ব্যাঙ্ক নোট		মন্তব্য কথা
					নং	টাকা	নং	টাকা	নং	টাকা	
১৮৫৪। ১ জুন।	কলিকাতা ...	১৮৫২ সাল ২২ মে	বিবি হেল্‌ম জেম্‌স কুক সাহেবের জিম্মায়	লণ্ডন ফিরিয়া আইল	১৩৩০	৫ পৌণ্ড ষ্টর্‌লিং টাকা					এই খাম লণ্ডনে প্রেরিত হইলে পর ফিরিয়া আইসে।
২ ঐ	আগরা	১৮৫২ সাল ১৫ আপ্রিল	রামশাই	আররা	৮৪	৬২৲					এই হুণ্ডী আররার খাজানাখানার উপর।
"	পাটনা	পাঠ করা যায় না	সৈয়দ আলী রাজা	গয়া			৩৫,৬৭৯ ২৮,৭৫৯ ৩৭,৫১৫ ৪০,১৬৬	১০০৲ ১০০৲ ১০০৲ ১০০৲			বাঙ্গাল ব্যাঙ্কের এই২ নোট একি খামে বন্দ ছিল।
৩ জুলাই	চাটিগাঁ.... ...	১৮৫২ সাল ১ ডিসেম্বর	চন্দ্রকুমার মল্লিক	কলিকাতা	৩১৫	২৫৲					বানারসের কালেক্‌টরীর উপর ত্রেজুরীর হুণ্ডী।
"	নূরপুর	ঐ ৪ ঐ	মিস ড্রমণ্ড	বারাণসী	৯	১১।০					
৪ ঐ	রাওলপিণ্ডি ...	ঐ ১৮ ঐ	রাজকৃষ্ণ মুখুয্যা	কলিকাতা	১১৪ ১৩১ ১৫৩	৮৲ ৮৲ ৮৲					একি খামে পাওয়া গিয়াছে
	রঙ্গপুর	ঐ ১৭ ঐ	রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়	কলিকাতা	১৩৬	২৫৲					ত্রেজুরীর হুণ্ডী।
				মোট কোৎ টাকা		১৪৭।০	০	৪০০৲	০	০	

জে আর বি বেনেট।
বাঙ্গলা দেশের পোষ্ট মাষ্টর জেনরল।

কলিকাতার জেনরল পোষ্ট আফিস। ১৮৫৪ সাল ২৪ জুলাই।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, ও শ্রীকালীমোহন মুখো, ও শ্রীপ্রসন্নচন্দ্র মুখো, ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ এক টাকা ও বার্ষিক আগামি ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইবেক, প্রথম ও দ্বিতীয় মাসের বহি প্রস্তুত আছে মার্চ মাসের মুদ্রিত হইতেছে অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 8, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ৮ আগষ্ট।

CALCUTTA PUBLICK LIBRARY

DRAFT OF ACT.

A Bill for the further improvement of the law of Evidence.

[Concluded from Page 449.]

[When an original document is out of the reach of the process of the Court, or at a distance, secondary evidence may be received on application for that purpose.]

26. Where an original document is out of the reach of the process of the Court, or is at so great a distance from the Court, that the best evidence of it could not be had without serious expense, it shall be lawful for the Court, on application to it, and on notice to the opposite party at a reasonable time before the hearing, to make an order for the reception of secondary evidence of its execution and contents.

[An attested may be proved as an unattested document, when attestation is not essential.]

27. An attested document may be proved as if no such attestation had existed, unless it be a document to the validity of which attestation is requisite.

[The admission of a party to an attested instrument of its execution by himself shall be as against him good evidence, though attestation be essential to its validity.]

28. The admission of a party to an attested instrument of its execution by himself, shall be as against him sufficient *primâ facie* proof of the due execution of it, though it be an instrument which is required by law to be attested.

[Books regularly kept, shall be admitted as corroborative proofs.]

আইনের মুসাবিদা।

সাক্ষ্যবিষয়ক আইন আরো উত্তম করিবার আইনের মুসাবিদা।

[৪৪৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[যখন আসল দলীল আদালতের পরওয়ানার ব্যাপ্যের বাহিরে থাকে অথবা দূরে থাকে তখন দ্বিতীয় প্রমাণ গ্রাহ্য করিবার দরখাস্ত হইলে গ্রাহ্য হইতে পারিবেক।]

২৬। যখন আসল দলীল আদালতের পরওয়ানার ব্যাপ্যের বাহিরে থাকে কিম্বা আদালতহইতে এমত দূরে থাকে যে ভারি খরচ না হইলে তাহার মুখ্য প্রমাণ পাওয়া যাইতে না পারে তখন আদালতের ক্ষমতা থাকিবেক যে আদালতে দরখাস্ত হইলে এবং শুননির পূর্ব্বে উপযুক্ত সময়ে বিপক্ষ পক্ষকে সম্বাদ দেওয়া গেলে পর ঐ দলীলের সিদ্ধতার ও তাহার মর্ম্মের দ্বিতীয় প্রকার প্রমাণ গ্রাহ্য করণের হুকুম করেন।

[যে স্থলে ইসাদীরদের দস্তখতের আবশ্যক নাই সেই স্থলে তাহারদের দস্তখৎহওয়া দলীল সেইরূপে দস্তখৎ না হওয়া দলীলের মত প্রমাণ করা যাইতে পারে।]

২৭। ইসাদীরদের দস্তখৎহওয়া দলীল, সেই প্রকার কোন দস্তখৎ না হওয়ার মত প্রমাণ করা যাইতে পারে, কিন্তু যদি সেই দলীল এমত হয় যে ইসাদীরদের দস্তখৎ না থাকিলে তাহা প্রবল হইবেক না তবে সেইরূপে প্রমাণ করা যাইতে পারিবেক না।

[ইসাদীরদের দস্তখৎহওয়া দলীলের এক পক্ষ আপনি তাহাতে দস্তখৎ করিয়াছে এমত স্বীকার করিলে যদিও ইসাদীরদের দস্তখৎ না থাকিলে তাহা প্রবল হয় না তথাপি তাহার ঐ স্বীকার করণ তাহার বিরুদ্ধে উত্তম প্রমাণ হইবেক।]

২৮। ইসাদীরদের দস্তখৎহওয়া দলীলের এক পক্ষ আপনি তাহাতে দস্তখৎ করিয়াছে এমত স্বীকার করিলে যদিও আইনমতে সেই দলীলে ইসাদীদের দস্তখতের আবশ্যক তথাপি তাহার ঐ স্বীকার করা ঐ দলীল উপযুক্তমতে সিদ্ধহওয়ার বিষয়ে তাহার বিরুদ্ধে প্রথমতঃ প্রচুর প্রমাণ হইবেক।

[রীতিমতে রাখা খাতাবহী দৃঢ়করণের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক।]

29. The books of any person, which are proved to have been regularly kept in the way in which such books usually are, shall be admissible as corroborative, but not as independent proof of the facts which may have been stated therein when such facts become to be proved.

[When an entry is admissible evidence after the death of a party, it shall be admissible in his lifetime, if he be incapable of being examined or be permanently absent, or cannot be found after diligent search.]

30. In all cases where hearsay evidence, in the shape of an entry in any book, public or private, is admissible in evidence after the death of the party who made it, on the ground of its having been made in the ordinary course of business and without motive to misrepresent, such entry shall be admissible, though the party who made it be not dead, if he is incapable of being produced as a witness to the transaction, and of giving evidence as to it by reason of his subsequent loss of understanding, or where he is at the time of the trial or hearing *bonâ fide* and permanently beyond the reach of the process of the Court, or cannot, after diligent search be found.

[Personal knowledge of the party making the entry not essential, if it were made on personal knowledge directly or indirectly conveyed.]

31. In any case where such entry is admissible, it shall be admissible, although it appear that the party who made it had not himself personal knowledge of the matter to which such entry relates, provided it appear that he acted in making it on the personal knowledge, whether directly conveyed to him or not, of some person whose business it was to do the thing or give the information which the entry records.

[Hearsay evidence, which is admissible, because made against the interest of the party giving it, shall be admissible, though he be alive and capable of being produced as a witness.]

32. In all cases where hearsay evidence is received in the shape of a declaration or entry, on the ground that it was made against the interest of the party making it, it shall be admissible in evidence, though the party who made it is alive and is capable of being produced and of giving testimony as a witness.

[Entries evidence for the limited purpose of identification.]

33. Any entry in any books, public or private, or any memorandum so far as such entry or memorandum merely refers to and tends to identify by name, description, number, or otherwise, any bank Notes or other securities for the payment of money, or other property, and the payer in or receiver of them shall, in any case, where such identification is necessary to be proved, be *primâ facie* proof for that limited purpose, if it shall be proved

২৯। খাতাবহী রীতিমতে যে প্রকারে রাখা যায় সেই প্রকারে কোন ব্যক্তির যে বহী রীতিমতে রাখা গিয়াছে প্রমাণ হয় সেই বহী তাহাতে লিখিত বৃত্তান্ত দৃঢ় করণের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারে কিন্তু সেই বৃত্তান্তের প্রমাণ করার আবশ্যক হইলে তাহা অন্য প্রমাণ বিনা স্বতই প্রমাণ হইবেক না।

[যখন বহীতে লিখিত কথা ব্যক্তির মরণের পরে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারে তখন তাহার জীবদ্দশাতেও যদি তাহার জোবানবন্দী লওয়া যাইতে পারে না কিম্বা যদি সেই ব্যক্তি চির কালের নিমিত্তে স্থানান্তরে থাকে কিম্বা যত্নপূর্ব্বক অনুসন্ধান হইলে পর তাহাকে পাওয়া যায় না তবেও গ্রাহ্য হইতে পারিবেক।]

৩০। যে সকল মোকদ্দমায়, সরকারী কি বিশেষ কোন বহীতে যে কথা লেখা যায় তাহা কর্ম্মের ক্রমিক রীতিমতে লেখা গিয়াছে এবং অসত্য লিখিবার অভিপ্রায়ে নহে এই হেতুতে তাহা যথাশ্রুত প্রমাণ বলিয়া লিখনিয়া ব্যক্তির মরণের পরে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারে, সেই সকল মোকদ্দমায় ঐ কথালিখনিয়া ব্যক্তি না মরিলেও যদি তাহাকে ব্যাপারের সাক্ষিস্বরূপ উপস্থিত করা যাইতে পারে না কিম্বা পরে তাহার বুদ্ধিলোপ হওয়াপ্রযুক্ত তদ্বিষয়ের সাক্ষ্য দিতে পারে না অথবা যদি সে ব্যক্তি মোকদ্দমার বিচার হইবার কি শুনিবার সময়ে নিতান্ত ও চির কালের নিমিত্তে আদালতের পরওয়ানার ব্যাপ্যের বাহিরে থাকে কিম্বা যত্নপূর্ব্বক অনুসন্ধান হইলে পর তাহাকে পাওয়া যায় না তবে ঐ লিখিত কথা গ্রাহ্য হইতে পারিবেক।

[যে ব্যক্তি ঐ কথা লিখিয়াছিল সে যদি তদ্বিষয়ে যাহার নিজের জ্ঞান ছিল এমত ব্যক্তির স্থানে একেবারে কি অন্যের দ্বারা জানিয়া লিখিয়াছিল তবে তদ্বিষয়ে লেখক ব্যক্তির নিজের জ্ঞান থাকা আবশ্যক নাই।]

৩১। যে কোন মোকদ্দমায় ঐ প্রকার লিখিত কথা গ্রাহ্য হইতে পারে সেই মোকদ্দমায় যদিও দৃষ্ট হয় যে ঐ কথার যে বিষয়ের সঙ্গে সম্পর্ক আছে সেই বিষয় লেখক ব্যক্তি নিজে জানিল না পরন্তু ঐ লিখিত কথায় যে কার্য্যের বৃত্তান্ত ব্যক্ত হয় সেই কার্য্য করা কি তাহা জ্ঞাপনকরা যাহার কর্ত্তব্য ছিল এমত লোক আপনি তাহাকে সেই কথা জ্ঞাত করুক কি না করুক কিন্তু তাহার প্রকৃত জ্ঞানক্রমে লেখক ব্যক্তি লিখিয়াছিল ইহা যদি দৃষ্ট হয় তবে ঐ প্রমাণ গ্রাহ্য হইতে পারিবেক।

[যথাশ্রুত প্রমাণ যে ব্যক্তি দেয় তাহার লভ্যের বিরুদ্ধে হওয়াতে সেইরূপ যে প্রমাণ গ্রাহ্য হইতে পারে তাহা সেই ব্যক্তি জীবৎ থাকিলেও এবং সাক্ষিস্বরূপ তাহাকে উপস্থিত করাণ যাইতে পারিলেও গ্রাহ্য হইতে পারে।]

৩২। যে সকল মোকদ্দমায় কোন বাক্য কি লিখিত কথা যে পক্ষ কহিয়াছে কি লিখিয়াছে তাহারই লভ্যের বিপরীত হওয়াপ্রযুক্ত যথাশ্রুত প্রমাণস্বরূপ গ্রাহ্য হইয়া থাকে সেই সকল মোকদ্দমায় যে ব্যক্তি ঐ বাক্য কহিয়াছিল কি লিখিয়াছিল সে জীবৎ থাকিলেও এবং তাহাকে সাক্ষিস্বরূপ উপস্থিত করাণ যাইতে পারিলেও এবং সে সাক্ষ্য দিতে পারিলেও ঐ বাক্য প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেক।

[বহীতে লিখিত কথা কেবল অনন্যতা নির্ণয় করণার্থেও প্রমাণ হওন।]

৩৩। কোন সরকারী কি বিশেষ বহীতে লিখিত কোন কথাতে কি কোন স্মারক লিপিতে নাম কি বিবরণ কি নম্বরপ্রভৃতির দ্বারা যেপর্য্যন্ত কোন ব্যাঙ্ক নোট কি টাকা দিবার অন্য নিদর্শনপত্র কি অন্য সম্পত্তি এবং তাহার দায়ক ব্যক্তির ও গ্রাহক ব্যক্তির কেবল উল্লেখ হয় ও তাহার অনন্যতা নির্ণয় করা যায় সেইপর্য্যন্ত যে কোন মোকদ্দমাতে ঐরূপ অনন্যতার প্রমাণ করা আবশ্যক সেই মোকদ্দমায়, যদি ঐ লিখিত কথা কি স্মারক লিপি যে ব্যাপারের সঙ্গে সম্পর্ক রাখে তাহা যে সময়ে হইয়া-

to have been made at or about the time of the transaction to which it relates, and without any interest in falsifying the description of such notes, securities or property, though the person who made it or he on whose information it was made is alive and capable of being produced as a witness.

[Various mercantile documents made *primâ facie* evidence of what they purport to prove.]

34. Certificates of shares and of registration thereof, bills of lading, invoices, account sales, receipts usually given on the payment or deposit, or delivery of money, receipts usually given on the delivery of any goods, chattels, securities, letters, papers or other things, provided such receipts be proved to have been given in the ordinary course of business, and concurrently with or near to the time of the receipt which they evidence, warrants, orders or other documents evidencing the title to goods deposited in any public warehouse, public dock, or other such public place, shall be on proof that they were respectively given out or received as genuine, and without proof of handwriting or authority, be received as sufficient *primâ facie* evidence of the matters which they evidence, as well between the parties to the transaction as between other parties.

[A witness may refresh his memory by any document, &c., which may refresh it.]

35. A witness whose memory requires to be refreshed, and who desires to refer before such Court, or before any such person as aforesaid, to any document for that purpose, shall be permitted to refresh it from any book, document or writing or inscription, whether such book, document, writing or inscription be an original or only a copy or extract, and whether that from which he refreshes his memory, or that from which it may have been taken, be of his own making or not, and whether it has or has not been in any manner made under his inspection or control.

[Where statements, charges and complaints, &c., are now admissible as evidence to the extent only that they were made, the particulars thereof may be received as corroborative proof.]

36. And whereas in many instances, statements, charges and complaints are received as evidence, so far only that it is competent to prove in certain cases, that a statement, or charge, or a complaint was made, but the particulars of the statement, charge or complaint are not permitted to be given in evidence; it is enacted that in all such cases the particulars shall be allowed to be received in evidence, and may be acted on as corroborative proof,

ছিল সেই সময়েতেই কি প্রায় সেই সময়েতে লেখা গিয়াছিল এবং ঐ নোট কি নিদর্শন কি সম্পত্তির বিবরণ অসত্যরূপে লিখিলে কোন লভ্য নাহি এমত প্রমাণ হয় তবে যে ব্যক্তি তাহা লিখিয়াছিল কিম্বা যাহার কহনের মতে তাহা লেখা গিয়াছিল সে ব্যক্তি জীবৎ থাকিলেও ও তাহাকে সাক্ষিস্বরূপ উপস্থিত করাণ যাইতে পারিলেও ঐ লিখিত কথা কি স্মারক লিপি কেবল ঐ বিশেষ অভিপ্রায়ে প্রথমতঃ প্রমাণ হইবেক।

[মহাজনী নানা কাগজপত্রের যে বিষয়ের প্রমাণ করা অভিপ্রায় দর্শায় তদ্বিষয়ের তাহার প্রথমতঃ প্রমাণ হওন।]

৩৪। শ্যারের ও তাহার রেজিষ্টরী করণের সর্টিফিকট, ও "বিল অফ লেডিং" অর্থাৎ জাহাজে বোঝাই করা মালের বিষয়ি একরারনামা, ও "ইনবাইস" অর্থাৎ বিজক, ও "আকৌণ্টসেল" অর্থাৎ বিক্রয়ের হিসাব, ও টাকা দেওন কি আমানৎ করণ কি দাখিল করণ সময়ে যে রসীদ রীতিমতে দেওয়া যায় এবং কোন মাল কি লওয়াজিমা কি নিদর্শন লিপি কি পত্র কি কাগজপত্র কি অন্য দ্রব্য দেওন সময়ে যে রসীদ রীতিমতে দেওয়া যায় যদি প্রমাণ হয় যে সেই২ রসীদ কর্ম্মের ক্রমিক নিয়মমতে দেওয়া গিয়াছে এবং যে বিষয় প্রাপণের প্রমাণ করে তাহা প্রাপণের সময়ে কি তাহার নিকট সময়ে দেওয়া গিয়াছিল তবে সে রসীদ, এবং পরওয়ানা, কি হুকুম, কি অন্য যে দলীলের দ্বারা কোন সরকারী গুদাম ঘরে কি সরকারী গুদীতে কি সেইরূপ অন্য কোন সরকারী স্থানে আমানৎহওয়া মালের স্বত্বের প্রমাণ হয় সেই২ দলীল আসল বলিয়া দেওয়া গিয়াছিল কি গ্রাহ্য হইয়াছিল ইহার প্রমাণ হইলে তাহাতে হাতের লেখার কি ক্ষমতার বিষয়ে কোন প্রমাণ না লইয়া তাহা যে বিষয়ের প্রমাণ করে সেই বিষয়ের প্রথমতঃ প্রচুর প্রমাণস্বরূপ ঐ ব্যাপারের উভয় পক্ষের মধ্যে এবং অন্য২ পক্ষেরও মধ্যে গ্রাহ্য হইবেক।

[যে দলীলপ্রভৃতি দেখিয়া সাক্ষির কোন বিষয়ের স্মরণ হইতে পারে তাহা দেখিয়া সাক্ষী স্মরণ করিতে পারে।]

৩৫। যে সাক্ষির কোন বিষয় স্মরণ করিবার আবশ্যক হয় এবং তদভিপ্রায়ে যদি সেই সাক্ষী সেইপ্রকার আদালতের কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের কোন ব্যক্তির সম্মুখে কোন দলীল দেখিতে চাহে তবে তাহার প্রতি অনুমতি হইবেক যে কোন বহী কি দলীল কি লিখিত কি খোদিত কথা, আসল হউক কি কেবল নকল হউক কি অন্য পত্রাদিহইতে গৃহীত হউক, এবং যাহা দেখিয়া স্মরণ হয় তাহা, কিম্বা ঐ কথা অন্য যে পত্র দিহইতে সংগৃহীত হইয়াছে তাহা তাহার নিজের লেখা হউক কি না হউক এবং তাহা কোন প্রকারে তাহার তত্ত্ব কি আজ্ঞাধীনে লেখা যাউক কি না যাউক, এমত কোন বহী কি দলীল কি লিখিত কি খোদিত কথা দেখিয়া স্মরণ করিতে পারে।

[এজহার ও অভিযোগ ও নালিশপ্রভৃতি কেবল হইয়াছিল বলিয়া এইপর্য্যন্ত যে স্থলে প্রমাণস্বরূপ এইক্ষণে গ্রাহ্য হইতে পারে সেই স্থলে তাহার বিশেষ কথাও দৃঢ় করার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক।]

৩৬। এবং যেহেতুক কোন২ মোকদ্দমায় এজহার কি অভিযোগ কি নালিশ করা গিয়াছে ইহার যেপর্য্যন্ত প্রমাণ হইতে পারে সেইপর্য্যন্ত এজহার ও অভিযোগ ও নালিশ অনেকবার প্রমাণস্বরূপ গ্রাহ্য হয় কিন্তু ঐ এজহার কি অভিযোগ কি নালিশের বিশেষ কথা প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবার অনুমতি নাই অতএব হুকুম হইতেছে যে এমত সকল মোকদ্দমায় বিশেষ কথা প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবার অনুমতি হইবেক এবং দৃঢ় করার প্রমাণ বলিয়া তদনুসারে কার্য্য হইতে পারে কিন্তু তাহা যতই ঐ নালিশ কি

but not in themselves as sufficient proof of the facts embodied in such complaint, charge or statement, respectively.

[The evidence and declarations on pedigree extended.]

37. The declarations in cases of pedigree of members of a family who were illegitimate and are deceased, and also of persons who, though not related by blood or marriage to the family, were intimately acquainted with its members and state, shall be admissible in evidence of their decease, in the same manner and to the same extent as those of deceased members of the family.

[The evidence of declarations on questions of public right extended as to proof of particular facts.]

38. When hearsay evidence is admissible on subjects of public right, it shall extend to declarations of particular acts done in assertion or derogation of, or inconsistent with the right, and to declarations of particular facts which tend to prove or disprove the right.

[Evidence of a testator's intentions admissible in certain cases where it is not now admissible.]

39. When a will is disputed on any ground which supposes that the will does not describe correctly the intended and free and intelligent disposition of a Testator, evidence may be received of the Testator's declarations as to his intentions, or actual disposition, provided it be proved that they were made about the time or subsequent to the time of making the will.

[Comparison of handwriting allowed, though the document be not evidence in itself.]

40. On an inquiry, whether a signature, or writing, or seal, is genuine, any undisputed signature, writing or seal of the party, whose signature, writing or seal is under dispute, may be compared with the disputed one, though such signature, writing or seal be on an instrument which is not, and cannot be, for general or for other purposes, evidence in the cause.

[Powers of attorney may be proved by their production without further proof in certain cases.]

41. And whereas the proof of the execution of powers of attorney is often attended with difficulty and expense, where they are executed at places remote from that of trial, and whereas the proof of the despatch of letters is often attained with much difficulty, and the law of evidence may with advantage be altered and rendered less strict as to such matters, it is hereby enacted that any power of attorney, which has been executed at a place distant more than 100 miles from the place wherein the action, suit or proceeding is depending, may be proved by the production of it, without further proof, where it purports, on the face of it, to have been executed before a notary public, or any Court, Judge, or other public Officer, and such power of attorney may, where it does not purport, on the face of it, to have been so executed, be proved by

অভিযোগ কি এজহারের লিখিত বৃত্তান্তের প্রচুর প্রমাণ হইবেক না।

[বংশাবলি বিষয়ে প্রমাণ ও বাক্য বিস্তারিত করণ]

৩৭। বংশাবলির মোকদ্দমায় কোন পরিবারের যে লোকেরা জারজ ছিল ও মরিয়াছে তাহারদের বাক্য তাহারদের মৃত্যুর প্রমাণার্থে গ্রাহ্য হইতে পারে এবং ঐ পরিবারের মরা লোকেরদের বাক্য যেপ্রকারে ও যেপর্য্যন্ত প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারে সেইপ্রকারে ও সেই পর্য্যন্ত ঐ পরিবারের অন্তরঙ্গ কি বিবাহসম্বন্ধীয় কুটুম্ব না হইলেও যাহারা ঐ পরিবারের লোকেরদের ও দশার বিষয় উত্তমরূপে অবগত ছিল তাহারদের বাক্য তাহারদের মৃত্যুর প্রমাণেতে গ্রাহ্য হইতে পারিবেক।

[সাধারণের স্বত্বের বিষয়ে বাক্য প্রমাণ বিস্তারিত হইয়া বিশেষ বৃত্তান্তের বিষয়ের প্রমাণে খাটাওন।]

৩৮। যে স্থলে সাধারণের স্বত্বের বিষয়ে যথাশ্রুত প্রমাণ গ্রাহ্য হইতে পারে সেই স্থলে সেই প্রমাণ বিস্তারিত হইয়া ঐ স্বত্ব দৃঢ় করণার্থ কি খর্ব্ব করণার্থ কিম্বা ঐ স্বত্বের অসঙ্গত যে বিশেষ ক্রিয়া করা যায় তাহার বাক্যের বিষয়ে এবং যে বিশেষ বৃত্তান্তের দ্বারা স্বত্বের প্রমাণ কি অপ্রমাণ করা যায় তাহার বাক্যের বিষয়ে খাটিবেক।

[উইলকরণিয়ার অভিপ্রায়ের প্রমাণ এইক্ষণে যে২ স্থলে গ্রাহ্য নহে এমত কোন২ স্থলে গ্রাহ্য হইতে পারে]

৩৯। উইলেতে উইলকরণিয়ার অভিপ্রেত ও স্বেচ্ছাধীন ও বুদ্ধিমত মানস শুদ্ধরূপে প্রকাশ হয় নাই এই অনুভব যাহাতে হয় এমত কোন হেতুতে যখন উইলের বিষয়ে বিবাদ হয় তখন উইলকরণিয়ার অভিপ্রায় কি নিতান্ত মানসের বিষয়ে তাহার বাক্যের প্রমাণ গ্রাহ্য হইতে পারিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে ঐ বাক্য ঐ উইল করিবার সময়ের নিকট কোন সময়ে কিম্বা তাহার পরে কহা গিয়াছিল এমত প্রমাণ করিতে হইবেক।

[যে দলীল প্রমাণস্বরূপ না হয় এমত দলীল লইয়াও হাতের লেখা মিলাইবার অনুমতি দেওন]

৪০। দস্তখৎ কি লিখন কি মোহর প্রকৃত আছে কি না এই বিষয়ের জিজ্ঞাসা উঠিলে যাহার দস্তখৎ কি লিখন কি মোহরের বিষয়ে বিবাদ হয় সেই ব্যক্তির বিবাদ না হওয়া দস্তখৎ কি লিখন কি মোহর যে দলীলে থাকে তাহা সাধারণ কি অন্য অভিপ্রায়ে মোকদ্দমায় প্রমাণ না হইলেও এবং হইতে না পারিলেও তাহার সঙ্গে ঐ বিবাদহওয়া দস্তখৎ কি লিখন কি মোহর মিলান যাইতে পারিবেক।

[কোন২ মোকদ্দমায় অন্য প্রমাণ না লইয়া মোখ্তারনামার উপস্থিত করণের দ্বারা প্রমাণ হইতে পারিবেক।]

৪১। এবং যেহেতুক যে স্থলে মোখ্তারনামা বিচারের স্থানহইতে দূরস্থানে দস্তখৎআদি হয় সেই স্থলে তাহার প্রমাণ করণে বারম্বার ক্লেশ ও খরচ হয় এবং যেহেতুক পত্র প্রেরিত হওনের প্রমাণ পুনঃ২ অত্যন্ত ক্লেশে পাওয়া যায় এবং সেই২ বিষয়ে সাক্ষ্যবিষয়ক আইন অতি ফলজনকরূপে পরিবর্ত্তন হইতে পারে এবং তদ্বিষয়ে পূর্ব্বাপেক্ষা অল্প আঁটাআটি করা যাইতে পারে অতএব ইহার দ্বারা হুকুম হইতেছে যে নালিশ কি মোকদ্দমা কি মোকদ্দমাসম্পর্কীয় কার্য্য যে স্থানে উপস্থিত করা যায় সেই স্থানহইতে ১০০ মাইলের অধিক দূরস্থানে যে মোখ্তারনামায় দস্তখৎআদি হইয়াছে সেই মোখ্তারনামায় যদি এই ভাব দেখা যায় যে তাহাতে কোন পবলিক নোটেরি কি কোন আদালত কি জজ কি সরকারী অন্য কার্য্যকারকের সম্মুখে দস্তখৎ আদি হইয়াছে তবে ঐ মোখ্তারনামা অন্য প্রমাণবিনা কেবল উপস্থিত করণের দ্বারা প্রমাণ করা যাইতে পারিবেক। এবং যে স্থলে ঐ মোখ্তারনামাতে সেই প্রকারে দস্তখৎআদি হওয়ার ভাব দেখা না যায় সেই

producing it, and proving that it has been acted on, or remitted to be acted on by competent authority, and by proving the instructions as to it.

[The accompanying letter of instructions may be proved without proof of handwriting, by evidence and belief that the letter is genuine.]

42. Where the instructions are contained in a letter or letters, the handwriting of which cannot, by reason of the absence of necessary witnesses, be proved, still if such letters are proved to be genuine, according to the best of the knowledge and belief of a witness having reasonable grounds for his opinion, they may be received as sufficient proof of such instructions. In all the cases aforesaid, the witness or witnesses must depose that he or they believes or believe the instrument to be genuine and authorized, and that it has not been revoked.

[Letters may be proved by production of the letter-book and reasonable evidence of the probable despatch of the letter.]

43. Whenever it is proved that a letter-book is kept, and that according to the usual course of business, letters are copied into such book and despatch, and the letter-book is produced, and it is proved that the letter was despatched according to the usual practice, to the best of the knowledge and belief of the witness, having reasonable ground for forming that belief, the Court may presume the despatch of that letter according to the usual course of business.

[A receipt in a peon's book *primâ facie* evidence of receipt of letter.]

44. Any peon's book or other book purporting to contain a receipt of a letter, and proved to have been kept as a book for marking the receipt of letters, shall also be sufficient *primâ facie* proof that such letter was received.

[If the letter be described, then it shall be *primâ facie* proof of identity of letter despatched.]

45. If the letter be described in such book, it shall be also *primâ facie* proof of the identity of the letter.

[Such identity may be inferred from circumstances.]

46. If the book do not describe the letter, still the identity of the letter may be inferred from circumstances.

[Power to inspect documents, though application be made upon issue joined, &c., or within twenty-one days of trial or hearing.]

47. And whereas by the Act XV. of 1852, Section 6, a power was given in any action or other legal proceeding pending in any of Her Majesty's said Supreme Courts, for such Court, and each of the Judges thereof respectively, on application for such purpose by either of the litigants, to compel the opposite party to allow the party making the application to inspect all documents in the custody of, or under the control of such opposite party, relat-

স্থলে তাহা উপস্থিত করণের দ্বারা এবং উপযুক্ত ক্ষমতাক্রমে তদনুসারে কার্য্য করা গিয়াছে কি তদনুসারে কার্য্যকরণ নিবৃত্ত হইয়াছে ইহার প্রমাণ করণের দ্বারা এবং তদ্বিষয়ের উপদেশাদির প্রমাণ করণের দ্বারা ঐ মোক্তারনামার প্রমাণ হইতে পারে।

[যে উপদেশাদির পত্র সঙ্গে থাকে তাহার হাতের লেখার প্রমাণ না লইয়া ঐ পত্র প্রকৃত আছে সাক্ষ্য ও বিশ্বাসের দ্বারা ইহার প্রমাণ করা যাইতে পারে।]

৪২। যদ্যপি ঐ উপদেশাদি এক কি অনেক পত্রে লেখা থাকে এবং আবশ্যক সাক্ষী না থাকাপ্রযুক্ত ঐ পত্রের হাতের লেখার প্রমাণ করিতে পারা যায় না তথাপি তাহা প্রকৃত হওনের বিষয়ে যে সাক্ষির বিবেচনার উপযুক্ত হেতু থাকে এমত সাক্ষির জ্ঞান ও বিশ্বাসমতে যদি সেই পত্র প্রকৃত হওয়ার প্রমাণ হয় তবে সেই পত্র ঐ উপদেশাদির প্রচুর প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারে। পূর্ব্বোক্ত সকল স্থলে সাক্ষির কি সাক্ষিরদের এমত সাক্ষ্য দিতে হইবেক যে সে কিম্বা তাহারা এমত বিশ্বাস করে যে ঐ দলীল প্রকৃত ও ক্ষমতাক্রমে করা হইয়াছে ও তাহা অন্যথা হয় নাই।

[পত্রের বহী উপস্থিত করণের দ্বারা ও পত্র প্রেরিত হওনের সম্ভাবনার উপযুক্ত প্রমাণের দ্বারা পত্রের প্রমাণ করা যাইতে পারে।]

৪৩। যখন প্রমাণ হয় যে পত্রের বহী রাখা যাইতেছে এবং কর্ম্মের ক্রমিক রীতিমতে ঐ বহীতে পত্রের নকল হইয়া তাহা পাঠান গিয়া থাকে এবং ঐ পত্রের বহী উপস্থিত করা যায় এবং নিয়মিত ব্যবহারমতে ঐ পত্র পাঠান গিয়াছে এমত বিশ্বাস করিবার যে সাক্ষির উপযুক্ত হেতু থাকে তাহার জ্ঞান ও বিশ্বাসমতে পাঠান গিয়াছে এমত প্রমাণ হয় তখন কর্ম্মের ক্রমিক নিয়মমতে ঐ পত্র পাঠান গিয়াছে আদালত এমত অনুভব করিতে পারেন।

[হরকরার বহীতে যে রসীদ থাকে তাহা পত্র প্রাপ্ত হওয়ার প্রথমতঃ প্রমাণ হইবেক।]

৪৪। কোন হরকরার বহী কিম্বা পত্রের রসীদ লিখিবার জন্যে অন্য বহী যদি পত্রের রসীদ লিখনের বহীস্বরূপ রাখা গিয়াছে এমত প্রমাণ হয় তবে তাহাও ঐ পত্র পাওয়া গিয়াছে এই বিষয়ের প্রথমতঃ প্রচুর প্রমাণ হইবেক।

[পত্রের প্রকার যদি নির্দ্দিষ্ট করা যায় তবে প্রেরিত পত্রের অনন্যতার প্রথমতঃ প্রমাণ হইবেক]

৪৫। যদি ঐ বহীতে ঐ পত্রের প্রকার নির্দ্দিষ্ট থাকে তবে তাহা পত্রের অনন্যতারও প্রথমতঃ প্রমাণ হইবেক।

[নানা বিষয় বুঝিয়া ঐ অনন্যতার অনুভব হইতে পারে।]

৪৬। যদি পুস্তকে পত্রের প্রকার নির্দ্দিষ্ট না থাকে তথাপি নানা বিষয় বুঝিয়া পত্রের অনন্যতার অনুভব হইতে পারে।

[ইসু নির্দ্দিষ্ট হওনের পরে অথবা বিচার হইবার কি শুনবার পূর্ব্বে একুশ দিনের মধ্যেও দরখাস্ত হইলে দলীল দৃষ্টি করিবার ক্ষমতা।]

৪৭। এবং যেহেতুক ১৮৫২ সালের ১৫ আইনের ৬ ধারার দ্বারা শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন সুপ্রিম কোর্টে উপস্থিতথাকা কোন মোকদ্দমায় কিম্বা আইনঘটিত অন্য কার্য্যেতে ঐ২ আদালতকে এবং তাহার প্রত্যেক জন জজ সাহেবকে এমত ক্ষমতা দেওয়া গিয়াছিল যে মোকদ্দমার কোন পক্ষ দলীল দেখিবার অভিপ্রায়ে দরখাস্ত করিলে তিনি দরখাস্তকারি ব্যক্তিকে ঐ বিপক্ষ ব্যক্তির এমত অনুমতি দেওয়াইতে পারেন যে ঐ মোকদ্দমা কি অন্য আইনঘটিত কার্য্যসম্পর্কীয় যে

ing to such action or other legal proceeding, and if necessary to take examined copies of the same, or to procure the same to be duly stamped in all cases in which, previous to the passing of that Act, a discovery might have been obtained by filing a Bill, or by any other proceeding in a Court of Equity, at the instance of the party so making application as aforesaid to the said Court or Judge, provided always that every such application should be made as aforesaid before issue joined in any such action, and twenty-one days before the trial or hearing of any other legal proceeding.

48. And whereas the preceding proviso has been found inconvenient, it is therefore hereby repealed, and it shall be lawful for the Court or Judge to grant any such inspection at any time before the trial or hearing, provided a proper case be made out for granting the same, and the application has been made under the circumstances of the case without any unreasonable delay, and in any case where the Court or Judge shall think fit to grant such inspection, such terms may be imposed as to payment of costs or otherwise, as may be expedient and just.

[Proofs by affidavit in certain cases under Act VI. of 1854 is limited to all sides of the Court.]

49. And whereas by the 16th Section of the Act VI. of 1854, it is provided that affidavits of particular witnesses, or affidavits as to particular facts or circumstances, may, by consent of the parties, or by leave of the Court obtained upon notice, be used in the hearing of any cause, and the same enactment is limited to proceedings on the Equity side of such Supreme Court; it is therefore enacted that the same shall extend to all Civil actions, suits and proceedings on all sides of the Court.

[Provisions of the 17th Section of the said Act extended to all sides of the Court, Limitation thereon as to Crown side.]

50. And whereas by the 17th Section of the same Act, it is provided that upon the hearing of any suit depending in any of the said Supreme Courts, whether commenced by Bill or Claim, and also upon the hearing of any motion, petition or other proceeding in any of the said Courts, the Court may, upon the application of any of the parties thereto, or of its own accord, require and enforce the attendance and oral examination before itself of any witness or of any party to the suit, and may also require and enforce the production of any document or documents, and may direct the costs of the attendance and examination of such witness or party to be paid by such of the parties to the suit, or in such manner as it may think fit, and it is desirable to extend this provision to all sides of the Court; it is therefore enacted that the said provisions shall extend to all sides of the Court, but that they shall not authorize or empower the Court to

সকল দলীল বিপক্ষ ব্যক্তির জিম্মায় কি এখ্তিয়ারে আছে তাহা দেখে এবং যদি আবশ্যক হয় তবে তাহার মোকাবিলা করা নকল লয় কিম্বা যে সকল মোকদ্দমায় ঐ আইন জারী হওনের পূর্ব্বে উক্ত আদালত কি জজ সাহেবের নিকটে পূর্ব্বোক্ত প্রকারের দরখাস্তকারি ব্যক্তির নিবেদন মতে বিলফাইল করণের দ্বারা কিম্বা একটির আদালতে অন্য কোন কার্য্য করণের দ্বারা প্রকাশার্থ আজ্ঞা পাওয়া যাইতে পারিত সেই সকল মোকদ্দমায় ঐ দলীলে যাহাতে উপযুক্ত ইষ্টাম্প বসান যায় এমত করে। পরন্তু সর্ব্বদা জানা কর্ত্তব্য যে এমত কোন মোকদ্দমায় ইসু নির্দ্দিষ্ট হইবার পূর্ব্বে এবং বিচারের কি আইনঘটিত অন্য কোন কার্য্যের শুননির পূর্ব্বে একুশ দিন থাকিতে পূর্ব্বোক্ত প্রকারের দরখাস্ত করিতে হইবেক।

৪৮। এবং যেহেতুক উক্ত শেষ বিধান ক্লেশকর জানা গিয়াছে অতএব তাহা ইহার দ্বারা রদ হইল এবং আদালতের কিম্বা জজ সাহেবের প্রতি অনুমতি হইবেক যে যদি উক্ত প্রকার দলীল দেখিবার অনুমতি দেওনের উপযুক্ত হেতু প্রকাশ করা যায় এবং মোকদ্দমার বিষয় বুঝিয়া ঐ দরখাস্ত কোন অনুপযুক্ত বিলম্বক্রমে না করা যায় তবে বিচার কি শুননির পূর্ব্বে কোন সময়ে ঐ দলীল দৃষ্টি করিবার অনুমতি দেন। এবং যে কোন স্থলে আদালত কি জজ সাহেব ঐ প্রকার দলীল দেখিবার অনুমতি দেওয়া উচিত বোধ করেন সেই স্থলে খরচ দেওনপ্রভৃতির বিষয়ে যে কোন নিয়ম করা বিহিত ও ন্যায় বোধ হয় সেই নিয়মের আজ্ঞা হইতে পারে।

[১৮৫৪ সালের ৬ আইনানুসারে কোন২ মোকদ্দমায় আফিডেবিটের দ্বারা প্রমাণ ঐ আদালতের সকল সিরিশ্তায় খাটে।]

৪৯। এবং যেহেতুক ১৮৫৪ সালের ৬ আইনের ১৬ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে যে বাদিপ্রতিবাদিরদের সম্মতিক্রমে কিম্বা এত্তেলাপূর্ব্বক পাওয়া আদালতের অনুমতিক্রমে বিশেষ সাক্ষিরদের আফিডেবিট কিম্বা বিশেষ কার্য্যের কি বৃত্তান্তের বিষয়ে আফিডেবিট কোন মোকদ্দমার শুননির সময়ে ব্যবহার হইতে পারে এবং ঐ বিধান উক্ত সুপ্রিম কোর্টের কেবল একটি পক্ষের কার্য্যের বিষয়ে খাটান গিয়াছে অতএব ইহার দ্বারা হুকুম হইতেছে যে ঐ বিধান বিস্তারিত হইয়া ঐ আদালতের সকল সিরিশ্তার সকল দেওয়ানী নালিশের ও মোকদ্দমার ও কার্য্যের বিষয়ে খাটিবেক।

[উক্ত আইনের ১৭ ধারার বিধান বিস্তারিত হইয়া ঐ আদালতের সকল সিরিশ্তায় খাটিবেক। ক্রৌন পক্ষের বিষয়ে তাহা খর্ব্ব করণের বিধান।]

৫০। এবং যেহেতুক ঐ আইনের ১৭ ধারাতে বিধান হইয়াছে যে উক্ত কোন সুপ্রিম কোর্টে উপস্থিতহওয়া কোন মোকদ্দমা বিলের দ্বারা কিম্বা দাবীপত্রের দ্বারা আরম্ভ হইলে, তাহার শুননির কালে এবং উক্ত কোন আদালতে কোন প্রার্থনা কি দরখাস্ত কি অন্য কাগজপত্রের শুননির কালে, আদালত ঐ মোকদ্দমাপ্রভৃতিতে লিপ্ত কোন ব্যক্তিরদের দরখাস্তমতে, কিম্বা আপনার ইচ্ছামতে কোন সাক্ষিকে কিম্বা মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তিকে হাজির হইয়া জোবানী সাক্ষ্য দিতে হুকুম করিতে পারেন এবং হাজির করাইয়া জোবানী সাক্ষ্য লইতে পারেন এবং কোন এক বা অনেক দলীলদস্তাবেজ উপস্থিত করিবার হুকুম করিতে পারেন এবং উপস্থিত করাইতে পারেন। এবং ঐ সাক্ষির কি মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তির হাজির হইয়া জোবানবন্দী দেওনের খরচ মোকদ্দমাতে লিপ্ত যে ব্যক্তিরদের দেওয়া উচিত বোধ করেন তাহারদের, কিম্বা যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে, দিবার হুকুম করিবেন। এবং এই বিধান বিস্তারিত করিয়া ঐ আদালতের সকল সিরিশ্তায় খাটান উচিত হয় অতএব ইহার দ্বারা হুকুম হইল যে ঐ বিধান বিস্তারিত হই-

direct the examination of any accused person at the trial for any purpose, but shall extend only to authorize his examination as to collateral matters arising on matter unconnected with the question of his guilt or innocence.

[Provisions of the 33rd Section of the said Act as to accounts extended to all sides of the Court.]

51. And it is further enacted that the 33rd Section of the said Act No. VI. of 1854, which applies only to proof of accounts on the Equity side of the Court, shall extend to and embrace all accounts directed to be taken on any side of the said Court.

[Provisions of the Act 8 and 9 Victoria as to proof of official documents extended to this country.]

52. And whereas it is desirable to extend to this country certain of the provisions of the Act 8 and 9 Victoria, Chap. 113, entitled "An Act to facilitate the admission in evidence of certain official and other documents;" it is therefore enacted that whenever, by any Statute or Act, Regulation or Ordinance now in force, or any Statute or Act to be hereinafter in force, any certificate, certified copy, or other document shall be receivable in evidence of any particular, in any Court of Justice, the same, if it is substantially in the form and purports to be executed in the manner directed by the Statute, Act, Regulation or Ordinance which makes it evidence, shall be *primâ facie* evidence where it is rendered admissible without proof of any seal, stamp, signature, character or authority, which it is directed to have, or from which it is directed to proceed.

[This Act shall not limit, but may extend the practice of the Courts of the East India Company in the reception of evidence. No decision to be reversed, &c., merely because evidence is improperly rejected or received.]

53. The provisions in this Act contained shall apply to extend, but not to restrict the law and practice of the Courts of the East India Company or other Courts as to the reception of evidence. In no Court shall the improper admission or rejection of evidence be ground of itself for a new trial or reversal of any decision in any case, if it shall appear to the Court before which such objection is raised, that independently of the evidence admitted and objected to, there was sufficient evidence to justify the decision, or that if the rejected evidence had been received, it ought not to have varied the decision.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

য়া ঐ আদালতের সকল সিরিশ্তায় খাটিবেক। কিন্তু তাহাতে বিচার কালে কোন অভিপ্রায়ে কোন অভিযুক্ত ব্যক্তির জোবানবন্দী লইতে আদালতকে আজ্ঞা করিবার শক্তি কি ক্ষমতা প্রদান হইবেক না। কিন্তু কেবল তাহার অপরাধী কি নিরপরাধী হওনের জিজ্ঞাসার অসম্পর্কীয় বিষয়ে যে অক্রমাগত বিষয় উদয় হয় তদ্বিষয়ে তাহার জোবানবন্দী লইবার ক্ষমতা প্রদানার্থে বিস্তারিত হইবেক।

[হিসাবের বিষয়ে উক্ত আইনের ৩৩ ধারার বিধান ঐ আদালতের সকল সিরিশ্তায় খাটিবেক।]

৫১। আরো ইহার দ্বারা বিধান হইল যে ১৮৫৪ সালের উক্ত ৬ আইনের যে ৩৩ ধারা কেবল ঐ আদালতের একটি পক্ষে হিসাবের প্রমাণের বিষয়ে খাটে তাহা বিস্তারিত হইয়া উক্ত আদালতের কোন সিরিশ্তায় যে২ হিসাব লইবার আজ্ঞা হয় সেই সকল হিসাবের বিষয়ে খাটিবেক।

[সরকারী দলীলের প্রমাণের বিষয়ে বিক্টোরিয়া মহারাণীর ৮ ও ৯ বৎসরের আইনের বিধান এ দেশে খাটান।]

৫২। এবং যেহেতুক "কোন সরকারী ও অন্য দলীল প্রমাণস্বরূপ গ্রাহ্যকরা সহজ করণের আইন" নামে খ্যাত শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ৮ ও ৯ বৎসরের ১১৩ অধ্যায়ের কোন২ বিধান এতদ্দেশে খাটান বিহিত অতএব ইহার দ্বারা বিধান হইল যে যখন এইক্ষণে বলবৎ কোন রাজব্যবস্থা কি আক্ট কি আইন কি বিধানক্রমে কিম্বা উত্তর কালে যে কোন রাজব্যবস্থা কি আক্ট প্রবল করা যাইবেক তৎক্রমে কোন সর্টিফিকট কিম্বা সর্টিফিকট দেওয়া নকল কিম্বা অন্য দলীল কোন বিচার আদালতে কোন বিশেষ বিষয়ের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেক তখন সেই সর্টিফিকটপ্রভৃতি যে রাজব্যবস্থা কি আক্ট কি আইন কি বিধানক্রমে প্রমাণ হয় তাহার নির্দ্দিষ্ট পাঠানুসারে যদি ফলিতার্থে হয় এবং তাহার নির্দ্দিষ্ট প্রকারে সিদ্ধ হইয়াছে এমত ভাব দর্শায় তবে তাহাতে যে কোন মোহর কি ইষ্টাম্প কি সহী কি অক্ষর থাকার আজ্ঞা হয় ও যাঁহার ক্ষমতাক্রমে তাহা জারী হইবার আজ্ঞা হয় তদ্বিষয়ের প্রমাণ না লইয়া যে স্থলে গ্রাহ্য হইতে পারিবেক সেই স্থলে তাহা প্রথমতঃ প্রমাণ হইবেক।

[প্রমাণ লওনের বিষয়ে কোম্পানি বাহাদুরের আদালতের দাঁড়া এই আইনের দ্বারা খর্ব্ব হইবেক না কিন্তু বিস্তারিত হইতে পারে। প্রমাণ কেবল অনুপযুক্তমতে অগ্রাহ্য কি গ্রাহ্য হওয়াতে কোন নিষ্পত্তির অন্যথাপ্রভৃতি হইবেক না।]

৫৩। এই আইনের বিধান, প্রমাণ গ্রাহ্য করণের বিষয়ে কোম্পানি বাহাদুরের আদালতের কি অন্য আদালতের বিধি ও দাঁড়া বিস্তারিত করণার্থে খাটিবেক কিন্তু খর্ব্ব করণার্থে খাটিবেক না। প্রমাণ অনুপযুক্তমতে গ্রাহ্য কি অগ্রাহ্য হওনের আপত্তি যে আদালতে উত্থাপিত হয় সেই আদালত যদি বোধ করেন যে গ্রাহ্যহওয়া যে প্রমাণের বিষয়ে আপত্তি হইয়াছে তাহাছাড়া স্বীয় নিষ্পত্তি যথার্থ করার প্রচুর প্রমাণ ছিল অথবা গ্রাহ্য না হওয়া প্রমাণ যদিও গ্রাহ্য হইত তথাপি তাহাতে নিষ্পত্তি অন্যরূপ হওয়া উচিত হইত না তবে কোন আদালতে অন্য হেতুবিনা কেবল প্রমাণ অনুপযুক্তরূপে গ্রাহ্য কি অগ্রাহ্য করার হেতু কোন মোকদ্দমার নূতন বিচারের কিম্বা কোন নিষ্পত্তির অন্যথা করণের হেতু হইবেক না।

ডব্লিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

COMMISSIONERS' RECORDS.

MEMORANDUM.

The following Circular Order is superseded by the annexed Rules :—

8th May, 1829, *No.* 1890.

It is left to the discretion of Commissioners to re-arrange existing records on the plan now prescribed or to refrain from doing so. The new plan of arrangement is enjoined on them only from the date of receipt of these orders.

It is also left to the discretion of Commissioners to destroy such of their records as they may consider useless for administrative purposes.

The Forms have been made over to the Superintendent of the Lithographic Press, with directions to have books prepared for transmission when Indents shall be received.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 11th July, 1854.

Rules for arranging Commissioners' Records.

The Board considering it desirable that uniform system of record should be adopted in all Commissioners' Offices, have prescribed the forms of Registers appended to this letter for general adoption :—

2nd. There will be separate Registers, No. 1 and No. 2 for letters connected with each District, and a new series of numbers will be commenced on the 1st May in each year.

3rd.—Instead of binding up letters received, or the drafts of letters sent, in books, all letters and drafts will be tied in bundles according to the date of receipt or dispatch, the latest being placed at the top, the earliest at the bottom of the bundle. There will be a separate bundle for each month of the year and for each District, and a separate bundle must be assigned to letters connected with more than one District, or to such as for special reasons cannot conveniently be placed in the monthly bundle of any District.

4th.—So long as a subject is under discussion, all letters received and sent connected with that subject, will be tied up together ; as soon as the subject is brought to a close, the bundle will be broken up, and each letter put in its place in the monthly bundle to which it may belong. Letters not connected with any particular subject will be put each into its place in the monthly bundle as soon as disposed of.

5th.—It cannot always be immediately determined whether letters should be kept separate or placed at once in the monthly bundles ; the number of

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

কমিস্যনর সাহেবেরদের সিরিশ্তার কাগজপত্র।

স্মারক লিপি।

নীচের লিখিত বিধানমতে এই সরক্যুলর অর্ডর অন্যথা হইয়াছে অর্থাৎ

১৮২৯ সালের ৮ মে তারিখের ১৮৯০ নম্বরী সরক্যুলর অর্ডর।

যে কাগজপত্র কমিস্যনর সাহেবেরদের নিকটে আছে তাহা তাঁহারা আপনারদের বিবেচনামতে এইক্ষণকার নির্দ্দিষ্ট নিয়মানুসারে পুনরায় সাজাইবেন কি না সাজাইবেন। নূতন নিয়মমতে তাঁহারদিগকে কেবল এই হুকুম প্রাপ্ত হইবার তারিখঅবধি কাগজপত্র সাজাইবার আজ্ঞা হইতেছে।

আরো কমিস্যনর সাহেবেরদের যে কাগজপত্র তাঁহারা সরকারী কার্য্য নির্ব্বাহের নিমিত্তে অপ্রয়োজন জ্ঞান করেন তাহা নষ্ট করিবার বিষয়েও তাঁহারা আপনারদের বিবেচনামতে কার্য্য করিবেন।

পাতরীয়া ছাপাখানার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে পাঠ দেওয়া গিয়াছে এবং তাঁহাকে আদেশ করা গিয়াছে যে পুস্তক প্রস্তুত করিয়া রাখেন ও তাহার নিমিত্তে যখন ইণ্ডেণ্ট পান্ তখন পাঠান্।

এ গ্রোট।
একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনেউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১১ জুলাই।

কমিস্যনর সাহেবেরদের সিরিশ্তার কাগজপত্র সাজাইবার বিধি।

সকল কমিস্যনর সাহেবের সিরিশ্তায় কাগজপত্র সাজাইবার একি নিয়ম চলনহওয়া ইষ্ট বিষয় জ্ঞান করিয়া বোর্ডের সাহেবেরা তাঁহারদের সকলের সিরিশ্তায় চলন হইবার জন্যে এই পত্রের শেষ ভাগের লিখিত রেজিষ্টরের পাঠ নির্দ্দিষ্ট করিয়াছেন।

২। প্রত্যেক জিলার সম্পর্কীয় পত্রের জন্যে ১ ও ২ নম্বরের পৃথক্২ রেজিষ্টর থাকিবেক এবং প্রতিবৎসরের ১ মে তারিখঅবধি নূতন নম্বরবিলি আরম্ভ হইবেক।

৩। প্রাপ্তহওয়া পত্র কিম্বা প্রেরিত পত্রের মুসাবিদা পুস্তকে না বাঁধিয়া সকল পত্র ও মুসাবিদা তাহা পঁহুছিবার কি প্রেরিত হইবার তারিখের ক্রমানুসারে অর্থাৎ পূর্ব্ব তারিখের পত্র নীচে এবং শেষ তারিখের পত্র উপরে দিয়া পুলিন্দাতে বাঁধা যাইবেক। বৎসরের এক২ মাসের জন্যে ও এক২ জিলার এক২ পুলিন্দা থাকিবেক এবং একের অধিক জিলার সঙ্গে যে২ পত্রের সম্পর্ক আছে কিম্বা যে২ পত্র বিশেষ কারণে কোন জিলার মাসিক পুলিন্দার শামিল উচিতমতে করা যাইতে পারে না সেই সকল পত্রের পৃথক্ এক পুলিন্দা করিতে হইবেক।

৪। কোন বিষয় যত কালপর্য্যন্ত বিচারাধীন থাকে তত কাল তদ্বিষয়ের সম্পর্কীয় যে সকল পত্র পাওয়া যায় ও পাঠান যায় তাহা একত্রে বাঁধা যাইবেক। সেই বিষয়ের বিচার সমাপ্ত হইলে ঐ পুলিন্দা খুলিয়া মাসিক পুলিন্দাতে প্রত্যেক পত্রের উপযুক্ত যে স্থান সেই স্থানে দিতে হইবেক। যে সকল পত্রের কোন বিশেষ বিষয়ের সঙ্গে সম্পর্ক নাই তাহা লইয়া যাহা কর্ত্তব্য তাহা সমাপ্ত হইলে পরে সেই পত্র মাসিক পুলিন্দার শামিল আপন উপযুক্ত স্থানে রাখা যাইবেক।

৫। পত্র পৃথক্ রাখিতে হয় কি একেবারে মাসিক পুলিন্দার শামিল করিতে হয় এই বিষয় হঠাৎ সর্ব্বদাই নিশ্চিত করা যাইতে পারে না। তাহাতে পৃথক্ পুলিন্দার

separate bundles is therefore always inclined to increase. To prevent this, once a quarter the Uncovenanted Assistant or an intelligent Writer should examine all the bundles of current business, and break up the bundles, arranging in their proper places all the letters connected with subjects disposed of.

6th.—A series of correspondence containing discussions on any matter of general interest, or connected with any great case to which constant reference for a long period may be expected, will be treated as exceptional. By placing the correspondence on such subjects in the monthly bundles, trouble would be increased rather than saved. In such cases the correspondence will be kept together in missils; a Register will be kept of such missils in the Form No. 3. A Column is provided in Registers Nos. 1 and 2 for the entry of the number of such missils against each letter contained in it. The number entered in this Column will immediately guide the Record Keeper to the missil in which a letter is, and if there is no number, the Record Keeper will at once know that the letter is in the monthly bundle.

7th.—It must be left to the discretion of the Officer in charge of the records to determine which shall be made exceptional cases, but the Board desire to caution all against allowing this arrangement in separate missils to become the rule, instead of the exception. At first a little searching and other trouble may be saved by having separate missils, but if permitted to accumulate unnecessarily, they will in the course of years occasion great embarrassment.

8th.—The missils should be arranged on the shelves according to their dates and number on the Register, and when taken out for use, should when done with, invariably be restored to their proper places.

A. Grote,
Offg. Secretary.

সংখ্যার সর্ব্বদাই বৃদ্ধি হইতে পারিবেক। ইহার নিবারণের জন্যে এক জন অচিহ্নিত আসিষ্টাণ্টের কিম্বা জ্ঞানবান এক জন কেরাণীর কর্ত্তব্য হইবেক যে তিন২ মাসে একবার চলন কার্য্যের সকল পুলিন্দা দেখিয়া পুলিন্দা খুলিয়া নিষ্পত্তিহওয়া বিষয়ের সম্পর্কীয় সকল পত্র স্ব২ স্থানে সাজাইয়া রাখেন।

৬। যাহাতে সাধারণের সম্পর্ক থাকে এমত কোন বিষয়ের তর্কবিতর্ক যে২ পত্রশ্রেণীতে আছে কিম্বা অনেক কালপর্য্যন্ত যাহাতে সর্ব্বদা দেখিতে হইবেক এমত কোন বড় মোকদ্দমার সম্পর্কীয় পত্রশ্রেণী বর্জ্জিত বিষয়ের মধ্যে গণ্য হইবেক। এমত বিষয়ের লিখিত পঠিত পত্র মাসিক পুলিন্দায় দিলে ক্লেশের ন্যূনতা না হইয়া বরং বৃদ্ধি হয়। এমত স্থলে লিখিত পঠিত পত্র সকল মিসিলে একত্রে রাখা যাইবেক এবং সেই মিসিলের এক রেজিষ্টর ৩ নম্বরী পাঠানুসারে রাখিতে হইবেক। প্রত্যেক পত্র ঐপ্রকার যে মিসিলে রাখা যায় সেই মিসিলের নম্বর লিখিবার জন্যে ১ ও ২ নম্বরী রেজিষ্টরীতে এক২ ঘর আছে। ঐ ঘরের লেখা নম্বর দেখিয়া পত্র যে মিসিলে আছে তাহা মহাফেজ তৎক্ষণাৎ জানিবেন। এবং যদি কোন নম্বর না থাকে তবে মহাফেজ জানিবেন যে পত্র মাসিক পুলিন্দায় আছে।

৭। কোন্২ পত্র বর্জ্জিত করিতে হয় তাহা কাগজ পত্র যে কার্য্যকারকের জিম্মায় আছে তাঁহার স্বীয় বিবেচনামতে নিশ্চয় করিতে হইবেক কিন্তু বোর্ডের সাহেবেরা সকলকে সতর্ক করিতে চাহেন যে তাঁহারা পৃথক্২ মিসিলে পত্রের এইরূপে সাজান বর্জ্জিত নিয়মভিন্ন চলন নিয়ম না করেন। পৃথক্২ মিসিল করিলে প্রথমে কিঞ্চিৎ অনুসন্ধান করা ও অন্য ক্লেশ নিবারণ হইতে পারে বটে কিন্তু যদি তাহা অনাবশ্যকমতে জমা হইতে দেওয়া যায় তবে কতক বৎসর পরে তাহাতে বড় ক্লেশ হইবেক

৮। রেজিষ্টরে মিসিলের যে তারিখ ও নম্বর থাকে তদনুসারে তাহা শেলফে সাজাইতে হয় এবং যখন ব্যবহারের জন্যে বাহির করা যায় তখন তাহা লইয়া কর্ম্ম সাঙ্গ হইলে পর তাহা সর্ব্বদাই উপযুক্ত স্থানে রাখিতে হইবেক।

এ গ্রোট।
একটিং সেক্রেটারী।

No. 1.

Register of Letters Received.

1 Register Number seriatim.	2 From whom received.	3 Number and date.	4 Date of receipt.	5 Subject.	6 Date and Number of reply.	7 Number of Missil, see Para. 6, of Circular.	8 REMARKS.

১ নম্বর।

প্রাপ্ত হওয়া পত্রের রেজিষ্টর।

১ ১ আদিক্রমে রেজিষ্টরের নম্বর	২ যাহর স্থানে পা ওয়া যায়	৩ নম্বর ও তারিখ	৪ পত্র প্রাপ্ত হওয়ার তারিখ	৫ যে বিষয়ে পত্র হয়	৬ উত্তরের তারিখ ও নম্বর	৭ মিসিলের নম্বর সরকুলরের ৬ দফা দেখ	৮ মন্তব্য কথা।

No. 2.

Register of Letters Sent.

No. seriatim.	To whom addressed.	Number and date.	Subject.	Date and Number of reply.	Number of Missil, see Para. 6, of Circular.	REMARKS.

২ নম্বর।

প্রেরিত পত্রের রেজিষ্টর।

১ আদিক্রমে নম্বর	যাহার নামে লেখা যায়	নম্বর ও তারিখ	যে বিষয়ে পত্র হয়	উত্তরের তারিখ ও নম্বর	মিসিলের নম্বর। সরক্যুলরের ৬ দফা দেখ	মন্তব্য কথা

No. 3.

Register of Cases, the correspondence of which is kept in separate Missils apart from the Monthly Bundles.

No.	Subject.	Year in which correspondence commenced.	REMARKS.

৩ নম্বর।

যে মোকদ্দমার বিষয়ের লিখিত পঠিত পত্রাদি মাসের পুলিন্দার শামিল না রাখিয়া পৃথক্ মিসিলে রাখা যায় তাহার রেজিষ্টর।

নম্বর	যে বিষয়ে হয়	যে বৎসরে লেখাপড়ার আরম্ভ হয়	মন্তব্য কথা

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ জুলাই সন ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়।

এজেন্সীর নাম	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	•	•	•	•	•	৫৪/	৫৪/
ঐ ঐ কৃষ্ণনগর।	•	•	•	•	৪০/	৯৯,৮০৯ ।৫	৯৯,৮৪৯ ।৫
ঐ ঐ রামনগর।	•	•	•	•	১২,৪৩৪॥০	১,৭০,১০৪/	১,৮২,৫৩৮॥০
ঐ ঐ উত্তর কালীনগর।	•	•	•	•	•	৫৫০॥০	৫৫০॥০
ঐ ঐ পুরীঘাটা।	•	•	•	•	•	৪৬,৯৪৯/	৪৬,৯৪৯/
একুন।	•	•	•	•	১২,৪৭৪॥০	৩,১৭,৪৬৬৸৫	৩,২৯,৯৪১ ।৫
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	•	•	•	•	•	৩৩,৫৬৮॥৫৸	৩৩,৫৬৮॥৫৸
একুন।	•	•	•	•	•	৩৩,৫৬৮॥৫৸	৩৩,৫৬৮॥৫৸
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	•	•	•	•	•	•	•
ঐ আরাকিন ঐ	•	•	•	•	•	•	•
ঐ সদর ঘাট এজেন্সী।	•	২২,০১৮/	•	•	•	১;০৬,৮৯১॥০	১,২৮,৯০৯॥০
ঐ ঐ আরাকিন।	•	•	•	•	•	৯৩,৪২২/৫॥৵	৯৩,৪২২/৫॥৵
একুন।	•	২২,০১৮/	•	•	•	২,০০,৩১৩॥৫ ।৵	২,২২,৩৩১॥৫॥৵

এজেন্সীর নাম।	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৫,১৭,৩৫১/৫	৩,১৬২৸৭	১,৩৮৭৸৩	০	০	০	৫,২১,৯০১৸৫
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	০	০	৪৯৫/	০	৪৯৫/
ঐ ঐ চিলকা।	০	০	০	০	০	০	০
ঐ হিজলি রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	৪৩/	০	০	৪৩/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৬৬,৩৬৫ ।৫	০	০	০	০	০	৩,৬৬,৩৬৫ ।৫
ঐ ঐ ডাইমনহারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
মান্দ্রাজ পরমিট নেমক ২ রকম।	০	০	০	০	০	* ৩,৪৬৮/	৩,৪৬৮/
একুন।	১০,০৬,১০১॥০	৩,১৬২৸৭	১,৩৮৭৸৩	৪৩/	৪২৫/	৩,৪৬৮/	১০,১৪,৬৫৮ ।০
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
একুন।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
মোট একুন।	১০,০৬ ১০১॥০	২৫,১৮০৸৭	১,৩৮৭৸৩	৪৩/	১২,৯৬৯॥০	৫,৮০,৬০৬/ ৩ ।৵	১৬,২৬,২৮৮৸৩ ।৵

* ১৮৫৪ ৫৫ সালের

এ আর ইয়ং। এক্‌টিং ছোট সেক্রেটারী।

NOTICE.

Tenders will be received at this Office from this date up to 18th August, 1854, from Individuals who may be desirous of purchasing the whole or any one of the under-mentioned parcels of surplus lands in Cornwallis and Amherst Streets, within the Town of Calcutta, and formerly belonging to the late Lottery Committee, but now the property of Government.

The Lots will be put up for public sale at an upset price of 15 years' parchase of the Ground rent at 3 Annas per Cottah, in addition to Rs. 200 per Cottah for all lands in Cornwallis Street, and Rs. 150 per Cottah for those in Amherst Street.

Locality.	Former No of Holding.	No. of Block and Holding.		Area of Holding.				Jummah Assessed.		
		Block.	Holding.	B.	C.	C.	Feet.			
Amherst Street,	4	8	132	,,	,,	10	33	,,	2	,,
Do.,	7	8	364	,,	,,	3	33	,,	,,	9½
Do.,	13	2	639	,,	,,	5	38	,,	1	1
Do.,	18	13	192	,,	,,	14	9	,,	2	8
Cornwallis Do.,	3	25	Sootanutty	,,	,,	1	,,	,,	3	,,
Do.,	6	25	Do.	,,	,,	1	,,	,,	3	,,
Do.,	9	19	Do.	,,	,,	7	11	,,	1	4½
Do.,	10	19	Do.	,,	,,	5	11	,,	1	,,
Do.,	12	31	Do.	,,	,,	7	11	,,	1	4½
Do.,	13	31	Do.	,,	,,	13	11	,,	2	6
Do.,	18	24	159	,,	,,	14	9	,,	2	8
Do.,	29	14	557	,,	,,	9	,,	,,	1	8½
Do.,	33	14	556	,,	,,	3	33	,,	,,	8½
Do.,	34	14	554	,,	,,	2	30	,,	,,	6

Calcutta, Collector's Office, the 15th July, 1854. F. A. LUSHINGTON, *Collector*.

বিজ্ঞাপন।

কলিকাতা নগরের অন্তঃপাতি কার্ণওয়ালিস ও আমহর্ষ্ট ষ্ট্রিটে নীচের লেখা যে সকল ফাজিল ভূমি পূর্ব্বে লাটরি কমিটির ছিল এইক্ষণে গবর্ণমেণ্টের সম্পত্তি আছে তাহার সমুদয় কি কোন অংশ যাঁহারা খরীদ করিতে চাহেন তাঁহারদের প্রস্তাব বাক্য অদ্যকার তারিখঅবধি ১৮৫৪ সালের ১৮ আগষ্ট তারিখপর্য্যন্ত গ্রাহ্য হইবেক।

প্রত্যেক লাট যখন নীলামে ধরা যাইবে তখন প্রথম ডাক এই নিয়মে হইবেক অর্থাৎ কার্ণওয়ালিস ষ্ট্রিটে সকল জমীর কাটাপ্রতি ৵ তিন আনার দরে ১৫ বৎসরের খরীদী খাজানা যত হয় তাহা ও তাহার উপর কাটাপ্রতি ২০০৲ টাকা। এবং আমহর্ষ্ট ষ্ট্রিটে সকল জমী খাজানার ঐ দর ও তাহার উপর কাটাপ্রতি ১৫০৲ টাকা ডাকা যাইবেক।

স্থান	ইজারদার সাবেক নম্বর	জমীখণ্ডের ও ইজারদার নম্বর		জমীখণ্ডের পরিমাণ				যে জমা বসান গিয়া ছ
		জমীখণ্ড	ইজারা	বিঘা	কাটা	ছটাক	ফুট	
আমহর্ষ্ট ষ্ট্রিট ..	৪	৮	১৩২	,,	,,	১০	৩৩	৵০
ঐ	৭	৮	৩৬৪	,,	,,	৩	৩৩	৻২॥
ঐ	১৩	২	৬৩৯	,,	,,	৫	৩৮	৴১
ঐ	১৮	১৩	১৯২	,,	,,	১৪	৯	৵৮
কার্ণওয়ালিস ষ্ট্রিট	৩	২৫	সূতানুটী	,,	,,	১	,,	৵
ঐ	৬	২৫	ঐ	,,	,,	১	,,	৵
ঐ	৯	১৯	ঐ	,,	,,	৭	১১	৴৪॥
ঐ	১০	১৯	ঐ	,,	,,	৫	১১	৴
ঐ	১২	৩১	ঐ	,,	,,	৭	১১	৴৪॥
ঐ	১৩	৩১	ঐ	,,	,,	১৩	১১	৵৬
ঐ	১৮	২৪	১৫৯	,,	,,	১৪	৯	৵৮
ঐ	২৯	১৪	৫৫৭	,,	,,	৯	,,	৴৮॥
ঐ	৩৩	১৪	৫৫৬	,,	,,	৩	৩৩	৻৮॥
ঐ	৩৪	১৪	৫৫৪	,,	,,	২	৩০	৻৬

কলিকাতা কালেক্টরী কাছারী। ১৮৫৪ সাল ১৫ জুলাই। এফ এ লশিংটন। কালেক্টর।

[*Government Gazette, 8th August*, 1854.]

NOTICE.

Lost.—One-half of a Bengal Bank Note for Rupees 50, No. 38,802.

A. W. RUSSELL, *Magistrate.*

বিজ্ঞাপন।

৩৮৮০২ নম্বরের ৫০৲ টাকার বাঙ্গাল ব্যাঙ্ক নোটের অর্দ্ধেক খোয়া গিয়াছে।

এ ডবলিউ রসেল। মাজিষ্ট্রেট।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 28th July, 1854.

Baboo Sreenath Bhooya, Moonsiff of Noabad, in Zillah Jessore, to be Moonsiff of Dwarhutta, in Zillah Hooghly.

Mahomed Monaim, Moonsiff of Dwarhutta, Zillah Hooghly, to be Moonsiff of Noabad, in Zillah Jessore.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৮ জুলাই।

জিলা যশোহরের নওয়াবাদের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভুঞা জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ হইবেন।

জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ শ্রীযুত মহম্মদ মোনাএম জিলা যশোহরের নওয়াবাদের মুনসেফ হইবেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৫ জুলাই।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী তফজুল হুসেন গত মে মাসের ২ তারিখে সারণের অতিরিক্ত প্রধান সদর আমীনী পদে নিযুক্ত হইয়াছিলেন কিন্তু গত মাসের ২৬ তারিখঅবধি পূরণিয়ার প্রধান সদর আমীনী পদে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১৭ জুলাই।

সারণ জিলার শুণ্ডী নদীর উপর তাজপুরে যে গুদারা আছে তাহা ১৮১৯ সালের ৬ আইনানুসারে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTICE is hereby given, in pursuance of an order of the said Supreme Court, dated the Third day of August, One Thousand Eight Hundred and Fifty-four, that on Saturday, the Twenty-sixth day of August now next ensuing, a Court will be holden before Her Majesty's Justices of the said Court at the Court House in the Town of Calcutta, in execution of a Writ of *Mandamus* issued out of Her Majesty's Exchequer of Pleas at Westminster for the examination Vivâ Voce on Oath of L. C. Biale and H. L. Christiana and other Witnesses on the part of the Defendant, and that the Plaintiff be at liberty to cross examine the said Defendant's Witnesses if he shall think proper and for receiving other proofs therein pursuant to the statutes in that behalf in a certain action now pending in the said Court of Exchequer of Pleas at Westminster between James Brebner, Plaintiff, and J. F. Harrison, Defendant, dated this Fifth day of August, 1854.

R. M. THOMAS, *Defendant's Attorney.* H. HOLROYD, *Prothonotary.*

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ এক টাকা ও আগামি ষাণ্মাসিক ৬৲ ও বার্ষিক ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইবেক, প্রথম ও দ্বিতীয় মাসের বহি প্রস্তুত আছে, তৃতীয় মাসের মুদ্রিত হইতেছে অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই প্রাপ্ত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৮ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 15, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১৫ আগষ্ট।

ACT.

LEGISLATIVE COUNCIL.

29TH JULY, 1854.

THE following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India on the 28th July, 1854, and is hereby promulgated for general information.

ACT No. XVI. OF 1854.

An Act to amend Regulation XI. of 1831 of the Bengal Code.

Whereas the provisions of Section III. and Section VII. of Regulation XI. 1831, have been found inconvenient, and whereas it is expedient that Regulation XI. 1831, as amended by this Act, should be extended to the whole of the Provinces of Benares; it is enacted as follows:—

[Sections III. and VII. Regulation XI. 1831 repealed.]

I. Sections III. and VII. Regulation XI. 1831 of the Bengal Code are hereby repealed.

[Darogahs of Police to be subject to Tehseeldars.]

II. Wherever any Tehseeldar shall have Police jurisdiction under the provisions of Section II. of the said Regulation XI. 1831, every Darogah of Police hereafter appointed within the local limits of the Police jurisdiction of such Tehseeldar, shall be subordinate to, and subject to the control of such Tehseeldar, in his capacity of Chief Police Thannadar.

[Regulation XI. 1831, as amended, extended to Benares.]

III. Regulation XI. 1831, as amended by this Act, shall extend to the whole of the Province of Benares, and all powers vested by the said Regulation in the Governor General in Council, may be

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৯ জুলাই।

ব্যবস্থাপক কৌন্সেলের জারী করা নীচের লিখিত আইন ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২৮ জুলাই তারিখে মঞ্জুর করেন এবং তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৬ আইন।

বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ১১ আইন সংশোধনের আইন।

যেহেতুক ১৮৩১ সালের ১১ আইনের ৩ ও ৭ ধারার বিধান ক্লেশকর বোধ হইয়াছে এবং যেহেতুক এই আইনের দ্বারা সংশোধিতমতে ১৮৩১ সালের ১১ আইন বিস্তারিত হইয়া বারাণসের তাবৎ প্রদেশে খাটান বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[১৮৩১ সালের ১১ আইনের ৩ ও ৭ ধারা রদ হইবার কথা।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ১১ আইনের ৩ ও ৭ ধারা ইহার দ্বারা রদ হইল ইতি।

[পোলীসের দারোগারা তহসীলদারেরদের অধীন হইবার কথা।]

২ ধারা। যখন ১৮৩১ সালের উক্ত ১১ আইনের ২ ধারার বিধানমতে কোন তহসীলদার পোলীসসম্পর্কীয় এলাকা প্রাপ্ত হন তখন ঐ তহসীলদারের পোলীসসম্পর্কীয় এলাকার সীমাসরহদ্দের মধ্যে পোলীসের যে প্রত্যেক দারোগা উত্তর কালে নিযুক্ত হন তিনি ঐ তহসীলদারের পোলীসের প্রধান থানাদারী পদোপলক্ষে তাঁহার আজ্ঞাবশ ও কর্ত্তৃত্বাধীন থাকিবেন ইতি।

[সংশোধনকরা ১৮৩১ সালের ১১ আইন বারাণসে বিস্তারিত হইবার কথা।]

৩ ধারা। এই আইনের দ্বারা সংশোধিতমতে ১৮৩১ সালের ১১ আইন বারাণসের তাবৎ প্রদেশে বিস্তারিত হইবেক এবং উক্ত আইনানুসারে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি যে সকল ক্ষমতার্পণ হইয়াছে সেই সকল ক্ষমতামতে উত্তর পশ্চিম দেশের

exercised by the Lieutenant-Governor of the North-Western Provinces.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব কার্য্য করিতে পারিবেন ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

LEGISLATIVE COUNCIL.

22ND JULY, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 22nd of July, 1854:

A Bill to abolish real actions, including fines and common recoveries, and to simplify the modes of conveying land in cases to which the English Law is applicable.

[Preamble].

Whereas it is expedient in cases to which the English law applies to abolish real actions including fines and common recoveries and to simplify the modes of conveying land and to exempt the purchasers of trust property from the liability to see to the application of the purchase money, it is enacted as follows:—

1. All real actions, including fines and common recoveries, are abolished, except such as may be pending when this Act comes into operation.

[A married woman with her husband's concurrence, empowered to dispose of by deed acknowledged, &c., in lieu of fine, &c., property to which she is alone or with her husband entitled or has power over.]

2. Every married woman who, either alone, or jointly with her husband, is possessed of, or entitled to any estate or interest in, or any power to be exercised over, any lands or hereditaments, or money subject to be invested in lands or other hereditaments which, before the passing of this Act, she might have disposed of, released, surrendered or extinguished by levying a fine, or suffering a recovery, or by joining in either of such assurances, shall have power by deed to dispose of, release, surrender or extinguish any such estate, interest or power, as fully and effectually as if she were an unmarried woman, save only that such disposition, release, surrender or extinguishment shall not be valid and effectual, unless her husband concur in the deed by which the same shall be effected nor unless the deed be acknowledged in manner hereinafter prescribed before a Judge of one of Her Majesty's Supreme Courts, or before a Judge, Magistrate, or other Covenanted Officer of the East India Company, exercising civil jurisdiction in the place wherein such deed shall be acknowledged, or before some Commissioner or Commissioners appointed either specially, for the occasion, or appointed as a per-

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২২ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২২ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল।

ইঙ্গলণ্ডীয় আইন যে২ স্থলে খাটে সেই২ স্থলে স্থাবর সম্পত্তির দাবীর মোকদ্দমা ফাইন ও কামন রিকবরি সমেত রহিত করিবার এবং ভূমি হস্তান্তর করণের নিয়ম সহজ করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক ইঙ্গলণ্ডীয় আইন যে২ স্থলে খাটে সেই২ স্থলে স্থাবর সম্পত্তির দাবীর মোকদ্দমা ফাইন ও কামন রিকবরিসমেত (অর্থাৎ স্থাবর সম্পত্তি বিক্রয় করিলে কোন২ গতিকে বিক্রেতার যে অর্থদণ্ডবিশেষ দিতে হয় তাহা সমেত) রহিতকরা, এবং ভূমি হস্তান্তর করণের নিয়ম সহজ করা, এবং ট্রুষ্ট অর্থাৎ জিম্মাকরা সম্পত্তির খরীদারদিগকে খরীদা টাকা উপযুক্তরূপে ব্যয় হইবার বিষয়ে মনোযোগ করণের দায়হইতে মুক্ত করা, বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১। এই আইন প্রবল হওন সময়ে স্থাবর সম্পত্তির যে সকল দাবীর মোকদ্দমা উপস্থিত থাকে তদ্ভিন্ন তদ্রূপ সকল মোকদ্দমা ফাইন ও কামন রিকবরিসমেত রহিত হইয়াছে।

[যে সম্পত্তির বিষয়ে বিবাহিতা স্ত্রীর একা কি স্বামির সহিত স্বত্ব কি ক্ষমতা থাকে তাহা ঐ স্ত্রী স্বামির অনুমতিক্রমে ফাইনপ্রভৃতির পরিবর্ত্তে স্বীকারকরা দলীলপ্রভৃতির দ্বারা হস্তান্তর করিতে পারেন।]

২। বিবাহিতা যে প্রত্যেক স্ত্রী একা কিম্বা আপন স্বামির সঙ্গে একত্র হইয়া কোন ভূমি কিম্বা উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয় কিম্বা যে টাকাতে ভূমি কি অন্য উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয় ক্রয় করিতে হইবেক এমত টাকা ভোগ করেন কিম্বা তাহাতে কোন অধিকার কি সম্পর্কের কিম্বা তাহার উপর কোন ক্ষমতার বিষয়ে স্বত্ব রাখেন, যদি সেই স্ত্রী এই আইন জারী হওনের পূর্ব্বে ফাইন আদায় করণের কিম্বা রিকবরি ভোগ করণের কিম্বা তাহার কোন এক দলীলে হস্তক্ষেপ করণের দ্বারা তাহা বিক্রয় কিম্বা ত্যাগ কিম্বা সমর্পণ কিম্বা লোপ করিতে পারিতেন, তবে তিনি অবিবাহিতা হইলে যেমন সম্পূর্ণ ও ফলজনকরূপে এমত কোন অধিকার কি সম্পর্ক কি ক্ষমতা দলীলক্রমে বিক্রয় কি ত্যাগ কি সমর্পণ কি লোপ করিতে পারিতেন তেমনি করিতে পারিবেন। পরন্তু কেবল ইহা জানা কর্ত্তব্য যে ঐ বিক্রয়প্রভৃতি যে দলীলের দ্বারা করা যায় তাহাতে যদি তাঁহার স্বামীও সহযোগী না থাকেন এবং যদি ঐ দলীল শ্রীশ্রীমতী মহারাণীর কোন এক সুপ্রিম কোর্টের এক জন জজ সাহেবের সম্মুখে এই আইনের মধ্যের পশ্চাৎ নির্দ্দিষ্টমতে স্বীকার না করা যায় কিম্বা কোম্পানি বাহাদুরের কোন জজ সাহেবের কি মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ঐ দলীল যে স্থানে স্বীকার করা যাইবেক সেই স্থানে দেওয়ানী ক্ষমতামতে কার্য্য করণিয়া অন্য চিহ্নিত কার্য্যকারক সাহেবের সম্মুখে কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে বিশেষমতে নিযুক্ত কোন কমিস্যনর কি কমিস্যনরেরদের সম্মুখে কিম্বা সেই প্রকার স্বীকার করণ গ্রহণ করিবার জন্যে শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন এক আদালতের দ্বারা চিরকালীন কমিস্যনরস্বরূপ নিযুক্ত

manent Commissioner by one of Her Majesty's said Courts to take such acknowledgments.

[Supreme Courts may appoint, for the purpose of taking such acknowledgment, permanent or special Commissioners.]

3. It shall be lawful for any of Her Majesty's said Courts to appoint, by its order under the seal of the Court, to be published in the *Government Gazette* of that Presidency, permanent Commissioners, either by name or office, and to appoint from time to time, under special Commissions, Special Commissioners, any one of whom shall be authorized and empowered, unless the Act is directed to be done before more than one, to take the acknowledgment of any deed by any married woman who, by reason of her place of residence, or ill-health, or other sufficient cause, shall be unable to make such acknowledgment before one of the Judges or other public Officers described in the preceding Section.

[Such married woman to be examined apart before one Judge, &c., taking her acknowledgment.]

4. Every such Judge or public Officer or Commissioner as aforesaid, before he shall receive the acknowledgment by any married woman of any deed to be acknowledged by her, under this Act, shall examine her apart from her husband, touching her knowledge of such deed, and shall ascertain whether she understands its object, and freely and voluntarily consents to the same, and unless she appears to understand its object, and freely and voluntarily to consent to such deed, he shall not permit her to acknowledge the same, and in such case, such deed, so far as relates to the execution thereof by such married woman, shall be void.

[Such Judge, &c., shall sign a Memorandum of acknowledgment—form of it.]

5. Every Judge, public Officer or Commissioner, taking such acknowledgment under this Act, shall at the time of taking the same, sign a memorandum to be endorsed on or written at the foot, or in the margin of such deed, which memorandum shall be to the following effect, *viz.*, "this deed marked ( ) was this day produced before me and acknowledged by therein named, to be her act and deed, previous to which acknowledgment the said was examined by me separately and apart from her husband, touching her knowledge of the contents of the said deed, and her consent thereto and appeared to understand the same, and declared the same to be freely and voluntarily executed by her."

[Deed to take effect from date of the acknowledgment.]

6. The deed so acknowledged shall take effect from the date of acknowledgment thereof.

[It shall not be necessary to prove handwriting

কোন এক কি অনেক কমিস্যনরের সম্মুখে এই আইনের মধ্যের পশ্চাৎ নির্দ্দিষ্টমতে স্বীকার না করা যায় তবে ঐ বিক্রয় কি ত্যাগ কি সমর্পণ কি লোপ করণ সিদ্ধ ও ফলজনক হইবেক না।

[ঐপ্রকার স্বীকার করণ গ্রহণ করিবার জন্যে সুপ্রিম কোর্ট চিরকালীন কি বিশেষ কমিস্যনরদিগকে নিযুক্ত করিতে পারেন।]

৩। শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন আদালতের ক্ষমতা থাকিবেক যে আদালতের মোহরকরা আপন হুকুমক্রমে চিরকালীন কমিস্যনরদিগকে নাম ধরিয়া কিম্বা পদক্রমে নিযুক্ত করেন এবং সেই হুকুম ঐ রাজধানীর গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবেক। এবং বিশেষ কমিস্যনক্রমে বিশেষ কমিস্যনরদিগকে সময়ে২ নিযুক্ত করেন। তাঁহারদের কোন এক জনকে ক্ষমতা ও শক্তি দেওয়া যাইবেক যে, যে কোন বিবাহিতা স্ত্রী বাসস্থানপ্রযুক্ত কিম্বা অস্বাস্থ্যপ্রযুক্ত কিম্বা অন্য কোন প্রচুর হেতুতে উক্ত ২ ধারার নির্দ্দিষ্ট কোন এক জন জজ সাহেবের কি অন্য সরকারী কার্য্যকারক সাহেবের সম্মুখে ঐ প্রকার স্বীকার করিতে না পারেন তাঁহার কোন দলীলের স্বীকার করণ গ্রহণ করেন। কিন্তু যদি ঐ কার্য্য একের অধিক কমিস্যনরের সম্মুখে করিবার হুকুম হয় তবে এক জন তাহা গ্রহণ করিবেন না।

[যে এক জন জজ সাহেবপ্রভৃতি ঐপ্রকার বিবাহিতা স্ত্রীর স্বীকার করণ গ্রহণ করেন তাঁহার সম্মুখে ঐ স্ত্রীকে স্বতন্ত্র জিজ্ঞাসা করা যাইবেক।]

৪। এই আইনানুসারে কোন বিবাহিতা স্ত্রীকর্ত্তৃক যে কোন দলীল স্বীকার করা যাইবেক তাঁহার ঐ স্বীকার করণ গ্রহণ করণের পূর্ব্বে উক্ত প্রকার প্রত্যেক জজ সাহেব কি সরকারী কার্য্যকারক সাহেব কি কমিস্যনর তাঁহাকে স্বামিহইতে স্বতন্ত্রে লইয়া ঐ দলীলের বিষয়ে তাঁহার জ্ঞানের কথা জিজ্ঞাসা করিয়া জানিবেন, এবং ঐ স্ত্রী তাহার অভিপ্রায় বুঝেন এবং স্বাধীনে ও স্বেচ্ছামতে ঐ দলীলে সম্মত হন এই বিষয় নিশ্চয় করিবেন। এবং ঐ স্ত্রী তাহার অভিপ্রায় বুঝেন ও স্বাধীনে ও স্বেচ্ছামতে ঐ দলীলে সম্মত হন ইহা যদি দৃষ্ট না হয় তবে তিনি ঐ স্ত্রীকে ঐ দলীল স্বীকার করিতে দিবেন না এবং এমত স্থলে ঐ বিবাহিতা স্ত্রীর দ্বারা ঐ দলীল সিদ্ধ হওনের যেপর্য্যন্ত সম্পর্ক আছে সেইপর্য্যন্ত ঐ দলীল বাতিল হইবেক।

[ঐ জজ সাহেবপ্রভৃতি স্বীকার করণের এক লিপিতে দস্তখৎ করিবেন। তাহার পাঠ।]

৫। এই আইনানুসারে যে প্রত্যেক জজ সাহেব কি সরকারী কার্য্যকারক সাহেব কি কমিস্যনর ঐ প্রকার স্বীকার করণ গ্রহণ করেন তিনি তাহা গ্রহণের সময়ে এক স্মারক লিপিতে দস্তখৎ করিবেন ঐ স্মারক কথা দলীলের পৃষ্ঠে কি নিম্ন ভাগে কি হাঁশিয়াতে লেখা যাইবেক। তাহার মর্ম্ম এই। বিশেষতঃ "অমুক চিহ্নেতে চিহ্নিত এই দলীল অদ্য আমার সম্মুখে উপস্থিত করা গিয়াছে এবং তাহাতে লিখিত অমুক স্ত্রী স্বীকার করিয়াছেন যে এই তাঁহার কার্য্য ও ক্রিয়া। সেই স্বীকার হওনের পূর্ব্বে আমি উক্ত অমুককে পৃথক্‌রূপে ও তাঁহার স্বামিহইতে স্বতন্ত্রে লইয়া উক্ত দলীলের লিখিত কথার বিষয়ে তাঁহার জ্ঞানের কথা ও তাহাতে তাঁহার সম্মতির কথা জিজ্ঞাসা করিয়া জানিলাম এবং দৃষ্ট হইল যে তিনি তাহা বুঝিলেন এবং তিনি কহিলেন যে সেই দলীল তাঁহাকর্ত্তৃক স্বাধীনে ও স্বেচ্ছামতে করা গিয়াছে।"

[স্বীকার করণের তারিখঅবধি দলীল প্রবল হইবেক।]

৬। সেই প্রকারে স্বীকারকরা দলীল তাহার স্বীকার হওনের তারিখঅবধি প্রবল হইবেক।

[হাতের লেখার কিম্বা ক্ষমতাপ্রভৃতির প্রমাণ করা আবশ্যক হইবেক না। কিন্তু সেই প্রকার স্বীকারকরা

or authority, &c., but a deed so acknowledged, and purporting to be regular, shall prove itself.]

7. It shall not be necessary for any person producing a deed so acknowledged in any Court of Justice, to prove the handwriting or authority of the Judge or other Officer, or the Commissioner taking such acknowledgment, but if such memorandum purports to have been in substance regularly made and signed, the deed shall be presumed to have been duly acknowledged by the party, until the contrary is shown.

[If husband be lunatic, &c., Court may direct acknowledgment by deed without his concurrence, saving right of the husband, &c.]

8. If the husband of any married woman, desirous of passing or destroying any estate, interest or power, by a deed to be acknowledged by her under this Act, shall be a lunatic, idiot, or of unsound mind, whether he shall have been found such by inquisition or not, or from any other cause, shall be incapable of executing a deed, or if his residence shall not be known, or if he shall be in prison, or living apart from his wife, either by mutual consent or by sentence of divorce, or in consequence of his being transported beyond the seas, or from any other cause whatever, it shall be lawful for any of Her Majesty's Courts, by an order to be made in a summary way upon the application of such married woman, and upon such evidence as to the Court shall seem meet to dispense with the concurrence of her husband in the deed so to be acknowledged, and any deed to be executed or acknowledged by her in pursuance of such order shall, (but without prejudice to the rights of her husband as then existing, independently of this Act,) be as valid and effectual as if he had concurred therein.

[Nothing in this Act to abridge the powers of alienation which a married woman possessed before this Act came into operation.]

9. Nothing in this Act contained shall abridge, extend, or affect the powers of alienation or disposition, which any married woman might have exercised over any property or rights, otherwise than by levying a fine or suffering a recovery, or by joining in one of such assurances before the passing of this Act.

[Tenant in tail may dispose of or enlarge his estate by simple deed, &c.]

10. Every tenant in tail or owner of an estate in inheritance less than an estate in fee simple, either at law or in equity, in any lands or hereditaments not being under any disability, shall have power to dispose of such lands and hereditaments against all persons whose estates are to take effect after the determination or in defeazance of his own, or to enlarge his said estate into an estate in fee simple absolute by any deed declaring an intention so to dispose of the said lands or hereditaments, or to enlarge his estate therein; and every tenant in tail or person possessed of an estate in inheritance

ও নিয়মিতরূপে হওয়ার ভাবের দলীল স্বত্বই প্রমাণ হইবেক।]

৭। যে কোন ব্যক্তি সেই প্রকার স্বীকারকরা দলীল কোন বিচার আদালতে উপস্থিত করেন তাঁহার আবশ্যক হইবেক না যে ঐ জজ সাহেবের কি অন্য কার্য্যকারক সাহেবের কি যে কমিসানর ঐ স্বীকার করণ গ্রহণ করেন তাঁহার হাতের লেখার কি ক্ষমতার প্রমাণ করেন। কিন্তু যদি ঐ স্মারক লিপি ফলিতার্থে নিয়মমতে করা গিয়াছে ও তাহাতে দস্তখৎ হইয়াছে এমত ভাব দৃষ্ট হয় তবে যাবৎ তদ্বিপরীত প্রকাশ না হয় তাবৎ ঐ দলীল ঐ ব্যক্তির দ্বারা উপযুক্তমতে স্বীকার করা গিয়াছে এমত জ্ঞান হইবেক।

[যদি স্বামী ক্ষিপ্তপ্রভৃতি হন তবে আদালত তাঁহার স্বত্ব প্রভৃতি রক্ষা করিয়া তাঁহার সহযোগিতা বিনা দলীলের স্বীকার করণ গ্রহণ করিবার হুকুম করিতে পারেন।]

৮। বিবাহিতা যে স্ত্রী, এই আইনানুসারে যে দলীল তাঁহার স্বীকার করিতে হইবেক তদনুসারে কোন অধিকার কি সম্পর্ক কি ক্ষমতা হস্তান্তর কি লোপ করিতে চাহেন, এমত কোন স্ত্রীর স্বামী যদি ক্ষিপ্ত কি জড় কিম্বা বিকৃত হন, তাঁহাকে পরীক্ষার দ্বারা ক্ষিপ্তপ্রভৃতি জানা যাউক কি না, কিম্বা যদি অন্য কোন হেতুতে, তিনি দলীলে দস্তখৎ আদি করিতে না পারেন, কিম্বা যদি তাঁহার বাসস্থান জানা যায় না, কিম্বা যদি তিনি কারাবদ্ধ থাকেন অথবা যদি উভয়ের সম্মতিক্রমে কিম্বা ত্যাগ করণের আজ্ঞাক্রমে কিম্বা তাঁহার দ্বীপান্তর প্রেরিত হওনপ্রযুক্ত কিম্বা অন্য কোন হেতুতে আপন স্ত্রীহইতে পৃথক্ বাস করেন, তবে শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের এমত ক্ষমতা থাকিবেক যে ঐ প্রকার বিবাহিতা স্ত্রীর দরখাস্তমতে এবং আদালত যে প্রমাণ উপযুক্ত জ্ঞান করেন এমত প্রমাণক্রমে সরাসরীমতে হুকুম করিয়া সেই প্রকারে যে দলীল স্বীকার করা যাইবেক তাহাতে স্বামির সহযোগিতার অনাবশ্যক প্রকাশ করিতে পারেন। এবং সেই প্রকার হুকুমানুসারে স্ত্রীর দ্বারা যে কোন দলীল করা যায় কি স্বীকার করা যায় তাহা, স্বামী সহযোগী হইলে যেমন সিদ্ধ ও ফলজনক হইত তেমনি সিদ্ধ ও ফলজনক হইবেক। কিন্তু এই আইন বর্জ্জিয়া তাঁহার স্বামির যে স্বত্ব তৎকালে আছে তাহার হানি হইবেক না।

[এই আইন জারী হওনের পূর্ব্বে বিবাহিতা স্ত্রীর হস্তান্তর করণের যে ক্ষমতা ছিল তাহা এই আইনের কোন কথাতে খর্ব্ব হইবেক না।]

৯। এই আইন জারী হওনের পূর্ব্বে কোন বিবাহিতা স্ত্রী ফাইন আদায় করণ কি রিকবরি ভোগ করণ কিম্বা এমত কোন দলীলে হস্তক্ষেপ করণ বিনা অন্য প্রকারে কোন অধিকার কি স্বত্বের উপর হস্তান্তর করণের কি বিক্রয় করণের যে ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন সেই ক্ষমতা এই আইনের লিখিত কোন কথাতে খর্ব্ব কি বিস্তারিত হইবেক না কি তাহার ক্ষতিবৃদ্ধি হইবেক না।

[টেলক্রমে যে ব্যক্তি অধিকারী হন তিনি আপনার অধিকার বিক্রয় করিতে কিম্বা কেবল দলীলপ্রভৃতির দ্বারা তাহা বৃদ্ধি করিতে পারেন।

১০। যে কোন ভূমির কি উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয়ের উপর কোন প্রকার দায় না থাকে তাহার আইনমতে কিম্বা একুটিমতে প্রত্যেক "টেলক্রমের" অধিকারী (অর্থাৎ যে ব্যক্তি আপনি ও তৎপরে আপনার বিশেষ কোন উত্তরাধিকারির ভোগ দখলের নিমিত্তে কোন ভূমিপ্রভৃতির অধিকারী হন তিনি) অথবা "ফি সিম্পলমতের" (অর্থাৎ সম্পূর্ণরূপে স্বেচ্ছাধীন) অধিকারাপেক্ষা দুর্ব্বল পুত্রপৌত্রাদিক্রমিক অধিকারের স্বামী যিনি হন তাঁহার অধিকারিত্বের শেষ কিম্বা লোপ হওনক্রমে যে সকল ব্যক্তি তাহা প্রাপ্ত হইবেন তাঁহারদের বিরুদ্ধে তিনি ঐ ভূমি ও উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয় বিক্রয় করিবার কিম্বা আপনার উক্ত অধিকার বৃদ্ধি করিয়া সম্পূর্ণরূপে ফি

less than an estate in fee simple absolute, who shall be under the disability of coverture, shall have power to dispose of or enlarge her said estate by any deed, declaring her intention so to do, and acknowledged by her before a Judge or other public Officer or a Commissioner under this Act; provided that every disposition under this Section shall be subject to the rights of all persons in respect of estates prior to the estate tail or other estate of inheritance, which is the subject of such disposition; and the rights of all other persons, except those against whom such disposition is by this Act authorized to be made.

[Provision to apply to money subject to be invested in lands.]

11. The provisions of the last preceding Section shall, so far as circumstances will admit, apply to money subject to be invested in lands to be settled, so that any person, if the lands were purchased, would have an estate tail therein.

[Contingent estates in deeds or wills, without trustees to preserve, to be protected by the law from destruction.]

12. In any deed or will executed after this Act comes into operation, and disposing of immoveable property situate in India, wherein contingent estates are limited without the appointment of any trustees to preserve such contingent estates, the same shall be, to all intents and purposes, as effectually protected by the law, as if such trustees had been duly appointed.

[Any estate may be conveyed, &c., by simple deed, though not operating under the Statute of uses.]

13. Any estate or interest in immoveable property, situate in India, whether in possession, remainder or reversion, may, in addition to any other mode of conveyance or release, which is now valid, be conveyed, passed or released, by a simple deed expressing such intention, and with apt words to effect it, whether such deed operate under the Statute of uses or not.

[No conveyance shall operate otherwise than as an innocent conveyance.]

14. No conveyance of any kind shall operate to destroy, impair, or affect any estate or interests which the conveying party has no legal right to des-

সিম্পল মতের অধিকার করিবার মানসপ্রকাশক কোন দলীলের দ্বারা আপনার উক্ত ভূমি কিম্বা উত্তরাধিকারিরদের ভোগ্য বিষয় বিক্রয় করিতে কিম্বা তাহাতে আপনার অধিকার বৃদ্ধি করিতে পারেন। এবং "টেলক্রমে" যে প্রত্যেক অধিকারিণী কিম্বা সম্পূর্ণরূপে "ফি সিম্পল" মতের অধিকারাপেক্ষা দুর্ব্বল পুত্রপৌত্রাদিক্রমিক অধিকার প্রাপ্ত যে স্ত্রী বিবাহিতা হওয়াতে অযোগ্যা হন, তিনি আপনার উক্ত অধিকার বিক্রয় করিতে কিম্বা তাহা বৃদ্ধি করিতে আপনার মানসপ্রকাশক কোন এক দলীল করিয়া এবং এই আইনানুসারে কোন জজ সাহেবের কিম্বা অন্য সরকারী কার্য্যকারক সাহেবের কিম্বা কমিস্যনরের সম্মুখে তাহা স্বীকার করিয়া আপনার উক্ত অধিকার বিক্রয় করিতে কিম্বা তাহা বৃদ্ধি করিতে পারিবেন। পরন্তু জানা কর্ত্তব্য যে উক্ত প্রকারে যে টেলক্রমের অধিকার কি পুত্রপৌত্রাদিক্রমিক অন্য যে অধিকার বিক্রয় হয় তাহার অগ্রে যে সকল ব্যক্তির ঐ অধিকারের বিষয়ে স্বত্ব আছে তাহার অধীনে এবং এই আইনানুসারে যাহারদের বিরুদ্ধে ঐ প্রকার বিক্রয় করণের ক্ষমতা আছে তাহারদের ভিন্ন অন্য সকল ব্যক্তির স্বত্ব বুঝিয়া এই ধারানুসারে প্রত্যেক বিক্রয় হইবেক।

[যে টাকাতে ভূমি ক্রয় করিতে হইবেক তাহার বিষয়ে ঐ বিধান খাটিবেক]

১১। যে ভূমির এমত বন্দোবস্ত হইবেক যে তাহা খরীদ হইলে কোন ব্যক্তির তাহাতে টেলক্রমে অধিকার থাকে এমত ভূমি যে টাকাতে খরীদ করিতে হইবেক সেই টাকার বিষয়ে গতিক বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত পূর্ব্বোক্ত ১০ ধারার বিধান খাটিবেক।

[দলীল কি উইলক্রমে যে সম্ভাবিত অধিকার রক্ষা করণার্থ কোন ট্রুষ্টি নিযুক্ত হন নাই তাহা নষ্ট না হয় এই নিমিত্তে আইনের দ্বারা সুরক্ষিত হইবেক।]

১২। এই আইন চলন হওনের পর কোন দলীল কি উইল করা গেলে এবং তাহাতে ভারতবর্ষের মধ্যে থাকা অস্থাবর সম্পত্তির নিয়ম করা গেলে যদি তাহাতে সম্ভাবিত অধিকারের কাল নির্দ্দিষ্ট হয় কিন্তু ঐ সম্ভাবিত অধিকার রক্ষা করণার্থে কোন ট্রুষ্টিরা নিযুক্ত না হন তবে নিয়মমতে ট্রুষ্টিরা নিযুক্ত হইলে যে প্রকারে হইত সেই প্রকারে তাহা সর্ব্বতোভাবে আইনের দ্বারা সম্পূর্ণরূপে সুরক্ষিত হইবেক।

[সম্পত্তি ভোগের বিষয়ি রাজব্যবস্থার অধীন যে দলীলের কার্য্য না হয় কেবল এমত দলীলের দ্বারা কোন অধিকার হস্তান্তরপ্রভৃতি করা যাইতে পারে।]

১৩। ভারতবর্ষের অন্তঃপাতি কোন স্থাবর সম্পত্তিতে কোন অধিকার কি সম্পর্ক ভোগদখলেরই হউক কি রিমেণ্ডরক্রমে (অর্থাৎ কোন বিশেষ অধিকার গত হইলে তৃতীয় ব্যক্তির তাহা প্রাপণের অপেক্ষা হয় এইমতের) কিম্বা রিবর্সনক্রমে (অর্থাৎ ভূমিতে যে সম্পর্কের অংশ অন্যকে দেওয়া যায় সেই দত্ত সম্পর্ক কি অধিকার শেষ হইলে তাহা দেওনিয়া ব্যক্তির প্রতি পুনরায় বর্ত্তে সেই মতের) হউক সেই অধিকার কি সম্পর্ক হস্তান্তর কি ত্যাগ করণের অন্য যে কোন নিয়ম এইক্ষণে সিদ্ধ হয় তদতিরিক্ত তাহা হস্তান্তর কি অর্পণ কি ত্যাগ করিবার অভিপ্রায়প্রকাশক এবং তাহা সফল করিবার উপযুক্ত বাক্যপ্রকাশক কেবল এক দলীলের দ্বারা, ভোগের বিষয়ি রাজব্যবস্থামতে সেই দলীলের কার্য্য হউক কি না হউক, হস্তান্তরাদি করা যাইতে পারিবেক।

[যাহাতে কাহারো ক্ষতি না হয় এমত হস্তান্তর করণপত্র ভিন্ন অন্য হস্তান্তর করণপত্রের কার্য্য চলিবেক না।]

১৪। যে কোন অধিকার কি সম্পর্ক লোপ করিবার কি দুর্ব্বল করিবার কি ক্ষতিবৃদ্ধি করিবার হস্তান্তরকরণিয়া ব্যক্তির আইনানুযায়ি স্বত্ব না থাকে, কিম্বা যেপর্য্যন্ত সেই হস্তান্তরকরণিয়া ব্যক্তি তাহা দুর্ব্বল কি ক্ষতিবৃদ্ধি

troy, impair or affect, or beyond the extent to which he may impair or affect the same.

No release shall operate, except to release the releaser's right. Saving of releases by commercial partnerships within the scope of their ordinary authority.]

15. No release executed after the time when this Act comes into operation shall operate so as to release more than the right of the releasing party, provided that this shall not extend to the release by one or more members less than the whole of any commercial or trading partnership of any debt, claim, or right of action, which it would be within the scope of the ordinary authority of a partner in such firm to release.

[Not necessary in deed to add words of limitation to heirs, to give estate by inheritance. Rule in Shelley's case not to operate.]

16. From the time this Act comes into operation, it shall not be necessary in any deed to be executed after such time, as to immoveable property situate in India, to add words of limitation to heirs, when the intention is to give the absolute interest to a person and his heirs general, but a gift, grant, or other conveyance of immoveable property to, or in favor of any person, shall be taken to give him the entire and absolute interest in the nature of an estate in fee simple, unless such construction is rendered inadmissible by the other contents of the deed; and when in any deed, or will executed as aforesaid, any property is given to a person for life or for other freehold interest, and afterwards in the same deed, or will, is limited to his heirs or heir special, the estates shall not unite, but the limitation to the heirs shall be a limitation of an estate to be taken by the heirs by purchase; and it shall descend as if such estates had united.

[*Bonâ fide* purchaser not required to see to application of trust-money in any case.]

17. When any property is sold, the proceeds of which are subject to any trust, the *bonâ fide* purchaser of the property shall not in any case be bound to see to the application of the purchase-money to the purposes of the trust.

[Act to apply only to cases governed by English Law.]

18. Nothing in this Act contained shall extend to any case to which the English Law is not applicable.

W. Morgan,

Clerk of the Legislative Council.

করিতে পারেন, তদতিরিক্ত কোন অধিকার কি সম্পর্ক লোপ কি দুর্ব্বল কি ক্ষতিবৃদ্ধি করিতে কোন প্রকার হস্তান্তর করণপত্রের কার্য্য হইবেক না।

[ত্যাগ করণপত্রের দ্বারা কেবল ত্যাগকরণিয়ার স্বত্ব ত্যাগ করা যাইবেক। কিন্তু তেজারতের সংসৃষ্ট কার্য্যেতে অংশিরদের সাধারণ ক্ষমতার অন্তর্গত ত্যাগ করণপত্র বর্জ্জিত।]

১৫। এই আইন প্রবল হওনের সময়ের পরে যে কোন ত্যাগ করণপত্র করা যায় তাহাতে ত্যাগকরণিয়ার স্বত্বের অধিক ত্যাগ করা যাইবেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে, কোন তেজারতের কি বাণিজ্যকার্য্যের সংসৃষ্ট ব্যক্তিরদের এক জন অংশির সাধারণ ক্ষমতামতে যে কোন ঋণ কি দাওয়া কি নালিশের স্বত্ব ত্যাগ করা যাইতে পারে তাহা ঐ প্রকারে সংসৃষ্ট সমস্ত ব্যক্তির ন্যূন এক কি ততোধিক জনের দ্বারা ত্যাগ হওনের বিষয়ে এই ধারা খাটিবেক না।

[উত্তরাধিকারিত্বক্রমে অধিকার দানার্থে উত্তরাধিকারি নির্ণয়ার্থক শব্দ দলীলে দেওয়ার আবশ্যক নাই। শেলি সাহেবের মোকদ্দমার বিধানমতে কার্য্য চলিবেক না।]

১৬। এই আইন প্রবল হওনের কালাবধি, ভারতবর্ষের অন্তঃপাতি স্থাবর সম্পত্তির বিষয়ে, এই আইন প্রবল হওনের পর যে কোন দলীল করা যাইবেক তাহাতে যখন কোন ব্যক্তিকে ও তাহার সাধারণ উত্তরাধিকারিদিগকে সম্পূর্ণ সম্পর্ক দানের অভিপ্রায় হয় তখন তাহাতে উত্তরাধিকারি নির্ণয়ার্থক শব্দ লিখিবার আবশ্যক হইবেক না। কিন্তু কোন ব্যক্তির প্রতি কি তাঁহার নিমিত্তে স্থাবর সম্পত্তির দান কি সমর্পণ কিম্বা অন্য হস্তান্তর করণপত্রের দ্বারা তাঁহাকে "ফি সিম্পল" মতে তাবৎ ও সম্পূর্ণ অধিকার দেওয়া যায় এমত জ্ঞান হইবেক। কিন্তু যদি দলীলের লিখিত অন্য২ কথার দ্বারা ঐ প্রকার অর্থ গ্রাহ্য হইতে পারে না তবে এমত জ্ঞান হইবেক না। এবং যখন সেই প্রকারে করা কোন দলীলে কি উইলেতে কোন সম্পত্তি কোন ব্যক্তিকে যাবজ্জীবন ভোগের নিমিত্তে কিম্বা উত্তরাধিকারিরদের ভোগ্য অন্য সম্পর্কস্বরূপ দেওয়া যায় এবং পরে সেই দলীলেতে কিম্বা উইলেতে ঐ সম্পত্তি তাহার উত্তরাধিকারিরদের কি বিশেষ উত্তরাধিকারির প্রতি বর্ত্তে এইরূপ নির্ণয় করিয়া লেখা যায় তবে ঐ সম্পত্তির দুই প্রকার অধিকার সম্মিলিত হইবেক না কিন্তু উত্তরাধিকারিরদের যে নির্ণয় হয় তাহা অধিকার নির্ণয়স্বরূপ অর্থাৎ ক্রয় করণ দ্বারা উত্তরাধিকারিরদের গ্রহণীয় অধিকার নির্ণয়স্বরূপ হইবেক পরে ঐ অধিকার সম্মিলিত হওয়ার মতে পুত্রপৌত্রাদির প্রতি বর্ত্তিবেক।

[যাঁহারা নিতান্ত খরীদার হন্ তাঁহারদের কোন গতিকে প্রয়োজন হইবেক না যে ট্রুষ্টের টাকা উপযুক্তমতে ব্যয় হয় এই বিষয় দেখেন।]

১৭। যে সম্পত্তির উৎপন্ন টাকা কোন ট্রুষ্টের নিমিত্তে অর্পণ হয় এমত সম্পত্তি বিক্রয় হইলে ঐ খরীদা টাকা ঐ ট্রুষ্টের অভিপ্রায়ে ব্যয় হয় এই বিষয় যে ব্যক্তি নিতান্ত খরীদার হন্ তাঁহার দেখিবার কোন স্থলে আবশ্যক হইবেক না।

[যে২ মোকদ্দমায় ইঙ্গলণ্ডীয় আইন খাটে কেবল সেই২ মোকদ্দমায় এই আইন খাটিবেক।]

১৮। ইঙ্গলণ্ডীয় আইন যে২ স্থলে না খাটে এমত স্থলে এই আইনের কোন কথা খাটিবেক না।

ডবলিউ মর্গান।

ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৫ আগষ্ট।]

LEGISLATIVE COUNCIL.

22ND JULY, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 22nd July, 1854:

A Bill for making better provision for the education of male Minors, subject to the superintendence of the Court of Wards.

[General control and superintendence of the education of male minor wards vested in Collectors of Revenue.]

I. The general superintendence and control of the education of every male minor, whose property has been or shall be brought under the management of the Court of Wards, in and for any part of the Presidency of Fort William, by virtue of any Act or Regulation which now is or hereafter shall be in force, is hereby vested in the Collector of Revenue, acting under the said Court of Wards in the zillah or district, wherein the principal portion of such minor's estate is situate.

[Collectors to have power to cause male minor wards to be educated at any school or college.]

II. It shall be lawful for every Collector of Revenue, in whom the superintendence of the education of any minor is vested by this Act, to direct that such minor shall reside either with or without his guardian at the sudder station of the district, or at any other place either within or beyond the limits of the district, and shall attend, for the purposes of education, such school or college as to the said Collector may seem expedient; and to make such provision as may be necessary for the proper care and suitable maintenance of the said minor whilst attending such school or college.

[Or in certain cases to cause such wards to be educated privately.]

III. If it shall appear to the Collector inexpedient to place any such minor at a school or college, he shall cause such minor to be educated by a private tutor, properly qualified, either at the family residence of such minor, or at the sudder station or elsewhere, and in that case also the Collector shall have power to determine from time to time the place of residence of such minor, and to make such provision as may be necessary for his proper tuition and maintenance during the period of his education.

[Charges and expenses incurred under this Act, to be paid out of the profits of the ward's estate.]

IV. All charges and expenses which may be incurred on account of any male minor ward under the provisions of this Act, for college or school fees, or for other charges of tuition or education, or by reason of his residence in any place other than his own home or otherwise, shall be defrayed from the profits of his estate in the same manner as other expenses incurred, under the authority or with the sanction of the Court of Wards.

[Court of Wards to have power to remove guar-

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২২ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২২ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল।

কোর্ট ওয়ার্ডসের তত্ত্বাবধারণের অধীন নাবালগপুরুষেরদের শিক্ষার্থে পূর্ব্বাপেক্ষা উত্তম বিধান করিবার আইনের মুসাবিদা।

[পুরুষনাবালগ ওয়ার্ডসেরদের শিক্ষার সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারকতা রাজস্বের কালেক্টর সাহেবেরদের প্রতি অর্পিত হওনের কথা।]

১ ধারা। এইক্ষণে যে কোন আক্ট কি আইন চলন আছে কি উত্তর কালে হইবেক তাহার শক্তিক্রমে যে প্রত্যেক পুরুষনাবালগের সম্পত্তি ফোর্ট উলিয়ম রাজধানীর কোন অংশেতে ও কোন অংশের কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্বাধীন করা গিয়াছে কি করা যাইবেক সেই নাবালগের শিক্ষার বিষয়ের সাধারণ তত্ত্বাবধারকতা ও কর্ত্তৃত্ব যে জিলা কি প্রদেশের মধ্যে ঐ নাবালগের সম্পত্তির অধিকাংশ আছে তাহার উক্ত কোর্ট ওয়ার্ডসের অধীন কর্ম্মকারি রাজস্বের কালেক্টর সাহেবের প্রতি ইহার দ্বারা অর্পণ করা গেল।

[কালেক্টর সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে পুরুষনাবালগ ওয়ার্ডসেরদিগকে কোন ইস্কুলে কি কালেজে শিক্ষা করান্।]

২ ধারা। এই আইনানুসারে রাজস্বের যে প্রত্যেক কালেক্টর সাহেবের প্রতি কোন নাবালগের শিক্ষার তত্ত্বাবধারকতা কার্য্য অর্পিত হয় তাঁহার ক্ষমতা থাকিবেক যে ঐ নাবালগকে জিলার সদর মোকামে কিম্বা জিলার সীমাসরহদ্দের মধ্যে কি বাহিরে অন্য কোন স্থানে আপন অধ্যক্ষের সঙ্গে কিম্বা অধ্যক্ষ ছাড়া বাস করিতে হুকুম করেন এবং শিক্ষা পাইবার জন্যে কালেক্টর সাহেব যে কোন ইস্কুল কিম্বা কালেজ উপযুক্ত বোধ করেন তাহাতে সর্ব্বদা যাইতে হুকুম করেন এবং ঐ নাবালগ যত কাল ঐ ইস্কুলে কি কালেজে হাজির হন তত কাল তাঁহার উপযুক্তমতে অনুসন্ধানের ও উপযুক্তমতে প্রতিপালনের বিষয়ে যে কোন নিয়ম করা আবশ্যক হয় তাহা করেন।

[কিম্বা কোন২ গতিকে ঐ ওয়ার্ডসেরদিগকে গৃহে শিক্ষা দেওয়াইবেন।]

৩ ধারা। যদি কালেক্টর সাহেব বোধ করেন যে এমত কোন নাবালগকে ইস্কুলে কি কালেজে দেওয়া অবিহিত তবে তিনি ঐ নাবালগের পরিবারীয় বাটীতে কিম্বা সদর মোকামে কি অন্য স্থানে উপযুক্ত ক্ষমতাপন্ন বিশেষ শিক্ষকের দ্বারা ঐ নাবালগকে শিক্ষা দেওয়াইবেন এবং সেই গতিকেও কালেক্টর সাহেবের ক্ষমতা থাকিবেক যে ঐ নাবালগের বাসস্থান সময়ে২ নিরূপণ করেন এবং তাঁহার শিক্ষা করণ কালে তাঁহার উপযুক্তমতে শিক্ষা প্রাপণের ও প্রতিপালনের যে নিয়ম আবশ্যক হয় তাহা করেন।

[এই আইনানুসারে যে ব্যয় ও খরচ হয় তাহা ওয়ার্ডসের সম্পত্তির উৎপন্নহইতে দেওয়া যাইবেক।]

৪ ধারা। এই আইনের বিধানানুসারে পুরুষনাবালগ ওয়ার্ডসের জন্যে কালেজের কি ইস্কুলের বেতনের বাবৎ কিম্বা শিক্ষার কি বিদ্যাভ্যাসের অন্য খরচের বাবৎ কিম্বা তাঁহার নিজ বাটীপ্রভৃতি ছাড়া অন্য স্থানে বাস করা প্রযুক্ত, যে সকল খরচ ও ব্যয় হয় তাহা, যেমন কোর্ট ওয়ার্ডসের আজ্ঞাক্রমে ও তাঁহারদের অনুমতি লইয়া অন্যান্য খরচ দেওয়া যায়, তেমনি নাবালগের সম্পত্তির উৎপন্নহইতে দেওয়া যাইবেক।

[এই আইনানুসারে কালেক্টর সাহেব যে আজ্ঞা

dians for disobedience to orders passed by a Collector under this Act.]

V. It shall be lawful for the Court of Wards, on the application of a Collector, to remove from office any guardian who shall neglect or refuse to obey, or shall evade compliance with any orders passed, or directions given by such Collector under the provisions of this Act, and to cause a new guardian to be appointed in his place, whether the person so removed shall have been first invested with the guardianship of the minor upon the nomination of a Collector acting under the Court of Wards, or by a testamentary appointment confirmed by the Court of Wards, and if in any such case the guardian to be removed, shall be also the manager of the minor's estate, it shall be lawful for the Court of Wards, at its discretion, either to remove him from both the said offices, or to continue him in that of manager only.

[Continued liability of guardian removed, powers and responsibilities of new guardian.]

VI. The guardian so removed shall, notwithstanding his removal, continue liable to accounts to the Collector for his receipts and disbursements during the period of his guardianship; and every guardian appointed in the place of a guardian so removed, shall be chosen in the same way, and shall have the same rights and powers, and be subject to the same responsibilities as persons originally appointed to be guardians of minors by a Collector of Revenue acting under the Court of Wards.

[Guardians appointed by the Court of Wards, or failing them, the Collector to have the same power over the persons of wards as guardians appointed by Courts of Justice.]

VII. If a question shall arise in any Court of Justice within the territories of the East India Company touching the right to the custody of the person of any male minor whose property is under the management of the Court of Wards, the person appointed with the sanction of the Court of Wards, either originally or upon the removal of a former guardian, to be the guardian of such minor, or in the absence of any such person, the Collector of Revenue having the superintendence of the education of such minor under the provisions of this Act, shall have and be deemed entitled to the same rights and powers as would be possessed by a guardian appointed by a Court of Justice of competent jurisdiction.

[Appeal from the orders of a Collector to lie to Commissioner of Revenue acting as a Court of Wards.]

VIII. All orders and proceedings of a Collector under the provisions of this Act shall be subject to the revision of the Court of Wards, and every person aggrieved by any such order or proceeding may prefer an appeal therefrom to the Commissioner of

করেন নাবালগের অধ্যক্ষ তাহা না মানিলে তাঁহাকে অবসর করিতে কোর্ট ওয়ার্ডসের ক্ষমতা থাকনের কথা।]

৫। কোর্ট ওয়ার্ডসের ক্ষমতা থাকিবেক যে এই আইনের বিধানমতে কালেক্টর সাহেব যে কোন হুকুম জারী করেন কি আজ্ঞা দেন তাহা মানিতে যে কোন অধ্যক্ষ শৈথিল্য কি অস্বীকার করেন কিম্বা তদনুসারে কার্য্য করিতে টালমটাল করেন তিনি কোর্ট ওয়ার্ডসের অধীন কর্ম্মকারি কালেক্টর সাহেবের পরামর্শমতে ঐ নাবালগের অধ্যক্ষতা পদ প্রথমে প্রাপ্ত হউন কিম্বা উইলক্রমে নিযুক্ত হইয়া কোর্ট ওয়ার্ডসের দ্বারা মঞ্জুর হউন তাঁহাকে ঐ কালেক্টর সাহেবের দরখাস্তমতে পদহইতে অবসর করেন এবং তাঁহার স্থানে নূতন অধ্যক্ষকে নিযুক্ত করান। এবং এমত স্থলে যে অধ্যক্ষকে অবসর করিতে হইবেক তিনি যদি নাবালগের সম্পত্তির সরবরাহকারও হন তবে কোর্ট ওয়ার্ডসের ক্ষমতা থাকিবেক যে আপনারদের বিবেচনামতে তাঁহাকে উক্ত দুই পদহইতে অবসর করেন কিম্বা তাঁহাকে কেবল সরবরাহকারী পদে রাখেন।

[অবসরহওয়া অধ্যক্ষের দায় থাকনের কথা। নূতন অধ্যক্ষের ক্ষমতা ও ঝুঁকী।]

৬ ধারা। যে অধ্যক্ষ উক্ত প্রকারে পদহইতে অবসর হইয়াছেন তাঁহাকে অবসর করা গেলেও তাঁহার অধ্যক্ষতা কর্ম্ম করণ কালে তিনি যে সকল টাকা প্রাপ্ত হইয়াছেন ও খরচ করিয়াছেন তাহার হিসাবের বিষয়ে কালেক্টর সাহেবের নিকটে দায়ী থাকিবেন। এবং কোর্ট ওয়ার্ডসের অধীনে কর্ম্মকারি রাজস্বের কালেক্টর সাহেবের দ্বারা নাবালগের অধ্যক্ষস্বরূপ যে ব্যক্তিরা প্রথমে নিযুক্ত হন তাঁহারদিগকে যে প্রকারে মনোনীত করা যায় ও তাঁহারদের যে স্বত্ব ও ক্ষমতা থাকে ও তাঁহারদের প্রতি যে ঝুঁকি থাকে উক্ত প্রকারে অবসরহওয়া অধ্যক্ষের স্থানে যে প্রত্যেক অধ্যক্ষ নিযুক্ত হন তিনিও সেই প্রকারে মনোনীত হইবেন এবং তাঁহার সেই স্বত্ব ও ক্ষমতা হইবেক ও তাঁহার প্রতি সেই ঝুঁকী থাকিবেক।

[অধ্যক্ষেরা কোর্ট ওয়ার্ডসের দ্বারা নিযুক্ত হইবেন কিম্বা অধ্যক্ষেরা না থাকিলে বিচার আদালতের দ্বারা নিযুক্ত অধ্যক্ষেরদের যে ক্ষমতা থাকে ওয়ার্ডসেরদের উপর কালেক্টর সাহেবের সেই ক্ষমতা থাকিবেক।]

৭ ধারা। কোর্ট ওয়ার্ডসের কর্ত্তৃত্বাধীনে যে কোন পুরুষনাবালগের সম্পত্তি থাকে তাঁহার অধ্যক্ষতা কর্ম্মের স্বত্ব বিষয়ে যদি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যের কোন বিচার আদালতে জিজ্ঞাসা উত্থাপিত হয় তবে কোর্ট ওয়ার্ডসের অনুমতিক্রমে যে ব্যক্তি আদৌ কিম্বা পূর্ব্বকার অধ্যক্ষের অবসর হওয়াতে নিযুক্ত হন তিনি ঐ নাবালগের অধ্যক্ষ হইবেন অথবা এমত কোন ব্যক্তি না থাকিলে উপযুক্ত ক্ষমতাপন্ন বিচার আদালতের দ্বারা নিযুক্ত অধ্যক্ষের যে স্বত্ব ও ক্ষমতা থাকিত এই আইনেরবিধানমতেঐ নাবালগের শিক্ষার তত্ত্বাবধারকতা কার্য্য রাজস্বের যে কালেক্টর সাহেব প্রাপ্ত হন তাঁহার সেই স্বত্ব ও ক্ষমতা থাকিবেক এবং সেই স্বত্ব ও ক্ষমতার প্রতি তাঁহার অধিকার আছে এমত জ্ঞান হইবেক।

[কালেক্টর সাহেবের হুকুমের উপর আপীল কোর্ট ওয়ার্ডসস্বরূপ কর্ম্মকারক রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে হইবেক।]

৮ ধারা। এই আইনের বিধানানুসারে কালেক্টর সাহেবের সকল হুকুম ও কার্য্য কোর্ট ওয়ার্ডসের তত্ত্বাধীন থাকিবেক এবং এমত কোন হুকুম কি কার্য্যের দ্বারা যে প্রত্যেক ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন তিনি ঐ কালেক্টর সাহেব যে এলাকায় থাকেন তাহাতে ও তাহার কোর্ট

Revenue acting as a Court of Wards in and for the division to which such Collector belongs.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

LEGISLATIVE COUNCIL.

29TH JULY, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 29th of July, 1854, and referred to a select committee who are to report thereon after the 2nd of October next.

A Bill for withdrawing certain privileges enjoyed by the Nazim and his family.

WHEREAS it is expedient to withdraw certain privileges accorded by the Regulations of the Bengal Code to the Nazim and to the family of the Nazim, and to provide for executing within the precincts of the palace of the Nazim at Moorshedabad legal process issued by any Civil or Criminal Court or Officer of the East India Company; it is enacted as follows :—

I. Section 10, Regulation XVI. of 1793, Regulation XIX. of 1805, Regulation XVI. of 1806 and Regulation XIX. of 1825 are hereby repealed.

II. When any summons or other process, issued by any Court, Judge, Magistrate, Collector or other Officer in the territories of the East India Company, is required to be served or executed within the precincts of the palace of the Nazim at Moorshedabad, such summons or other process shall be transmitted to the Superintendent of the affairs of the Nizamut or other Officer, however denominated, exercising for the time being the control and superintendence of the affairs of the Nizamut, and such Superintendent or other Officer shall cause such summons or other process to be served or executed according to the exigency thereof, and shall return the same with a certificate of what shall have been done thereon.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

ওয়ার্ডসস্বরূপ রাজস্বের যে কমিস্যনর সাহেব হন তাঁহার নিকটে আপীল করিতে পারেন।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৯ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২৯ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল এবং বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল আগামি অক্টোবর মাসের ২ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুর ও তদীয় পরিবার যে২ বিশেষ ক্ষমতা ভোগ করেন তাহার কতক রহিত করণের আইনের মুসাবিদা।

যেহেতুক শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরকে ও শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের পরিবারকে বাঙ্গলা দেশের চলিত আইনক্রমে যে২ ক্ষমতা দত্ত হইয়াছিল তাহার কতক রহিত করা এবং কোম্পানি বাহাদুরের কোন দেওয়ানী কি ফৌজদারী আদালত কি কার্য্যকারক আইনানুযায়ি যে পরওয়ানা জারী করেন তদনুসারে মুরশিদাবাদের শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের রাজবাটীর সীমাবর্ত্তি স্থানের মধ্যে কার্য্য করণের বিধান করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১। ১৭৯৩ সালের ১৬ আইনের ১০ ধারা ও ১৮০৫ সালের ১৯ আইন এবং ১৮০৬ সালের ১৬ আইন ও ১৮২৫ সালের ১৯ আইন ইহার দ্বারা রদ হইল।

২। যখন কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন আদালতের কি জজ সাহেবের কি মাজিষ্ট্রেট সাহেবের কি কালেক্টর সাহেবের কি অন্য কার্য্যকারকের জারীকরা কোন সমন কি অন্য পরওয়ানা মুরশিদাবাদে শ্রীযুত নওয়াব নাজিম বাহাদুরের রাজবাটীর সীমাবর্ত্তি স্থানের মধ্যে জারী করা কি তদনুসারে কার্য্য করা প্রয়োজন হয় তখন ঐ সমন কি অন্য পরওয়ানা নিজামতের বিষয়ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে কিম্বা যে কোন উপাধিবিশিষ্ট অন্য যে কোন কার্য্যকারক যে সময়ে নিজামতের বিষয় ব্যাপারের কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারকতা কার্য্য নির্ব্বাহ করেন তাঁহারই নিকটে পাঠান যাইবেক এবং ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কি অন্য কার্য্যকারক ঐ সমন কি অন্য পরওয়ানার লিখিত হুকুমমতে তাহা জারী করাইবেন কিম্বা তদনুসারে কার্য্য করাইবেন এবং তদনুসারে যাহা করা গিয়াছে তদ্বিষয়ের এক সর্টিফিকট লিখিয়া ঐ সমন কি পরওয়ানা ফিরিয়া পাঠাইবেন।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 9th August, 1854.

Baboo Kishenpersad Chowdree, to be Acting Moonsiff of Kotulpore, Zillah West Burdwan, during the deputation of the Moonsiff of that Chowkee, to act for the Sudder Ameen of Bancoorah.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ শাল ৯ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের কোতলপুরের মুনসেফ বাঁকুড়ার সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ চৌধুরী ঐ চৌকীর একটিং মুনসেফ হইবেন।

LEAVES OF ABSENCE.

The 4th August, 1854.

Moulvie Seyud Noorul Hussen, Moonsiff of Sonamookhy, Zillah West Burdwan, for one day, viz., the 8th instant.

The 11th August, 1854.

Moulvie Abdool Mujeed, Moonsiff of Beergunge, Zillah Dinagepore, for two weeks, in excess of the Dusserah and Mohurrum Vacations.

C. T. BUCKLAND, *Register*.

ছুটী।

১৮৫৪ সাল ৪ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখির মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ নুরল হুসেন এক দিন অর্থাৎ বর্ত্তমান মাসের ৮ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১১ আগষ্ট।

জিলা দিনাজপুরের বীরগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল মজিদ দশহরার ও মহরমের বন্দের উপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

রামপুর বোয়ালিয়া।

১৮৫৪ সাল ৫ আগষ্ট।

নিয়োগ।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত পশ্চিম বর্দ্ধমানের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব ভারতবর্ষের (Mr. J. H. Young,) গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

Tenders will be received at this Office from this date up to 18th August, 1854, from Individuals who may be desirous of purchasing the whole or any one of the under-mentioned parcels of surplus lands in Cornwallis and Amherst Streets, within the Town of Calcutta, and formerly belonging to the late Lottery Committee, but now the property of Government.

The Lots will be put up for public sale at an upset price of 15 years' parchase of the Ground rent at 3 Annas per Cottah, in addition to Rs. 200 per Cottah for all lands in Cornwallis Street, and Rs. 150 per Cottah for those in Amherst Street.

Locality.	Former No. of Holding.	No. of Block and Holding.		Area of Holding.				Jummah Assessed.		
		Block.	Holding.	B.	C.	C.	Feet.			
Amherst Street,	4	8	132	,,	,,	10	33	,,	2	,,
Do.,	7	8	364	,,	,,	3	33	,,	,,	9½
Do.,	13	2	639	,,	,,	5	38	,,	1	1
Do.,	18	13	192	,,	,,	14	9	,,	2	8
Cornwallis Do.,	3	25	Sootanutty	,,	,,	1	,,	,,	3	,,
Do.,	6	25	Do.	,,	,,	1	,,	,,	3	,,
Do.,	9	19	Do.	,,	,,	7	11	,,	1	4½
Do.,	10	19	Do.	,,	,,	5	11	,,	1	,,
Do.,	12	31	Do.	,,	,,	7	11	,,	1	4½
Do.,	13	31	Do.	,,	,,	13	11	,,	2	6
Do.,	18	24	159	,,	,,	14	9	,,	2	8
Do.,	29	14	557	,,	,,	9	,,	,,	1	8½
Do.,	33	14	556	,,	,,	3	33	,,	,,	8½
Do.,	34	14	554	,,	,,	2	30	,,	,,	6

Calcutta, Collector's Office, the 15th July, 1854. F. A. LUSHINGTON, *Collector*.

বিজ্ঞাপন।

কলিকাতা নগরের অন্তঃপাতি কার্ণওয়ালিস ও আমহর্ষ্ট ষ্ট্রিটে নীচের লেখা যে সকল ফাজিল ভূমি পূর্ব্বে লাটরি কমিটির ছিল এইক্ষণে গবর্ণমেণ্টের সম্পত্তি আছে তাহার সমুদয় কি কোন অংশ যাঁহারা খরীদ করিতে চাহেন তাঁহারদের প্রস্তাব বাক্য অদ্যকার তারিখঅবধি ১৮৫৪ সালের ১৮ আগষ্ট তারিখপর্য্যন্ত গ্রাহ্য হইবেক।

প্রত্যেক লাট যখন নীলামে ধরা যাইবে তখন প্রথম ডাক এই নিয়মে হইবেক অর্থাৎ কার্ণওয়ালিস ষ্ট্রিটে সকল জমীর কাটাপ্রতি ৶ তিন আনার দরে ১৫ বৎসরের খরীদী খাজানা যত হয় তাহা ও তাহার উপর কাটাপ্রতি ২০০৲ টাকা। এবং আমহর্ষ্ট ষ্ট্রিটে সকল জমী খাজানার ঐ দর ও তাহার উপর কাটাপ্রতি ১৫০৲ টাকা ডাকা যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৫ আগষ্ট।]

স্থান	ইজারদার সাবেক নম্বর	জমীখণ্ডের ও ইজারদার নম্বর		জমীখণ্ডের পরিমাণ				যে জমা বসান গিয়াছে
		জমীখণ্ড	ইজারা	বিঘা	কাটা	ছটাক	ফুট	
আয়হর্ষ্ট ষ্ট্রিট ..	৪	৮	১৩২	"	"	১০	৩৩	৵০
ঐ	৭	৮	৩৬৪	"	"	৩	৩৩	৻২॥
ঐ	১৩	২	৬৩৯	"	"	৫	৩৮	৴১
ঐ	১৮	১৩	১৯২	"	"	১৪	৯	৵৮
কার্ণওয়ালিস ষ্ট্রিট	৩	২৫	সূতানুটী	"	"	১	"	৵
ঐ	৬	২৫	ঐ	"	"	১	"	৵
ঐ	৯	১৯	ঐ	"	"	৭	১১	৴৪॥
ঐ	১০	১৯	ঐ	"	"	৫	১১	৴
ঐ	১২	৩১	ঐ	"	"	৭	১১	৴৪॥
ঐ	১৩	৩১	ঐ	"	"	১৩	১১	৵৬
ঐ	১৮	২৪	১৫৯	"	"	১৪	৯	৵৮
ঐ	২৯	১৪	৫৫৭	"	"	৯	"	৴৮॥
ঐ	৩৩	১৪	৫৫৬	"	"	৩	৩৩	৻৮॥
ঐ	৩৪	১৪	৫৫৪	"	"	২	৩০	৻৬

কলিকাতা কালেক্টরী কাছারী। ১৮৫৪ সাল ১৫ জুলাই। এফ এ লশিংটন। কালেক্টর।

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTICE is hereby given, in pursuance of an order of the said Supreme Court, dated the Third day of August, One Thousand Eight Hundred and Fifty-four, that on Saturday, the Twenty-sixth day of August now next ensuing, a Court will be holden before Her Majesty's Justices of the said Court at the Court House in the Town of Calcutta, in execution of a Writ of *Mandamus* issued out of Her Majesty's Exchequer of Pleas at Westminster for the examination Vivâ Voce on Oath of L. C. Biale and H. L. Christiana and other Witnesses on the part of the Defendant, and that the Plaintiff be at liberty to cross examine the said Defendant's Witnesses if he shall think proper and for receiving other proofs therein pursuant to the statutes in that behalf in a certain action now pending in the said Court of Exchequer of Pleas at Westminster between James Brebner, Plaintiff, and J. F. Harrison, Defendant, dated this Fifth day of August, 1854.

R. M. THOMAS, *Defendant's Attorney.* H. HOLROYD, *Prothonotary.*

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

اشتہار

(از جانب ہیڈ اردو مترجم عدالت دیوانی صدر کلکتہ)

سب لوگون کو معلوم ہی کہ فیصلجات عدالت دیوانی صدر واسطے جمیع عدالتہای ماتحت کے دستور العمل ہی چنانچہ اسیو اسطے بنظر رفاہ عام خصوصا حکام ملکی و وکلا و مختاران واہالی معاملہ و زمیداران کے حقیر نے از ابتدای سنہ ۱۸۰ ع بدستور رسالہای انگریزی کے ترجمہ اردو فیصلجات عدالت دیوانی صدر کلکتہ کا ساتھہ کمال اہتمام و جانفشانی کے چھاپنا اپنے اوپر التزام کیاہی اور اُس سے کسقدر فایدہ لوگون کو ہوتا ہی اُسکی تجویز کو ہم خود اُسکے مطالعہ کرنیوالون پر حوالہ کرتے ہین ہمارے بیان کی حاجت نہین * اما افسوس ہی کہ خریدار اُسکے بالفعل ۱۰۰ سے زیادہ نہین ہین اور چندر سال کی تجربہ سے ہمکو معلوم ہوا کہ کم خریدار ہونیکی ۳ علتین ہین *

[*Government Gazette*, 15*th August*, 1854.]

ایک علت یہہ ہی کہ ماہواری رسالہ خریدارون کو جلد نہین پہنچتا تھا *

سو یہہ بات ہمکو بھی معقول معلوم ہوانے سے ہمنے اس سال مین تلافی اس نقص کی کردی ہی یعنے واسطے اندفاع اسی نقص کے سنہ ۱۸۵۳ ع و سنہ ۱۸۵۴ ع دونون سال کے رسالون کو معا چھاپنا شروع کیا اور اگر خدا نے چاہا تو سنہ حال کے اخیر تک دونون سال کے کل رسالجات چھپ جاینگے اور سنہ ۱۸۵۵ ع سے انشاء اللہ ماہ بماہ اُسی سال کا رسالہ چھپا کریگا *

دوسری علت یہہ ہی کہ سنہ ۱۸۵۲ ع سے ہمنے جو شرط پیشگی قیمت دینے کی لگادی ہی اور بدون اُسکے ایک رسالہ بھی کسیکو بھیجا نہین جاتا ہی اس جہت سے بھی بہت لوگ خریداری سے کتاب کے باز رہ جاتے ہین " یا روپیہ کے بھیجنے مین تاخیر کرتے ہین *

سو اس علت کا علاج ہمارے ہاتھہ نہین ہی ہمنے پہلی جب چھاپنا شروع کیا تھا تب یہہ شرط نہیں تھی اُسوقت اکثر لوگ بذریعہ خط سنہ ۱۸۵۰ ع و سنہ ۱۸۵۱ ع کی کتاب منگوا لیے اور آج تک اُسکی قیمت نہین بھجوائے " اور سیکڑون روپیہ ہمارے ڈوب گئے " یہی طور طریقہ لوگون کا ظاہر ہونے سے سنہ ۱۸۵۲ ع سے احتیاط کے بن چارا نہین تھا اسلئے سوای پیشگی روپیہ لے لینے کے ہرگز اب کسیکو کوئی رسالہ نہین بھیجا جاتا ہی ونہ بھیجا جایگا " اور اسی مین انتظام مطبع وطبع کا مستصور ہی *

تیسری علت یہہ ہی کہ ۱۶ روپیہ سال کا دینا اکثر لوگون پر خواہ بسبب بے حوصلگی کے ہو یا بسبب تنگدستی کے گران ہی کیونکہ علاوہ اس ۱۶ روپیہ کے ڈاک کا محصول بھی خریدارون کو دینا ہوتا ہی " غرض قیمت کی جہت سے بھی بہت لوگ خریداری سے باز رہ جاتے ہین *

بلحاظ علت ثالثہ کے اب ہمکو سنہ ۱۸۵۵ ع سے قیمت مین تخفیف کر دینے کا ارادہ ہی " یہان تک کہ اگر ۲۵۰ یا ۳۰۰ نسخہ کے خریدار ٹھہر جائین اور اُن سے پیشگی روپیہ قبل از شروع سال کے وصول ہو جای تو قیمت ہر سال کی کتاب کی بعوض ۱۶ روپیہ کے فقط ۱۰ روپیہ کر دینے کا قصد ہی " مگر جبتک کہ اُسقدر خریدار ٹھہر جایین تبتک قیمت گھٹادی نہین جاسکتی ہی اسلئے پہلے دریافت شمار خریداران کتاب سنہ ۱۸۵۵ ع ضرور ہی *

باین غرض اب پیشتر ہی سے یہ اشتہار جاری کیا جاتاہی اس امید سے کہ جن صاحبون کو سنہ ۱۸۵۵ ع کی کتاب کا بحساب ۱۰ روپیہ قیمت کے خرید کرنا اور زر قیمت مذکور کو بطور پیشگی ما قبل ۳۱ ماہ دسمبر سنہ حال کے ادا کردینا منظور رہو تا ۱۵ سپتمبر سنہ حال یعنے ۳ روز قبل از تعطیل دسہرہ ومحرم کے وے بذریعہ خط پوست پیڈ کے یکسر حقیر کو اُس سے مطلع کرین

تاکہ تعطیل کے درمیان بعد از دریافت شمار خریداران کے حساب کتاب اخراجات وغیرہ کا کر کے اگر ۱۰ روپیہ قیمت مین کتاب کا دینا مناسب معلوم ہوگا تو بعد از تعطیل کے جواب اُن خطون کا اُسی پتے پر جو ہر خط بھیجنے والے اپنے اپنے خطونکے بیچ درج کردیوین لکھا جایگا اور زر قیمت بحساب ۱۰ روپیہ کے طلب کیا جایگا *

پس اس اشتہار سے بالفعل زر پیشگی سنہ ۱۸۵۵ ع کا طلب کرنا مفہوم نہو بلکہ صرف دریافت شمار خریداران کہ جنکو ۱۰ روپیہ قیمت مین کتاب سنہ ۱۸۵۵ ع کا اپنا مرکوز ہو اور لوگونکو ارادہ بندوبست جدید سے جو ذیل مین لکھاجاتاہی واقف کروانا منظور رہی *

قاعدہ ۱ — بدون پہلے وصول ہوجانے زر قیمت کامل کتاب سنہ ۱۸۵۵ ع کے کوئی رسالہ کسی شخص کو بھیجا نہین جایگا *

قاعدہ ۲ — جو خریداران کتاب سنہ ۱۸۵۵ ع کے کہ زر قیمت کامل سنہ حال کے ۳۱ دسمبر تاریخ تک حقیر کے پاس (خواہ معرفت کسی آدمی کے ہو یا بذریعہ ڈاک خواہ بذریعہ لوٹ کامل کے ہو یا بذریعہ ہندوی کلکٹری یا مہاجنی) پہنچوا دیوین اُنکے لئے ۱۰ روپیہ قیمت مقرر ہوئی *

قاعدہ ۳ — جو لوگ کہ بعد از ۳۱ ماہ دسمبر سنہ ۱۸۵۴ ع لغایت ۳۱ مارچ سنہ ۱۸۵۵ ع کے خریدار ہووین (یا آگے اظہار خواہش خرید کرکے زر قیمت کامل بموجب قاعدہ ۲ کے ۳۱ ماہ دسمبر سنہ ۱۸۵۴ ع تک حقیر کے پاس پہنچوا دیوین) اُنکے لئے قیمت ۱۲ روپیہ مقرر ہوئی *

قاعدہ ۴ — جو لوگ کہ بعد از ۳۱ مارچ سنہ ۱۸۵۵ ع کے خریدار ہووین (یا مابین اول جنوری و ۳۱ مارچ سنہ ۱۸۵۵ ع کے اظہار خواہش خرید کرکے ۱۲ روپیہ

[Government Gazette, 15th August, 1854.]

قیمت ما قبل ۳۱ مارچ مذکور کے حقیقز کے پاس پھنچواند یوین) اُنکے
لئے ۱۶ روپیہ قیمت مقرر ہوئی *

قاعدہ ۵ " — بعد تمام ہونے سال کے جوکوئی کتاب کامل سال کی بطور خوشخرید
مول لیا چاہے اُنکے لئے بھی ۱۶ روپیہ قیمت مقرر ہوئی *

قاعدہ ۶ " — ہر مہینے کے رسالہ کی قیمت ۲ روپیہ جو آگے سے مقرر رہی وہی
جاری رہی

قاعدہ ۷ " — محصول ڈاک کاذمہ خریدار کے ہی *

شہر کلکتہ مطبع صمدی
۴ ماہ اگست سنہ ۱۸۵۴ ع

عبدالصمد

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৫ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 22, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২২ আগষ্ট।

DRAFTS OF ACTS.

LEGISLATIVE COUNCIL.

5TH AUGUST, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 5th of August, 1854, and referred to a Select Committee, who are to report thereon after the 9th of November, 1854.

A Bill relating to mesne profits and to improvements made by holders under defective titles.

[Preamble.]

Whereas it is expedient to limit the liability for mesne profits in certain cases and to secure to *bonâ-fide* holders under defective titles the value of improvements made by them; It is enacted as follows:

[Tenant protected from claims for mesne profits, who has *bonâ-fide* paid to his landlord.]

I. No tenant shall be chargeable in any action for mesne profits or suit in the nature of one, with any rents or profits, which before or pending the suit he has paid over to the landlord from whom he derived his title as tenant, or to whom he had *bonâ-fide* attorned before the commencement of the litigation as to the title, but the claim must be asserted against the party receiving the rents and profits from such tenant.

[No account for mesne profits to be carried back beyond time of notice of real title.]

II. No account for mesne profits shall be carried back in any Court in any action or suit beyond the time of notice of the real title to the party

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ৫ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ৫ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল এবং বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। ১৮৫৪ সালের ৯ নবেম্বর তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

ওয়াসিলাতের বিষয়ের এবং অপ্রকৃত অধিকারক্রমে যাহারা ভোগদখল করে তাহারদের দ্বারা ভূমির উত্তমতার বিষয়ের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক কোন২ স্থলে ওয়াসিলাতের দায়ের সীমা নিরূপণ করা এবং অপ্রকৃত অধিকারক্রমে যাহারা প্রকৃতপ্রস্তাবে ভোগদখল করে তাহারা ভূমির যে উত্তমতা করে তাহার মূল্য তাহারদের পক্ষে রক্ষা করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে দখীলকার ভূম্যধিকারিকে প্রকৃতপ্রস্তাবে ওয়াসিলাৎ দিয়াছে তাহাকে ওয়াসিলাতের দাওয়াহইতে রক্ষা করণের কথা।]

১ ধারা। দখীলকার যে ভূম্যধিকারির স্থানে দখীলকারস্বরূপ আপন অধিকার পাইয়াছে অথবা অধিকারের বিষয়ি মোকদ্দমা আরম্ভ হওনের পূর্ব্বে যাঁহাকে প্রকৃত প্রস্তাবে ভূম্যধিকারী বলিয়া স্বীকার করিয়াছে তাঁহাকে মোকদ্দমার পূর্ব্বে কি মোকদ্দমার অপেক্ষায় যে কিছু খাজানা কি ওয়াসিলাৎ দেয় তাহা ওয়াসিলাতের বাবৎ কোন দাবীর নালিশে কিম্বা সেই প্রকারের মোকদ্দমায় ঐ দখীলকারের শিরে দেনা পড়িবেক না কিন্তু যে ব্যক্তি ঐ খাজানা ও ওয়াসিলাৎ ঐ দখীলকারের স্থানে গ্রহণ করেন তাঁহার বিপরীত দাওয়া উপস্থিত করা যাইবেক ইতি।

[প্রকৃত অধিকারের এত্তেলা যে সময়ে দেওয়া যায় তাহার পূর্ব্বের ওয়াসিলাতের হিসাব ধরা যাইবেক না।]

২ ধারা। যে ব্যক্তির বিরুদ্ধে ঐ প্রকার দাওয়া করা যায় এবং প্রকৃত অধিকারের এত্তেলা দেওনক্রমে দখলের দাওয়া হয় সেই ব্যক্তিকে ঐ প্রকৃত অধিকারের

gainst whom such demand is made and demand of possession under it unless the possession was taken by violence or with knowledge of the real title.

[Such party dispossessed may rank as equitable mortgage for improvements, &c.]

III. Any person who is evicted by better title from immoveable property acquired by him *bonâ-fide*, in the belief that he took a good holding title, shall be entitled to have the value of all buildings and other improvements which he has *bonâ-fide* made in the lands estimated and secured to him, and may set off the same against the rent and profits for which he may be liable to account, and shall have for the whole of the surplus a lien on the estate, which may be enforced as the lien of an unpaid vendor for his purchase-money.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

LEGISLATIVE COUNCIL.

5TH AUGUST, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 5th of August, 1854, and referred to a Select Committee, who are to report thereon after the 9th of November, 1854.

A Bill to provide compensation to families, for loss occasioned by the death of a person, caused by actionable wrong.

[Action for compensation to the family of a person for loss occasioned to it by his death by actionable wrong.]

I. It is enacted that whenever the death of a person shall be caused by wrongful act, neglect or default, and the act, neglect or default is such as would (if death had not ensued) have entitled the party injured to maintain an action and recover damages in respect thereof, then, and in every such case, the party who would have been liable, if death had not ensued, shall be liable to an action or suit for damages, notwithstanding the death of the person injured, and although the death shall have been caused under such circumstances as amount in law to felony. And it is enacted further, that every such action or suit shall be for the benefit of the wife, husband, parent and child, all or any of them of the person whose death shall have been so caused, and shall be brought by and in the name of the Executor, Administrator or Representative of the person deceased, and in every such action, the Court may give such damages as it may think proportioned to the loss resulting from such death to the parties respectively, for whom, and for whose benefit, such action shall be brought, and the amount so recovered, after deducting all costs and expenses,

এস্তেলা যে সময়ে দেওয়া যায় সেই সময়ের পূর্ব্বের ওয়াসিলাতের হিসাব কোন দাবীর নালিশে কি মোকদ্দমায় কোন আদালতে ধরা যাইবেক না। কিন্তু যদি সেই ব্যক্তি বলপূর্ব্বক কিম্বা প্রকৃত অধিকার জানিয়া সেইরূপ ভোগদখল করিয়াছিল তবে এই বিধি খাটিবেক না ইতি।

[সেই বেদখল করা ব্যক্তি ভূমির যে উত্তমতা করিয়াছে তাহার বিষয়ে একটি পক্ষে বন্ধকলওনিয়ার তুল্য জ্ঞান হইবেক।]

৩ ধারা। যদি কোন ব্যক্তি স্থাবর সম্পত্তি ভোগদখল করিবার বলবৎ অধিকার পাইয়াছি প্রকৃতপ্রস্তাবে এমত বিশ্বাস করিয়া তাহা লয় এবং পরে আরও বলবৎ অধিকারক্রমে তাহাকে বেদখল করা যায় তবে যে ভূমি তাহারই জ্ঞান হইয়া তাহার পক্ষে নিশ্চিত করা যায় তাহাতে সে প্রকৃতপ্রস্তাবে যে সকল ইমারৎআদি নির্ম্মাণ করিয়াছে ও ভূমির যে উত্তমতা করিয়াছে তাহার মূল্য পাইবার তাহার অধিকার থাকিবেক এবং যে খাজানা ও ওয়াসিলাতের জন্যে সে দায়ী আছে তাহাহইতে ঐ ইমারৎআদির মূল্য বাদ দিতে পারে এবং অবশিষ্ট সমুদয়ের বাবৎ ভূমির উপর তাহার দাওয়া থাকিবেক এবং ভূমির বিক্রেতা খরীদী টাকা না পাইলে যে প্রকারে আপনার দাওয়া প্রবল করে সেই প্রকারে তাহার ঐ দাওয়া প্রবল হইতে পারিবেক ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।
ইঙ্গরেজী ১৮৫৪ সাল ৫ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ৫ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল এবং বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। ১৮৫৪ সালের ৯ নবেম্বর তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

যে নোকসানের বাবৎ দাবীর নালিশ হইতে পারে তদ্দ্বারা কোন ব্যক্তির মৃত্যু হইলে তাহার পরিবারের ক্ষতিপূরণের বিধান করণের আইনের মুসাবিদা।

[যে নোকসানের বাবৎ দাবীর নালিশ হইতে পারে তদ্দ্বারা কোন ব্যক্তির মৃত্যু হইলে তাঁহার পরিবারের ক্ষতিপূরণের নালিশ।]

১ ধারা। হুকুম হইল যে যখন কোন ব্যক্তির মৃত্যু ক্ষতিজনক ক্রিয়া কি শৈথিল্য কি ত্রুটির দ্বারা হয় এবং ঐ ক্রিয়া কি শৈথিল্য কি ত্রুটি এই প্রকারের হয় যে ক্ষতিগ্রস্ত ব্যক্তি যদি না মরিত তবে তাহার বাবৎ দাবীর নালিশ উপস্থিত করিতে ও ক্ষতিপূরণ পাইতে পারিত তখন এবং এমত প্রত্যেক গতিকে মৃত্যু না হইলে যে ব্যক্তি দায়ী হইত সেই ব্যক্তির নামে ক্ষতিগ্রস্ত ব্যক্তির মৃত্যু হইলেও এবং যাহাতে ফেলোনি অপরাধ হয় পূর্ব্বাপর এমত ঘটনাক্রমে মৃত্যু হইলেও নোকসানের বাবৎ দাবীর নালিশ কি মোকদ্দমা হইতে পারিবেক। আরো হুকুম হইল যে যাহার মৃত্যু সেই প্রকারে ঘটিয়াছে সেই ব্যক্তির স্ত্রী কি স্বামী কি পিতা কি মাতা কি বালক কি বালিকার কিম্বা তাহারদের উপকারার্থে উক্ত প্রকার প্রত্যেক নালিশ কি মোকদ্দমা হইবেক। এবং মৃত ব্যক্তির অছির কি আডমিনিষ্ট্রেটরের কি স্থলাভিষিক্তের দ্বারা ও তাহার নামে মোকদ্দমা উপস্থিত করা যাইবেক। এবং এমত প্রত্যেক নালিশে আদালত ঐ নালিশ যাহারদের নিমিত্তে ও যাহারদের উপকারের জন্যে উপস্থিত করা গিয়াছে তাহারদের প্রত্যেক জনের ঐ মৃত্যুর দ্বারা যত ক্ষতি হইয়াছে তাহা বিবেচনা করিয়া তদনুসারে তাহারদের ক্ষতিপূরণের হুকুম করিবেন। এবং সেই প্রকারে আদায়হওয়া টাকাহইতে, আসামীর স্থানে যে খরচ না পাওয়া যায় তাহা সমেত সকল খরচ ও খরচা

including the costs not recovered from the defendant, shall be divided among the before-mentioned parties in such shares as the Court by its verdict or sentence shall find and direct, provided always that not more than one action shall be for, and in respect of the same subject matter of complaint, and that every such action shall be brought within twelve calendar months after the death of such deceased person.

[Plaintiffs shall deliver particulars, &c.]

II. And it is further enacted, that on the institution of such action or suit, or as soon after as the Court shall direct, the plaintiff shall deliver to the defendant, or to his Attorney or Vakeel, or person, by the practice of the Court, authorized to appear and act for him, a full particular of the person or persons, for whom, or on whose behalf, such action or suit shall be brought, and of the nature of the claim in respect of which damages shall be sought to be recovered.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

LEGISLATIVE COUNCIL.

5TH AUGUST, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 5th of August, 1854, and referred to a Select Committee, who are to report thereon after the 9th of November, 1854.

A Bill to improve the English Law in force in India, by extending to this Country, with some enlargement thereof, the provisions of Statute 3rd and 4th William 4th, Cap. 42, Section 2.

[Actions for wrongs to survive to and against personal representatives in certain cases.]

Whereas by the English Law in force in India, many actions for wrongs do not survive against the Executor or Administrator of the wrong-doer or in favor of the Executor or Administrator of the injured person, and it is desirable to extend to this country, with some enlargement thereof, certain provisions contained in a certain Act of Parliament, which has been passed for remedying these defects in the law, that is to say, that Statute 3rd and 4th William 4th, Cap. 42, Section 2; It is therefore enacted that—

An action may be maintained by the Executors, Administrators or Representatives of any person deceased, for any wrong committed in the life-time of such person towards him, which has occasioned pecuniary loss to his estate, for which wrong an action might have been maintained by such person, but which, before the passing of this Act, would not have survived to his Representatives, so as such wrong or injury shall have been committed within one year, or have been without his neglect first known to him within one year before the death of such deceased person, and provided such action shall be brought within one year after the death of such

বাদ দিয়া, সেই টাকা আদালত আপনার হুকুম কি দণ্ডাজ্ঞা ক্রমে যে প্রকার হুকুম ও আদেশ করেন সেই প্রকারে হিস্যামতে পূর্ব্বোক্ত ব্যক্তিরদের মধ্যে বণ্টন করিয়া দেওয়া যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে নালিশের একি বিষয়ের জন্যে ও তাহার বাবতে একের অধিক নালিশ হইবেক না এবং এমত প্রত্যেক নালিশ ঐ মৃত ব্যক্তির মৃত্যুর পর বারো মাসের মধ্যে উপস্থিত করা যাইবেক ইতি।

[ফরিয়াদী বিশেষ বেওরাপ্রভৃতি দাখিল করিবেন।]

২ ধারা। আরো হুকুম হইল যে এমত নালিশ কি মোকদ্দমা যে সময়ে উপস্থিত করা যায় সেই সময়ে কি তাহার পরে যত শীঘ্র আদালত হুকুম করেন তত শীঘ্র ফরিয়াদী যাহার নিমিত্তে কিম্বা যাহার পক্ষে ঐ নালিশ কি মোকদ্দমা উপস্থিত করা যায় এমত ব্যক্তির কি ব্যক্তিরদের সম্পূর্ণ বেওরা এবং যে দাওয়ার উপর ক্ষতি পূরণ পাইবার উদ্যোগ হয় তাহার ভাব আসামীর কিম্বা তাহার টর্ণির কি উকীলের নিকটে কিম্বা যে ব্যক্তি আদালতের দাঁড়ামতে তাহার পক্ষে হাজির হইয়া কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন তাঁহার নিকটে দাখিল করিবেন ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ৫ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ৫ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল এবং বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। ১৮৫৪ সালের ৯ নবেম্বর তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৪২ অধ্যায়ের ২ ধারার কোন২ অংশ বৃদ্ধি করিয়া এতদ্দেশে বিস্তারিত করণের দ্বারা ভারতবর্ষে প্রবল হওয়া ইঙ্গলণ্ডীয় আইন আরও উত্তম করিবার আইনের মুসাবিদা।

[নোকসানের বাবৎ নালিশ ফরিয়াদীর কি আসামীর মৃত্যুর পরে কোন২ গতিকে স্থলাভিষিক্তেরদের দ্বারা কি বিরুদ্ধে চলন হওনের কথা।]

যেহেতুক ভারতবর্ষে চলিত ইঙ্গলণ্ডীয় আইনক্রমে নোকসানের বাবৎ অনেক নালিশ নোকসানকরণিয়ার মৃত্যুর পরে তাহার অছির কি আডমিনিস্ট্রেটরের বিরুদ্ধে কিম্বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির মৃত্যুর পরে অছির কি আডমিনিস্ট্রেটরের পক্ষে চলিতে পারে না এবং আইনেতে এই ত্রুটির প্রতিকারের নিমিত্তে যে এক বিশেষ আক্ট পার্লিমেণ্ট জারী হয় তাহার অর্থাৎ চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৪২ অধ্যায়ের ২ ধারার লিখিত কতক বিধান কিঞ্চিৎ বৃদ্ধি করিয়া এতদ্দেশে চালান ইষ্ট বিষয় হয় অতএব হুকুম হইল যে

কোন ব্যক্তি জীবৎ থাকিতে তাহার প্রতি করা যে নোকসানের দ্বারা তাহার সম্পত্তির কোন টাকার হানি হইয়াছে এবং সেই হানির বাবৎ ঐ ব্যক্তি দাবীর নালিশ উপস্থিত করিতে পারিত কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে তাহার মৃত্যুর পরে তাহার স্থলাভিষিক্তেরা করিতে পারিত না এমত কোন হানির বাবৎ মৃত কোন ব্যক্তির অছিরা কি আডমিনিস্ট্রেটরেরা কি স্থলাভিষিক্তেরা নালিশ উপস্থিত করিতে পারেন। পরন্তু ইহাতে আবশ্যক যে ঐ মৃত ব্যক্তির মরণের পূর্ব্বে এক বৎসরের মধ্যে ঐ হানির কি নোকসানের কার্য্য হয় কিম্বা তাহার কোন শৈথিল্যবিনা এক বৎসরের মধ্যে তাহার নিকটে জানা যায়। এবং জানা কর্ত্তব্য যে ঐ নালিশ ঐ ব্যক্তির মৃত্যুর পরে এক বৎসরের মধ্যে উপস্থিত করা যাইবেক এবং নোকসানের টাকা আদায়

person and the damages when recovered shall be part of the personal estate of such person; and further, an action may be maintained against the Executors, Administrators or Representatives of any person deceased for any such wrong committed by him in his life-time and which would not have survived against his Representatives, so as such injury shall have been committed within one year before such person's death and so as such action shall be brought within six calendar months after such Executors or Administrators shall have taken upon themselves the administration of the estate and effects of such person, and the damages to be recovered in such action shall be payable in like order of administration as the simple contract debts of such person. And when any action or suit has been commenced by the injured party in his life-time, it shall not abate by his death or be lost, whatever be its nature, but the Executors, Administrators or Representatives may continue it for the purpose of recovering the costs and expenses of suing, or any special or consequential or other loss or damage included in the action, which the injury has occasioned, or may occasion, to the estate of the deceased.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

LEGISLATIVE COUNCIL.

5TH AUGUST, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 5th of August, 1854, and referred to a Select Committee, who are to report thereon after the 9th of November, 1854.

A Bill for discontinuing the practice of issuing Warrants for the payment of Bills of Exchange.

Whereas the issue of Warrants for the payment of money in discharge of Bills of Exchange drawn on the Treasuries of the Collectors is unnecessary, and the payment of such Bills at those Treasuries should be made without such Warrants; It is enacted as follows:—

[Section 12 Regulation II. of 1793, of Section 12 Regulation V. of 1795, Section 11 Regulation XXV. of 1803, and Section 18 Regulation VIII. of 1805 of the Bengal Code, as to the payment of Bills of Exchange drawn upon Collectors, repealed.]

So much of Section 12 Regulation II. of 1793, of Section 12 Regulation V. 1795, of Section 11 Regulation XXV. of 1803, and of Section 18 Regulation VIII. of 1805 of the Bengal Code, as prescribe that all issues from the Treasuries of the Collectors shall be made under a Warrant signed by the Collector and sealed with the seal of the zillah, are hereby repealed, so far as the same relate to the payment of money in discharge of Bills of Exchange drawn upon the Collector as the disbursing Officer at such Treasuries.

W. MORGAN,
Clerk of the Legislative Council.

হইলে ঐ ব্যক্তির অস্থাবর সম্পত্তির একাংশ হইবেক। আরো কোন ব্যক্তি জীবৎ থাকিতে এমত যে কিছু নোকসান করে ও তাহার মৃত্যুর পরে সেই বিষয়ের নালিশ তাহার স্থলাভিষিক্তের বিরুদ্ধে চলিতে পারিত না এমত কোন নোকসানের বাবৎ নালিশ কোন মৃত ব্যক্তির অছিরদের কি আডমিনিষ্ট্রেটরেরদের কি স্থলাভিষিক্তেরদের বিরুদ্ধে চলিতে পারে। পরন্তু ইহাতে আবশ্যক যে ঐ নোকসান ব্যক্তির মৃত্যুর পূর্ব্বে এক বৎসরের মধ্যে করা যায় এবং ঐ অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা যে সময়ে ঐ ব্যক্তির সম্পত্তির ও লওয়াজিমার আডমিনিষ্ট্রেশনের কার্য্য গ্রহণ করেন তাহার পর ছয় মাসের মধ্যে ঐ নালিশ উপস্থিত করা যায়। এবং ঐ ব্যক্তির কেবল দেনা টাকা যে প্রকারে দেওয়া যায় ঐ নালিশে যে ক্ষতির টাকা আদায় করিতে হইবেক তাহাও সেই প্রকারে আডমিনিষ্ট্রেসনের ধারামতে দেওয়া যাইবেক। এবং যখন ক্ষতিগ্রস্ত ব্যক্তি জীবৎ থাকিতে কোন দাবীর নালিশ কি মোকদ্দমা আরম্ভ করে তখন ঐ নালিশ যে কোন প্রকারের হউক তাহা তাহার মৃত্যুর দ্বারা রহিত হইবেক না কিম্বা তাহাতে সে হারিবেক না কিন্তু অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি স্থলাভিষিক্তেরা খরচ কিম্বা মোকদ্দমার খরচা পাইবার জন্যে কিম্বা ঐ ক্ষতির দ্বারা মৃত ব্যক্তির সম্পত্তির যে কোন বিশেষ কি ফলস্বরূপ জাত কি অন্য নোকসান কি হানি জন্মিয়াছে কি জন্মিতে পারে অথচ নালিশের মধ্যে ধরা গিয়াছে তাহার পূরণ পাইবার জন্যে মোকদ্দমা চালাইতে পারিবেন।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ৫ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ৫ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল এবং বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। ১৮৫৪ সালের ৯ নবেম্বর তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

হুণ্ডীর টাকা দেওনের জন্যে হুকুমনামা জারী করণের ব্যবহার রহিত করণের আইন।

যেহেতুক কালেক্টর সাহেবেরদের খাজানাখানার উপর যে হুণ্ডী দেওয়া যায় তাহার টাকা দেওনের জন্যে হুকুমনামা জারী করার আবশ্যক নাই এবং ঐ২ খাজানাখানায় ঐ হুণ্ডীর টাকা ঐ প্রকার হুকুমনামাবিনা দেওয়া উচিত। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[কালেক্টর সাহেবেরদের উপর যে হুণ্ডী হয় তাহার টাকা দেওয়ার বিষয়ি বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ২ আইনের ১২ ধারা ও ১৭৯৫ সালের ৫ আইনের ১২ ধারা ও ১৮০৩ সালের ২৫ আইনের ১১ ধারা ও ১৮০৫ সালের ৮ আইনের ১৮ ধারা রদ হইবার কথা।]

১৭৯৩ সালের ২ আইনের ১২ ধারা ও ১৭৯৫ সালের ৫ আইনের ১২ ধারা ও ১৮০৩ সালের ২৫ আইনের ১১ ধারা ও ১৮০৫ সালের ৮ আইনের ১৮ ধারার যে অংশেতে নির্দ্দিষ্ট হইয়াছে যে কালেক্টর সাহেবেরদের খাজানাখানাহইতে যে সকল টাকা দেওয়া যায় তাহা জিলার মোহরেতে মোহর করা ও কালেক্টর সাহেবের দস্তখৎ করা হুকুমনামাক্রমে দেওয়া যাইবেক সেই অংশ ঐ২ খাজানাখানার টাকাদেওনিয়া কার্য্যকারকস্বরূপ কালেক্টর সাহেবের উপর যে হুণ্ডী দেওয়া যায় তাহার টাকা দেওনের বিষয়ে যেপর্য্যন্ত সম্পর্ক রাখে সেইপর্য্যন্ত ইহার দ্বারা রদ হইল।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 14th August, 1854.

APPOINTMENT.

Baboo Thakoordass Mookerjea, late Moonsiff of Pertabpore, Midnapore, to be Acting Moonsiff of Dwarhatta, Zillah Hooghly.

LEAVES OF ABSENCE.

Baboo Sreenath Bhooya, Moonsiff of Dwarhatta, Zillah Hooghly, for three weeks on Medical Certificate.

The 18th August, 1854.

Baboo Bydonath Surma, Moonsiff of Sheebgunge, Zillah Dinagepore, for two weeks, in excess of the Dusserah and Mohurrum Vacations.

Baboo Gopalchunder Ghose, Moonsiff of Bhattoorea, Zillah East Burdwan, for one day, the 16th instant.

Moulvee Mazum Hossein, Moonsiff of Muxoodpore, Zillah Dacca, for fifteen days, in excess of the Dusserah and Mohurrum Vacations.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৪ আগষ্ট।

মেদিনীপুরের প্রতাপপুরের সাবেক মুনসেফশ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা জিলা হুগলীর দ্বারহাটার একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভূঞা চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৮ আগষ্ট।

জিলা দিনাজপুরের শিবগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু বৈদ্যনাথ শর্ম্মা দশহরার ও মহরমের বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাতুড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ এক দিবস অর্থাৎ বর্ত্তমান মাসের ১৬ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা ঢাকার মকসুদপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন দশহরার ও মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১১ জুলাই।

শ্রীযুত আর আমুটি সাহেব (Mr. R. Ahmuty,) ময়মুনসিংহে সাধারণ বিদ্যাধ্যাপনীয় লোকেল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৩১ জুলাই।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত আর এল মাঙ্গলস সাহেব (Mr. R. L. Mangles) গত আপ্রিল মাসের ২৯ তারিখে যে ছুটী পান তাহার [illegible]তিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৫৫ সালের [illegible] আরি মাসের ৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTICE is hereby given, in pursuance of an order of the said Supreme Court, dated the Third day of August, One Thousand Eight Hundred and Fifty-four, that on Saturday, the Twenty-sixth day of August now next ensuing, a Court will be holden before Her Majesty's Justices of the said Court at the Court House in the Town of Calcutta, in execution of a Writ of *Mandamus* issued out of Her Majesty's Exchequer of Pleas at Westminster for the examination Vivâ Voce on Oath of L. C. Biale and H. L. Christiana and other Witnesses on the part of the Defendant, and that the Plaintiff be at liberty to cross examine the said Defendant's Witnesses if he shall think proper and for receiving other proofs therein pursuant to the statutes in that behalf in a certain action now pending in the said Court of Exchequer of Pleas at Westminster between James Brebner, Plaintiff, and J. F. Harrison, Defendant, dated this Fifth day of August, 1854.

R. M. THOMAS, *Defendant's Attorney*. H. HOLROYD, *Prothonotary*.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER COLVIN, and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 2nd day of September next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of November, 1852, until the 31st day of July last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

Assignee's Office, 19th August, 1854.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলেকজাণ্ডর কলবিন সাহেব ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের অতিরিক্ত শুননির জন্যে আগামি সেপ্টেম্বর মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫২ সালের নবেম্বর মাসের ১ তারিখঅবধি

[*Government Gazette, 22nd August*, 1854.]

গত জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৪ সাল ১৯ আগষ্ট।

In the matter of BROJONATH DHUR, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 2d day of September next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 3d day of November, 1852, until the 1st day of August instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

Official Assignee's Office, Calcutta, 19th August, 1854.

যোত্রহীন ব্রজনাথ ধরের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি সেপ্টেম্বর মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫২ সালের নবেম্বর মাসের ৩ তারিখ-অবধি বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৪ সাল ১৯ আগষ্ট।

The like notice in the matter of PETRUSE JOHANNES SARKIES, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 2d day of April, 1849, to the 1st day of August instant.

যোত্রহীন পিট্রুস যোহানিস সারকিস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ২ আপ্রিল তারিখঅবধি বর্ত্তমান আগষ্ট মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরে তমোহরনামক এক নূতন যন্ত্র শ্রী গোবিন্দচন্দ্র মিত্রকর্ত্তৃক স্থাপিত হইয়াছে তাহাতে কোন মহাশয় যদি সংস্কৃত কি ইঙ্গরেজী কি বঙ্গভাষার পুস্তক মুদ্রিত করিতে ইচ্ছুক হন তবে তাহা উপযুক্ত ব্যয়ে উত্তমাক্ষরে সুপণ্ডিতের দ্বারা সংশোধন করাইয়া মুদ্রাঙ্কিত করা যাইবেক।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ এক টাকা ও আগামি ষাণমাসিক ৫৲ ও বার্ষিক ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইবেক, প্রথম ও দ্বিতীয় মাসের বহি প্রস্তুত আছে, তৃতীয় মাসের মুদ্রিত হইতেছে অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই প্রাপ্ত হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২২ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLIC LIBRARY CALCUTTA

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 29, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২৯ আগষ্ট।

ACT.

LEGISLATIVE COUNCIL.

12TH AUGUST, 1854.

THE following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India on the 12th of August, 1854, and is hereby promulgated for general information:—

ACT No. XVII. OF 1854.

An Act for the management of the Post Office, for the regulation of the duties of Postage, and for the punishment of offences against the Post Office.

[Repeal of former Acts.]

I. Act No. XVII. of 1837, Act No. XX. of 1838, and Act No. XVII. of 1839 are hereby repealed, except so far as they repeal the whole, or any part of any other Act or Regulation, and except as to any act or offence which shall have been done or committed, or to any money which shall have become due, or to any fine or penalty which shall have been incurred, or to any proceedings which shall have been commenced, before this Act shall come into operation.

[Exclusive privilege of carrying letters vested in the East India Company.]

II. Wheresoever, within the territories under the Government of the East India Company, posts or post communications are, or shall be established by the East India Company, the said East India Company shall have the exclusive privilege of conveying by post, from one place to another, all letters other than letters conveyed by Her Majesty's mails, except in the following cases, and shall also have the exclusive privilege of performing all the incidental services of receiving, collecting, sending, dispatch-

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১২ আগষ্ট।

ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১২ আগষ্ট তারিখে মঞ্জুর করিয়াছেন এবং তাহা সকল লোককে জানাইবার জন্যে ইহার দ্বারা প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৭ আইন।

ডাকঘরের কর্ম্ম নির্ব্বাহের এবং ডাকমাসুলের নিয়ম করণের এবং ডাকঘরের বিপরীত দোষের দণ্ড করণের বিষয়ি আইন।

[পূর্ব্বের আইন রদ হওনের কথা।]

১ ধারা। ১৮৩৭ সালের ১৭ আইন ও ১৮৩৮ সালের ২০ আইন এবং ১৮৩৯ সালের ১৭ আইন ইহার দ্বারা রদ হইল। কিন্তু ঐ২ আইনের যে কথার দ্বারা অন্য কোন আক্ট কি আইনের সমুদয় কি কোন অংশ রদ করা গিয়াছিল তাহা রদ হইবেক না, এবং এই আইন আমলে আসিবার পূর্ব্বে যে কোন কার্য্য কি অপরাধ হইয়াছে কি করা গিয়াছে অথবা যে কোন টাকা দেনা পড়িয়াছে কিম্বা যে কোন জরীমানা কি দণ্ডের দায় হইয়াছে অথবা মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য আরম্ভ হইয়াছে তাহার বিষয়ে ঐ২ আইন রদ হইবেক না ইতি।

[পত্র চালাওনের ক্ষমতা কেবল কোম্পানি বাহাদুর ভিন্ন অন্যের প্রতি না থাকার কথা।]

২ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে কোন স্থানে ডাক কিম্বা ডাকদ্বারা পত্রাদি প্রেরণের উপায় কোম্পানি বাহাদুরকর্ত্তৃক স্থাপিত হইয়াছে কি হইবেক সেই স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর মেলের দ্বারা প্রেরিত পত্র ছাড়া অন্য সকল পত্র এক স্থানহইতে অন্য স্থানে ডাকের দ্বারা চালাইবার ক্ষমতা নীচের লিখিত স্থলভিন্ন কেবল উক্ত কোম্পানি বাহাদুরের প্রতি থাকিবেক এবং নীচের লিখিত স্থলভিন্ন সকল পত্র গ্রহণ করিবার ও সংগ্রহ করিবার ও পাঠাইবার ও চালাইবার ও পঁহুছাইবার সম্পর্কীয় সকল কার্য্য নির্ব্বাহ করণের ক্ষমতা কেবল

ing, and delivering all letters, except in the following cases, that is to say:

1. Letters sent by a private friend in his way, journey, or travel, so as such letters be delivered by such friend to the person to whom they shall be directed, without hire, reward, or other profit or advantage, for receiving, carrying, or delivering the same.

2. Letters solely concerning the affairs of the sender or receiver thereof, sent by a messenger on purpose.

3. Letters solely concerning goods or other property sent either by sea or land, to be delivered with the goods or property which such letters concern, without hire, reward, or other profit or advantage, for receiving, carrying, or delivering such letters.

But nothing herein contained shall authorize any person to make a collection of such excepted letters for the purpose of sending them in the manner hereby authorized.

[Prohibitions.]

III. Wheresoever, within the said territories, posts or post communications are, or shall be established by the East India Company, the following persons are expressly forbidden to collect, carry, or deliver any letter or letters, or to receive any letter for the purpose of carrying or delivering the same, although they shall not receive hire or reward for so doing, that is to say:

1. Common carriers of passengers or goods, and their drivers, servants, or agents; except letters solely concerning goods in their carriages.

2. Owners and Commanders of ships, steamboats, or other vessels passing on any river or canal, or to or from any port in the territories under the Government of the East India Company, and their servants or agents; except letters solely concerning goods on board.

[Penalties for breach of privilege.]

IV. Every person who shall convey otherwise than by the post a letter not excepted from the said exclusive privilege shall, for every letter so conveyed, forfeit a sum not exceeding fifty rupees; and every person who shall be in the practice of so conveying letters not so excepted shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred rupees; and every person who shall perform otherwise than by the post any services incidental to conveying letters from place to place, whether by receiving, taking up, ordering, collecting, carrying, or delivering a letter or letters not excepted from the said exclusive privilege, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees; and every person who shall be in the practice of so performing any such incidental services shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred rupees; and every person who shall send a letter not excepted from the said exclusive privilege otherwise

উক্ত কোম্পানি বাহাদুরের প্রতি থাকিবেক। বর্জ্জিত স্থল এই২।

১। আত্মীয় কোন বন্ধুর পথে কি যাত্রায় কি দেশ ভ্রমণে ঐ বন্ধুর দ্বারা যে পত্র পাঠান যায় তাহা। কিন্তু যাহার নামে ঐ পত্র পাঠান যায় তাহারই নিকটে ঐ বন্ধুর, ঐ পত্র গ্রহণ করণের কি বহনের কি পঁহুছাইবার জন্যে মেহনতানা কি পারিতোষিক কি অন্য মুনফা কি লভ্য না পাইয়া পঁহুছাইতে হইবেক।

২। পত্রপ্রেরকের কি পত্রগ্রাহকের কেবল নিজ কর্ম্মের বিষয়ে বিশেষমতে দূতের দ্বারা যে২ পত্র পাঠান যায় সেই২ পত্র।

৩। সমুদ্রপথে কি স্থলপথে প্রেরিত কেবল মালের কি অন্য সম্পত্তির বিষয়ি যে পত্র গ্রহণের কি বহনের কি পঁহুছাইয়া দিবার নিমিত্তে কোন মেহনতানা কি পারিতোষিক কি অন্য মুনফা কি লভ্য না পাইয়া যে মাল কি সম্পত্তির বিষয়ের হয় তাহার সঙ্গে পঁহুছাইয়া দিতে হইবেক সেই পত্র।

পরন্তু এই ধারায় যে প্রকারে অনুমতি হইয়াছে সেই প্রকারে পত্র পাঠাইবার জন্যে ঐরূপ বর্জ্জিত পত্র সংগ্রহ করিবার ক্ষমতা এই ধারার কোন কথার দ্বারা কোন ব্যক্তির হইতে পারিবেক না ইতি।

[নিষেধ।]

৩ ধারা। উক্ত দেশের মধ্যে যে কোন স্থানে ডাক কি ডাকদ্বারা পত্রাদি প্রেরণের উপায় কোম্পানি বাহাদুর-কর্ত্তৃক স্থাপিত হইয়াছে কি হইবেক সেই স্থানে নীচের লিখিত ব্যক্তিরদের প্রতি বিশেষমতে নিষেধ হইতেছে যে তাহারা মেহনতানা কি পারিতোষিক না পাইলেও কোন এক কি অনেক পত্র সংগ্রহ না করে কি বহে কি পঁহুছাইয়া দেয় অথবা বহিবার কি পঁহুছাইয়া দিবার অভিপ্রায়ে কোন পত্র গ্রহণ না করে। ঐ ব্যক্তিরা এই২।

১। যাহারা চড়নদারদিগকে কি মাল সাধারণমতে লয় তাহারা ও তাহারদের গাড়ওয়ানেরা কি চাকরেরা কি গোমাশতারা। কিন্তু তাহারদের গাড়িতে যে মাল বোঝাই থাকে কেবল সেই মালের বিষয়ি পত্র লইতে পারে।

২। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন নদীতে কি খালে কিম্বা কোন বন্দরে কি বন্দরহইতে গমনাগমনকারি জাহাজের কি বাষ্পীয় জাহাজের কি অন্য জাহাজের মালিকেরা ও অধ্যক্ষেরা ও তাহারদের চাকরেরা কি গোমাশতারা। কিন্তু জাহাজে কেবল বোঝাই করা মালের বিষয়ি পত্র লইতে পারে।

[ক্ষমতা অমান্য করিবার দণ্ড।]

৪ ধারা। কেবল কোম্পানি বাহাদুরের উক্ত যে বিশেষ ক্ষমতা হইয়াছে তাহাতে যে পত্র বর্জ্জিত নহে এমত কোন পত্র যে কেহ ডাকের দ্বারা না চালাইয়া অন্য কোন উপায়ে চালায় তাহার সেই প্রকারে চালান প্রত্যেক পত্রের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক। এবং যে কোন ব্যক্তি ঐ প্রকার বর্জ্জিত না হওয়া পত্র ঐরূপে নিত্য চালাইয়া থাকে তাহার যত সপ্তাহ ঐ ব্যবহার চলে তাহার প্রতিসপ্তাহের নিমিত্তে উক্ত জরীমানার অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক। এবং যে কোন ব্যক্তি ডাকভিন্ন অন্য কোন উপায়ে এক স্থানহইতে অন্য স্থানে পত্র চালাইবার সম্পর্কীয় কোন কার্য্য করে অর্থাৎ উক্ত বিশেষ ক্ষমতাতে যে২ পত্র বর্জ্জিত নহে এমত এক কি অনেক পত্র গ্রহণ করে কি তুলিয়া লয় কি বিলি করে কি সংগ্রহ করে কি বহে কি পঁহুছাইয়া দেয় সেই ব্যক্তির এমত প্রত্যেক পত্রের জন্যে পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক এবং যে কোন ব্যক্তি পত্র পাঠাওনের সম্পর্কীয় উক্ত প্রকার কোন কার্য্য নিত্য করিয়া থাকে সেই ব্যক্তির ঐ ব্যবহার যত সপ্তাহ চলে তাহার প্রতিসপ্তাহের নিমিত্তে উক্ত জরীমানার অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক। এবং উক্ত বিশেষ ক্ষমতাতে যে২ পত্র বর্জ্জিত নহে এমত

than by the post, or shall either tender or deliver a letter not so excepted in order to be sent otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees; and every person who shall be in the practice of committing any of the acts last mentioned shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred rupees; and every person who shall make a collection of excepted letters for the purpose of sending them otherwise than by the post shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees; and every person who shall be in the practice of making a collection of excepted letters for such purpose shall forfeit, for every week during which the practice shall continue, a further sum not exceeding five hundred rupees. Every person who shall carry, receive, or deliver a letter, or collect letters contrary to the provisions of Section III. of this Act, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees; and every person who shall be in the practice of committing any of the acts last mentioned shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred rupees.

[Appointment of Officers.]

V. For carrying on the service of the Post Office, it shall be lawful for the Governor General of India in Council to appoint, or to authorize the local Governments to appoint, such officer or officers, with such official styles or designations, and to vest them with, and delegate to them such powers not inconsistent with the provisions of this Act, as the said Governor General of India in Council may deem expedient.

[Postage rates on letters.]

VI. Wheresoever posts or post communications are, or shall be established by the East India Company, postage, if pre-paid by a stamp or stamps, as hereinafter provided, shall be charged by weight on letters transmitted by the letter post by sea or land, or partly by sea and partly by land, according to the following scale:

On every letter not exceeding a quarter of a tolah in weight, six pies.

On every letter exceeding a quarter of a tolah, and not exceeding half a tolah in weight, one anna.

On every letter exceeding half a tolah, but not exceeding one tolah in weight, two annas.

On every letter exceeding one tolah, and not exceeding one tolah and a half in weight, three annas.

On every letter exceeding one tolah and a half, and not exceeding two tolahs in weight, four annas.

And for every tolah in weight above two tolahs, two additional annas; and every fraction of a tolah above two tolahs shall be charged as one additional tolah.

Every packet or other article transmitted by the

কোন পত্র যে কেহ ডাকের দ্বারা না পাঠাইয়া অন্য উপায়ে পাঠায় কিম্বা ঐপ্রকারে বর্জিত না হওয়া পত্র যে কেহ ডাকভিন্ন অন্য উপায়ে পাঠান যাইবার নিমিত্তে দেয় কি দিতে উদ্যত হয় সেই২ ব্যক্তির এমত প্রত্যেক পত্রের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক এবং যে কোন ব্যক্তি শেষোক্ত কোন কার্য্য নিত্য করিয়া থাকে তাহার ঐ ব্যবহার যত সপ্তাহ চলে তাহার প্রত্যেক সপ্তাহের নিমিত্তে উক্ত জরীমানার অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক। এবং যে কোন ব্যক্তি বর্জিত পত্র ডাকের দ্বারাভিন্ন অন্য কোন উপায়ে পাঠাইবার জন্যে সংগ্রহ করে সেই ব্যক্তির ঐ প্রকার প্রত্যেক পত্রের জন্যে পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক। এবং যে কোন ব্যক্তি ঐ অভিপ্রায়ে বর্জিত পত্র নিত্য সংগ্রহ করিয়া থাকে তাহার ঐ ব্যবহার যত সপ্তাহ চলে তাহার প্রত্যেক সপ্তাহের নিমিত্তে ঐ জরীমানার অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক। যে কোন ব্যক্তি এই আইনের ৩ ধারার বিধানের বিরুদ্ধে কোন পত্র বহে কি গ্রহণ করে কি পঁহুছাইয়া দেয় কিম্বা পত্র সংগ্রহ করে সেই ব্যক্তির ঐ প্রত্যেক পত্রের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক। এবং যে কোন ব্যক্তি শেষোক্ত কোন ক্রিয়া নিত্য করিয়া থাকে তাহার ঐ ব্যবহার যত সপ্তাহ চলে তাহার প্রত্যেক সপ্তাহের নিমিত্তে ঐ জরীমানার অতিরিক্ত পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[কার্য্যকারকদিগকে নিযুক্ত করণের কথা।]

৫ ধারা। ডাকঘরের কার্য্য চালাইবার জন্যে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে ক্ষমতা থাকিবেক যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে কোন কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে নিযুক্ত করা বিহিত বোধ করেন তাঁহাকে কি তাঁহারদিগকে সময়ে২ আপনি নিযুক্ত করেন অথবা দেশবিশেষের গবর্ণমেণ্টকে তাঁহারদিগকে নিযুক্ত করণের ক্ষমতা দেন এবং তাঁহারদের পদোপলক্ষে যে নাম কি পদবী বিহিত বোধ করেন তাহা দেন এবং এই আইনের বিধানের অসঙ্গত না হয় এমত যে কোন ক্ষমতা বিহিত বোধ করেন তাহা তাঁহারদের প্রতি অর্পণ করেন ও প্রদান করেন ইতি।

[পত্রের উপর ডাকমাসুলের হার।]

৬ ধারা। যে কোন স্থানে কোম্পানি বাহাদুরকর্ত্তৃক ডাক কি ডাকের দ্বারা পত্রাদি প্রেরণের উপায় সংস্থাপিত হইয়াছে কি হইবেক সেই২ স্থানে যদি পত্রের মাসুল এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্টমতে এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে দেওয়া যায় তবে যে পত্র সমুদ্রপথে কি স্থলপথে কিম্বা অংশতঃ সমুদ্রপথে ও অংশতঃ স্থলপথে পত্রের ডাকের দ্বারা চালান যায় তাহার ওজনানুসারে নীচের লিখিত হারক্রমে মাসুল বসান যাইবেক ইতি।

সিকী তোলা ওজনের অধিক না হয় এমত প্রত্যেক পত্রের, দুই পয়সা।

সিকী তোলার অধিক ও আধ তোলার অনধিক ওজনের প্রত্যেক পত্রের, এক আনা।

আধ তোলার অধিক কিন্তু এক তোলার অনধিক ওজনের প্রত্যেক পত্রের, দুই আনা।

এক তোলার অধিক ও দেড় তোলার অনধিক ওজনের প্রত্যেক পত্রের, তিন আনা।

দেড় তোলার অধিক ও দুই তোলার অনধিক ওজনের প্রত্যেক পত্রের, চারি আনা।

এবং দুই তোলার অধিক প্রত্যেক তোলার উপর দুই২ আনা এবং দুই তোলার উর্দ্ধ এক২ তোলার কোন অংশের উপর আর এক তোলার তুল্য মাসুল বসান যাইবেক।

যে প্রত্যেক পুলিন্দা কিম্বা অন্য দ্রব্য পত্রের ডাকের

letter post shall be deemed a letter within the meaning of this Section, unless it be a packet or other article on which a different rate of postage shall be chargeable under this Act.

The rates of postage specified in this and the following Section may be charged on all letters or other articles which shall pass through any Post Office, provided that such postage shall not be charged on letters or other articles received through Her Majesty's Mails, when such letters or articles are delivered at the place of receipt; nor on any letter or article transmitted by Her Majesty's Mails, when posted at the place of dispatch of such Mails; nor on any newspaper received by sea otherwise than through the East India Company's post and delivered at the place of receipt; nor on any newspaper posted for dispatch by sea otherwise than through the East India Company's post when posted at the place of dispatch.

[Postage rates on newspapers, &c.]

VII. Wheresoever posts or post communications are, or shall be established by the East India Company, postage on newspapers, pamphlets, and other printed or engraved papers transmitted by the letter post by sea or land, or partly by sea and partly by land, shall be charged by weight according to the following scale:

1. On every imported newspaper, pamphlet, or other printed or engraved paper—

If the same shall not exceed six tolahs in weight, two annas.

If the same shall exceed six, but shall not exceed twelve tolahs in weight, four annas.

If the same shall exceed twelve tolahs in weight, there shall be charged and taken two additional annas for every six tolahs in weight above twelve tolahs; and every fraction of six tolahs above twelve tolahs shall be charged as six additional tolahs.

2. On every newspaper, pamphlet, or other printed or engraved paper not imported—

If the same shall not exceed three and a half tolahs in weight, two annas.

If the same shall exceed three and a half tolahs, and not exceed six tolahs in weight, four annas.

If the same shall exceed six tolahs in weight, there shall be charged and taken two additional annas for every three tolahs in weight above six tolahs; and every fraction of three tolahs above six tolahs in weight shall be charged as three additional tolahs.

An extra or supplement to any newspaper, bearing the same date as the newspaper and transmitted therewith under the same cover, shall be deemed part of the newspaper.

Nothing contained in this Act shall be construed to oblige any person to send any newspaper, pamphlet, or other printed or engraved paper

দ্বারা চালান যায় তাহা এই ধারার অর্থের মধ্যে পত্রস্বরূপ জ্ঞান হইবেক। কিন্তু যদি তাহার উপর এই আইনমতে অন্য হারে মাসুল বসান যায় তবে সেই পুলিন্দা কি অন্য দ্রব্য পত্রস্বরূপ জ্ঞান হইবেক না।

এই ধারাতে এবং ইহার পরের ধারাতে যে হারের মাসুল নির্দ্দিষ্ট হইয়াছে তাহা কোন ডাকঘর দিয়া যে সকল পত্র কি অন্য দ্রব্য চালান হয় তাহার উপর বসান যাইতে পারিবেক। পরন্তু শ্রীশ্রীমতী মহারাণীর মেলের দ্বারা যে২ পত্র কি অন্য দ্রব্য পাওয়া যায় যদি ঐ পত্র কি দ্রব্য গ্রহণের স্থানে অর্পণ করা যায় তবে সেই পত্রের কি দ্রব্যের উপর, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর মেলের দ্বারা যে কোন পত্র কি দ্রব্য চালান হয় তাহা যদি ঐ মেল চালান হইবার স্থানে ডাকে দেওয়া যায় তবে সেই পত্রাদির উপর, কিম্বা যে কোন সম্বাদপত্র কোম্পানি বাহাদুরের ডাকভিন্ন অন্য প্রকারে সমুদ্রপথে পাওয়া যায় ও পত্র গ্রহণের স্থানে অর্পণ করা যায় সেই সম্বাদপত্রের উপর, কিম্বা যে কোন সম্বাদপত্র কোম্পানি বাহাদুরের ডাকভিন্ন অন্য প্রকারে সমুদ্রপথে চালান হইবার জন্যে ডাকে দেওয়া যায় যদি তাহা চালান হইবার স্থানে ডাকে দেওয়া যায় তবে সেই সম্বাদপত্রের উপর, সেই হারের মাসুল বসান যাইবেক না ইতি।

[সম্বাদপত্রপ্রভৃতির উপর ডাকমাসুলের হার।]

৭ ধারা। যে কোন স্থানে কোম্পানি বাহাদুরকর্ত্তৃক ডাক কিম্বা ডাকের দ্বারা পত্রাদি প্রেরণের উপায় সংস্থাপন হইয়াছে কি হইবেক সেই স্থানে যে২ সম্বাদপত্র এবং পাম্‌ফ্লেট অর্থাৎ কাগজের বাঁধা ক্ষুদ্র পুস্তক এবং ছাপাকরা কি খোদা প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজ সমুদ্রপথে কি স্থলপথে কিম্বা অংশতঃ সমুদ্রপথে ও অংশতঃ স্থলপথে পত্রের ডাকে চালান হয় তাহার মাসুল নীচের লিখিত হারানুসারে ওজনমতে বসান যাইবেক।

১। বিদেশহইতে আগত প্রত্যেক সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কি ছাপাকরা কি খোদা প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজের উপর

যদি ছয় তোলার অধিক ওজনের না হয় তবে দুই আনা।

যদি ছয় তোলার অধিক কিন্তু বারো তোলার অনধিক ওজনের হয় তবে চারি আনা।

যদি বারো তোলার অধিক ওজনের হয় তবে বারো তোলার অধিক ছয়২ তোলার ওজনের উপর অধিক দুই আনা করিয়া বসান যাইবেক ও লওয়া যাইবেক, এবং বারো তোলার ঊর্দ্ধ ছয়২ তোলার কোন অংশের উপর আর ছয় তোলার তুল্য মাসুল বসান যাইবেক।

২। সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কিম্বা ছাপাকরা বা খোদা প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজ বিদেশহইতে আগত না হইলে তাহার প্রত্যেকের উপর

যদি সাড়ে তিন তোলার অধিক ওজনের না হয় তবে দুই আনা।

যদি সাড়ে তিন তোলার অধিক ও ছয় তোলার অনধিক ওজনের হয় তবে চারি আনা।

ছয় তোলার অধিক ওজনের হইলে, ছয় তোলার ঊর্দ্ধ তিন২ তোলার ওজনের উপর অধিক দুই আনা করিয়া বসান যাইবেক ও লওয়া যাইবেক, এবং ছয় তোলার ঊর্দ্ধ তিন২ তোলার কোন অংশের উপর আর তিন তোলার তুল্য মাসুল বসান যাইবেক।

কোন সম্বাদপত্রের অতিরিক্ত পত্র কি ক্রোড়পত্র, ঐ সম্বাদপত্র যে তারিখের হয় সেই তারিখের হইলে এবং সম্বাদপত্রের সঙ্গে একি খামে বদ্ধ হইয়া পাঠান গেলে তাহা ঐ সম্বাদপত্রের একাংশ জ্ঞান হইবেক।

কোন ব্যক্তির কোন সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কি ছাপাকরা কি খোদা প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজ অবশ্য ডাকের দ্বারা পাঠাইতেই হইবেক এই আইনের কোন

through the Post Office, but it shall be lawful for all persons to send the same in any other manner.

[Newspapers, &c., how to be sent by post.]

VIII. A newspaper, pamphlet, or other printed or engraved paper shall not be sent by the letter post at the rates prescribed in the preceding Section, unless the following conditions be observed, that is to say:

1. It shall be without a cover, or in a short cover open at both ends.

2. There shall be no word printed on such newspaper, pamphlet, or other printed or engraved paper after its publication, or upon the cover thereof, nor any writing or mark upon it or upon the cover of it, except the name and address of the person to whom it is sent, and the name and address of the sender.

3. There shall be no paper or thing enclosed in or with any such newspaper, pamphlet, or other printed or engraved paper.

[When to be charged with letter postage.]

IX. Any newspaper, pamphlet, or other printed or engraved paper sent by the letter post, in respect of which the above conditions shall not be observed, shall, together with any thing enclosed in or with the same, be charged with postage at the rate which would be charged on an unstamped letter of equal weight.

[Proof sheets.]

X. Proof sheets marked as such may be sent by the letter post at the rates prescribed for newspapers, provided the contents be correctly certified on the cover by the signature in full of the sender, otherwise the same shall be charged with postage at the rate which would be charged on an unstamped letter of equal weight.

[Inland banghy postage.]

XI. Inland banghy postage shall be charged by weight and distance, on parcels sent by the banghy post, according to the following scale:

কথার এমত অর্থ করিতে হইবেক না। কিন্তু সকল ব্যক্তির প্রতি অনুমতি থাকিবেক যে ঐ সম্বাদপত্রাদি অন্য কোন প্রকারে পাঠায় ইতি।

[সম্বাদপত্রপ্রভৃতি ডাকের দ্বারা যে প্রকারে পাঠাইতে হইবেক তাহার কথা।]

৮ ধারা। নীচের লিখিত নিয়মমতে কার্য্য না হইলে কোন সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কিম্বা ছাপাকরা কি খোদা প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজ উক্ত ৭ ধারার নির্দ্দিষ্ট হারানুসারে পত্রের ডাকে পাঠান যাইবেক না। ঐ নিয়ম এই২।

১। তাহা খাম বিনা কিম্বা দুই দিগে খোলা ক্ষুদ্র খামে বদ্ধ থাকিবেক।

২। ঐ প্রকার সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কিম্বা ছাপাহওয়া কি খোদিত প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজ প্রকাশ হইবার পরে সেই পত্রপ্রভৃতি যাহার নামে পাঠান যায় তাহার নাম ও সাকিন ও যে ব্যক্তি পাঠায় তাহার নাম ও সাকিনভিন্ন কোন কথা তাহার উপর কিম্বা তাহার খামের উপর ছাপা হইবেক না আর তাহার উপর কি তাহার খামের উপর অন্য কোন লিখন কি চিহ্ন থাকিবেক না।

৩। এমত কোন সম্বাদপত্র কি পাম্‌ফ্লেটের কিম্বা ছাপাহওয়া কি খোদিত প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজের ভিতরে কি তাহার সঙ্গে কোন কাগজ কি দ্রব্য বদ্ধ থাকিবেক না ইতি।

[তাহার উপর যে স্থলে পত্রের মাসুল লাগিবেক।]

৯ ধারা। পত্রের ডাকের দ্বারা পাঠান যে কোন সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কিম্বা ছাপাহওয়া কি খোদিত প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজের বিষয়ে পূর্ব্বোক্ত নিয়ম মানা যায় না সেই পত্রাদির উপর এবং তাহার ভিতরে কি তাহার সঙ্গে একি খামে যে সকল দ্রব্য বদ্ধ থাকে তাহার উপর, তাহার তুল্য ওজনের ইষ্টাম্প না হওয়া পত্রের যে হারে মাসুল লাগিত সেই হারে মাসুল বসান যাইবেক ইতি।

[প্রুফ শীট।]

১০ ধারা। প্রুফ শীট অর্থাৎ প্রকাশ করণের পূর্ব্বে যে ছাপা কাগজে অশুদ্ধ অক্ষরাদি শোধন করা যায় তাহাতে প্রুফ শীট এই কথা লেখা থাকিলে তাহা সম্বাদপত্রের নির্দ্দিষ্ট হারানুসারে পত্রের ডাকের দ্বারা পাঠান যাইতে পারিবেক। পরন্তু তাহার খামে যাহা বদ্ধ আছে তাহা প্রেরণকারি ব্যক্তি খামের উপর যথার্থরূপে লিখিয়া আপনার সম্পূর্ণ নাম দস্তখৎ করিবেক। না করিলে তাহার তুল্য ওজনের ইষ্টাম্প না হওয়া পত্রের যত মাসুল লাগিত তাহার উপর সেই হারের মাসুল বসান যাইবেক ইতি।

[দেশমধ্যস্থ বাঙ্গির মাসুল।]

১১ ধারা। বাঙ্গির ডাকের দ্বারা যে পুলিন্দা পাঠান যায় তাহার উপর দেশমধ্যস্থ বাঙ্গির মাসুল নীচের লিখিত হারানুসারে ওজন ও স্থানের দূরত্বক্রমে বসান যাইবেক।

For Distances.		If not exceeding in weight													
		20 Tolahs.		100 Tolahs.		200 Tolahs.		300 Tolahs.		400 Tolahs.		500 Tolahs.		600 Tolahs.	
	Miles.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.	Rs.	As.
Not exceeding, ...	100	0	2	0	4	0	8	0	12	1	0	1	4	1	8
Not exceeding, ...	300	0	6	0	12	1	8	2	4	3	0	3	12	4	8
Not exceeding, ...	600	0	12	1	8	3	0	4	8	6	0	7	8	9	0
Not exceeding, ...	900	1	2	2	4	4	8	6	12	9	0	11	4	13	8
Not exceeding, ...	1200	1	8	3	0	6	0	9	0	12	0	15	0	18	0
Exceeding, ...	1200	1	14	3	12	7	8	11	4	15	0	18	12	22	8

[*Government Gazette*, 29*th August*, 1854.]

দূরতা	যে ওজনের অধিক নয়।						
	২০ তোলা	১০০ তোলা	২০০ তোলা	৩০০ তোলা	৪০০ তোলা	৫০০ তোলা	৬০০ তোলা
১০০ মাইলের অনধিক	৵	।০	॥০	৸০	১৲	১।০	১॥০
৩০০ ঐ ঐ	।৵	৸০	১॥০	২।০	৩৲	৩৸০	৪॥০
৬০০ ঐ ঐ	৸০	১॥০	৩৲	৪॥০	৬৲	৭॥০	৯৲
৯০০ ঐ ঐ	১৵	২।০	৪॥০	৬৸০	৯৲	১১।০	১৩॥০
১২০০ ঐ ঐ	১॥০	৩৲	৬৲	৯৲	১২৲	১৫৲	১৮৲
১২০০ মাইলের অধিক	১৸৵	৩৸০	৭॥০	১১।০	১৫৲	১৮৸০	২২॥০

Provided that several letters shall not be enclosed in a banghy parcel under a penalty not exceeding fifty rupees, and letter postage shall be chargeable on every letter contained therein.

[Books, pamphlets, &c.]

XII. Books, pamphlets, packets of newspapers, and of printed or engraved papers other than newspapers, provided they do not exceed one hundred and twenty tolahs in weight, and be sent without covers or packed in short covers open at both ends, and provided the postage thereon be pre-paid by means of a proper stamp or stamps to be affixed thereon as hereinafter provided, shall, if sent by the banghy post, or by sea as banghy parcels, or partly by the banghy post and partly by sea, be charged with the following rates of postage, without reference to the distance to which they may be carried:

If not exceeding twenty tolahs in weight, one anna.

If exceeding twenty tolahs, but not exceeding forty tolahs in weight, two annas.

And for every twenty tolahs in weight above forty tolahs, there shall be charged and taken one additional anna; and every fraction of twenty tolahs above forty tolahs shall be charged as twenty additional tolahs.

If any such book, pamphlet, or packet exceed one hundred and twenty tolahs, or if the postage chargeable thereon be not pre-paid as aforesaid, it shall be subject to the rate of postage prescribed for banghy parcels in the preceding Section of this Act.

[Table of distances.]

XIII. Banghy postage, when chargeable by distance under Section XI., shall be calculated and charged according to a Polymetrical Table of distances, showing, as accurately as practicable, the distance by the nearest road between every two Post Office Stations in India, which Table shall be prepared by order of the Governor General of India in Council and corrected from time to time as need be. Each Post Master General shall prepare from the aforesaid Polymetrical Table, in the English and Vernacular languages, for the use of every Post Office under his control, a list of all the other Post Offices of India, arranged alphabetically and showing the

পরন্তু জানা কর্ত্তব্য যে একই বাঙ্গির পুলিন্দায় অনেক পত্র দিতে হইবেক না। দেওয়া গেলে ৫০৲ টাকার অনধিক জরীমানা হইবেক এবং তাহার মধ্যের প্রত্যেক পত্রের উপর পত্রের মাসুল বসান যাইতে পারিবেক।

[পুস্তক পামফ্লেটপ্রভৃতি।]

১২ ধারা। পুস্তক ও পামফ্লেট ও সম্বাদপত্রের পুলিন্দা এবং সম্বাদপত্রভিন্ন ছাপাকরা কি খোদা প্রস্তরাদিহইতে ছাপা কাগজের পুলিন্দা যদি বাঙ্গির ডাকে কিম্বা বাঙ্গি পুলিন্দাস্বরূপ সমুদ্রপথে কিম্বা অংশতঃ বাঙ্গির ডাকে ও অংশতঃ সমুদ্রপথে পাঠান যায় তবে যে স্থানে পঁহুছাইতে হইবেক তাহার দূরত্ব বিবেচনা না করিয়া তাহার উপর নীচের লিখিত হারের মাসুল বসান যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে সেই পুস্তকাদি এক শত বিশ তোলার অধিক ওজনের না হয় এবং খাম বিনা কিম্বা দুই দিগে খোলা ক্ষুদ্র খামে বাঁধা হইয়া পাঠান যায় এবং তাহার উপর যে মাসুল লাগে তাহা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে তাহার উপর বসান এক বা অনেক উপযুক্ত ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে দেওয়া যায়। মাসুলের হার এই।

বিশ তোলার অধিক ওজনের না হইলে, এক আনা।

বিশ তোলার অধিক কিন্তু চল্লিশ তোলার অনধিক ওজনের হইলে, দুই আনা।

এবং চল্লিশ তোলার ঊর্দ্ধ বিশ২ তোলা ওজনের উপর অধিক এক আনা করিয়া বসান যাইবেক ও লওয়া যাইবেক এবং চল্লিশ তোলার ঊর্দ্ধ বিশ তোলার কোন অংশের উপর অধিক বিশ তোলার তুল্য মাসুল বসান যাইবেক।

যদি এমত কোন পুস্তক কি পামফ্লেট অথবা পুলিন্দা এক শত বিশ তোলার অধিক হয় অথবা তাহার উপর যে মাসুল দিতে হয় তাহা যদি পূর্ব্বোক্তমতে পূর্ব্বে না দেওয়া যায় তবে এই আইনের ১১ ধারাতে বাঙ্গির পুলিন্দার জন্যে যে মাসুলের হার নির্দ্দিষ্ট হইয়াছে সেই হারানুসারে মাসুল লাগিবেক ইতি।

[দূরতার ফর্দ্দ।]

১৩ ধারা। বাঙ্গির ডাকের মাসুল যখন ১১ ধারানুসারে স্থানের দূরতানুসারে লওয়া যায় তখন দূরতার এক পলিমেত্রিকাল টেবিলঅনুসারে ঐ মাসুল নিরূপণ হইবেক ও বসান যাইবেক। ঐ টেবিলে ভারতবর্ষের মধ্যে ডাকের আড্ডা যে২ স্থানে আছে তাহার দুই২ স্থানের মধ্যে অতি খাটো পথের পরিমাণ সাধ্যমতে শুদ্ধরূপে দেখান যাইবেক। সেই টেবিল হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে প্রস্তুত করা যাইবেক এবং প্রয়োজনমতে সময়ে২ শুধরাণ যাইবেক। প্রত্যেক সাধারণ ডাকাধ্যক্ষ আপনার অধীন প্রত্যেক ডাকঘরের ব্যবহারের নিমিত্তে পূর্ব্বোক্ত পলিমেত্রিকাল টেবিলহইতে ভারতবর্ষের সকল ডাকঘরের এক২ ফর্দ্দ ইঙ্গরেজী ও দেশীয় ভাষায় প্রস্তুত করিবেন।

distance of each of them from the Post Office for the use of which it is made; and such list shall be affixed in some conspicuous place in such Post Office.

[Limitation of weight of letters where there is a banghy post.]

XIV. Where there is a banghy post established on any line of road, no letter or other article exceeding twelve tolahs in weight shall be conveyed by the letter post on that line of road, except in such cases, and under such restrictions as the Governor General of India in Council may direct; and every letter or other article not exceeding twelve tolahs in weight shall be conveyed by the letter post, unless expressly directed to be sent by the banghy post.

[Where there is no banghy post. Letters and other articles exceeding twelve tolahs, but not exceeding forty tolahs. Certificate. Parcels exceeding forty tolahs.]

XV. Where there is no banghy post established on any line of road, letters, parcels, and packets exceeding twelve tolahs, and not exceeding forty tolahs in weight, shall be received and transmitted by the letter post. Letters shall be charged according to the scale in Section VI., and newspapers, pamphlets, and other printed or engraved papers according to the scale in Section VII. of this Act, as the case may be; parcels and packets shall be charged with banghy postage according to the scale in Section XI. or Section XII. of this Act, as the case may be, if it be certified in writing on such parcel or packet, under the full signature and address of the sender, that it does not contain any letter or other written communication, or any newspaper, pamphlet, or other printed or engraved paper. If any such certificate be false, any such thing contained in such certified letter or other article shall be charged with postage according to the rates specified in Section VI. or Section VII. of this Act as if sent separately, and the sender will be subject to the penalty hereinafter provided. Parcels exceeding forty tolahs, and not exceeding six hundred tolahs in weight, shall be transmitted along any such line as banghy parcels; but it shall be in the discretion of the Post Master or Deputy Post Master, to whom such parcels are brought for dispatch, to forward them at such times and in such manner as may be convenient.

[Where banghy parcels and letter mails are conveyed in the same carriage.]

XVI. Whenever the Post Master General of any Presidency shall have notified in the official *Gazette*, that the banghy post is conveyed in the same carriage with the letter post along any line of road, it shall not be lawful to send by the banghy post any letter or written communication of less

ঐ ফর্দ্দেতে অন্য সকল ডাকঘরের স্থানের নাম অকারাদি অক্ষরক্রমে লেখা যাইবেক এবং যে ডাকঘরের জন্যে তাহা প্রস্তুত করা যায় তাহাহইতে অন্য প্রত্যেক ডাকঘরের দূরতা দেখান যাইবেক। এবং ঐ ফর্দ্দ ঐ ডাকঘরে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কান যাইবেক ইতি।

[বাঙ্গির ডাক যে২ স্থানে থাকে সেই২ স্থানে পত্রের ওজনের সীমা নিরূপণ।]

১৪ ধারা। যে স্থলে কোন পথে গমনার্থে বাঙ্গির ডাক স্থাপিত আছে সেই স্থলে সেই পথ দিয়া বারো তোলার অধিক ওজনের কোন পত্র কি অন্য দ্রব্য পত্রের ডাকে চালান হইবেক না। কিন্তু হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে২ গতিকে ও যে২ নিষেধের অধীনে হুকুম করেন, সেই২ গতিকে ও সেই২ নিষেধের অধীনে চালান হইতে পারে। এবং বারো তোলার অধিক না হয় এমত ওজনের প্রত্যেক পত্র কি অন্য দ্রব্য যদি বাঙ্গির ডাকে পাঠান যাইবেক এই কথা স্পষ্টরূপে না লেখা থাকে তবে পত্রের ডাকে চালান হইবেক ইতি।

[যে স্থলে বাঙ্গির ডাক নাই। ১২ তোলার অধিক কিন্তু ৪০ তোলার অনধিক ওজনের পত্র ও অন্য দ্রব্য। প্রতিজ্ঞা লিপি। ৪০ তোলার অধিক ওজনের পুলিন্দা।]

১৫ ধারা। যে স্থলে কোন পথে কোন বাঙ্গির ডাক স্থাপিত নাহি সেই স্থলে বারো তোলার অধিক ও চল্লিশ তোলার অনধিক ওজনের পত্র ও পুলিন্দা পত্রের ডাকের দ্বারা গ্রাহ্য হইয়া পাঠান যাইবেক। পত্রের উপর ৬ ধারার লিখিত হারানুসারে মাসুল বসান যাইবেক এবং সম্বাদপত্রের ও পাম্‌ফ্লেটের ও ছাপাকরা কি খোদিত প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজের উপর বিষয়বিশেষে এই আইনের ৭ ধারার হারানুসারে মাসুল বসান যাইবেক। পুলিন্দার উপর যদ্যপি প্রতিজ্ঞা করিয়া লেখা থাকে যে তাহার মধ্যে কোন পত্র কি অন্য লিখিত বার্ত্তা কি কোন সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কিম্বা ছাপাকরা কি খোদিত প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজ নাই এবং ঐ প্রতিজ্ঞার লিপিতে পুলিন্দাপ্রেরকের সম্পূর্ণ নাম সহী ও সাকিনাদি লেখা থাকে তবে সেই পুলিন্দার উপর বিষয়বিশেষে এই আইনের ১১ ধারা কি ১২ ধারার হারানুসারে বাঙ্গির মাসুল বসান যাইবেক। যদি এমত কোন প্রতিজ্ঞার লিপি অসত্য হয়, তবে ঐ প্রতিজ্ঞাযুক্ত পত্র কি অন্য দ্রব্যের মধ্যে ঐ প্রকার যে কোন দ্রব্য পাওয়া যায় তাহা পৃথক্‌রূপে পাঠান গেলে যেরূপ হইত সেইরূপে এই আইনের ৬ ধারার কিম্বা ৭ ধারার নির্দ্দিষ্ট হারানুসারে তাহার উপর মাসুল বসান যাইবেক। এবং পুলিন্দাপ্রেরকের এই আইনের পশ্চাৎ নির্দ্দিষ্ট জরীমানা হইবেক। চল্লিশ তোলার অধিক কিন্তু ছয় শত তোলার অনধিক ওজনের পুলিন্দা বাঙ্গির পুলিন্দার মত উক্তপ্রকার কোন পথ দিয়া চালান হইবেক। কিন্তু ঐ প্রকার পুলিন্দা পাঠান যাইবার নিমিত্তে যে ডাকাধ্যক্ষের কি ডেপুটী ডাকাধ্যক্ষের কাছে আনা যায় তিনি আপনার বিবেচনামতে যে সময় ও যে প্রকার উচিত হয় সেই সময়ে ও সেই প্রকারে তাহা চালান করিতে পারেন ইতি।

[যে স্থলে বাঙ্গির পুলিন্দা এবং পত্রের ডাক একি গাড়িতে চালান যায় তাহার কথা।]

১৬ ধারা। যখন কোন রাজধানীর সাধারণ ডাকাধ্যক্ষ সরকারী গেজেটে এমত সম্বাদ প্রকাশ করিয়াছেন যে কোন পথে পত্রের ডাকের সঙ্গে বাঙ্গির ডাক একি গাড়িতে চালান হয় তখন বারো তোলার কম ওজনের কোন পত্র কি লিখিত বার্ত্তা কিম্বা সম্বাদপত্রের কোন পুলিন্দা বাঙ্গির ডাকে পাঠাইবার অনুমতি হইবেক না।

weight than twelve tolahs, or any packet of newspapers; and every person who shall knowingly send by the banghy post, along any such line of road, any such letter, written communication, or newspaper enclosed in a parcel, shall forfeit for every such offence a sum not exceeding fifty rupees, and postage shall be charged for every such letter, packet, or newspaper, as if sent separately by the letter post.

[Ship postage on parcels.]

XVII. On all parcels chargeable under Section XI. with banghy postage according to distance when conveyed by land, ship postage shall be charged when they are conveyed by means of the East India Company's post by sea according to the following scale, *viz.*:

On every parcel not exceeding one hundred tolahs in weight, eight annas.

And for every hundred tolahs in weight above one hundred tolahs, eight additional annas; and every fraction of one hundred tolahs above one hundred tolahs shall be charged as one hundred additional tolahs; and if such parcel be conveyed by the East India Company's post, partly by banghy and partly by sea, ship postage shall be charged in addition to inland banghy postage.

[Limitation of weight and dimensions of parcels.]

XVIII. No parcel exceeding six hundred tolahs in weight, or three feet in length, or one foot in breadth, or one foot in depth, or two thousand five hundred and ninety-two cubic inches in bulk, shall be received at any Post Office for dispatch either by ship or steamboat, or by banghy post, except in such cases and under such restrictions as the Governor General of India in Council shall direct. On parcels exceeding six hundred tolahs in weight, when so forwarded, there shall be charged and taken an additional single rate of banghy postage according to distance for every hundred tolahs above six hundred tolahs; and every fraction of one hundred tolahs above six hundred tolahs shall be charged as one hundred additional tolahs.

[Ship and inland postage on foreign covers must be prepaid.]

XIX. Letters and newspapers posted for dispatch, either by Her Majesty's Mails or otherwise to Ceylon, or to any place to which a post communication shall not have been established by the East India Company, upon which the full amount of postage chargeable under this Act has not been prepaid by a postage stamp or stamps, shall not be dispatched, but shall be dealt with as unclaimed letters are hereinafter directed to be dealt with. No parcel shall be received for dispatch as above to any such place, unless the full amount of postage chargeable thereon shall be pre-paid in money or by a postage stamp or stamps. Provided that nothing in this Section shall be construed to require the prepayment of British postage on letters, parcels, or other articles, upon which the pre-payment of such

এবং যে কোন ব্যক্তি এমত কোন পত্র কি লিখিত বার্ত্তা কি সম্বাদপত্র পুলিন্দায় বন্ধ করিয়া এমত কোন পথে বাঙ্গির ডাকে জানিয়া শুনিয়া পাঠায় সেই ব্যক্তির এমত প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক এবং এমত প্রত্যেক পত্র কি পুলিন্দা কি সম্বাদপত্র পৃথক্‌রূপে পত্রের ডাকে পাঠান গেলে তাহার যে মাসুল বসান যাইত সেই মাসুল বসান যাইবেক ইতি।

[পুলিন্দার উপর জাহাজের মাসুল।]

১৭ ধারা। স্থলপথে চালান গেলে যে সকল পুলিন্দার উপর ১১ ধারামতে দূরতানুসারে বাঙ্গির ডাকমাসুল লাগে সেই সকল পুলিন্দা সমুদ্রপথে কোম্পানি বাহাদুরের ডাকের দ্বারা চালান হইলে তাহার উপর জাহাজীয় মাসুল নীচের লিখিত হারে বসান যাইবেক। অর্থাৎ

এক শত তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, আট আনা।

এবং এক শত তোলার অধিক ওজনের এক২ শত তোলার উপর অধিক আট২ আনা লাগিবেক। এবং এক শত তোলার ঊর্দ্ধ এক২ শত তোলার কোন অংশের উপর অধিক এক শত তোলার তুল্য মাসুল বসান যাইবেক। এবং যদি ঐ প্রকার পুলিন্দা কোম্পানি বাহাদুরের ডাকের দ্বারা অংশতঃ বাঙ্গিতে ও অংশতঃ সমুদ্রপথে চালান হয় তবে দেশের মধ্যের বাঙ্গির ডাকমাসুলের অতিরিক্ত জাহাজীয় মাসুলও বসান যাইবেক।

[পুলিন্দার ওজনের ও পরিমাণের সীমানিরূপণ।]

১৮ ধারা। ছয় শত তোলার অধিক ওজনের কি তিন ফুটের অধিক লম্বা কিম্বা এক ফুটের অধিক চৌড়া কি এক ফুটের অধিক গহেরা অথবা কালি করিয়া দুই হাজার পাঁচ শত বিরানব্বই ইঞ্চির অধিক পরিমাণের কোন পুলিন্দা জাহাজের কি বাষ্পীয় জাহাজের দ্বারা কিম্বা বাঙ্গির ডাকের দ্বারা পাঠান যাইবার নিমিত্তে কোন ডাকঘরে গ্রাহ্য হইবেক না। কিন্তু হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে২ গতিকে এবং যে২ নিষেধের অধীনে হুকুম করেন সেই২ গতিকে এবং সেই২ নিষেধের অধীনে গ্রাহ্য হইতে পারিবেক। ছয় শত তোলার অধিক ওজনের পুলিন্দা এমতে পাঠান গেলে ছয় শত তোলার ঊর্দ্ধ ফিশত তোলার উপর দূরতানুসারে বাঙ্গির আরো একহারা মাসুল বসান যাইবেক ও লওয়া যাইবেক এবং ছয় শত তোলার ঊর্দ্ধ এক২ শত তোলার কোন অংশের উপর অধিক এক শত তোলার তুল্য মাসুল বসান যাইবেক ইতি।

[বিদেশে যে পত্রাদি পাঠান যায় তাহার জাহাজীয় ও দেশমধ্যস্থ মাসুল পূর্ব্বে দিতে হইবেক।]

১৯ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর মেলের দ্বারা কিম্বা অন্য প্রকারে সিংহলদ্বীপে কিম্বা অন্য যে স্থানে কোম্পানি বাহাদুরকর্ত্তৃক ডাকের দ্বারা পত্রাদি পাঠাইবার উপায় স্থাপন না হইয়াছে এমত কোন স্থানে পাঠাইবার জন্যে ডাকে দেওয়া যে সকল পত্রের ও সম্বাদপত্রের উপর এই আইনানুসারে যে মাসুল লাগিতে পারে তাহার সমুদয় ডাকমাসুলের এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে না দেওয়া যায় সেই পত্র পাঠান যাইবেক না কিন্তু যে পত্রের দাওয়া না হয় তাহা লইয়া যেরূপে করিবার ইহার পরে আজ্ঞা হয় সেইরূপে ঐ পত্রও লইয়া করা যাইবেক। কোন পুলিন্দার উপর যত ডাকমাসুল লাগে তাহার সমুদয় নগদে কিম্বা ডাকমাসুলের এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে না দেওয়া গেলে কোন পুলিন্দা ঐ প্রকার কোন স্থানে পূর্ব্বোক্তমতে পাঠাইবার জন্যে গ্রাহ্য হইবেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে, শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত সাধারণ ডাকাধ্যক্ষ সাহেব যে সকল পত্র কি পুলিন্দা

postage has been left optional by Her Majesty's Post Master General.

[Postage on letters, &c., not pre-paid.]

XX. Subject to any alteration which may be made by virtue of the power hereinafter vested in the Governor General of India in Council, letters posted for dispatch, either by sea or land, to any place to which a post communication is, or shall be established by the East India Company, upon which the postage chargeable under Section VI. of this Act has not been pre-paid by a postage stamp or stamps, shall be forwarded to their destination, and upon every such letter double postage shall be charged on delivery. Newspapers, pamphlets, and other printed and engraved papers so posted, not pre-paid by a postage stamp or stamps, shall be forwarded to their destination, and the postage chargeable on them shall be levied on delivery: but no money shall be received at any Post Office in pre-payment of postage on any letter, newspaper, pamphlet, or other printed or engraved paper so posted. On parcels so posted, the postage chargeable according to Section XI. or Section XVII. may be pre-paid in money or by a postage stamp or stamps: when not pre-paid, they shall be forwarded to their destination, and the postage thereon shall be levied on delivery.

[Governor General in Council may direct pre-payment of postage in all cases.]

XXI. It shall be lawful for the Governor General of India in Council at any time to direct that all or any letters, packets, parcels, or other articles, shall not be forwarded by post, unless the postage thereof shall be pre-paid by means of a proper stamp or stamps; or that on all or any letters, packets, parcels, or other articles on which the postage shall not be pre-paid by a stamp or stamps, or otherwise, as the said Governor General in Council shall direct, there shall be charged such higher rates of postage as from time to time may be deemed expedient, not exceeding double the rates of postage hereinbefore specified.

[Letters, &c., with insufficient stamps, how charged.]

XXII. If any letter be posted, having affixed thereto a postage stamp or stamps, the value of which shall be less than the rate of postage to which such letter would be liable if duly and properly stamped when posted, there shall be charged on such letter a postage of double the amount of the difference between the value of the stamp affixed thereto and the postage to which such letter would be liable as aforesaid if duly and properly stamped when posted. If any parcel, newspaper, pamphlet, or other printed or engraved paper shall be so post-

কি অন্য দ্রব্যের উপর ব্রিটনীয় ডাকমাসুল পূর্ব্বদেওন প্রেরণকর্ত্তার স্বেচ্ছাধীন করিয়াছেন, সেই২ পত্রাদির ঐরূপ মাসুল পূর্ব্বে দিবার আজ্ঞা হইয়াছে এই ধারার কোন কথার এইরূপ অর্থ করিতে হইবেক না।

[পত্রাদির যে মাসুল পূর্ব্বে না দেওয়া যায় তাহার কথা।]

২০ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রতি এই আইনের দ্বারা পশ্চাৎ যে ক্ষমতার্পণ হইয়াছে সেই ক্ষমতার শক্তিক্রমে তিনি যে কোন পরিবর্ত্তন করেন সেই পরিবর্ত্তনের অপেক্ষায়, যে স্থানে কোম্পানি বাহাদুরকর্ত্তৃক ডাকের দ্বারা পত্র পাঠাওনের উপায় স্থাপন হইয়াছে কি হইবেক এমত কোন স্থানে সমুদ্রপথে কি স্থলপথে প্রেরণার্থে যে পত্র ডাকে দেওয়া যায়, এবং তাহার যে মাসুল এই আইনের ৬ ধারামতে লাগে তাহা মাসুলের এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে না দেওয়া যায় সেই পত্র নির্দ্দিষ্ট স্থানে পাঠান যাইবেক এবং এমত প্রত্যেক পত্র পঁহুছাইয়া দিবার সময়ে তাহার উপর দ্বিগুণ ডাকমাসুল বসান যাইবেক। ঐ প্রকারে ডাকে দেওয়া যে সম্বাদপত্রের ও পাম্‌ফ্লেটের এবং ছাপাকরা ও খোদিত প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজের উপর ডাকমাসুলের এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা মাসুল পূর্ব্বে দেওয়া না যায় সেই পত্রাদি নির্দ্দিষ্ট স্থানে চালান হইবেক এবং তাহার উপর যে মাসুল লাগে তাহা পঁহুছাইয়া দেওনকালে আদায় হইবেক। কিন্তু সেই প্রকারে ডাকে দেওয়া কোন পত্রের কি সম্বাদপত্রের কি পাম্‌ফ্লেটের কিম্বা ছাপাকরা কি খোদিত প্রস্তরপ্রভৃতিহইতে ছাপা অন্য কাগজের পূর্ব্বে দেওয়া মাসুলের জন্যে কিছু নগদ কোন ডাকঘরে গ্রাহ্য হইবেক না।' সেই প্রকারে ডাকে দেওয়া পুলিন্দার উপর ১১ ধারা কি ১৭ ধারানুসারে যে মাসুল লাগে তাহা নগদে কিম্বা মাসুলের এক কি অনেক ইষ্টাম্পে পূর্ব্বে দেওয়া যাইতে পারে। যদি পূর্ব্বে না দেওয়া যায় তবে ঐ পুলিন্দা নির্দ্দিষ্ট স্থানে পাঠান যাইবেক এবং তাহার উপর যে মাসুল লাগে তাহা পঁহুছাইয়া দেওনের কালে আদায় হইবেক ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সর্ব্ব স্থলে মাসুল পূর্ব্বে দেওনের হুকুম করিতে পারেন।]

২১ ধারা। ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে কোন সময়ে এমত হুকুম করিতে পারেন যে কোন২ কিম্বা সকল পত্র কিম্বা পুলিন্দা কি অন্য দ্রব্যের মাসুল এক কি অনেক উপযুক্ত ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে না দেওয়া গেলে ঐ পত্রাদি ডাকের দ্বারা চালান না যায়। অথবা যে সকল কি যে কোন পত্রের কি পুলিন্দার কিম্বা অন্য দ্রব্যের উপর এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা কিম্বা হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অন্য যে কোন প্রকারে হুকুম করেন সেই প্রকারে মাসুল পূর্ব্বে না দেওয়া গেলে উচ্চ যে হারের মাসুল সময়ে২ বিহিত বোধ হয় তাহা লওয়া যায়, কিন্তু মাসুলের যে হার এই আইনেতে পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার দ্বিগুণের অধিক হইবেক না ইতি।

[পত্রপ্রভৃতির উপযুক্ত মাসুলহইতে কম মূল্যের ইষ্টাম্প বসান গেলে তাহার যে মাসুল লাগিবেক।]

২২ ধারা। যদি কোন পত্র ডাকে দেওয়া যায় এবং তাহাতে মাসুলের এক কি অনেক ইষ্টাম্প বসান থাকে কিন্তু ডাকে দেওনসময়ে উপযুক্ত ও উচিত ইষ্টাম্প বসান গেলে ঐ পত্রের যে হারে মাসুল লাগিত তাহা অপেক্ষা ঐ এক কি অনেক ইষ্টাম্পের মূল্য কম হয় তবে ডাকে দেওনসময়ে উপযুক্ত ও উচিত ইষ্টাম্প বসান গেলে ঐ পত্রের উপর পূর্ব্বোক্তমতে যে মাসুল লাগিত তাহার, এবং ঐ পত্রেতে যে ইষ্টাম্প বসান গিয়াছে তাহার মূল্যের যত বিশেষ হয় তাহার দ্বিগুণ মাসুল ঐ পত্রের উপর বসান যাইবেক। যদি কোন পুলিন্দা কি সম্বাদপত্র কি পাম্‌ফ্লেট কিম্বা ছাপাকরা কিম্বা খোদা প্রস্তর-

ed, having affixed thereto any such stamp or stamps, the value of which shall be less than the rate of postage to which the same would be otherwise liable under this Act, there shall be charged thereon a postage equal to the amount of the difference between the value of the stamp or stamps affixed thereto, and the postage to which such parcel, newspaper, pamphlet, or other printed or engraved paper shall be otherwise liable, as aforesaid.

[Re-directed letters.]

XXIII. On every letter or packet, which shall be re-directed and forwarded by the letter post, from any place to which it shall have been conveyed by the letter post, there shall be charged for the postage thereof from the place at which the same shall be re-directed, in addition to all other postage paid or due thereon, the rate of postage to which it would be liable, if posted and pre-paid by stamp at the place where it shall be re-directed.

[No dangerous substance to be sent by post.]

XXIV. No person shall knowingly post, or send, or tender, or deliver in order to be sent by the post, any letter, parcel, or packet containing any explosive or other dangerous material or substance; and any person contravening this prohibition shall forfeit for every such offence a sum not exceeding two hundred rupees.

[Governor General of India in Council may alter the rates of postage.]

XXV. It shall be lawful for the Governor General of India in Council at any time to authorize the levy of postage at rates different from those prescribed in this Act, provided there be no increase made thereby in any particular of the rates so prescribed, except as provided in Section XXI. of this Act.

[Letters and packets once put into the Post Office.]

XXVI. No person having delivered into any Post Office any letter, parcel, or packet shall be entitled to recall the same; but nothing in this Section shall prevent the re-delivery of any such letter, parcel, or packet to the sender thereof, subject to such rules and regulations, if any, as the Governor General of India in Council may direct; but newspapers, pamphlets, or other printed or engraved papers may be so recalled or restored, provided that the person claiming the same shall satisfy the Officer in charge of the Post Office that he was the sender thereof, and provided the amount of postage which would have been due thereon, if the same had been forwarded, be paid.

[Steam postage.]

XXVII. The postage charged on letters and

প্রভৃতিহইতে ছাপা অন্য কোন কাগজ উক্ত প্রকারে ডাকে দেওয়া যায় এবং উক্ত প্রকারের কোন এক কি অনেক ইষ্টাম্প তাহার উপর বসান থাকে কিন্তু এই আইনানুসারে ঐ পুলিন্দাপ্রভৃতির যে হারে মাসুল লাগিতে পারিত তাহাঅপেক্ষা ঐ এক কি অনেক ইষ্টাম্পের মূল্য কম হয় তবে তাহাতে যে এক কি অনেক ইষ্টাম্প বসান গিয়াছে তাহার মূল্যের এবং সেই পুলিন্দা কি সম্বাদপত্র কি পামফ্লেট কিম্বা ছাপাকরা কি খোদা প্রস্তরাদিহইতে ছাপা অন্য কাগজের উপর পূর্ব্বোক্তমতে যে মাসুল লাগিতে পারিত তাহার যত বিশেষ হয় তাহার তুল্য মাসুল তাহার উপর বসান যাইবেক ইতি।

[যে পত্রের উপর পুনশ্চ ঠিকানা লেখা যায় তাহার কথা।]

২৩ ধারা। কোন পত্র কি পুলিন্দা পত্রের ডাকের দ্বারা যে কোন স্থানে চালান হইয়াছে সেই স্থানে যদি তাহার উপর ঠিকানা পুনশ্চ লেখা যায় ও পত্রের ডাকের দ্বারা চালান হয় তবে এমত পত্রাদির উপর যে সকল ডাকমাসুল দেওয়া গিয়াছে কি পাওনা হয় তদতিরিক্ত যে স্থানে ঠিকানা পুনশ্চ লেখা যায় সেই স্থানের ডাকঘরে দেওয়া গেলে ও ইষ্টাম্পের দ্বারা মাসুল পূর্ব্বে দেওয়া গেলে যে হারের মাসুল লাগিতে পারিত সেই হারে যে স্থানে তাহার উপর ঠিকানা পুনশ্চ লেখা যায় সেই স্থানহইতে তাহার মাসুল লাগিবেক ইতি।

[কোন সঙ্কটজনক দ্রব্য ডাকে পাঠান যাইবেক না।]

২৪ ধারা। যে বস্তু শব্দ করিয়া ফাটিয়া উঠে এমত কোন বস্তু কিম্বা অন্য কোন সঙ্কটজনক দ্রব্য কি বিষয় যে কোন পত্র কি পুলিন্দার মধ্যে থাকে এমত কোন পত্র কি পুলিন্দা কোন ব্যক্তি জানিয়াশুনিয়া ডাকে দিবেক না কি পাঠাইবেক না কি দিতে উদ্যত হইবেক না কি ডাকের দ্বারা পাঠাইবার নিমিত্তে অর্পণ করিবেক না। এবং যে কোন ব্যক্তি এই নিষেধের বিপরীত কর্ম্ম করে তাহার এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর মাসুলের হার পরিবর্ত্তন করিতে পারেন।]

২৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এই আইনেতে মাসুলের যে হার নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পরিবর্ত্তে অন্য হারে মাসুল লইবার হুকুম কোন সময়ে করিতে পারেন। পরন্তু এই আইনের ২১ ধারাতে যে প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে সেই প্রকারভিন্ন শ্রীযুতের ঐ হুকুমের দ্বারা কোন বিষয়ে নির্দ্দিষ্ট হারের কিছু বৃদ্ধি না হয় ইতি।

[যে পত্র ও পুলিন্দা একবার ডাকঘরে দেওয়া যায় তাহার কথা।]

২৬ ধারা। কোন ব্যক্তি কোন পত্র কি পুলিন্দা কোন ডাকঘরে দিলে পর তাহা ফিরিয়া লইতে পারিবেক না। পরন্তু হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এমত কোন পত্র কি পুলিন্দা যে ব্যক্তি পাঠাইয়াছিল তাহাকে ফিরিয়া দিবার বিষয়ে যদি কোন বিধান কি হুকুমের আজ্ঞা করেন তবে সেই বিধান কি হুকুমমতে তাহা ফিরিয়া দিবার বিষয়ে এই ধারার কোন কথাতে বাধা হইবেক না। পরন্তু সম্বাদপত্র কি পামফ্লেট কিম্বা ছাপাকরা কি খোদা প্রস্তরপ্রভৃতিহইতে ছাপাকরা অন্য কোন কাগজ যে ব্যক্তি দাওয়া করে সে আপনি ঐ সম্বাদপত্রাদি ডাকঘরে পাঠাইয়াছিল এই বিষয়ে যদি ডাকঘরের কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের হৃদ্বোধ করিতে পারে এবং তাহা পাঠান গেলে তাহার উপর যত মাসুল দেনা পড়িত তাহা যদি দেওয়া যায় তবে ঐ সম্বাদপত্রপ্রভৃতি ফিরিয়া লওয়া যাইতে কি ফিরিয়া দেওয়া যাইতে পারিবেক ইতি।

[বাষ্পীয় জাহাজের মাসুল।]

২৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পোষ্ট মাষ্টর জেন-

packets by Her Majesty's Post Master General, under the name of Steamer or British packet postage, or by any other denomination, shall, after the rates of such postage have been published in the official *Gazette* of any Presidency, be recovered in the same manner as postage chargeable under this Act.

[Postage stamps.]

XXVIII. All letters and other articles, having a stamp or stamps affixed thereto, (such stamp or stamps in every case being affixed on the outside and being equal in value to the rate or rates of postage to which such letters or other articles are liable under this Act,) shall, provided the stamp or stamps shall not have been used before, be considered as pre-paid.

[How to be provided.]

XXIX. The Governor General of India in Council shall cause postage stamps to be provided, denoting such values as the said Governor General of India in Council may direct, and shall give such orders, and make such other regulations relative thereto, as may be deemed expedient.

[Postage stamps to be under management of any Officer to be appointed.]

XXX. Postage stamps provided as aforesaid shall be under the care and management of such Officer or Officers as the Governor General of India in Council shall direct; and all sums of money realized by the sale of postage stamps shall be carried in the public accounts to the credit of the Post Office.

[To be continued.]

রল সাহেব বাষ্পীয় জাহাজের কিম্বা ব্রটনীয় পত্রবাহক জাহাজের মাসুল নামে কিম্বা অন্য কোন নামে পত্রের ও পুলিন্দার উপর যে সকল ডাকমাসুল বসান তাহার হার কোন রাজধানীর সরকারী গেজেটে প্রকাশ হইলে পর, এই আইনানুসারে যে মাসুল লওয়া যাইতে পারে তাহা যেপ্রকারে আদায় হয় সেইপ্রকারে ঐ মাসুল আদায় হইবেক ইতি।

[ডাকমাসুলের ইষ্টাম্প।]

২৮ ধারা। যে সকল পত্রেতে ও অন্য দ্রব্যেতে এক কি অনেক ইষ্টাম্প বসান থাকে যদি সেই এক কি অনেক ইষ্টাম্প পূর্ব্বে ব্যবহার না হইয়াছে তবে সেই পত্রপ্রভৃতির মাসুল পূর্ব্বে দেওয়া হইয়াছে জ্ঞান হইবেক। কিন্তু ঐ এক বা অনেক ইষ্টাম্প সর্ব্বদা পত্রাদির বাহিরে বসান যাইবেক। এবং ঐ পত্র কি অন্য দ্রব্যের এই আইনানুসারে যে হারে মাসুল লাগিতে পারে ঐ ইষ্টাম্প সেই মাসুলের তুল্য মূল্যের হইবেক ইতি।

[যেপ্রকারে প্রস্তুত করা যাইবেক।]

২৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ডাক মাসুলের ইষ্টাম্প প্রস্তুত করাইবেন। ঐ ইষ্টাম্প হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে২ মূল্য হুকুম করেন সেই২ মূল্য বুঝাইবেক। এবং তদ্বিষয়ে যে কোন হুকুম এবং অন্য কোন বিধি উচিত বোধ হয় তাহা উক্ত শ্রীযুত করিবেন ইতি।

[যে কোন কার্য্যকারক নিযুক্ত হইবেন তিনি ডাকমাসুলের ইষ্টাম্পের কার্য্যের কর্ত্তৃত্ব করিবেন।]

৩০ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে প্রস্তুতহওয়া ডাকমাসুলের ইষ্টাম্প হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে কার্য্যকারক কি কার্য্যকারকদিগকে হুকুম করেন তাঁহার কি তাঁহারদের তত্ত্ব ও কর্ত্তৃত্বাধীনে থাকিবেক। এবং ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রয় করণের দ্বারা যে সকল টাকা উৎপন্ন হয় তাহা সরকারী খাতা বহীতে ডাকঘরের হিসাবে জমা হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ERRATUM.

An error having occurred in the translation of the following Circular which appeared in page 410 of the *Bengalee Government Gazette* of the 4th July; it is republished with an amended translation.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 8.

To the Sessions Judges and Magistrates in the Lower Provinces.

In modification of their Circular Order No. 6, dated 19th May, the Court in communication with the Government of Bengal, direct that all Moonsiffs whose Cutcherries are situated at a location not identical with that of a Magistrate or Joint Magistrate or Deputy Magistrate, shall abstain for the present from exercising the Criminal powers with which they have been invested.

2nd. This order will not effect those few Moonsiffs who for special reasons, had exercised Criminal powers previous to the publication of the orders by which all 1st Grade Moonsiffs were made Deputy

অশুদ্ধ শোধন।

নীচের লিখিত যে সরক্যুলর অর্ডর গত জুলাই মাসের ৪ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৪১০ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছিল তাহার তরজমা অশুদ্ধ হওয়াতে তাহা সংশোধিত তরজমার সহিত পুনরায় প্রকাশ হইতেছে।

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা মে মাসের ১৯ তারিখের ৬ নম্বরী সরক্যুলর অর্ডর মতান্তর করত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সঙ্গে লিখনপঠন করিয়া আদেশ করিতেছেন যে মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেট যে২ মোকামে থাকেন সেই২ মোকামে যে মুনসেফেরদের কাছারী না থাকে এমত সকল মুনসেফ যে ফৌজদারী ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন সেই ক্ষমতামতে সম্প্রতি কার্য্য না করেন।

২। ১৮৫৪ সালের ২৪ আপ্রিল তারিখের যে হুকুমমতে প্রথম শ্রেণীর সকল মুনসেফকে ডেপুটী মাজিষ্ট্রেট করা যায় সেই হুকুম প্রকাশ করণের পূর্ব্বে যে কএক জন মুনসেফ বিশেষ হেতুতে ফৌজদারী ক্ষমতামতে কার্য্য করি-

Magistrates on the 24th of April, 1854, but the Court are authorized to state that the Government will readily receive from the local Officers any well considered suggestions regarding the exercise of Criminal powers either by any particular Moonsiff or by Moonsiffs generally in the interior.

C. T. BUCKLAND,
Register.

Fort William, the 9th June, 1854.

য়াছিলেন তাঁহারদের এই হুকুমের দ্বারা কোন বাধা হইবেক না। পরন্তু সদর আদালতের সাহেবেরা হুকুমমতে কহিতেছেন যে মফঃসলে কোন বিশেষ মুনসেফের জিম্মা সাধারণমতে মুনসেফেরদের ফৌজদারী ক্ষমতামতে কার্য্য করিবার বিষয়ে স্থানীয় কার্য্যকারক সাহেবেরদের কোন সুবিবেচিত প্রস্তাব গবর্ণমেণ্ট গ্রাহ্য করিতে প্রস্তুত আছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৯ জুন।

JOHN ROBINSON, *Bengalee Translaort*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 22nd August, 1854.

Baboo Goureenath Goopt to act as Moonsiff of Parcool, Zillah Sylhet.

The 23rd August, 1854.

Baboo Gourhurry Bose, Officiating Additional Moonsiff of Backergunge, to be Moonsiff of Nulchitty, in the same district.

Baboo Thakoordoss Mookerjea, late Moonsiff of Pertabpore, Zillah Midnapore, to be Moonsiff of Madarepore in Backergunge.

LEAVES OF ABSENCE.

The 18th August, 1854.

Baboo Radhanath Chatterjea, Moonsiff of Juggernath Diggee, Zillah Tipperah, for two months, on Medical Certificate.

The 21st August, 1854.

Moulvee Syed Mouzzum Hossein, Moonsiff of Sunkerpossah, Zillah Sylhet, for fifteen days, in excess of the Dusserah and Mohurrum Vacations.

The 22d August, 1854.

Moulvee Nusseerooddeen, Moonsiff of Parcool, Zillah Sylhet, for five weeks, on Medical Certificate

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২২ আগষ্ট।

শ্রীযুত বাবু গৌরীনাথ গুপ্ত জিলা ছিলটের পারকুলের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ২৩ আগষ্ট।

বাকরগঞ্জের একটিং অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু গৌরহরি বসু উক্ত জিলার নালছিটির মুনসেফ হইবেন।

জিলা মেদিনীপুরের প্রতাপপুরের সাবেক মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা বাকরগঞ্জের মাদারিপুরের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৮ আগষ্ট।

জিলা ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চাটুয্য চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২১ আগষ্ট।

জিলা ছিলটের শঙ্করপসার মুনসেফ শ্রীযুত মৌলবী সায়দ মৌজুম হুসেন দশহরার ও মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২২ আগষ্ট।

জিলা ছিলটের পারকুলের মুনসেফ শ্রীযুত মৌলবী নসিরুদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১ আগষ্ট।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৭ আগষ্ট।

হুগলীর কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey,) গত মাসের ২০ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার পরিবর্ত্তে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ৭ আগষ্ট।

শ্রীযুত এ মানিয়াক সাহেব (Mr. A. Magniac,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "ওরিএণ্টল" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা বর্ত্তমান মাসের ১ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

গবর্ণমেণ্টের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ১৮৫৩ ৫৪ সালের অতিযোগ্য ছাত্রেরদের নীচের লিখিত যে রিটর্ণ দিয়াছেন তাহা সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

প্রথম শ্রেণী।

শ্রী মহেন্দ্রলাল সোম ... ... হিন্দু কালেজ।
শ্রী দ্বারকানাথ মিত্র ... ... হুগলী কালেজ।

দ্বিতীয় শ্রেণী।

শ্রী পূর্ণচন্দ্র সোম ... ... হুগলী কালেজ।
শ্রী শশিভূষণ ভাদুড়ি ... ... কৃষ্ণনগরের কালেজ।
শ্রী কেদারনাথ দত্ত ... ... হুগলী কালেজ।

ডব্লিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

OPIUM.

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৪ সাল তারিখ ৫ সেপ্টেম্বর মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৫২।৫৩ সালের পয়দায়শী আফিমের নবম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪০২৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৮৫৫
বানারসের পয়দায়শী আফিম	১১৭০
জুমলা সিন্দুক	৪০২৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৩ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৪ সালের ১১ এবং ২০ সেপ্টেম্বর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৪ সালের ১১ সেপ্টেম্বর সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাটখালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৪ সালের ২০ সেপ্টেম্বর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৫২।৫৩ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

								বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন	১৮৫৪	সালের	১২	অক্টোবর	বৃহস্পতিবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
	ঐ		৮	নবেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
	ঐ		৮	ডিসেম্বর	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৬৯	১১৭৬	৪০৪৫
								৮৫৭৯	৩৫১৬	১২০৯৫

বিসেজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৪ সাল তারিখ ২১ আগষ্ট।

এ আর ইয়ং। এক্‌টিং ছোট সেক্রেটারী।

No. 607.

NOTIFICATION.

The following Return of Meritorious Students for 1853-54, furnished by the Council of Education in pursuance of the Resolution of Government, dated the 10th October, 1844, is published for general information.

Names of Candidates.	Age.	Residence.	Institution at which educated.	Extent of acquirements.	Character and abilities.	Class attained and honorary distinctions acquired.	Remarks.
Mohendro Loll Shome, ...	19	Calcutta, ...	Hindoo College and Branch School, ...	Is equally distinguished in Literature and Mathematics.	Both very good.	First College Class for 3 years, and Senior Scholarship of 40 Rupees for 4 years, gained the Library Gold Medal for 1849-'50, and the Gold Medal presented by Sir James Colvile for proficiency in Law in 1852.	First Class.
Dwarkanath Mitter, ...	20	Agoonshee, Thannah Omptah, Zillah Hooghly, ...	Branch School at Hooghly, and Hooghly College,...	Has gone through the complete course of study prescribed by the Council and has made very good progress in all the branches of instruction contained therein.	Both very good.	Junior Scholarship for two years. Senior Scholarship for four years, obtained a Gold Medal for best English Essay in 1852-53.	First Class.
Poornoo Chunder Shome,	20	Chinsurah, Zillah Hooghly, ...	Hooghly College,... ...	Has gone through the prescribed course of study and has made good progress.	Both very good.	Junior Scholarship for two years, Senior Scholarship for four years.	Second Class.
Sosheebhooshun Bhadoory,	23	... ...	Hindoo and Kishnaghur Colleges, ...	Exceedingly good in Literature, very fair in Mathematics.	Both very good.	First College Class for one year, Senior Scholarship of 30 Rupees for three years, and now a Scholarship holder of 40 Rupees.	Second Class.
Kadarnath Dutt, ...	23	Puddoopooker, Shire Chandernagore,	Hooghly College, ...	Has gone through the prescribed course of study and has made good progress.	Both good.	Junior Scholarship for three years, Senior Scholarship for four years.	Second Class.

Fort William, the 7th August, 1854.

W. G. Young, *Offg. Under Secy. to the Govt. of Bengal.*

৬০৭ নম্বর।

বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ১৮৫৩। ৫৪ সালের অতিযোগ্য ছাত্রেরদের নীচের লিখিত যে রিপোর্ট গবর্ণমেণ্টের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণক্রমে প্রেরণ করেন তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

পরীক্ষা দেওনিয়ারদের নাম	বয়ঃক্রম	বাসস্থান	যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছেন	যেপর্য্যন্ত শিক্ষা করিয়াছেন তাহা	আচরণ ও গুণ	যে শ্রেণীতে উঠিয়াছেন ও যে সম্ভ্রমের চিহ্ন প্রাপ্ত হইয়াছেন তাহা।	মন্তব্য কথা
মহেন্দ্রলাল সোম ...	১৯	কলিকাতা	হিন্দুকালেজ ও শাখা পাঠশালা	শাস্ত্র বিদ্যাতে যেমন ভূমিপরিমাপক বিদ্যা-প্রভৃতিতে তেমন নিপুণ।	অত্যুত্তম	তিন বৎসরপর্য্যন্ত কালেজের প্রথম শ্রেণীতে থাকেন এবং চারি বৎসরপর্য্যন্ত ৪০৲ টাকার প্রধান ছাত্রবৃত্তি এবং ১৮৪৯। ৫০ সালে লাইব্রেরির স্বর্ণ পদক প্রাপ্ত হন এবং ১৮৫২ সালে শ্রীযুত সর জেম্‌স কালবিল সাহেব আইনেতে পটুতাহেতুক যে স্বর্ণ পদক দেন তাহা প্রাপ্ত হন	প্রথম শ্রেণী
দ্বারকানাথ মিত্র ...	২০	আগুনশী থানা আমতা জিলা হুগলী ...	হুগলীর শাখা পাঠশালা ও হুগলী কালেজ	কৌন্সেলের সাহেবেরদেরকর্ত্তৃক নির্দ্দিষ্ট সমস্ত বিদ্যাতে উত্তীর্ণ হইয়াছেন এবং তাহাতে যে২ বিদ্যা আছে সকলই অত্যুত্তমরূপে শিক্ষা করিয়াছেন।	অত্যুত্তম	দুই বৎসর দ্বিতীয় শ্রেণীর ও চারি বৎসর প্রধান শ্রেণীর ছাত্রবৃত্তি ভোগ করেন ১৮৫২। ৫৩ সালে সর্ব্বাপেক্ষা উত্তম ইঙ্গরেজী এসের নিমিত্তে স্বর্ণ পদক প্রাপ্ত হইয়াছেন।	প্রথম শ্রেণী
পূর্ণচন্দ্র সোম ...	২০	চুঁচুড়া জিলা হুগলী ...	হুগলী কালেজ ...	নির্দ্দিষ্ট সকল বিদ্যাতে উত্তীর্ণ হইয়াছেন এবং তাহাতে উত্তম হইয়াছেন।	অত্যুত্তম	দুই বৎসরর দ্বিতীয় শ্রেণীর ও চারি বৎসর প্রধান শ্রেণীর ছাত্রবৃত্তি ভোগ করেন।	দ্বিতীয় শ্রেণী
শশিভূষণ ভাদুড়ি ...	২৩	... ...	হিন্দু ও কৃষ্ণনগর কালেজ	শাস্ত্রবিদ্যাতে অতিনিপুণ ভূমিপরিমাপকাদি বিদ্যাতেও ভাল।	অত্যুত্তম	এক বৎসর কালেজের প্রথম শ্রেণী। তিন বৎসর ৩০৲ টাকার প্রধান ছাত্র বৃত্তিভোগী হন এইক্ষণে ৪০৲ টাকার বৃত্তিভোগী।	দ্বিতীয় শ্রেণী
কেদারনাথ দত্ত ...	২৩	পদ্মপুকুর সায়ের চন্দন নগর	হুগলী কালেজ ...	নির্দ্দিষ্ট সকল বিদ্যাতে উত্তীর্ণ হইয়াছেন এবং তাহাতে উত্তম হইয়াছেন।	উত্তম	তিন বৎসর দ্বিতীয় শ্রেণীর ছাত্রবৃত্তি ও চারি বৎসর প্রধান শ্রেণীর ছাত্রবৃত্তিভোগী হন।	দ্বিতীয় শ্রেণী

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৭ আগষ্ট।

ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা পূরণিয়া।

এত্তলা দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারানুসারে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল ১৮৫৪ সালের আগষ্ট মাসের ২৫ তারিখ মোতাবেক ফসলী ১২৬১ সালের ১৭ ভাদ্র তারিখ শুক্রবারে কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে পুনরায় ধরা যাইবেক।

দ্বিতীয় শ্রেণী। এক শত টাকার অনধিক ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৩৩ নং মৌজা ব্রহ্মপুর ব্রহ্মোত্তর পরগনা হরাবথ। লিখিত মালিকের নাম মোহননাল নীলামী খরিদার সদর জমা ৫০॥৶ টাকা।

পূরণিয়ার কালেক্টরী কাছারী। ১৮৫৪ সাল ৭ আগষ্ট। G. G. BALFOUR, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরে তমোহরনামক এক নূতন যন্ত্র শ্রী গোবিন্দচন্দ্র মিত্রকর্ত্তৃক স্থাপিত হইয়াছে তাহাতে কোন মহাশয় যদি সংস্কৃত কি ইঙ্গরেজী কি বঙ্গভাষার পুস্তক মুদ্রিত করিতে ইচ্ছুক হন তবে তাহা উপযুক্ত ব্যয়ে উত্তমাক্ষরে সুপণ্ডিতের দ্বারা সংশোধন করাইয়া মুদ্রাঙ্কিত করা যাইবেক।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ ষাণ্মাসিক আগামি ৫৲ ও বার্ষিক ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইতেছে, প্রথম তিন মাসের বহি প্রস্তুত আছে, চতুর্থ মাসের মুদ্রিত হইতেছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২৯ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLICK LIBRARY CALCUTTA

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 5, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ৫ সেপ্টেম্বর।

ACT.

ACT No. XVII. OF 1854.

An Act for the management of the Post Office, for the regulation of the duties of Postage, and for the punishment of offences against the Post Office.

[Concluded from Page 503.]

[Vendors of postage stamps to be appointed.]

XXXI. The Governor General of India in Council may make rules for the appointment and government of vendors of postage stamps, and thereby direct how and under what terms and conditions postage stamps may be supplied to them for sale; and whether any and what security shall be given by such vendors, and whether any and what remuneration or discount shall be allowed to them, and how and in what manner and at what time or times such vendors shall keep and render their accounts and pay over the proceeds of any sales made by them or re-deliver the stamps entrusted to them.

[Vendors to be bound by rules.]

XXXII. Government vendors of postage stamps shall be bound by such rules, and in case of any wilful breach thereof, shall be liable to a penalty not exceeding two hundred rupees, in addition to any other proceedings to which they may be liable.

[Penalty of vendor refusing to supply stamps.]

XXXIII. Any Government vendor of postage stamps, who shall be convicted of refusing or unnecessarily delaying, without reasonable excuse, to furnish postage stamps to any person desiring to purchase the same, and tendering in lawful currency the full value thereof, (the stamp vendor having

আইন।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৭ আইন।

ডাকঘরের কর্ম্ম নির্ব্বাহের এবং ডাকমাসুলের নিয়ম করণের এবং ডাকঘরের বিপরীত দোষের দণ্ড করণের বিষয়ি আইন।

[৫০৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।

[ডাকমাসুলের ইষ্টাম্পবিক্রেতারা নিযুক্ত হইবেক।]

৩১ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ডাকমাসুলের ইষ্টাম্পবিক্রেতারদের নিযুক্ত হওনের ও তাহারদের উপর কর্ত্তৃত্বের বিষয়ি বিধি করিতে পারেন এবং যেপ্রকারে ও যে নিয়ম ও শর্ত্তমতে ডাকমাসুলের ইষ্টাম্প তাহারদিগকে বিক্রয়ার্থে দেওয়া যাইবেক, এবং ঐ বিক্রেতারদের কোন জামিন দিতে হইবেক কি না ও কি প্রকার জামিন দিতে হইবেক, এবং তাহারদিগকে কোন মেহনতানা কি ডিসকৌণ্ট দেওয়া যাইবেক কি না ও কত দেওয়া যাইবেক, এবং যেরূপে ও যেপ্রকারে এবং যে এক কি অনেক সময়ে ঐ বিক্রেতারা আপনারদের হিসাব রাখিবেক ও দিবেক এবং যে কোন ইষ্টাম্প বিক্রয় করিয়াছে তাহার উৎপন্ন টাকা দাখিল করিবেক কিম্বা যে ইষ্টাম্প তাহারদের নিকটে গচ্ছিত ছিল তাহা ফিরিয়া দিবেক, এই সকল বিষয়ের হুকুম ঐ বিধি নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[বিক্রেতারদের বিধিমতে কার্য্য করিতেই হইবেক।]

৩২ ধারা। গবর্ণমেণ্টের নিযুক্ত ডাকমাসুলের ইষ্টাম্পবিক্রেতারদের ঐ বিধিমতে অবশ্য কার্য্য করিতে হইবেক এবং যদি জানিয়াশুনিয়া তাহার কোন প্রকারে লঙ্ঘন হয় তবে তাহারদের নামে অন্য যে কোন মোকদ্দমার কার্য্য হইতে পারিবেক তদতিরিক্ত তাহারদের দুই শত টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক ইতি।

[বিক্রেতা ইষ্টাম্প দিতে অস্বীকার করিলে তাহার দণ্ড।]

৩৩ ধারা। কোন ব্যক্তি ডাকমাসুলের ইষ্টাম্প কিনিতে চাহিলে এবং তাহার সম্পূর্ণ মূল্য চলন মুদ্রাতে দিতে প্রস্তাব করিলে এবং যে প্রকারের ও যে মূল্যের ইষ্টাম্প চাহে তাহা গবর্ণমেণ্টের নিযুক্ত ইষ্টাম্পবিক্রেতার নিকটে কুলানমতে থাকিলেও যদি এমত ইষ্টাম্পবিক্রেতা কোন ব্যক্তি উপযুক্ত হেতুবিনা তাহা দিতে অস্বী-

in his possession for sale sufficient stamps of the description and value required,) shall be subject to a fine not exceeding one hundred rupees.

[Penalty of vendor selling stamps for higher price than the value denoted thereby.]

XXXIV. Any Government vendor of postage stamps, convicted of taking from a purchaser a higher price than the value denoted on the stamps sold, shall be deemed guilty of extortion, and shall be punished, on conviction, with imprisonment, with or without hard labor, for any term not exceeding six months, or to a fine not exceeding one hundred rupees, and shall also be liable to refund to the purchaser the whole amount proved to have been taken in excess, which amount may be recovered by such purchaser before a Magistrate in the same manner as any penalty under this Act.

[Penalties for forging stamps, &c.]

XXXV. Clause 1. If any person shall forge or counterfeit, or cause or procure to be forged or counterfeited, any die, plate, or other instrument used for the purpose of making postage stamps; or if any person shall forge or imitate, or cause to be forged or imitated, any postage stamp; or if any person shall knowingly, and without lawful excuse (the proof of which excuse shall lie on the person accused,) have in his possession any false, forged or counterfeited die, plate, or other instrument resembling, or intended to resemble, either wholly or in part, any die, plate, or instrument used for the purpose aforesaid; or if any person shall stamp or mark any paper or other substance with any such false, forged, or counterfeit die, plate, or instrument as aforesaid; or if any person shall knowingly use, utter, sell, or expose for sale, or shall knowingly and without lawful excuse (the proof of which excuse shall lie on the person accused) have in his possession any paper or other substance having thereon the impression of any such false, forged, or counterfeit die, plate, or other instrument as aforesaid; or having thereon any counterfeit stamp resembling, or intended to resemble, or to be mistaken for a postage stamp, such person so offending, and every person knowingly aiding, abetting, or assisting such person in committing any such offence, shall be punished with imprisonment, with or without hard labor, for a term not exceeding seven years, and shall also be liable to fine.

[Forged stamps may be seized.]

Clause 2. Any Officer of Police may seize and transmit to the Magistrate any such forged or counterfeit die, plate, or other instrument, or any such forged or counterfeit postage stamp.

[And searched for.]

Clause 3. Any Officer of Police having power by law to search for stolen property may, subject to the provisions under which he is empowered to make such search, proceed to search houses or other places in which there may be reasonable cause to

কার করে কিম্বা অনাবশ্যকমতে বিলম্ব করে তবে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার এক শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক ইতি।

[ইষ্টাম্পেতে যে মূল্য ব্যক্ত হয় তাহার অধিক মূল্যে বিক্রয় করিলে বিক্রেতার দণ্ড।]

৩৪ ধারা। গবর্ণমেণ্টের নিযুক্ত ডাকমাসুলের কোন ইষ্টাম্পবিক্রেতা বিক্রয়হওয়া ইষ্টাম্পের উপর যে মূল্য ব্যক্ত হয় তাহার অধিক খরীদারের স্থানে লইলে ঐ দোষ সাব্যস্ত হইলে সে ব্যক্তি অন্যায়পূর্ব্বক মুদ্রা লওনের দোষী জ্ঞান হইবেক। এবং দোষ সাব্যস্ত হইলে তাহার ছয় মাসের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদের দণ্ড হইবেক অথবা এক শত টাকার অনধিক জরীমানা হইবেক এবং অধিক যত লওয়া গিয়াছে প্রমাণ হয় তাহা সমুদয় খরীদারকে ফিরিয়া দিবার দায় ঐ ব্যক্তির উপর থাকিবেক। এই আইনানুসারে কোন দণ্ডের টাকা যে প্রকারে আদায় হইতে পারে সেই প্রকারে ঐ খরীদার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেক ইতি।

[ইষ্টাম্প জাল করণপ্রভৃতির দণ্ড।]

৩৫ ধারা।—১ প্রকরণ। ডাকমাসুলের ইষ্টাম্প প্রস্তুত করিবার নিমিত্তে যে কোন ছাপ কি পাত কি অন্য যন্ত্র ব্যবহার হয় তাহা যদি কেহ জাল কি কৃত্রিম করে বা করায় বা করিতে প্রবৃত্তি দেয়, অথবা যদি কেহ কোন ডাকমাসুলের ইষ্টাম্প জাল করে বা করায় কিম্বা তাহার অনুরূপ করে বা করায়, অথবা পূর্ব্বোক্ত অভিপ্রায়ে যে কোন ছাপ কি পাত কি যন্ত্র ব্যবহার হয় তাহার সম্পূর্ণরূপে কি অংশমতে তুল্য কিম্বা তুল্য হওয়ার অভিপ্রায়ের কোন মিথ্যা কি জালকরা কি কৃত্রিম ছাপ কি পাত বা অন্য যন্ত্র যদি জানিয়াশুনিয়া ও আইনসিদ্ধ ওজরবিনা কোন ব্যক্তির দখলে থাকে (ঐ ওজরের প্রমাণ করণের ভার নালিশগ্রস্ত ব্যক্তির প্রতি হইবেক।) অথবা যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারের কোন মিথ্যা কি জালকরা কি কৃত্রিম ছাপ কি পাত কি যন্ত্র লইয়া কোন কাগজে কি অন্য দ্রব্যে ইষ্টাম্প কি চিহ্ন দেয়, অথবা যে কাগজের কি অন্য দ্রব্যের উপর পূর্ব্বোক্ত প্রকারের কোন মিথ্যা কি জালকরা কি কৃত্রিম ছাপের কি পাতের কি অন্য যন্ত্রের প্রতিরূপ থাকে কিম্বা যে কাগজের কি অন্য দ্রব্যের উপর ডাকমাসুলের ইষ্টাম্পের মত কি তাহার মত হইবার কি তাহাই এমত বুঝাইবার অভিপ্রায়ে কোন জালকরা ইষ্টাম্প থাকে, এমত কোন কাগজ কি অন্য দ্রব্য যদি কেহ জানিয়াশুনিয়া ব্যবহার করে কি চালায় কি বিক্রয় করে কিম্বা বিক্রয়ার্থে প্রকাশ করে কিম্বা জানিয়াশুনিয়া ও আইনসিদ্ধ ওজরবিনা আপন দখলে রাখে (ঐ ওজরের প্রমাণ করণের ভার নালিশগ্রস্ত ব্যক্তির প্রতি হইবেক।) তবে ঐ প্রকারের অপরাধি প্রত্যেক ব্যক্তির, এবং যে কেহ জানিয়াশুনিয়া এমত অপরাধ করিতে ঐ ব্যক্তির সহায়তা কি সাহায্য কি উপকার করে সেই প্রত্যেক ব্যক্তির, সাত বৎসরের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক।

[জালকরা ইষ্টাম্প ক্রোক হইতে পারে।]

২ প্রকরণ। পোলীসের কোন কার্য্যকারক এমত কোন জালকরা কি কৃত্রিম ছাপ কি পাত কি অন্য যন্ত্র কিম্বা এমত কোন জালকরা কি কৃত্রিমকরা ডাকমাসুলের ইষ্টাম্প ক্রোক করিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারেন।

[ও তাহার তালাশী হইতে পারে।]

৩ প্রকরণ। চোরা জিনিস তালাশ করিবার ক্ষমতা আইনমতে পোলীসের যে কোন কার্য্যকারকের আছে সেই কার্য্যকারক যে বিধিমতে ঐ তালাশী করিতে পারেন সেই বিধিমতে, ঐ প্রকার জালকরা কি কৃত্রিম কোন দ্রব্য যে ঘরে কি অন্য স্থানে থাকিবার শোবে হওনের

suspect that there is any such forged or counterfeit article, and shall seize and transmit to the Magistrate any such counterfeit article that may be found therein.

[Penalties for evading postage stamp duties.]

XXXVI. If any person shall fraudulently remove any postage stamp from any letter or other thing to which such stamp shall have been affixed; or if any person shall knowingly use any such stamp or stamps so fraudulently removed; or if any person shall fraudulently erase or remove, from any such stamp or stamps, any writing or other matter or thing thereon written or impressed, every person so offending shall forfeit a sum not exceeding two hundred rupees for every such offence.

[Postage on unpaid letters, &c., to be paid by the receiver.]

XXXVII. The person to whom any letter or other article, the postage of which has not been paid, shall be delivered, shall not be bound to pay the postage if he forthwith return the same unopened, but if he open the same, he shall be bound to pay the postage due thereon. If he forthwith return the same unopened, the sender of the letter or packet shall be bound to pay the postage thereof. If any person shall refuse to pay any postage which he is legally bound to pay for any letter or other article, the same may be recovered for the use of the East India Company by any Post Master General, or by any Officer in charge of a Post Office, by order of a Post Master General, in the same manner as a fine may be recovered under this Act; and it shall be lawful for the Officer in charge of any Post Office to withhold from the person so refusing, until such postage be paid, any other letter or packet addressed to that person, not being superscribed as on the public service. Provided always, that if a letter or other article shall appear to the satisfaction of the Post Master of the Office of delivery to have been maliciously sent for the purpose of annoying the person to whom it is addressed, the Post Master of the delivery Office may remit the postage.

[Registered letters.]

XXXVIII. Any person posting a letter or other article shall be entitled to require that it shall be registered at the receiving Post Office and that a receipt shall be granted for such registered letter or article, and it shall be lawful for the Governor General in Council to direct, that, in addition to any rates of postage payable under this Act, a fee not exceeding four annas shall be charged on any letter or other article which the sender thereof shall require to be so registered, and such registration fee shall be paid on the letter or other article being delivered at the Post Office.

[Expresses.]

XXXIX. It shall be lawful for the Governor General of India in Council to fix and order any

উপযুক্ত হেতু থাকে সেই ঘর কি অন্য স্থানে তালাশ করিতে পারেন এবং তাহার মধ্যে সেই প্রকারের যে কোন কৃত্রিম দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক করিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

[ডাকমাসুলের ইষ্টাম্পের মূল্য এড়াইবার দণ্ড।]

৩৬ ধারা। যদি কোন ব্যক্তি, কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর ডাকমাসুলের যে ইষ্টাম্প বসান গিয়াছে তাহা চাতুরীক্রমে তুলিয়া লয়, অথবা যদি কোন ব্যক্তি ঐ প্রকারে চাতুরীক্রমে তুলিয়া লওয়া এমত কোন এক কি অনেক ইষ্টাম্প জানিয়াশুনিয়া ব্যবহার করে, অথবা যদি কোন ব্যক্তি এমত কোন এক কি অনেক ইষ্টাম্পহইতে কোন লিখন কিম্বা তাহাতে লেখা কি ছাপা অন্য কথা বা বিষয় চাতুরীক্রমে কিরিয়া কি তুলিয়া ফেলে তবে এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে এমত প্রত্যেক অপরাধির দুই শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[পত্রাদির যে মাসুল পূর্ব্বে না দেওয়া যায় তাহা গ্রাহকের দিতে হইবেক।]

৩৭ ধারা। যে কোন পত্র কি অন্য দ্রব্যের মাসুল পূর্ব্বে দেওয়া যায় নাই তাহা যে ব্যক্তির নিকটে পঁহুছান যায় সে যদি তাহা না খুলিয়া তৎক্ষণাৎ ফিরিয়া দেয় তবে ঐ মাসুল তাহার দিতে হইবেক না। কিন্তু যদি তাহা খোলে তবে তাহার যে মাসুল দেনা হয় তাহা তাহার দিতেই হইবেক। যদি সেই ব্যক্তি ঐ পত্র কি পুলিন্দা না খুলিয়া তৎক্ষণাৎ ফিরিয়া দেয় তবে যে জন তাহা পাঠাইয়াছিল তাহারি তাহার মাসুল দিতে হইবেক। কোন পত্রের কি অন্য দ্রব্যের যে মাসুল কোন ব্যক্তির আইনমতে অবশ্য দিতে হয় তাহা যদি সে দিতে অস্বীকার করে তবে এই আইনানুসারে যে প্রকারে জরীমানা আদায় হইতে পারে সেই প্রকারে কোন সাধারণ ডাকাধ্যক্ষ কিম্বা সাধারণ ডাকাধ্যক্ষের আজ্ঞামতে ডাকঘরের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক কোম্পানি বাহাদুরের ব্যবহারের নিমিত্তে ঐ মাসুল আদায় করিতে পারেন। এবং কোন ডাকঘরের ভারপ্রাপ্ত কার্য্যকারকের এমত ক্ষমতা থাকিবেক যে ঐ মাসুল যাবৎ না দেওয়া যায় তাবৎ যে ব্যক্তি তাহা দিতে নারাজ হইয়াছে তাহার নামে অন্য যে কোন পত্র কি পুলিন্দা আইসে তাহা তাহাকে না দেন, কিন্তু 'সরকারী কার্য্যের বিষয়' এইরূপ কথা যে পত্রাদির উপর লেখা থাকে তাহা আটক করিবেন না। পরন্তু সর্ব্বদা জানা কর্ত্তব্য যে কোন পত্র কি অন্য দ্রব্য যে ডাকঘরে পঁহুছান যায় যদি তাহার অধ্যক্ষের স্বদ্বোধমতে দৃষ্ট হয় যে ঐ পত্রাদি যাহার নামে পাঠান গিয়াছে সেই ব্যক্তিকে ক্লেশ দিবার জন্যে তাহা ঈর্ষাপূর্ব্বক পাঠান গিয়াছে তবে যে ডাকঘরে পঁহুছে তাহার অধ্যক্ষ ডাকমাসুল ক্ষমা করিতে পারেন ইতি।

[রেজিষ্টরীকরা পত্র।]

৩৮ ধারা। যে কোন ব্যক্তি কোন পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দেয় সেই ব্যক্তি এমত প্রার্থনা করিতে পারে যে পত্রগ্রহণের ডাকঘরে ঐ পত্র রেজিষ্টরী করা যায় এবং ঐ রেজিষ্টরীকরা পত্রের কি দ্রব্যের রসীদ দেওয়া যায়। এবং হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুকুম করিতে পারেন যে এই আইনানুসারে যে কোন হারে মাসুল দেনা হয় তদতিরিক্ত যে কোন পত্র কি অন্য দ্রব্য প্রেরণকরণিয়া ব্যক্তি রেজিষ্টরী করণের প্রার্থনা করে তাহার উপর ।০ চারি আনার অধিক না হয় এমত রসুম লওয়া যায়। এবং ঐ পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দেওনসময়ে ঐ রেজিষ্টরী করণের রসুম দেওয়া যাইবেক ইতি।

[কাসিদ।]

৩৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে এই আই-

rate of postage to be charged for the conveyance of letters or other articles by express, in addition to or instead of any other rates of postage chargeable on such letters and articles under this Act.

[Commanders of inward bound vessels carrying mails, how to proceed. Penalty.]

XL. When any vessel arrives by sea at any place within the territories under the Government of the East India Company at which there is a Post Office, the Commander of such vessel shall, as speedily as possible, cause every letter and packet on board of such vessel, which is directed to that place, and not excepted from the exclusive privilege of the Post Office, to be delivered either at the Post Office or to some Officer of the Post Office authorized to receive the same; and if there be on board any letter or packet directed to any other place, and not excepted from the exclusive privilege aforesaid, the said Commander shall, as speedily as possible, report the same to the Post Master of the place at which he has arrived, and shall act according to the directions he may receive from such Post Master, and the receipt of such Post Master shall discharge such Commander from all responsibility in respect of such letter or packet. Every Commander of a vessel who shall wilfully disobey any of the directions contained in this Section, shall be punished with a fine not exceeding one thousand rupees.

[Detention of letters on board prohibited.]

XLI. Every person, being either the Commander of a vessel inwardbound, or any one on board such vessel, who shall, within the said territories, knowingly have in his possession any letter not excepted from the privilege of the Post Office, after any part of the letters on board the said vessel shall have been sent to the Post Office, shall forfeit for every such letter a sum not exceeding fifty rupees, whether the letter be in the baggage or on the person of the offender or otherwise in his custody; and every such person who shall detain any such letter after demand made for the same by an Officer of the Post Office shall forfeit for every such letter a sum not exceeding one hundred rupees.

[Bounty money.]

XLII. For every letter delivered by the Commander of any ship in conformity with the directions of Section XL. of this Act, the Officer in charge of the Post Office shall pay to the said Commander the sum of one anna; and the sum of one anna shall be chargeable as postage on such letter in addition to any other postage chargeable thereon under this Act. Provided that no payment shall be made to the Commander of any vessel on account of the delivery of any letter, unless the claim of such Commander shall be preferred before the vessel leaves the place at which the letter was delivered, or before the expiration of two months from the date of the arrival of such vessel. Provided al-

নানুসারে পত্রের ও দ্রব্যের উপর যে কোন হারের মাসুল লাগে তদতিরিক্ত কিম্বা তাহার পরিবর্ত্তে, কাসিদের দ্বারা সেই প্রকার পত্র কি অন্য দ্রব্য পাঠাইবার জন্যে, অন্য যে হারে মাসুল বসান যাইবেক তাহা নিরূপণ ও হুকুম করেন ইতি।

[ডাকের পত্রাদির পুলিন্দাবাহক যে২ জাহাজ বন্দরে আসিতেছে তাহার অধ্যক্ষেরদের যে প্রকারে কার্য্য করিতে হইবেক। দণ্ড।]

৪০ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে স্থানে ডাকঘর আছে এমত কোন স্থানে যখন কোন জাহাজ সমুদ্রপথে পঁহুছে তখন, ডাকঘরের বিশেষ ক্ষমতাতে বর্জ্জিত নহে, ঐ জাহাজে থাকা এমত যে প্রত্যেক পত্রের ও পুলিন্দার শিরনামায় ঐ স্থানের ঠিকানা লেখা আছে তাহা ঐ জাহাজের অধ্যক্ষ যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র ঐ ডাকঘরে দেওয়াইবেন কিম্বা ঐ ডাকঘরের যে কোন কার্য্যকারক তাহা লইবার ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহাকে দেওয়াইবেন। এবং পূর্ব্বোক্ত বিশেষ ক্ষমতাতে বর্জ্জিত নহে এমত যে কোন পত্রের কি পুলিন্দার শিরনামায় অন্য কোন স্থানের ঠিকানা লেখা আছে তাহা যদি সেই জাহাজে থাকে তবে উক্ত জাহাজাধ্যক্ষ যে স্থানে পঁহুছিয়াছেন সেই স্থানের ডাকাধ্যক্ষের নিকটে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেই বিষয়ের রিপোর্ট করিবেন এবং ঐ ডাকাধ্যক্ষের স্থানে যে হুকুম পান্ তদনুসারে কার্য্য করিবেন এবং ঐ ডাকাধ্যক্ষের রসীদ পাইলে ঐ জাহাজাধ্যক্ষ ঐ পত্র কি পুলিন্দার সকল দায়হইতে মুক্ত হইবেন। যে প্রত্যেক জাহাজাধ্যক্ষ এই ধারার লিখিত কোন হুকুম জানিয়াশুনিয়া অমান্য করেন তাঁহার এক হাজার টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[জাহাজে পত্র আটক করিয়া রাখণের নিষেধ।]

৪১ ধারা। বন্দরে যে জাহাজ আইসে সেই জাহাজস্থ পত্রসকলের কোন অংশ ডাকঘরে পাঠান গেলে পর ঐ জাহাজের অধ্যক্ষ হউন কিম্বা জাহাজস্থ অন্য কেহ হউন যে প্রত্যেক ব্যক্তি জানিয়াশুনিয়া, ডাকঘরের বিশেষ ক্ষমতাতে বর্জ্জিত নহে এমত কোন পত্র, উক্ত দেশের মধ্যে আপন দখলে রাখেন, সেই পত্র অপরাধির আসবাবের মধ্যে হউক কি তাহার গাত্রে হউক কিম্বা অন্য কোন প্রকারে তাহার জিম্মায় থাকুক, এমত প্রত্যেক পত্রের নিমিত্তে তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক। এবং ডাকঘরের কার্য্যকারক এমত কোন পত্র দাওয়া করিলে পর উক্ত প্রকার যে প্রত্যেক ব্যক্তি তাহা আটক করিয়া রাখে তাহার এমত প্রত্যেক পত্রের নিমিত্তে এক২ শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[পুরস্কার।]

৪২ ধারা। এই আইনের ৪০ ধারার হুকুমমতে কোন জাহাজের অধ্যক্ষ যে২ পত্র পঁহুছাইয়া দেন তাহার প্রত্যেক পত্রের নিমিত্তে ডাকঘরের ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ অধ্যক্ষকে এক আনা করিয়া দিবেন। এবং ঐ পত্রের উপর এই আইনানুসারে অন্য যে কোন মাসুল বসান যাইতে পারে তাহার অতিরিক্ত মাসুলস্বরূপ আর এক আনা বসান যাইতে পারিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে কোন পত্র যে স্থানে পঁহুছাইয়া দেওয়া যায় সেই স্থানহইতে জাহাজের প্রস্থান করণের পূর্ব্বে কিম্বা ঐ জাহাজ পঁহুছিবার তারিখের পর দুই মাস অতীত না হওনের পূর্ব্বে যদি কোন জাহাজাধ্যক্ষ দাওয়া উপস্থিত না করেন তবে ঐ পত্র পঁহুছাইয়া দেওনের নিমিত্তে ঐ জাহাজের অধ্যক্ষকে কোন পুরস্কার দেওয়া যাইবেক না। আরো জানা কর্ত্তব্য যে এই আইনের ৪০। ৪১। ও ৪২ ধারার কোন

so, that nothing contained in Sections XL., XLI. and XLII. of this Act shall extend to any letter or packet conveyed by Her Majesty's Mails.

[Commanders of outward bound vessels to receive mails on board.]

XLIII. The Commander of every vessel leaving any place in the said territories by sea shall receive on board of such vessel every letter and packet which he shall be required so to receive by any Officer of the Post Office, and shall give a receipt for such letter or packet; and every Commander of a vessel who shall wilfully disobey any direction contained in this Section shall be punished with a fine not exceeding one thousand rupees.

[Unclaimed letters, &c.]

XLIV. Clause 1. A list of all letters, packets, and parcels posted and addressed to persons who cannot be found, shall be prepared daily in every Post Office and exposed for not less than two weeks in the most conspicuous part of such Office; and all such letters, packets, and parcels, which shall have remained three weeks unclaimed in any Office, shall, if the sender's name and address are written on the cover, be returned to the Posting Office to be delivered to the sender free of all charge; all letters, packets, and parcels, of which the sender's name and address cannot be ascertained, unless they be opened, shall, after remaining unclaimed for three weeks as above, be forwarded to the Office of the Post Master General of the Presidency.

[To be opened, &c.]

Clause 2. The Post Master General, or some person duly appointed for the purpose and bound to secrecy, shall immediately open all such letters, packets, or parcels, and if the address of the sender can be discovered, shall enclose them in dead letter covers and return them to the sender. All letters, packets, and parcels, of which neither the person addressed nor the sender can be found, shall, after they have remained unclaimed in the Office of the Post Master General for one year, be destroyed.

[Money, &c. found therein.]

Clause 3. All money found in any unclaimed letter, packet, or parcel shall be paid into the Public Treasury, and all other valuable property found as above shall be sold by the Post Master General of the Presidency, or by some one duly authorized by him for that purpose, and the proceeds of the sale shall be paid into the Public Treasury for the benefit of any person who may have a right thereto, after deducting all sums due from such person for postage.

[Refused letters, &c.]

XLV. Letters, parcels, or packets rejected unopened by the person to whom they are addressed shall be forthwith sent to the Office of the Post Master General of the Presidency, who shall open the letter, parcel, or packet, and take measures to

কথা শ্রীশ্রীমতী মহারাণীর মেলের দ্বারা চালান কোন পত্রের কি পুলিন্দার বিষয়ে খাটিবেক না ইতি।

[যে২ জাহাজ বন্দর ছাড়িয়া যাইতেছে তাহার অধ্যক্ষ ডাকের পত্রাদির পুলিন্দা লইবেন।]

৪৩ ধারা। যে২ জাহাজ উক্ত দেশের মধ্যের কোন স্থান ছাড়িয়া সমুদ্রপথে যাইতে উদ্যত হয় সেই প্রত্যেক জাহাজের অধ্যক্ষকে ডাকঘরের কোন কার্য্যকারক যে২ পত্র ও পুলিন্দা লইয়া যাইতে হুকুম করেন এমত প্রত্যেক পত্র ও পুলিন্দা তিনি জাহাজে লইবেন এবং ঐ সকল পত্রের ও পুলিন্দার নিমিত্তে রসীদ দিবেন। এবং যে প্রত্যেক জাহাজাধ্যক্ষ এই ধারার লিখিত কোন হুকুম জানিয়াশুনিয়া অমান্য করেন তাঁহার এক হাজার টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[দাওয়া না হওয়া পত্রাদি।]

৪৪ ধারা। ১ প্রকরণ। যে সকল পত্র ও পুলিন্দা ডাকে দেওয়া যায় কিন্তু শিরনামার লিখিত ব্যক্তিরদের সন্ধান না পাওয়া যায় তাহার এক ফর্দ্দ প্রত্যেক ডাকঘরে প্রতিদিন প্রস্তুত করা যাইবেক এবং ঐ ডাকঘরের অতি প্রকাশিত স্থানে অন্যূন দুই সপ্তাহ প্রকাশ করা যাইবেক। এবং এমত যে সকল পত্র ও পুলিন্দা দাওয়া না হইয়া কোন ডাকঘরে তিন সপ্তাহপর্য্যন্ত থাকে তাহার খামের উপর যদি প্রেরকের নাম ও ঠিকানা লেখা থাকে তবে তাহাকে বিনাখরচে দেওয়া যাইবার নিমিত্তে ঐ পত্র যে ডাকঘরে দেওয়া গিয়াছিল তাহাতে ফিরিয়া পাঠান যাইবেক। যে সকল পত্র ও পুলিন্দা না খুলিলে প্রেরকের নাম ও ঠিকানা নিশ্চয় করা যাইতে পারে না তাহা পূর্ব্বোক্তমতে দাওয়া না হইয়া তিন সপ্তাহপর্য্যন্ত থাকিলে পর রাজধানীর সাধারণ ডাকাধ্যক্ষের দফ্তরখানায় পাঠান যাইবেক।

[খোলা যাইবার কথাপ্রভৃতি।]

২ প্রকরণ। সাধারণ ডাকাধ্যক্ষ অথবা এই কর্ম্মের নিমিত্তে উচিতমতে নিযুক্ত ও পত্রের কথা গোপনে রাখিতে বদ্ধ কোন ব্যক্তি অগোণে সেই প্রকারের সকল পত্র কি পুলিন্দা খুলিবেন এবং যদি ঐ পত্রাদিতে প্রেরকের নাম জানা যাইতে পারে তবে তাহা ডেড লেটরের (অর্থাৎ যে পত্রের দাওয়াদার নাই এমত পত্রের) খামে দিয়া প্রেরকের নিকটে ফিরিয়া দিবেন। পত্র কি পুলিন্দা যাহার নামে দেওয়া যায় ও যে জন পাঠায় এই উভয়ের মধ্যে কাহারো সন্ধান যদি না পাওয়া যায় তবে এমত সকল পত্র ও পুলিন্দা এক বৎসরপর্য্যন্ত সাধারণ ডাকাধ্যক্ষের দফ্তরখানায় দাওয়া না হইয়া থাকিলে পর নষ্ট করা যাইবেক।

[তাহাতে যে টাকাপ্রভৃতি পাওয়া যায় তাহার কথা।]

৩ প্রকরণ। দাওয়া না হওয়া কোন পত্রেতে কি পুলিন্দাতে যে সকল টাকা পাওয়া যায় তাহাতে যে কোন ব্যক্তির স্বত্ব থাকিতে পারে তাহার স্থানে ডাকমাসুলের বাবৎ যে সকল টাকা কি পয়সা পাওনা হয় তাহা বাদ দিয়া ঐ টাকা তাহার উপকারের জন্যে সরকারী খাজানাখানায় দাখিল করা যাইবেক এবং অন্য যে সকল মূল্যবান দ্রব্য উক্ত প্রকারে পাওয়া যায় তাহা রাজধানীর সাধারণ ডাকাধ্যক্ষের দ্বারা কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে তাঁহাহইতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা বিক্রয় করা যাইবেক এবং ঐ বিক্রয়ের উৎপন্ন টাকা সরকারী খাজানাখানায় দাখিল করা যাইবেক ইতি।

[যে পত্রাদি না লওয়া যায়।]

৪৫ ধারা। পত্রের কি পুলিন্দার শিরনামায় যে ব্যক্তির নাম লেখা আছে সে যদি তাহা না খুলিয়া অগ্রাহ্য করে তবে সেই পত্র কি পুলিন্দা রাজধানীর সাধারণ ডাকাধ্যক্ষের দফ্তরখানায় অগোণে পাঠান যাইবেক এবং তিনি তাহা খুলিয়া প্রেরকের স্থানে মাসুল আদায় করিবার

recover the postage from the sender, or shall at his discretion destroy the letter, parcel, or packet; and all money, or other valuable property, which such letter, parcel, or packet may contain shall be disposed of in the manner prescribed in the preceding Section, with respect to such money or property contained in unclaimed letters.

[Franking abolished. Letters on the public service duly certified as such, how to be charged.]

XLVI. On and after the passing of this Act, the privilege of sending and receiving letters and packets by the post, free of postage, whether official or otherwise, shall wholly cease; and all letters and packets, to which any such privilege now extends, shall henceforth be charged with the same rates of postage as any other letters sent by the post. Provided that letters and packets on the public service, certified to be such by the signature of any public officer, authorized in that behalf by the Governor General of India in Council, shall be forwarded by the post as if they were duly stamped, and the postage due thereon shall be charged to the several public departments, from which such letters or packets are sent, in such manner as the said Governor General of India in Council shall direct.

[Penalty for false certificate.]

XLVII. Every person who shall, for the purpose of defrauding the Post Office Revenue, wilfully certify, by writing, on any official or other letter or packet delivered at any Post Office for conveyance by post, that which is not true in respect of such letter or packet, or in respect of the whole of its contents, or shall knowingly send or deliver, or attempt to send or deliver for conveyance by post, any letter or packet with any such false certificate thereon; and every person who shall knowingly send, or permit to be sent by post, under color or pretence of an official communication, any letter, paper, writing, or other enclosure of a private nature; and every person who shall aid, abet, or conceal any of the offences in this Section above-mentioned, shall, for every such offence, forfeit a sum not exceeding five hundred rupees.

[Letters, &c., suspected to contain contraband articles, or writing in contravention of this Act, how to be dealt with.]

XLVIII. If any Officer in charge of a Post Office shall suspect that any letter, parcel, or packet, lying for delivery at his Office, contains any contraband article, or any article on which duty is owing to Government, or that any letter, parcel, or packet lying for delivery at the Post Office, contains any writing or enclosure in contravention of the provisions of Sections VIII., XV., XVI., or XLVII. of this Act, it shall be lawful for such Officer to summon the person to whom the letter, parcel, or packet is directed to attend at the Post Office by himself or agent within forty-eight hours after the arrival thereof at that Post Office, and to open the

উপায় করিবেন কিম্বা আপনার বিবেচনামতে ঐ পত্র কি পুলিন্দা নষ্ট করিবেন। এবং দাওয়া না হওয়া পত্রের মধ্যে যে টাকা কি দ্রব্য পাওয়া যায় তাহা লইয়া উক্ত ৪৪ ধারাতে যেরূপ করিবার আজ্ঞা হইয়াছে, উক্ত পত্রের কি পুলিন্দার মধ্যে যে সকল টাকা কি মূল্যবান অন্য দ্রব্য থাকে তাহাও লইয়া সেইরূপ করা যাইবেক ইতি।

[বেমাসুলী পত্র প্রেরণ রহিত হওয়ার কথা। 'সরকারী কার্য্যের বিষয়' এইরূপ নিদর্শন যে পত্রের উপর উপযুক্ত মতে থাকে তাহার মাসুল যেপ্রকারে পাওয়া যাইবেক।]

৪৬ ধারা। সরকারী কি অন্য পত্র ও পুলিন্দা বেমাসুলে পাঠাইবার ও গ্রহণ করিবার যে ক্ষমতা আছে তাহা এই আইন জারী হইলে ও তাহার পর সম্পূর্ণরূপে রহিত হইবেক। এবং ডাকের দ্বারা পাঠান অন্য কোন পত্রের মাসুল যে হারে লাগে, ঐ প্রকার ক্ষমতা এইক্ষণে যে সকল পত্রের ও পুলিন্দার বিষয়ে খাটে তাহার উপর, সেই হারের মাসুল এইঅবধি বসান যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে "সরকারী কার্য্যের" এমত নিদর্শন লিখিবার ক্ষমতা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর সরকারী যে কোন কার্য্যকারককে অর্পণ করেন তাঁহার স্বাক্ষরক্রমে ঐ প্রকার নিদর্শনযুক্ত সরকারী কার্য্যের পত্র ও পুলিন্দা, উপযুক্তরূপে ইষ্টাম্প হওয়ার ন্যায় ডাকের দ্বারা পাঠান যাইবেক। এবং হুজুর কৌন্সেলে ভারতবর্ষের উক্ত শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে প্রকার হুকুম করিবেন সেই প্রকারে সরকারী যে সিরিশ্তাহইতে ঐ পত্র কি পুলিন্দা পাঠান যায় সেই সিরিশ্তার খরচে ঐ পত্রাদির উপর পাওনা মাসুল লেখা যাইবেক ইতি।

[অসত্য নিদর্শনের দণ্ড।]

৪৭ ধারা। যে কেহ ডাকঘরের রাজস্ব চাতুরীপূর্ব্বক হরণ করণের অভিপ্রায়ে কোন সরকারী কি অন্য যে পত্র কি পুলিন্দা ডাকের দ্বারা পাঠান যাইবার জন্যে কোন ডাকঘরে অর্পণ করা যায় তাহার বিষয়ে কিম্বা তাহার মধ্যের সকল বিষয়ে যাহা সত্য নয় এমত কোন নিদর্শন তাহার উপর লেখে, অথবা যে কোন পত্র কি পুলিন্দার উপর এমত কোন অসত্য নিদর্শন থাকে তাহা ডাকের দ্বারা চালাইবার জন্যে জানিয়াশুনিয়া পাঠায় কি অর্পণ করে কিম্বা পাঠাইতে কি অর্পণ করিতে উদ্যোগ করে, এবং যে কেহ সরকারী পত্রের বাহানায় কি ছলে কাহারো নিজের বিষয়ের কোন পত্র কি কাগজ কি লিপি কি খামে বন্ধ অন্য বিষয় জানিয়াশুনিয়া পাঠায় কি পাঠাইতে অনুমতি দেয় সেই ব্যক্তির, এবং যে কোন ব্যক্তি এই ধারার উপরোক্ত কোন অপরাধের সাহায্য কি সহকারিতা করে কি তাহা গোপন করে সেই প্রত্যেক ব্যক্তির, এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[যেং পত্রাদিতে বিনানুমতির দ্রব্য কি এই আইনের নিষিদ্ধ লিপি থাকার শোবে হয় তাহা লইয়া যেরূপ করা যাইবেক।]

৪৮ ধারা। যদি ডাকঘরের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক এমত শোবে করেন যে পঁহুছাইয়া দেওয়ার নিমিত্তে আপন দফ্তরখানায় উপস্থিতথাকা কোন পত্রের কি পুলিন্দার মধ্যে কোন বিনানুমতির দ্রব্য কিম্বা যাহার উপর গবর্ণমেণ্টের মাসুল পাওনা হয় এমত কোন দ্রব্য আছে; অথবা পঁহুছাইয়া দেওয়ার জন্যে ডাকঘরে উপস্থিতথাকা কোন পত্র কি পুলিন্দার মধ্যে এই আইনের ৮ কি ১৫ কিম্বা ১৬ বা ৪৭ ধারার বিধানের বিপরীত কোন লিখন কি বিষয় আছে, তবে এমত কার্য্যকারকের ক্ষমতা থাকিবেক যে ঐ পত্র কি পুলিন্দার শিরনামায় যাহার নাম লেখা আছে তাহাকে, ঐ ডাকঘরে পত্র কি পুলিন্দা পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে, আপনি কিম্বা মোক্তারের দ্বারা ঐ ডাকঘরে উপস্থিত হইতে হুকুম করেন, এবং

same in the presence of the person to whom it is directed, or of that person's agent, and if that person shall not so attend by himself or agent, then to open it in the absence of that person. Provided that if the Officer in charge be under the rank of a Post Master, he shall call in two respectable persons as witnesses before he shall open a letter, parcel, or packet in the absence of the person to whom it is addressed. Provided also, that in all cases the opened letter, parcel, or packet shall be subsequently delivered to the person to whom it is addressed, unless it be required for ulterior proceedings, and that the opening of the same, and the circumstances connected therewith, shall be immediately reported to the Post Master General. It shall also be lawful for any Officer in charge of a Post Office to refuse to forward any parcel or packet through the Post Office by sea to any foreign port or to any place not on the continent of India, unless such parcel be accompanied by a Custom House Pass.

[Government not responsible for loss.]

XLIX. The Government shall not be responsible for any loss or damage which may occur in respect of anything entrusted to the Post Office for conveyance, and no person employed by the Government in the Post Office Department shall be responsible for any such loss or damage, unless that person shall cause such loss or damage negligently, maliciously, or fraudulently.

[Penalty for secreting, opening, or making away with letters, &c., by persons employed in the Post Office.]

L. Whoever being in the employ of the Government in the Post Office Department shall fraudulently secrete, make away with, or appropriate any letter, parcel, or packet which may have been entrusted to him, or anything contained in any such letter, parcel, or packet, or shall mutilate or break open any such letter, parcel, or packet, or any banghy parcel or box, with the intention of fraudulently appropriating anything therein contained, shall be punished with imprisonment, with or without hard labor, for a term not exceeding seven years, and shall also be liable to fine.

[Penalty for detaining mails.]

LI. It shall not be lawful for any person, unless acting by express order of the Government, to detain, except for a criminal offence, a Post Office messenger, whilst carrying the mails, or to detain any carriage or horse upon which the mails are being carried, or on any pretence to open a packet in transit from one Post Office to another; and every person who shall be guilty of any of the above-mentioned offences shall be punished with a fine not exceeding five hundred rupees.

[Penalty for retaining letters, &c., delivered by mistake.]

LII. Every person who shall fraudulently retain, or wilfully secrete, or make away with, or keep or detain, or, being required to deliver up by

তাহার শিরনামায় যাহার নাম লেখা আছে তাহার সাক্ষাতে কিম্বা তাহার মোক্তারের সাক্ষাতে তাহা খোলেন, এবং যদি সেই ব্যক্তি আপনি কিম্বা মোক্তারের দ্বারা হাজির না হয় তবে তাহার অনুপস্থানে তাহা খোলেন। পরন্তু জানা কর্ত্তব্য যে ভারপ্রাপ্ত কার্য্যকারক যদি ডাকাধ্যক্ষের পদহইতে ছোট পদে থাকেন তবে যাহার নামে ঐ পত্র কি পুলিন্দা পাঠান যায় তাহার অনুপস্থানে তাহা খুলিবার পূর্ব্বে তিনি দুই জন সম্ভ্রান্ত লোককে সাক্ষী হইবার নিমিত্তে নিকটে ডাকিবেন। আরো জানা কর্ত্তব্য যে ঐ খোলা পত্রের কি পুলিন্দার যদি উত্তর কালে মোকদ্দমার কার্য্যের নিমিত্তে আবশ্যক না হয় তবে তাহার শিরনামায় যাহার নাম লেখা আছে তাহাকে খুলিবার পরে সর্ব্বদাই দেওয়া যাইবেক এবং তাহা খুলিবার ও তাহা খুলিয়া দেওনসম্পর্কীয় ব্যাপারের রিপোর্ট অগোণে সাধারণ ডাকাধ্যক্ষের নিকটে করা যাইবেক। আরো ডাকঘরের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারকের ক্ষমতা থাকিবেক যে কোন পুলিন্দার সঙ্গে কষ্টম হৌসের পাস না থাকিলে সেই পুলিন্দা ডাকঘরের দ্বারা সমুদ্রপথে কোন বিদেশীয় বন্দরে কিম্বা ভারতবর্ষের মধ্যস্থ কোন স্থানভিন্ন অন্য স্থানে চালাইতে অস্বীকার করেন ইতি।

[ক্ষতির বিষয়ে গবর্ণমেণ্ট দায়ী নহেন।]

৪৯ ধারা। যে কোন দ্রব্য চালাইবার নিমিত্তে ডাকঘরে সমর্পণ করা যায় তাহার বিষয়ে যে কিছু ক্ষতি কি নোক্‌সান হয় তাহার নিমিত্তে গবর্ণমেণ্ট দায়ী হইবেন না এবং ডাকঘরের সিরিশ্‌তায় গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্ত কোন ব্যক্তি ঐ প্রকার কোন ক্ষতি কি নোক্‌সানের দায়ী হইবেক না কিন্তু যদি সেই ব্যক্তি অমনোযোগে কি ঈর্ষাপূর্ব্বক কি চাতুরীক্রমে ঐ ক্ষতি কি নোক্‌সান করায় তবে সে দায়ী হইবেক ইতি।

[ডাকঘরের কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরদের দ্বারা পত্রাদি লুকাইয়া রাখিবার কি খুলিবার কি হরণ করিবার দণ্ড।]

৫০ ধারা। ডাকঘরের সিরিশ্‌তায় গবর্ণমেণ্টের কর্ম্মকারি যে কোন ব্যক্তির নিকটে কোন পত্র কি পুলিন্দা সমর্পণ করা যায় সে যদি এমত কোন পত্র কি পুলিন্দা কিম্বা তাহার মধ্যে থাকা কোন দ্রব্য চাতুরীক্রমে লুকাইয়া রাখে কি হরণ করে কি আপনার নিমিত্তে রাখে কিম্বা এমত কোন পত্রের কি পুলিন্দার কি কোন বাক্সির পুলিন্দার কি বাক্সের মধ্যে থাকা কোন দ্রব্য চাতুরীক্রমে আপনার নিমিত্তে রাখিবার অভিপ্রায়ে তাহা বিকৃত করে কি ভাঙ্গিয়া খোলে তবে তাহার সাত বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[ডাকের পুলিন্দা আটক করিয়া রাখণের দণ্ড।]

৫১ ধারা। ডাকঘরের হরকারা যে সময়ে ডাকের পুলিন্দা লইয়া যাইতেছে সেই সময়ে তাহাকে ফৌজদারী অপরাধভিন্ন অন্য কোন হেতুতে আটক করিয়া রাখিতে, কিম্বা যে গাড়ি কি ঘোড়ার উপর ডাকের পুলিন্দা চালান হইতেছে তাহা আটক করিয়া রাখিতে, কিম্বা এক ডাকঘরহইতে অন্য ডাকঘরে চলন সময়ে কোন ছলে পুলিন্দা খুলিতে, গবর্ণমেণ্টের বিশেষ হুকুমক্রমে কার্য্যকরণিয়া ভিন্ন কোন ব্যক্তির ক্ষমতা থাকিবেক না। এবং যে প্রত্যেক ব্যক্তি উপরের উক্ত কোন অপরাধের দোষী হয় তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[ভুলক্রমে দেওয়া পত্রাদি আটক করিয়া রাখণের দণ্ড।]

৫২ ধারা। ডাকের পত্র কি অন্য দ্রব্য যে কোন ব্যক্তির নিকটে পঁহুছাইয়া দিতে হইত সেই ব্যক্তিভিন্ন অন্য যে কেহ ঐ পত্রাদি, কিম্বা ডাকের পত্রের যে থলিতে ডাকের দ্বারা চালান পত্র কি অন্য দ্রব্য কি পুলিন্দা থাকে তাহা,

an Officer of the Post Office, shall neglect or refuse to deliver up a post letter or other article which ought to have been delivered to any other person, or a post letter bag containing a letter or other article or packet which shall have been sent by the post, shall be punished, on conviction before a Magistrate, with imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalty for neglect on the part of persons employed to carry mails.]

LIII. Every person employed to convey or deliver any post-bag, or any letter, parcel, or packet sent by post, who shall be guilty while so employed of any act of drunkenness, carelessness, or other misconduct, whereby the safety of any such bag or letter, parcel or packet shall be endangered; or who shall loiter or make delay in the conveyance or delivery of any such bag, letter, parcel, or packet; or who shall not use proper care and diligence safely to convey or deliver any such bag, letter, parcel, or packet, shall be liable to a fine not exceeding fifty rupees; and any person employed to deliver a letter, parcel, or packet sent by the post, who shall not duly deliver the same, shall, within a reasonable time, not exceeding twenty-four hours, report the fact at the Post Office where he received such letter, parcel, or packet, and return the same; and if any such person shall wilfully make a false report, he shall be liable to a fine not exceeding fifty rupees.

[Penalty for embezzlement by persons employed in the Post Office.]

LIV. Whoever being in the employ of the Government in the Post Office Department, and being entrusted to receive money for postage duty or any other public purpose, shall fraudulently appropriate the same, shall be punished, on conviction before a Magistrate, with imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalty for fraudulently altering marks on letters, &c., by persons employed in the Post Office.]

LV. Whoever being in such employ as is described in Section LIV. shall fraudulently put any wrong mark on any letter, parcel, or packet, or shall fraudulently alter, remove, or cause to disappear, any mark or stamp which is on any letter or packet, or shall fraudulently use or place with or upon any letter or packet any stamp which shall have been removed from any other letter or cover, or shall aid, abet, or conceal any of the above-named acts, shall be punished, on conviction before a Magistrate, with imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalty for incorrectly preparing documents, or secreting documents by persons employed in the Post Office.]

LVI. Whoever being in such employ as is described in Section LIV., and being entrusted with

চাতুরীক্রমে রাখে কিম্বা জানিয়াশুনিয়া লুকায় কি হরণ করে কি কাছে রাখে কি আটক করে কিম্বা ডাকঘরের কার্য্যকারক তাহাকে তাহা ফিরিয়া দিতে হুকুম করিলে ফিরিয়া দিতে ত্রুটি করে কি অস্বীকার করে সেই ব্যক্তির দোষ কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার দুই বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[যাহারা ডাকের পত্রাদির পুলিন্দা বহিতে নিযুক্ত হয় তাহারদের ত্রুটির দণ্ড।]

৫৩ ধারা। কোন ডাকের থলি কিম্বা ডাকের দ্বারা প্রেরিত কোন পত্র কি পুলিন্দা লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে নিযুক্ত কোন ব্যক্তি যদি এমত কর্ম্ম করণ সময়ে কোন মাতলামীর কি অসাবধানতার কিম্বা অন্য যে কুকর্ম্মের দ্বারা এমত কোন থলির কি পত্রের কি পুলিন্দার সুরক্ষার বিষয়ে আশঙ্কা হয় এমত কোন কর্ম্মের দোষী হয়, কিম্বা এমত কোন থলি কি পত্র কি পুলিন্দা লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে শৈথিল্য করে কি বিলম্ব করে, অথবা এমত কোন থলি কি পত্র কি পুলিন্দা নির্ব্বিঘ্নরূপে লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে উপযুক্ত মনোযোগ ও সতর্কতা না করে তবে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইতে পারে। এবং যে কোন ব্যক্তি ডাকের দ্বারা পাঠান পত্র কি পুলিন্দা পঁহুছাইয়া দিতে নিযুক্ত হইয়া তাহা উপযুক্তমতে পঁহুছাইয়া না দেয় সেই ব্যক্তি চব্বিশ ঘণ্টার অধিক না হয় এমন উপযুক্ত সময়ের মধ্যে ঐ পত্র কি পুলিন্দা যে ডাকঘরে পাইয়াছিল তাহাতে সেই কথার রিপোর্ট করিয়া ঐ পত্রাদি ফিরিয়া দিবেক। এবং যদি এমত কোন ব্যক্তি জানিয়াশুনিয়া অসত্য রিপোর্ট করে তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক ইতি।

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরদের তহবীল ভাঙ্গনের দণ্ড।]

৫৪ ধারা। যে কোন ব্যক্তি ডাকঘরের সিরিশ্তায় গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত হইয়া এবং ডাকের মাসুলের কি অন্য কোন সরকারী কার্য্যের নিমিত্তে টাকা পয়সা গ্রহণ করিবার ভার পাইয়া ঐ টাকা পয়সা চাতুরীক্রমে আপনার নিমিত্তে লয় সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার দুই বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমের সহিত কি তাহা বিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরদের চাতুরীক্রমে পত্রাদির উপর চিহ্ন বদল করণের দণ্ড।]

৫৫ ধারা। ৫৪ ধারাতে যে কর্ম্ম নির্দ্দিষ্ট আছে এমত কর্ম্মে নিযুক্ত হইয়া যে কোন ব্যক্তি কোন পত্রের কি পুলিন্দার উপর চাতুরীক্রমে কোন অপ্রকৃত চিহ্ন দেয় কিম্বা কোন পত্রের কি পুলিন্দার উপর যে কোন চিহ্ন কিম্বা ইষ্টাম্প থাকে তাহা চাতুরীক্রমে বদল করে কি তোলে কি অদৃশ্য করে কিম্বা কোন পত্র কি খামহইতে যে কোন ইষ্টাম্প উঠান গিয়াছে তাহা যে কেহ অন্য কোন পত্রের কি পুলিন্দার সঙ্গে কি উপর চাতুরীক্রমে ব্যবহার করে কি বসায় কিম্বা উক্ত কোন ক্রিয়াতে সাহায্য কি সহকারিতা করে কি তাহা গোপন করে সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার দুই বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরদের দলীল অন্তর্দ্ধরূপে প্রস্তুত করণের কি দলীল লুকাওনের দণ্ড।]

৫৬ ধারা। ৫৪ ধারাতে যে কর্ম্ম নির্দ্দিষ্ট আছে এমত কর্ম্মে যে কোন ব্যক্তি নিযুক্ত হইয়া এবং কোন দলীল প্রস্তুত করিবার কি রাখিবার ভারপ্রাপ্ত হইয়া প্রবঞ্চনার

the preparing or keeping of any document, shall, with a fraudulent intention, prepare that document incorrectly, or alter that document, or shall aid, abet, or conceal any of the abovenamed acts, or secrete or destroy that documeht, shall be punished, on conviction before a Magistrate, with imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Penalty for sending letters without charging postage, by persons employed as above.]

LVII. Whoever being in such employ as is described in Section LIV., shall send by the post, or put into any post bag, any unstamped letter, parcel, or packet, upon which postage has not been paid or charged in the manner prescribed in this Act, intending thereby to defraud the Government of the postage on such letter, parcel, or packet, or shall aid, abet, or conceal any such acts, shall be punished, on conviction before a Magistrate, with imprisonment, with or without hard labor, for a term not exceeding two years, and shall also be liable to fine.

[Fines how to be recovered.]

LVIII. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable, for such offence, by any Justice of the Peace for any of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of Magistrate; and any person hereby made punishable by a Justice of the Peace shall be punishable upon summary conviction.

[Conviction to be quashed on merits only. Form of conviction, &c.]

LIX. No conviction, order, or judgment of any Justice of the Peace shall be quashed for error of form or procedure, but only on the merits, and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds, but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment, in obedience to any writ of *certiorari*, and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment shall be aided by what so appears in such depositions.

[Magistrate may refer charge to his Assistant.]

LX. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only to any of his Assistants, or to any Deputy Magistrate lawfully appointed to exercise the powers of a Covenanted Assistant, and in such case every such Assistant or Deputy Magistrate may exercise all the powers vested in a Magistrate,

অভিপ্রায়ে ঐ দলীল অশুদ্ধরূপে প্রস্তুত করে কি ঐ দলীলের কথা পরিবর্ত্তন করে কিম্বা উক্ত কোন ক্রিয়াতে সাহায্য কি সহকারিতা করে কি তাহা গোপন করে কিম্বা ঐ দলীল লুকায় কি নষ্ট করে সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার দুই বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[পূর্ব্বোক্ত প্রকারে নিযুক্ত ব্যক্তিরদের মাসুল না লইয়া পত্র পাঠাওনের দণ্ড।]

৫৭ ধারা। ৫৪ ধারাতে যে কর্ম্ম নির্দ্দিষ্ট আছে এমত কর্ম্মে যে কোন ব্যক্তি নিযুক্ত হইয়া ইষ্টাম্প না হওয়া যে পত্র কি পুলিন্দার উপর মাসুল এই আইনের নির্দ্দিষ্টমতে দেওয়া যায় নাই কি লওয়া যাই নাই এমত পত্রের কি পুলিন্দার ডাকমাসুল গবর্ণমেণ্টহইতে প্রতারণাপূর্ব্বক হরণ করিবার অভিপ্রায়ে তাহা ডাকের দ্বারা পাঠায় কিম্বা কোন ডাকের থলিতে দেয় কিম্বা উক্ত কোন ক্রিয়াতে সাহায্য কি সহকারিতা করে কি তাহা গোপন করে সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার দুই বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[জরীমানা যে প্রকারে আদায় হইবেক তাহার কথা।]

৫৮ ধারা। এই আইনের বিধানানুসারে যে অপরাধের জন্যে কেবল জরীমানা হইতে পারে এমত অপরাধে যে কোন ব্যক্তি অপরাধী হয় সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক কি না হউক তাহার সেই অপরাধের জন্যে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই শহরের কোন জুষ্টিস অফ দি পীসের দ্বারা কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি কোন ব্যক্তির দ্বারা দণ্ড হইতে পারিবেক। এবং এই হুকুমমতে জুষ্টিস অফ দি পীসের দ্বারা যে কোন ব্যক্তির দণ্ড হইতে পারে সেই ব্যক্তির দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[দোষ সাব্যস্ত করণ কেবল মোকদ্দমার দোষগুণক্রমে বাতিল হইতে পারিবেক। দোষ সাব্যস্ত করণাদির প্রকার।]

৫৯ ধারা। কোন জুষ্টিস অফ দি পীসকর্ত্তৃক যে কোন দোষ সাব্যস্ত হয় কি যে হুকুম কি বিচার হয় তাহা দণ্ডার কি কার্য্য করিবার নিয়মের ভ্রমপ্রযুক্ত বাতিল হইবেক না কেবল দোষগুণক্রমে বাতিল হইবেক। এবং দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচার যে প্রমাণক্রমে হয় তাহা ঐ হুকুমপ্রভৃতিতে ব্যক্ত করা আবশ্যক হইবেক না। কিন্তু সর্টিওরারৈনামক কোন পরওয়ানা বাহির হইলে, যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার নকল দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচারের সঙ্গে ঐ পরওয়ানাক্রমে পাঠান যাইবেক এবং যদি দোষ সাব্যস্ত করণের কি হুকুমের কি বিচারের উপর এলাকা দুষ্ট না হয় কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহাতে ঐ ত্রুটির প্রতিকার হয় তবে ঐ সাক্ষ্যেতে ঐরূপে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা ঐ দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচারের সাহায্য হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব আপন আসিষ্টাণ্টের প্রতি নালিশ অর্পণ করিতে পারেন।]

৬০ ধারা। এই আইনের দ্বারা যে অপরাধের কেবল জরীমানার দণ্ড হইতে পারে তাহার কোন নালিশ মাজিষ্ট্রেট সাহেব বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের কিম্বা চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিতে আইনমতে নিযুক্ত কোন ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে অর্পণ করিতে পারেন। এবং বিচারকর্ত্তা কর্ম্মকারি এমত আসিষ্টাণ্ট সাহেবের

subject to all the rules applicable to criminal cases deputed to such Assistants or Magistrates acting judicially.

[Government may authorize Assistants and Deputy Magistrates to exercise certain powers.]

LXI. The local Government may give general authority to any such Assistant or Deputy Magistrate to exercise, without reference by a Magistrate, any of the powers which they are hereby rendered competent to exercise upon reference by a Magistrate, subject to appeal to the Magistrate from any conviction by such Assistant or Deputy Magistrate, within one month from the date of the conviction. Provided that a Magistrate may at any time call from any of his Assistants, or from any Deputy Magistrate subordinate to him, any case pending before such Assistant or Deputy Magistrate.

[Fines how levied. Imprisonment if not sufficient distress, &c.]

LXII. All fines imposed under the authority of this Act, for offences punishable by fine only, by any Justice of the Peace, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, or by any Assistant to a Magistrate or Deputy Magistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender, by warrant under the hand of any of the above-named Officers, and in case any such fine shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless such party shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such Officer may take such security by way of recognizance or otherwise; and if upon the return of such warrant, it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer by the confession of the party or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer, by warrant under his hand, may commit the offender to prison, there to be imprisoned only, or to be imprisoned and kept to hard labor, according to the discretion of such Officer, for any term not exceeding two calendar months, where the amount of the fine shall not exceed fifty rupees, and for any term not exceeding four calendar

দের কি ডেপুটী মাজিষ্ট্রেটেরদের প্রতি অর্পিত ফৌজদারী মোকদ্দমার বিষয়ে যে সকল বিধি খাটে সেই বিধিঅনুসারে উক্ত প্রকার গতিকে এমত প্রত্যেক আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট আসিষ্টাণ্ট সাহেবদিগকে ও ডেপুটী মাজিষ্ট্রেটদিগকে বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবার শক্তি দিতে পারেন।]

৬১ ধারা। আসিষ্টাণ্ট সাহেবের কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি মাজিষ্ট্রেট সাহেব কোন মোকদ্দমা অর্পণ করিলে তাঁহারা এই আইনক্রমে যে ক্ষমতামতে কার্য্য করিতে পারেন মাজিষ্ট্রেট সাহেব অর্পণ না করিলেও এমত কোন ক্ষমতামতে কার্য্য করিতে দেশবিশেষের গবর্ণমেণ্ট এমত কোন আসিষ্টাণ্ট সাহেবকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে সাধারণ শক্তি দিতে পারেন। কিন্তু এমত আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট কোন দোষ সাব্যস্ত করিলে তাহার উপর আপীল ঐ দোষ সাব্যস্ত হওনের তারিখের পর এক মাসের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইতে পারে। পরন্তু জানা কর্ত্তব্য যে মাজিষ্ট্রেট সাহেব আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের কি আপনার অধীন কোন ডেপুটী মাজিষ্ট্রেটের সম্মুখে যে কোন মোকদ্দমা উপস্থিত থাকে তাহা ঐ আসিষ্টাণ্ট সাহেবের স্থানহইতে কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের স্থানহইতে কোন সময়ে তলব করিতে পারেন ইতি।

[জরীমানা যেপ্রকারে আদায় করিতে হইবেক। ক্রোক করার প্রচুর দ্রব্যাদি না থাকিলে কয়েদ হইবার কথা।]

৬২ ধারা। যে অপরাধের কেবল জরীমানার দণ্ড হইতে পারে তাহার নিমিত্তে জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেব কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে আইনমতে কার্য্যকারক কোন ব্যক্তির দ্বারা কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কোন আসিষ্টাণ্ট সাহেবের দ্বারা কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা এই আইনের শক্তিক্রমে যে সকল জরীমানা করা যায় তাহা না দেওয়া গেলে ঐ জরীমানা পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও জিনিস ক্রোক করিয়া নীলাম করণের দ্বারা আদায় হইতে পারিবেক। এবং যদি এমত কোন জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে এমত কোন কার্য্যকারক হুকুম করিতে পারেন যে অপরাধিকে গ্রেফ্তার করা যায় এবং যেপর্য্যন্ত ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস মুবিধামতে না হইতে পারে সেইপর্য্যন্ত তাহাকে নির্ব্বিঘ্নরূপে কয়েদ করিয়া রাখা যায়। কিন্তু যদি সেই ব্যক্তি ঐ ক্রোকী পরওয়ানা ওয়াপোসের নিমিত্তে যে স্থান ও সময় নির্দ্দিষ্ট হইবেক সেই স্থানে ও সময়ে আপনার হাজির হইবার বিষয়ে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে জামিন দিতে পারে তবে তাহাকে কয়েদ করা যাইবেক না এবং ঐ কার্য্যকারক ঐ জামিন মুচলকাস্বরূপ কি অন্য প্রকারে লইতে পারেন। এবং ঐ পরওয়ানা ওয়াপোস হইলে যদ্যপি দৃষ্ট হয় যে ঐ জরীমানা যাহাতে আদায় করা যায় ক্রোক করিবার প্রচুর এমত কোন দ্রব্য নাই এবং ঐ জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় অথবা যদ্যপি ঐ ব্যক্তির স্বীকারক্রমে কিম্বা অন্যপ্রকারে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে ক্রোকী পরওয়ানা জারী হইলেও যাহাতে ঐ জরীমানা কি টাকা আদায় হইতে পারে ঐ ব্যক্তির এমত প্রচুর কোন মাল কি জিনিস নাই তবে এমত কোন কার্য্যকারক আপনার দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধিকে কয়েদ করিতে পারিবেন এবং যদি জরীমানা পঞ্চাশ টাকার অনধিক হয় তবে দুই মাসের অনধিক কোন মিয়াদে এবং যদি জরীমানা এক শত টাকার

months where the amount shall not exceed one hundred rupees, and for any term not exceeding six calendar months in any other case: the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Moiety of fines to Informer.]

LXIII. A share not exceeding one moiety of every fine imposed and recovered under this Act may be awarded to the informer.

[No proceedings to be taken without an order.]

LXIV. No proceedings shall be taken for the recovery of any such fine without an order of Government, or an order in writing of the Director General of the Post Office, or of a Post Master General.

[Servants of East India Company committing offences in Foreign States in alliance.]

LXV. If any servant of the East India Company, who shall be employed by the said Company in the Post Office Department, or shall be appointed a vendor of postage stamps, or entrusted by the said Company or any of the said local Governments with the sale of postage stamps within the dominions of any Foreign Prince or State in alliance with the said Company, in which a post shall be established by the said Company, shall, within the dominions of such Prince or State, commit any act hereby prohibited, or omit to do any act hereby required to be done, by any person similarly employed, appointed, or entrusted as aforesaid within the territories under the Government of the said Company, such servant of the said Company shall be guilty of an offence, and, on conviction thereof, shall be punished in the same manner as if such act had been done or omitted within the said last-mentioned territories' and every such person may be tried, convicted, and punished, either by fine or otherwise, according to the nature of the offence, by any Court or Officer duly empowered by the Governor General of India in Council to take cognizance of offences committed in such dominions by servants of the East India Company, or by any Court or Magistrate, or other competent Officer, in any part of the territories within the Government of the East India Company, in the same manner as if the offence had been committed in such part of the said territories.

[Interpretation.]

LXVI. The word "Magistrate" in this Act shall include Joint Magistrates and persons lawfully exercising the powers of Magistrates, and the word "fine" shall include a penalty or forfeiture, or a sum of money due upon a forfeited recognizance.

[Governor General in Council may frame rules.]

LXVII. It shall be lawful for the Governor General of India in Council to frame rules for the con-

অনধিক হয় তবে চারি মাসের অনধিক কোন মিয়াদে এবং অন্য কোন গতিকে ছয় মাসের অনধিক কোন মিয়াদে ঐ ব্যক্তিকে কেবল কয়েদ করা যাইবেক কিম্বা ঐ কার্য্যকারকের বিবেচনামতে কয়েদ করা যাইবেক এবং তাহার কঠিন পরিশ্রমও হইবেক। পূর্ব্বোক্ত কোন গতিকে জরীমানার টাকা দেওয়া গেলে কয়েদের শেষ হইবেক ইতি।

[গোয়েন্দাকে জরীমানার অর্দ্ধেক দেওনের কথা।]

৬৩ ধারা। এই আইনানুসারে যে প্রত্যেক জরীমানা করা যায় ও আদায় হয় তাহার অর্দ্ধেকের অনধিক অংশ গোয়েন্দাকে দেওয়া যাইতে পারিবেক ইতি।

[হুকুমবিনা মোকদ্দমাঘটিত কার্য্য না হওনের কথা।]

৬৪ ধারা। গবর্ণমেণ্টের হুকুমবিনা কিম্বা ডাকঘরের ডৈরেক্টর জেনরল সাহেবের কি সাধারণ ডাকাধ্যক্ষের লিখিত হুকুম বিনা এমত কোন জরীমানা আদায় করিবার নিমিত্তে মোকদ্দমাঘটিত কোন কার্য্য করা যাইবেক না ইতি।

[ভিন্নদেশীয় যে অধিকারের সঙ্গে সন্ধি আছে তাহার মধ্যে কোম্পানি বাহাদুরের অপরাধকারি চাকরের কথা।]

৬৫ ধারা। কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিবদ্ধ কোন ভিন্নদেশীয় রাজার কি অধিকারের অধীন যে দেশের মধ্যে উক্ত কোম্পানি বাহাদুরকর্ত্তৃক ডাক স্থাপিত হইবেক, সেই দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের যে কোন চাকর উক্ত কোম্পানি বাহাদুরকর্ত্তৃক ডাকঘরের সিরিশতায় নিযুক্ত হয় কিম্বা ডাকমাসুলের ইষ্টাম্পবিক্রেতাস্বরূপ নিযুক্ত হয় কিম্বা উক্ত কোম্পানি বাহাদুরকর্ত্তৃক কি উক্ত কোন স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক ডাকমাসুলের ইষ্টাম্প বিক্রয় করণের ভারপ্রাপ্ত হয়, এমত কোন চাকর যদি, ঐ রাজার কি অধিকারের অধীন দেশের মধ্যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশে সেই প্রকারের কর্ম্মপ্রাপ্ত কি কর্ম্মে নিযুক্ত কিম্বা পূর্ব্বোক্তমতের ভারপ্রাপ্ত কোন ব্যক্তির এই আইনের নিষিদ্ধ কার্য্য করে কি এই আইনের আজ্ঞা করা কার্য্য না করে তবে উক্ত কোম্পানি বাহাদুরের সেই চাকর অপরাধের অপরাধী হইবেক। এবং সেই অপরাধের প্রমাণ হইলে, কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে ঐ নিষিদ্ধ কার্য্য করা গেলে কি ঐ আজ্ঞাকরা কার্য্য না করা গেলে তাহার যেরূপ দণ্ড হইত সেইরূপ দণ্ড হইবেক। এবং শেষোক্ত দেশের কোন ভাগে ঐ অপরাধ করা গেলে যে প্রকারে হইতে পারিত সেইপ্রকারে ঐ রাজ্যের মধ্যে কোম্পানি বাহাদুরের চাকরেরদের দ্বারা যে অপরাধ করা যায় তাহার বিচার করিতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকর্ত্তৃক যে কোন আদালত কি কার্য্যকারক উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার দ্বারা, কিম্বা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন স্থানে কোন আদালত কি মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা উপযুক্ত অন্য কার্য্যকারকের দ্বারা, উক্ত প্রকার কোন ব্যক্তির বিচার হইতে পারিবেক ও দোষ সাব্যস্ত হইতে পারিবেক এবং অপরাধের ভাবানুসারে জরীমানার দ্বারা কি অন্য প্রকারে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[আইনের কথার অর্থ।]

৬৬ ধারা। এই আইনের মধ্যে "মাজিষ্ট্রেট" এই শব্দের অর্থের মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যকারক ব্যক্তিরদিগকেও বুঝাইবেক। এবং "জরীমানা" এই শব্দের অর্থের মধ্যে অর্থ দণ্ড কি জব্দকরণ কিম্বা খেলাফহওয়া মুচলকার উপর যে টাকা দেনা হয় তাহাও বুঝাইবেক ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর বিধান করিতে পারেন।]

৬৭ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে ডাকঘরের

duct of the Post Office not inconsistent with this Act, and therein to prescribe the regulations, conditions, and restrictions according to which all letters and other articles shall be posted, forwarded, conveyed, and delivered.

[Books, &c., sent by post to or from the United Kingdom.]

LXVIII. Unless the Governor General of India in Council shall otherwise order, nothing in this Act shall authorize the charge of postage upon printed books, magazines, reviews, or pamphlets (whether British, Colonial, or Foreign) sent through the post from the United Kingdom to any place to which there shall be a post established by the East India Company, or from such place to the United Kingdom, provided the British postage chargeable thereon be pre-paid.

[Governor General in Council may exempt from postage letters sent to or from the United Kingdom.]

LXIX. It shall be lawful for the Governor General of India in Council, by an order in Council, to direct that postage shall not be chargeable under this Act on any letters or other articles to be specified in such order sent through the post from any part of the British Dominions to any place to which there shall be a post established by the East India Company, or from such place to any part of the British Dominions, subject to such conditions, as to the pre-payment of British postage or otherwise, as the Governor General of India in Council may think fit.

[District dawks.]

LXX. It shall be lawful for the Governor General of India in Council to frame Rules for the management of all or any Zemindaree, Thannah, or other District dawks, and to declare, from time to time, what portions of this Act shall be applicable to such dawks and to persons employed in connexion therewith.]

[Commencement of Act.]

LXXI. This Act shall commence and take effect from and after the first day of October, 1854.

W. Morgan,
Clerk of the Council.

কার্য্য চলনের বিষয়ে এই আইনের অসঙ্গত না হয় এমত বিধান করেন এবং সকল পত্র ও অন্য দ্রব্য যে বিধান ও নিয়ম ও নিষেধানুসারে ডাকে দেওয়া যাইবেক ও পাঠান যাইবেক ও চালান যাইবেক ও পঁহুছাইয়া দেওয়া যাইবেক তাহা তাহাতে নির্দ্দিষ্ট করেন ইতি।

[গ্রেট ব্রিটনে ও ঐর্লণ্ডে কিম্বা তথাহইতে যে পুস্তকাদি ডাকে পাঠান যায় তাহার কথা।]

৬৮ ধারা। ছাপাকরা পুস্তক কি মাগাজিন কি রিবিউ কি পাম্ফ্লেট ব্রিটনীয় হউক কি ব্রিটনীয় লোকেরদের আবাদকরা অন্য স্থানের হউক কি বিদেশের হউক তাহা ডাকের দ্বারা গ্রেট ব্রিটন কি ঐর্লণ্ডহইতে কোম্পানি বাহাদুরকর্ত্তৃক যে স্থানে ডাক স্থাপিত হয় এমত কোন স্থানে পাঠান গেলে কিম্বা এমত কোন স্থানহইতে গ্রেট ব্রিটনে কি ঐর্লণ্ডে পাঠান গেলে তাহার উপর ব্রিটনীয় যে ডাকমাসুল বসান যায় তাহা পূর্ব্বে দেওয়া গেলে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর অন্যরূপ আজ্ঞা না করিলে, এই আইনের কোন কথাক্রমে তাহার উপর ডাকমাসুল লইবার ক্ষমতা হইবেক না ইতি।

[গ্রেট ব্রিটনে ও ঐর্লণ্ডে কিম্বা তথাহইতে যে পত্র পাঠান যায় তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর ডাকমাসুলহইতে মুক্ত করিতে পারেন]

৬৯ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে হজুর কৌন্সেলের হুকুমক্রমে আজ্ঞা করেন যে ব্রিটনীয় রাজ্যের কোন স্থানহইতে কোম্পানি বাহাদুরকর্ত্তৃক যে স্থানে ডাক স্থাপিত হইয়াছে এমত কোন স্থানে কিম্বা সেই স্থানহইতে ব্রিটনীয় রাজ্যের কোন স্থানে ডাকের দ্বারা প্রেরিত যে কোন পত্র কি অন্য দ্রব্য ঐ হুকুমে নির্দ্দিষ্ট হয়, তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর ব্রিটনীয় মাসুল পূর্ব্বে দেওন বিষয়ে কি অন্যরূপ যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে, এই আইনমতের ডাকমাসুলহইতে মুক্ত হয় ইতি।

[জিলার ডাক।]

৭০ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে সকল কিম্বা কোন জমীদারীর কি থানার কি অন্য জিলার ডাকের কার্য্য নির্ব্বাহ করণের বিষয়ে বিধান করেন এবং এই আইনের যে২ অংশ এই ডাকের বিষয়ে ও তাহার সম্পর্কে নিযুক্ত ব্যক্তিরদের প্রতি খাটিতে পারিবেক তাহা সময়ে২ প্রকাশ করেন ইতি।

[আইন চলন হওনের আরম্ভ।]

৭১ ধারা। এই আইন ১৮৫৪ সালের অক্টোবর মাসের প্রথম দিবসে আরম্ভ হইয়া সেই দিবসাবধি ও তাহার পরে চলন হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 30th August, 1854.

Baboo Preonath Surma, to officiate as Moonsiff of Hazareebaugh.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৪। ৫ সেপ্টেম্বর।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৩০ আগষ্ট।

শ্রীযুত বাবু প্রিয়নাথ শর্ম্মা হাজারীবাগের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

The 31st August, 1854.

Babob Bidyabhoosun Bannerjea, to officiate as Moonsiff of Dwarhatta, Zillah Hooghly.

LEAVES OF ABSENCE.

The 30th August, 1854.

Moulvee Abdool Ruhim, Moonsiff of Hazareebaugh, for six weeks, in excess of the Dusserah and Mohurrum Vacations.

Baboo Kalee Doss Dutt, Moonsiff of Burrobaree, Zillah Rungpore, for eight days, beyond the Dusserah and Mohurrum Vacations.

Baboo Gopeenath Moetro, Moonsiff of Nassirnugger, Zillah Tipperah, for seven days, beyond the Dusserah and Mohurrum Vacations.

Baboo Nubkishen Sein, Moonsiff of Panchpookeria, Zillah Tipperah, for five days, beyond the Dusserah and Mohurrum Vacations.

Moonshee Basseeroodeen Mahomed, Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore, for five days, in excess of the Dusserah and Mohurrum Vacations.

The leave of absence granted to Moulvie Syud Noorul Hussein, Moonsiff of Sonamookhy, Zillah West Burdwan, for the 8th instant, has been cancelled at his own request.

The 31st August, 1854.

Baboo Sumbhoonath Bagchee, Moonsiff of Burpettah, Zillah Kamroop, for two months and twenty days, in excess of the Dusserah and Mohurrum Vacations.

Baboo Srinath Bhooya, Moonsiff of Dwarhatta, Zillah Hooghly, for three weeks.

C. T. BUCKLAND, *Register*.

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

জামালপুর।

১৮৫৪ সাল ১২ আগষ্ট।

শ্রীযুত বাবু শ্যামচাঁদ সরকার ও শ্রীযুত ডবলিউ জে এলিস সাহেব (Mr. W. J. Ellis,) পাবনার সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৮৫৪ সাল ৩১ আগষ্ট।

শ্রীযুত বাবু বিদ্যাভূষণ বাঁড়ুয্যা জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৩০ আগষ্ট।

হাজারীবাগের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল রহিম দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু কালিদাস দত্ত দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত আট দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু নবকৃষ্ণ সেন দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা দিনাজপুরের ঠাকুরগাঁয়ের মুনসেফ শ্রীযুত মুনশী বাসিরুদ্দীন মহম্মদ দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত মৌলবী সায়দ নুরউল হুসেন বর্ত্তমান মাসের ৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

১৮৫৪ সাল ৩১ আষ্ট।

জিলা কামরূপের বড়পেটার মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুনাথ বাগচি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত দুই মাস বিশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভূঞা তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

Detailed Statement of the valuable enclosures found in the unclaimed letters opened in the Calcutta General Post Office, agreeably to Clause 27 Act No. 17 of 1837.

Date of opening.	From what place the letter was originally despatched.	Date of despatch.	Name of the Addressee.	Station to which the letter is addressed.	Bill of Exchange, Drafts and Hoondies.		Half Bank Notes.		Whole Bank Notes.		Remarks.
2d August, 1854,	Calcutta, ...	23d Joisty, ...	Bany Cont Bose, ...	Kistonogor, ...	0	0 0 0	7803	10 0 0	0	0 0 0	
	Berhampore, ...	18th January, 1852,	Dwarkanauth Banerjea, ...	Calcutta, ...	0	0 0 0	16,038	15 0 0	0	0 0 0	
	Rungpore, ...	2d April, 1852, ...	Auscromboz, ...	Poornea, ...	No. 1	50 0 0	0	0 0 0	0	0 0 0	Nagree Hoondy.
	Roorkey, ...	11th January, 1853,	Mr. G. Thompson, ...	Calcutta, ...	No. 2	29 0 0	0	0 0 0	0	0 0 0	Nagree Hoondy.
	Bombay, ...	23d December, 1852,	John Hestie of W. Rankin and other, deceased, ...	Calcutta, ...	1012	55 4 0	0	0 0 0	0	0 0 0	Bill of Exchange.
	Loodianah, ...	16th January, 1853,	G. F. Bullock, Invalid, Care of the Town Major, Fort William, ...	Calcutta, ...	153	40 0 0	0	0 0 0	0	0 0 0	Draft on the Sub Treasurer.
	Singapore, ...	3d December, 1852,	Miss R. Bowell, ...	Calcutta, ..	0	87 3 2	0	0 0 0	0	0 0 0	Bill of Exchange.
	Umballa, ..	3d January, 1853, ..	Chunderseekur Mookerjea, ..	Calcutta, ..	714	15 0 0	0	0 0 0	0	0 0 0	Treasury Draft.
	Rawul Pindee,...	1st January, 1853, ...	Rajkishen Mookerjea, ...	Calcutta, ..	165	8 0 0	0	0 0 0	0	0 0 0	Treasury Draft.
	Cawnpore, ...	26th May, 1852, ...	Pachcowrie, ...	Dinapore, ...	5	30 0 0	0	0 0 0	0	0 0 0	Patna Treasury Draft.
				Total Co.'s Rs.		314 7 2	0	25 0 0	0	0 0 0	

Calcutta General Post Office, the 11th August, 1854.

C. K. Dove, *Deputy Post Master General of Bengal.*

১৮৩৭ সালের ১৭ আইনের ২৭ ধারাক্রমে দাওয়া না হওয়া যে পত্র কলিকাতার সাধরণ ডাকঘরে খোলা গিয়াছে তাহার মধ্যে মুল্যবান যে২ বিষয় পাওয়া যায় তাহার কৈফিয়ৎ।

খুলিবার তারিখ	যে স্থানহইতে প্রথমে পাঠান যায়	পাঠাইবার তারিখ	যাহার নামে পত্র হয়	পত্রের শিরনামায় যে সাকিন লেখা যায়	বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী কি দ্রাফ্ট		অর্দ্ধেক ব্যাঙ্ক নোট		পূরা ব্যাঙ্ক নোট		মন্তব্য কথা
					নং	টাকা	নং	টাকা	নং	টাকা	
১৫৪ সাল ২ আগষ্ট।	কলিকাতা ...	২৩ জ্যৈষ্ঠ	বেণিকান্ত বসু	কৃষ্ণনগর ...	০	০	৭৮০৩	১০৲	০	০	
	বহরমপুর ...	১৮৫২ সাল ১৮ জানুআরি	দ্বারকানাথ বাঁড়ুয্যা	কলিকাতা ...	০	০	১৬০৩৮	১৫৲	০	০	
	রঙ্গপুর	১৮৫২ সাল ২ আপ্রিল	আম্বুক্রমবোজ	পূরণিয়া ..	১ নং	৫০৲	০	০	০	০	নাগরী হুণ্ডী।
	রুরকী	১৮৫৩ সাল ১১ জানুআরি	জি তামসন সাহেব	কলিকাতা ...	২ নং	২৯৲	০	০	০	০	নাগরী হুণ্ডী।
	বোম্বাই ...	১৮৫২ সাল ২৩ ডিসেম্বর	মৃত ডবলিউ রাঙ্কিন ও অন্যের কুঠীর জন হিষ্টি সাহেব ...	কলিকাতা ...	১০১২	৫৫।০	০	০	০	০	বিল অফ এক্সচেঞ্জ।
	লুধিয়ানা ...	১৮৫৩ সাল ১৬ জানুআরি	ইনবলিদ জি এফ বুলক সাহেব। ফোর্ট উলিয়ম কিল্লার টৌন মেজর সাহেবকে দিতে হইবেক ...	কলিকাতা ..	১৫৩	৪০৲	০	০	০	০	সবত্রেজুরর সাহেবের উপর হুণ্ডী।
	সিংহপুর ..	১৮৫২ সাল ৩ ডিসেম্বর	মিস আর বৌএল	কলিকাতা ...	০	৮৭৶২	০	০	০	০	বিল অফ এক্সচেঞ্জ।
	অম্বালা	১৮৫৩ সাল ৩ জানুআরি	চন্দ্রশেখর মুখুয্যা	কলিকাতা ...	৭১৪	১৫৲	০	০	০	০	ত্রেজুরীর হুণ্ডী।
	রাওলপিণ্ডী ...	১৮৫৩ সাল ১ জানুআরি	রাজকৃষ্ণ মুখুয্যা	কলিকাতা ..	১৬৫	৮৲	০	০	০	০	ত্রেজুরীর হুণ্ডী।
	কানপুর... ...	১৮৫২ সাল ২৬ মে	পাঁচকৌড়ি	দানাপুর ...	৫	৩০৲	০	০	০	০	পাটনার ত্রেজুরীর হুণ্ডী।
				মোট কোৎ টাকা		৩১৪ ।৶২	০	২৫৲	০	০	

সি কে ডব।
বাঙ্গলা দেশের ডেপুটী পোষ্ট মাষ্টর জেনরল।

কলিকাতা। জেনরল পোষ্ট আফিস। ১৮৫৪ সাল ১১ আগষ্ট।

বিজ্ঞাপন।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরে তমোহরনামক এক নূতন যন্ত্র শ্রী গোবিন্দচন্দ্র মিত্রকর্ত্তৃক স্থাপিত হইয়াছে তাহাতে কোন মহাশয় যদি সংস্কৃত কি ইঙ্গরেজী কি বঙ্গভাষার পুস্তক মুদ্রিত করিতে ইচ্ছুক হন তবে তাহা উপযুক্ত ব্যয়ে উত্তমাক্ষরে সুপণ্ডিতের দ্বারা সংশোধন করাইয়া মুদ্রাঙ্কিত করা যাইবেক।

বিজ্ঞাপন।

জেলা হুগলীর অন্তঃপাতি শহর চুঁচুড়া নিবাসি ৺ রামতনু রায়ের কনিষ্ঠ পুত্র আমি শ্রীব্রজলাল রায় আমার নিবেদন এই যে মমাগ্রজ মহাশয়ের দ্বিতীয় বিবাহিতা স্ত্রী অত্যন্ত পীড়িত আছেন এজন্য এবং আমার প্রথম বিবাহিতা স্ত্রীর পীড়াপ্রযুক্ত মৃত্যু হওনে দ্বিতীয়বার বিবাহ করিয়াছি কিন্তু তাহারো উক্তমত পীড়া উপস্থিত হইয়াছে অত্র হেতু-প্রযুক্ত সর্ব্ব বিজ্ঞ২ চিকিৎসকদিগের গোচরার্থে জ্ঞাপন করা যাইতেছে যে যদ্যপি কেহ উক্ত পীড়ার প্রতিকার করিতে সক্ষম হয়েন তবে ত্বরায় মমাগ্রজ মহাশয়ের সমীপে উপবিষ্ট হইতে আজ্ঞা হইবেক ইহা নিবেদন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৫ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 12, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১২ সেপ্টেম্বর।

CALCUTTA PUBLIC LIBRARY

ACT.

LEGISLATIVE COUNCIL.

12TH AUGUST, 1854.

THE following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India, on the 12th of August, 1854, and is hereby promulgated for general information:—

ACT No. XVIII. OF 1854.

An Act relative to Railways in India.

[Preamble.]

Whereas it is expedient, that all Railways, which have been, or shall be opened by any Railway Company, under the superintendence and control of the East India Company, for the public conveyance of passengers or goods in any part of the territories in the possession and under the Government of the said Company, should be subject to the same regulations; It is enacted as follows:—

[Fares to be pre-paid. Passenger tickets to be given up on demand. Penalty.]

I. No person shall enter any carriage used on any such Railway, for the purpose of travelling therein, without having first paid his fare, and obtained a ticket. Every person desirous of travelling on such Railway shall, upon payment of his fare, be furnished with a ticket, specifying the class of carriage and the distance for which the fare has been paid, and shall, when required, show his ticket to any servant of the said Company, duly authorized to examine the same, and shall deliver up such ticket upon demand, to any of the Company's servants duly authorized to collect tickets. Any person, not producing or delivering up his ticket, as aforesaid, shall be liable to pay the fare from the place

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১২ আগষ্ট।

ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১২ আগষ্ট তারিখে মঞ্জুর করিয়াছেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৮ আইন।

ভারতবর্ষেতে ঐ রেলওয়ের বিষয়ি আইন।

[হেতুবাদ।]

যেহেতুক কোম্পানি বাহাদুরের তত্ত্বাবধারণে ও আজ্ঞাধীনে কোন রেলওয়ে কোম্পানির দ্বারা যে সকল রেলওয়ে কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের কোন স্থানে চড়নদারদিগকে কি মাল প্রকাশরূপে লইয়া যাওনের জন্যে খোলা গিয়াছে কি খোলা যাইবেক সেই সকল রেলওয়ে একি আইনের অধীন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[ভাড়া পূর্ব্বে দিতে হইবেক। চড়নদারেরদের টিকিট দাওয়া হইলে দিতে হইবেক। দণ্ড।]

১ ধারা। কোন ব্যক্তি অগ্রে ভাড়া না দিলে ও টিকিট না পাইলে উক্ত প্রকার কোন রেলওয়ের উপর চালান কোন গাড়িতে স্থানান্তরে গমন করিবার নিমিত্তে প্রবেশ করিতে পারিবেক না। এমত রেলওয়ের উপর যে কোন ব্যক্তি স্থানান্তরে যাইতে চাহে সেই ব্যক্তি আপনার ভাড়া দিলে তাহাকে টিকিট দেওয়া যাইবেক। তাহাতে যে শ্রেণীর গাড়ির এবং যত দূর গমনের ভাড়া দেওয়া গিয়াছে তাহা নির্দ্দিষ্ট থাকিবেক। এবং সেই ব্যক্তি আদেশ পাইলে ঐ টিকিট দেখিয়া লইবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত উক্ত কোম্পানির কোন চাকরকে আপন টিকিট দেখাইবেক এবং দাওয়া হইলে ঐ টিকিট লইবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ঐ কোম্পানির কোন চাকরকে ঐ টিকিট দিবেক। যে কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে আপনার টিকিট না দেখায়

whence the train originally started, unless he can prove, that he has travelled a less distance only, in which case he shall be liable to pay the fare only from the place whence he has travelled.

[At intermediate Stations, fares and tickets to be conditional. Proviso.]

II. At the intermediate Stations, the fares shall be deemed to be accepted, and the tickets furnished only upon condition that there be room in the train for which the tickets shall be furnished. In case there shall not be room for all the passengers to whom tickets shall have been furnished, those who shall have obtained tickets for the longest distance shall have the preference; and those who shall have obtained tickets for the same distance shall have the preference, according to the order in which they shall have received their tickets. Provided, that all Officers and troops of Her Majesty, or of the East India Company, on duty, and all other persons on the business of the East India Company, who, by virtue of any contract with the East India Company, shall be entitled to be conveyed on such Railway in preference to, or in priority over the public, shall be entitled to such preference and priority without reference to the distance for which, or the order in which they shall have received their tickets.

[Penalty for fraud.]

III. Any person who shall defraud or attempt to defraud any such Railway Company, by travelling, or attempting to travel upon such Railway, without having previously paid his fare; or by riding in or upon a carriage of a higher class than that for which he shall have paid his fare; or by continuing his journey in or upon any of the carriages of the Company beyond the place for which he shall have paid his fare, without previously paying the fare for the additional distance, and with intent to avoid payment thereof; or who shall knowingly and wifully refuse or neglect, on arriving at the point to which he shall have paid his fare, to quit such carriage; or who shall, in any other manner whatever, attempt to evade the payment of his fare, shall be liable to a fine not exceeding fifty rupees for each offence.

[Fine for entering carriage in motion. Or riding on the steps.]

IV. Any passenger, who shall get into or upon, or attempt to get into or upon, or shall quit or attempt to quit any carriage upon any such Railway, while such carriage is in motion; or who shall ride or attempt to ride upon any such Railway, on the steps, or any other part of a carriage, except on those parts which are intended for the accommodation of passengers; shall be liable to a fine, not exceeding twenty rupees for each offence.

[Fine for riding on engine, tender or luggage-van.]

V. Any person other than the engine-man and

ক না দেয়, সে ব্যক্তি ট্রেন অর্থাৎ সকল গাড়ির শ্রেণী যে স্থানহইতে প্রথমে চলিয়াছিল সেই স্থানাবধি যত ভাড়া লাগে তাহা দিবার যোগ্য হইবেক। কিন্তু যদি সে প্রমাণ করিতে পারে যে তাহার অপেক্ষা কম দূরে আসিয়াছে তবে যে স্থানহইতে আসিয়াছিল কেবল সেই স্থানঅবধি যত ভাড়া হয় তাহা দিবার যোগ্য হইবেক।

[মধ্য২ ষ্টেশনে ভাড়া ও টিকিট নিয়মাধীনে দেওয়া যাইবার কথা। বর্জ্জিত কথা।]

২ ধারা। টিকিট মধ্য২ ষ্টেসন ঘরে যে ট্রেনের নিমিত্তে দেওয়া যাইবেক তাহাতে যদি স্থান থাকে তবে ভাড়া গ্রাহ্য হইয়াছে ও টিকিট দেওয়া গিয়াছে জ্ঞান হইবেক নতুবা নয়। গমনেচ্ছুক যে২ ব্যক্তিকে টিকিট দেওয়া গিয়াছে তাহারদের সকলের জন্যে যদি স্থান না থাকে তবে যাহারা অতিদূর স্থানে যাইবার টিকিট পাইয়াছে তাহারাই অগ্রগণ্য হইবেক, এবং যাহারা তুল্য দূর স্থানে যাইবার টিকিট পাইয়াছে তাহারা যে ক্রমে টিকিট পাইয়াছে সেই ক্রমানুসারে অগ্রগণ্য হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের কর্ম্মোপলক্ষে গমনশীল সকল সেনাপতি ও সৈন্যেরা এবং কোম্পানি বাহাদুরের কর্ম্মেতে নিযুক্ত অন্য যে সকল ব্যক্তি কোম্পানি বাহাদুরের সঙ্গে কোন চুক্তির শক্তিতে সাধারণ লোকেরদের অগ্রে কি পূর্ব্বে ঐ রেলওয়ের দ্বারা গমন করিবার স্বত্ব রাখেন তাঁহারা যে স্থানে যাইবার টিকিট পাইয়াছেন তাহার দূরত্ব ও যে ক্রমে টিকিট পাইয়াছেন তাহা বিবেচনা না করিয়া ঐ প্রকারে অগ্রগণ্য হইবেন ও প্রথমে গমন করিবার স্বত্ব রাখিবেন ইতি।

[প্রবঞ্চনার দণ্ড।]

৩ ধারা। যে কোন ব্যক্তি আপনার ভাড়া পূর্ব্বে না দিয়া এমত রেলওয়ের দ্বারা গমন করিয়া কি গমন করিতে উদ্যোগ করিয়া, কিম্বা যে শ্রেণীর গাড়ির নিমিত্তে ভাড়া দিয়াছে তাহার অপেক্ষা উচ্চ শ্রেণীর গাড়িতে কি গাড়ির উপর চড়িয়া, কিম্বা যে স্থানে যাইবার নিমিত্তে ভাড়া দিয়াছে তদপেক্ষা দূর স্থানে ঐ অধিক দূরের ভাড়া পূর্ব্বে না দিয়া এবং তাহা না দিবার অভিপ্রায়ে কোম্পানির কোন গাড়িতে কি তাহার উপর গমন করিতে থাকিয়া, এমত কোন রেলওয়ে কোম্পানিকে প্রবঞ্চনা করে কি করিবার উদ্যোগ করে, কিম্বা যে কোন ব্যক্তি যে স্থানপর্য্যন্তের ভাড়া দিয়াছে সেই স্থানে পঁহুছিলে জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক ঐ গাড়িহইতে বাহিরে যাইতে অস্বীকার কি ত্রুটি করে, কিম্বা যে কোন ব্যক্তি অন্য কোন প্রকারে ছল করিয়া আপনার ভাড়া না দিবার উদ্যোগ করে সেই ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[গাড়ির গমন কালে তাহাতে প্রবেশ করিবার দণ্ড। কিম্বা শিড়িতে চড়নের দণ্ড।]

৪ ধারা। এপ্রকার কোন রেলওয়ের উপর কোন গাড়ি চলিবার সময়ে যে কোন চড়নদার ঐ গাড়ির ভিতরে কি তাহার উপর চড়ে কি চড়িবার উদ্যোগ করে কিম্বা নামে কি নামিবার উদ্যোগ করে অথবা ঐ প্রকার কোন রেলওয়ের উপর যে কেহ চড়নদারেরদের বসিবার জন্যে যে স্থান নির্দ্দিষ্ট আছে সেই স্থানছাড়া গাড়ির শিড়িতে কি অন্য কোন স্থানে চড়িয়া যায় কি চড়িয়া যাইবার উদ্যোগ করে সেই ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[কলের কি কয়লার কি দ্রব্যের গাড়িতে চড়িবার দণ্ড।]

৫ ধারা। কলচালানিয়া ও আগুনওয়ালা ও তাহার

fire-man, and assistant fire-man, if any, who, without the special licence of the Superintendent of locomotives, shall ride or attempt to ride upon any locomotive engine or tender upon any such Railway; and any person other than the guard or breaksmen, who, without such licence as aforesaid, shall ride, or attempt to ride upon such Railway, in or upon any luggage-van or goods-waggon, or other vehicle not appropriated to the carriage of passengers, shall be liable to a fine not exceeding twenty rupees for each offence.

[Smoking prohibited.]

VI. If any person shall smoke, either on the premises, or in or upon any of the carriages belonging to any such Railway Company, except in places or carriages which may be specially provided for the purpose, he shall be liable to a fine not exceeding twenty rupees for each offence; and if any person persist in infringing this regulation after being warned to desist by any of the servants of the Company, such person, in addition to incurring the liability above-mentioned, may be removed by any of the servants of the Company from any such carriage, and from the premises of the Company, and shall forfeit his fare.

[Penalty for intoxication or nuisance.]

VII. Any person who shall be in a state of intoxication, or shall commit any nuisance or act of indecency in any Railway carriage, or upon any part of the premises of any such Railway Company; or who shall wilfully and without lawful excuse interfere with the comfort of any passenger on such Railway, shall be liable to a fine not exceeding twenty rupees; and in addition to such liability the offender may be removed by any of the servants of the Company from any such carriage, and also from the premises of the Company, and shall forfeit his fare.

[Penalty for entering private room or carriage.]

VIII. If any special carriage, or portion of a carriage, or any private room or apartment, shall be provided by any such Railway Company for the exclusive use of females, any male person who without lawful excuse shall enter such carriage, or portion of a carriage, or any such room or apartment, knowing the same to be exclusively appropriated as aforesaid, or shall remain therein after having been informed of its exclusive appropriation, shall be liable to a fine not exceeding one hundred rupees, and may be removed therefrom, and also from the premises of the Company by any of the servants of the Company, and shall forfeit his fare.

[No liability for Passengers' luggage.]

IX. No such Railway Company shall in any case be answerable for loss or injury to any passengers' luggage, unless it shall have been booked and separately paid for.

সহকারি লোক যদি থাকে তবে সেই লোকও ছাড়া অন্য যে কোন ব্যক্তি কলের গাড়ির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বিশেষ অনুমতি না পাইয়া এমত কোন রেলওয়ের উপর কোন কলের গাড়ির কিম্বা টেণ্ডর অর্থাৎ কয়লার গাড়ির উপর চড়িয়া যায় কি চড়িয়া যাইবার উদ্যোগ করে, এবং গারদ অর্থাৎ রক্ষক কি গাড়ি থামাইবার ব্যক্তিছাড়া অন্য যে কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকার অনুমতি না পাইয়া উক্ত রেলওয়ের উপর দ্রব্যবহনের কি মালবহনের গাড়িতে কি গাড়ির উপর কিম্বা অন্য যে কোন গাড়ি চড়নদারেরদের বহনার্থে নির্দ্দিষ্ট নহে এমত কোন গাড়ির উপর চড়িয়া যায় কি চড়িয়া যাইবার উদ্যোগ করে সেই ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[তামাকু খাওয়া নিষেধ।]

৬ ধারা। তামাকু খাইবার যে স্থান কি গাড়ি বিশেষমতে নিরূপণ হয় তদ্ভিন্ন উক্ত কোন রেলওয়ে কোম্পানির বাটীতে কি তাঁহারদের কোন গাড়ির ভিতরে কি তাহার উপর যদি কোন ব্যক্তি তামাকু খায় তবে সেই ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং যদি কোম্পানির কোন চাকর কোন ব্যক্তিকে তামাকু খাইতে নিষেধ করিলেও সে ব্যক্তি এই বিধান লঙ্ঘন করিতে থাকে তবে পূর্ব্বোক্ত জরীমানার যোগ্যহওয়ার অতিরিক্ত কোম্পানির কোন চাকর তাহাকে উক্ত প্রকার কোন গাড়িহইতে এবং কোম্পানির বাটীহইতে বাহির করিয়া দিতে পারে এবং তাহার ভাড়াও জব্দ হইবেক ইতি।

[মাতাল হওয়ার কি অনিষ্ট কার্য্য করণের দণ্ড।]

৭ ধারা। যে কোন ব্যক্তি কোন রেলওয়ের গাড়িতে কিম্বা উক্ত প্রকার কোন রেলওয়ে কোম্পানির বাটীর কোন স্থানে মাতাল হইয়া থাকে কি কোন অনিষ্ট কিম্বা লজ্জাকর কার্য্য করে, অথবা যে কেহ জানিয়াশুনিয়া ও আইনসিদ্ধ ওজরবিনা এমত রেলওয়ের উপর চড়নদার কোন ব্যক্তির সুবিধার খর্ব্বতা করে সে ব্যক্তি বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং ঐ জরীমানার যোগ্যহওয়ার অতিরিক্ত কোম্পানির কোন চাকর এমত কোন গাড়িহইতে এবং কোম্পানির বাটীহইতেও অপরাধিকে বাহির করিয়া দিতে পারে এবং তাহার ভাড়া জব্দ হইবেক ইতি।

[বিশেষ গাড়ি কি ঘরেতে প্রবেশ করণের দণ্ড।]

৮ ধারা। যদি এমত কোন রেলওয়ে কোম্পানি কোন বিশেষ গাড়ি কি গাড়ির কোন অংশ কি কোন মফঃস্বলের ঘর কিম্বা কামরা কেবল স্ত্রী লোকেরদের ব্যবহারের নিমিত্তে নিরূপণ করেন তবে যে কোন পুরুষ ঐ গাড়িপ্রভৃতি সেই প্রকারে নিরূপিত হওনের বিষয় জানিয়া ঐ গাড়ির কি গাড়ির অংশের কিম্বা এমত কোন ঘরের কি কামরার ভিতরে আইনসিদ্ধ ওজরবিনা প্রবেশ করে কি তাহা সেই প্রকারে বিশেষরূপে নিরূপিত হইয়াছে এই কথা তাহাকে জানান গেলে পর তাহার ভিতরে থাকে সে ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং কোম্পানির কোন চাকরের দ্বারা ঐ গাড়িপ্রভৃতিহইতে এবং কোম্পানির বাটীহইতেও তাহাকে বাহির করা যাইতে পারিবেক এবং তাহার ভাড়াও জব্দ হইবেক ইতি।

[চড়নদারেরদের দ্রব্যের বিষয়ে দায় না থাকনের কথা।]

৯ ধারা। চড়নদারেরদের দ্রব্য যদি বহীতে লেখা না যায় ও তাহার আলাহিদা ভাড়া না দেওয়া যায় তবে তাহা হারাণ যাইবার কি ক্ষতি হইবার বিষয়ে উক্ত প্রকার কোন রেলওয়ে কোম্পানি কোন প্রকারে দায়ী হইবেন না ইতি।

[No liability for loss of gold, silver, &c, unless in case of special engagement.]

X. No such Railway Company shall in any case be answerable for loss of, or injury to any gold or silver, coined or uncoined, manufactured or unmanufactured, or any precious stones, jewellery, watches, clocks or time pieces of any description, trinkets, Government securities, bills of exchange, promissory notes, Bank-notes, orders or other securities for payment of money, Government stamped paper, postage stamps, maps, writings, title-deeds, paintings, engravings, pictures, plated articles, glass, china, silks in a manufactured or unmanufactured state, and whether wrought up or not wrought up with other materials, shawls, lace, or any of them contained in any parcel or package which shall have been delivered to such Railway Company, either to be carried for hire or to accompany the person of any passenger, unless the value and nature of such articles shall have been declared by the person or persons sending or delivering the same and an increased charge for the safe conveyance of the same shall have been accepted by some person specially authorized to enter into such engagements on behalf of the said Railway Company.

[বিশেষ করার না হইলে সোণারূপাপ্রভৃতি হারাওণের বিষয়ে কোন দায় না থাকনের কথা।]

১০ ধারা। যে কিছু সোণা কি রূপা জরব হউক কি না হউক এবং গড়ন হউক কি না হউক তাহা কিম্বা যে কোন মূল্যবান পাতর কি জহরাৎ কি ওয়াচ অর্থাৎ ছোট ঘড়ি কি ক্লাক অর্থাৎ বাজন ঘড়ি কি সময় নিরূপণের কোন প্রকার যন্ত্র কি গহনা কি গবর্ণমেণ্টের নিদর্শনপত্র কি বিল অফ এক্সচেঞ্জ কি প্রমিসরি নোট অর্থাৎ প্রতিজ্ঞাপত্র কি ব্যাঙ্ক নোট কি টাকা দেওনের কোন আদেশ কি অন্য নিদর্শনপত্র কি গবর্ণমেণ্টের ইষ্টাম্প কাগজ কি ডাকমাসুলের ইষ্টাম্প কি ম্যাপ কি লিপি কি দলীলদস্তাবেজ কি চিত্রকরা কি খোদিত পট কি ছবি কি গিল্টিকরা দ্রব্য কি গেলাস কি কাঁচের পাত্র কিম্বা রেশম বুনা হউক কি না হউক এবং অন্য দ্রব্যের সঙ্গে মিশাল করিয়া প্রস্তুত হউক কি না হউক তাহা কি শাল কি লেস কিম্বা ইহার মধ্যে যে কোন দ্রব্য পুলিন্দাতে কি বস্তাতে বন্ধ হইয়া ভাড়া দিয়া চালান হইবার নিমিত্তে কিম্বা কোন চড়নদারের সঙ্গে২ যাইবার নিমিত্ত এমত রেলওয়ে কোম্পানিকে সমর্পণ করা যায় তাহা হারাণ গেলে কিম্বা তাহার নোকসান হইলে তাহার বিষয়ে কোন রেলওয়ে কোম্পানি কোন গতিকে দায়ী হইবেন না। কিন্তু যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা পাঠায় কি অর্পণ করে সেই ব্যক্তি কি ব্যক্তিরা যদি ঐ দ্রব্যের মূল্য ও প্রকার প্রকাশ করিয়া থাকে এবং যে ব্যক্তি উক্ত রেলওয়ে কোম্পানির পক্ষে এমত করার করিতে বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তিনি যদি ঐ দ্রব্য নির্ব্বিঘ্নরূপে চালাওনের জন্যে অধিক ভাড়া লইয়া থাকেন তবে ঐ রেলওয়ে কোম্পানি দায়ী হইবেন ইতি।

[Public notice or private Contract not to limit liability.]

XI. The liability of such Railway Company for loss or injury to any articles or goods to be carried by them other than those specially provided for by this Act, shall not be deemed or construed to be limited or in any wise affected by any public notice given, or any private contract made by them; but such Railway Company shall be answerable for such loss or injury when it shall have been caused by gross negligence or misconduct on the part of their agents or servants.

[প্রকাশিত বিজ্ঞাপন কি বিশেষ চুক্তির দ্বারা দায়ের সীমা নিরূপণ না হওয়ার কথা।

১১ ধারা। এই আইনের দ্বারা যে২ দ্রব্যের বিষয়ে বিশেষমতে নিয়ম করা গিয়াছে তদ্ভিন্ন অন্য যে কোন দ্রব্য কি মাল রেলওয়ে কোম্পানির দ্বারা চালান যাইবেক তাহা হারাণ গেলে কি তাহার নোকসান হইলে তদ্বিষয়ে তাঁহারদের যে দায় হয়, তাঁহারদের দেওয়া কোন প্রকাশিত এত্তেলা কি তাঁহারদের করা কোন বিশেষ চুক্তির দ্বারা ঐ দায়ের সীমা নিরূপণ হয় কি কোন প্রকারে ক্ষতি বৃদ্ধি হয় এমত জ্ঞান করিতে হইবেক না কি তাঁহার এমত অর্থ করিতে হইবেক না। কিন্তু যদি ঐ প্রকার হানি কি ক্ষতি তাঁহারদের এজেণ্টেরদের অর্থাৎ কর্ম্মকারকেরদের কি চাকরেরদের ভারি অমনোযোগ কি অসদাচারেতে হয় তবে সেই হানি কি ক্ষতির বিষয়ে ঐ রেলওয়ে কোম্পানি দায়ী হইবেন ইতি।

[Remedy for non-payment of the carriage of goods.]

XII. If any person shall fail to pay on demand any sum due to any such Railway Company for the conveyance of any goods, it shall be lawful for the Company to detain all or any part of such goods, or, if the same shall have been removed from the premises of the Company, any other goods of such person which shall then be on their premises, or shall thereafter come into their possession; and also to sell by public auction sufficient of such goods, to realize the sum payable as aforesaid and all charges and expenses of such detention and sale, and out of the proceeds of the sale to retain the sum so payable together with the charges and expenses aforesaid, rendering the overplus, if any, of the money arising by such sale, and such of the goods as shall remain unsold, to the person entitled there-

[মাল বহনের ভাড়া না দেওয়া গেলে তাহার প্রতিকার।]

১২ ধারা। কোন মাল লইয়া যাইবার জন্যে উক্ত কোন রেলওয়ে কোম্পানির যে কিছু টাকা পাওনা হয় তাহার দাওয়া হইলে যদি কোন ব্যক্তি তাহা দিতে ত্রুটি করে তবে ঐ কোম্পানির ক্ষমতা থাকিবেক যে ঐ মালের সমুদয় কি তাহার কোন অংশ আটক করিয়া রাখেন, অথবা যদি সেই মাল কোম্পানির বাটীহইতে স্থানান্তর করা গিয়াছে তবে ঐ ব্যক্তির অন্য যে কোন মাল তৎকালে তাঁহারদের বাটীতে থাকে কি পরে তাঁহারদের দখলে আইসে সেই মাল তাঁহারা আটক করিয়া রাখেন, এবং ঐ মালের যত বিক্রয় করিলে পূর্ব্বোক্ত প্রকারের পাওনা টাকা আদায় করা যায় এবং ঐ আটক করিয়া রাখিবার ও বিক্রয় করিবার যে সকল খরচখরচা হয় তাহাও আদায় করা যায় তত মাল নীলামে বিক্রয় করেন এবং নীলামের উৎপন্ন টাকাহইতে উক্ত প্রকারের পাওনা টাকা এবং পূর্ব্বোক্ত প্রকারের খরচখরচা বাদ দিয়া রাখেন ও ঐ নীলামের দ্বারা উৎপন্ন টাকার

to; or the Company may recover any such sum by action at law.

[Written account of goods to be given on demand.]

XIII. The owner or person having the care of any goods which shall have been carried upon any such Railway, or shall be brought on to the premises of any such Railway Company for the purpose of being carried on their Railway, shall, on demand by any servant of the Company appointed to receive goods to be carried on that part of the Railway on which such goods shall have been carried, or shall be about to be carried, deliver to such servant an exact account in writing signed by him of the number or quantity and description of such goods.

[Penalty for false account.]

XIV. If any such owner or person as aforesaid, shall wilfully fail to give such account to such servant of the Company; or if he shall wilfully give a false account thereof, he shall, for every such offence, be liable to a fine not exceeding fifty rupees for every ton of goods, or for any parcel exceeding one hundred weight; and to a fine not exceeding twenty rupees for any quantity of goods less than a ton or for any parcel less than one hundred weight.

[Carriage of goods of a dangerous nature.]

XV. No person shall carry upon any such Railway any dangerous goods; or be entitled to require any such Railway Company to carry upon such Railway, any luggage or goods which, in the judgment of the Company or any of their servants, shall be of a dangerous nature; and if any person shall carry upon such Railway any dangerous goods, or shall deliver to such Railway Company any any such goods for the purpose of being carried upon such Railway, without distinctly marking their nature on the outside of the package containing the same, or otherwise giving notice in writing of the nature thereof to the book-keeper or other servant of the Company to whom the same shall be delivered for the purpose of being so carried, he shall be liable to a fine not exceeding two hundred rupees for every such offence; and it shall be lawful for any such Company or any of their servants to refuse to carry any luggage or parcel that they may suspect to contain goods of a dangerous nature, and to require the same to be opened to ascertain the fact previously to carrying the same; and in case any such luggage or parcel shall be received by the Company for the purpose of being carried on the Railway, it shall be lawful for the Company or any of their servants to stop the transit thereof, until they shall be satisfied as to the nature of the contents of the baggage or parcel.

[*Government Gazette*, 12*th September*, 1854.]

যদি কিছু বাকী থাকে তবে সেই বাকী টাকা এবং ঐ মালের যত বিক্রয় না হইয়া থাকে তাহা যে ব্যক্তির তাহাতে স্বত্ব থাকে তাহাকে ফিরিয়া দেন। অথবা কোম্পানি আদালতে নালিশ করিয়া এইমত কোন টাকা আদায় করিতে পারেন ইতি।

[দাওয়া হইলে মালের লিখিত তালিকা দিতে হইবেক।]

১৩ ধারা। এই মত কোন রেলওয়ের উপর যে কোন মাল লওয়া গিয়াছে অথবা রেলওয়ের উপর লইয়া যাইবার অভিপ্রায়ে উক্ত কোন রেলওয়ে কোম্পানির বাটীতে উপস্থিত করা যায় সেই মালের মালিকের কিম্বা যে ব্যক্তির জিম্মায় তাহা থাকে সেই ব্যক্তির নিকটে, রেলওয়ের যে অংশেতে ঐ মাল লওয়া গিয়াছে কি লওয়া যাইবেক সেই অংশের উপর কোম্পানির যে চাকর মাল লইয়া যাইবার জন্যে গ্রহণ করিতে নিযুক্ত থাকে, সেই চাকর চাহিলে ঐ মালিক কি জিম্মাদার ব্যক্তি ঐ মালের সংখ্যা কি তাহার যত হয় তাহার ও তাহার প্রকারের লিখিত ও আপন হাতে দস্তখৎকরা এক প্রকৃত তালিকা ঐ চাকরকে দিবেক ইতি।

[অপ্রকৃত তালিকা দিলে দণ্ড।]

১৪ ধারা। যদি সেইরূপ কোন মালিক কি উক্ত প্রকার ব্যক্তি জানিয়াশুনিয়া কোম্পানির ঐ চাকরকে ঐপ্রকার তালিকা না দেয় কিম্বা যদি সে জানিয়াশুনিয়া তাহার অপ্রকৃত তালিকা দেয় তবে সে ব্যক্তি এইমত প্রত্যেক অপরাধের নিমিত্তে মালের প্রত্যেক টনের উপর, কিম্বা হণ্ডর্ড ওয়েট অর্থাৎ ৫৬ শের ওজনের অধিক কোন পুলিন্দার উপর, পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং এক টনের কম কোন মালের জন্যে অথবা এক হণ্ডর্ড ওয়েটের কম কোন পুলিন্দার জন্যে বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[সঙ্কটজনক মাল বহনের কথা।]

১৫ ধারা। কোন ব্যক্তি এমত কোন রেলওয়ের উপর কোন সঙ্কটজনক মাল লইয়া যাইবেক না কিম্বা যে কোন দ্রব্য কি মাল এমত কোন রেলওয়ে কোম্পানির কি তাঁহারদের কোন চাকরের বিবেচনায় সঙ্কটজনক প্রকারের হয় তাহা এমত কোন রেলওয়ের উপর লইয়া যাইবার জন্যে ঐ রেলওয়ে কোম্পানিকে আদেশ করিতে কোন ব্যক্তির ক্ষমতা থাকিবেক না। এবং যদি কোন ব্যক্তি ঐ রেলওয়ের উপর এমত কোন সঙ্কটজনক মাল লয় কিম্বা এইমত কোন দ্রব্য যে গাঁইটপ্রভৃতিতে বাঁধা থাকে তাহার উপর ঐ দ্রব্যের ভাব স্পষ্টরূপে না লিখিয়া, কিম্বা কোম্পানির বহীরাখনিয়া ব্যক্তিকে কি অন্য যে কোন চাকরের প্রতি ঐ দ্রব্য উক্ত প্রকারে লইয়া যাওনের অভিপ্রায়ে সমর্পণ করা যায় তাহাকে অন্য প্রকারে ঐ দ্রব্যের ভাব লিখিয়া না জানাইয়া, ঐ রেলওয়ের উপর লইয়া যাইবার জন্যে ঐ রেলওয়ে কোম্পানিকে সমর্পণ করে তবে সে ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং উক্ত কোন কোম্পানির কি তাঁহারদের কোন চাকরের এইমত ক্ষমতা থাকিবেক যে যে কোন দ্রব্যের মধ্যে কি পুলিন্দাতে সঙ্কটজনক ভাবের বস্তু আছে শোবে করেন তাহা লইতে অস্বীকার করেন এবং ঐ বিষয় নিশ্চয় জানিবার নিমিত্তে তাহা লইবার পূর্ব্বে তাহা খোলা যাইবার হুকুম করেন। এবং যদি এইমত কোন দ্রব্য কি পুলিন্দা রেলওয়ের উপর লইয়া যাইবার জন্যে কোম্পানির দ্বারা গ্রাহ্য হইয়াছে তবে কোম্পানির কি তাঁহারদের কোন চাকরের এইমত ক্ষমতা থাকিবেক যে যাবৎ গাঁইটপ্রভৃতি কি পুলিন্দার ভিতর যাহা আছে তাহার ভাবের বিষয়ে খাতিরজমা না হন তাবৎ তাহার চালান নিবারণ করেন ইতি।

[Penalty for obstructing servant in his duty.]

XVI. Any person who shall wilfully obstruct or impede any officer or servant of the Company in the discharge of his duty on such Railway, or any of the works, stations or premises connected therewith, shall be liable to a fine not exceeding fifty rupees.

[Penalty for trespass.]

XVII. Any person who shall trespass upon any such Railway, or upon any of the lands, stations, or other premises belonging to the Company, shall be liable to a fine not exceeding twenty rupees; and if any such person shall refuse to leave such Railway or premises on being requested to do so by any officer or servant of the Company, or by any other person on behalf of the Company, he shall be liable to a fine not exceeding fifty rupees, and may be immediately removed from such Railway or premises by such officer, servant, or other person as aforesaid.

[Penalty for driving an animal upon or across Railway.]

XVIII. Any person who shall wilfully ride, lead, or drive upon or across any such Railway, any animal, except in directly crossing the said Railway at any road or place appointed for that purpose, at a time at which he shall be lawfully authorized so to do, shall be liable to a fine not exceeding fifty rupees for each offence.

[Precaution if Railway crosses road. Proviso. Penalty.]

XIX. If the Railway cross any public carriage road on a level, the Railway Company shall erect, and at all times maintain good and efficient gates, either across the Railway, or across the road on each side of the Railway where the same shall communicate with the road, and shall employ proper persons to open and shut such gates; if such gates be across the road they shall be kept constantly closed, except during the time when horses, cattle, carts, or carriages, passing along the same, shall have to cross the Railway, and the gates shall be of such dimensions and so constructed as when closed to fence in the Railway, and prevent cattle or horses passing along the road from entering upon the Railway. If the gates be across the Railway, they shall be kept closed except when engines or carriages passing along the Railway shall have occasion to cross the road, and shall be of such dimensions and so constructed as when open to fence in the Railway, and prevent cattle, carriages, or passengers from entering upon the Railway: provided that it shall be lawful for the local Government in any case to order that the gates shall be across the road or across the Railway as the Government may think fit, and in such case the gates shall be erected, maintained, and closed accordingly. If any Railway Company shall wilfully fail to comply with the provision of this Section they shall

[কর্ম্ম করণ কালে চাকরের বাধা করণের দণ্ড।]

১৬ ধারা। যে কোন ব্যক্তি কোম্পানির কোন কার্য্যকারককে কি চাকরকে এমত রেলওয়ের উপর কি তাহার সম্পর্কীয় কোন কার্য্যেতে কি ষ্টেশন ঘরে কি বাটীতে আপনার কর্ম্ম নির্ব্বাহ করণেতে জানিয়াশুনিয়া প্রতিবন্ধকতা করে কি নিবারণ করে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[অন্যায়মতে প্রবেশ করণের দণ্ড।]

১৭ ধারা। যে কোন ব্যক্তি এমত কোন রেলওয়ের উপর কিম্বা কোম্পানির কোন জমীতে কি ষ্টেসন ঘরে অথবা অন্য বাটীতে অন্যায়মতে প্রবেশ করে, সে ব্যক্তি বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং যদি উক্ত কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কিম্বা কোম্পানির তরফ হইয়া অন্য কোন কেহ এমত কোন ব্যক্তিকে ঐ রেলওয়ে কি বাড়ি ছাড়িয়া যাইতে হুকুম করে আর সে ব্যক্তি তাহা না মানে তবে সে ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক এবং ঐ কার্য্যকারক কি চাকর বা পূর্ব্বোক্ত প্রকার অন্য লোকের দ্বারা তাহাকে ঐ রেলওয়ে কি বাটীহইতে তৎক্ষণাৎ বাহির করা যাইতে পারে ইতি।

[কোন পশুকে রেলওয়ের উপর কি আড়পারে চালাওনের দণ্ড।]

১৮ ধারা। যে কোন ব্যক্তি এমত কোন রেলওয়ের উপর কি তাহার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত জানিয়াশুনিয়া কোন পশুর উপর চড়িয়া যায় কি কোন পশুকে ধরিয়া লইয়া যায় কি চালায় সে ব্যক্তি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। কিন্তু ঐ রেলওয়ে পার হইবার নিমিত্তে যে রাস্তা কি স্থান নির্দ্দিষ্ট হয় ও যে সময়ে আইনমতে পার হইবার অনুমতি হয় সেই সময়ে ঐ রাস্তা ও স্থান দিয়া একেবারে পার হইলে জরীমানা হইবেক না ইতি।

[রেলওয়ে যদি রাস্তা কাটিয়া যায় তবে সতর্কতার কথা। বর্জ্জিত কথা। দণ্ড।]

১৯ ধারা। যদি গাড়ি চলিবার কোন সরকারী রাস্তা রেলওয়ের রাস্তা সমানভাবে কাটিয়া যায় তবে রেলওয়ে কোম্পানি ঐ রেলওয়ের রাস্তার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত কিম্বা রেলওয়ের রাস্তার সঙ্গে গাড়ির রাস্তা যেখানে মিলে সেইখানে রেলওয়ের রাস্তার দুই দিগে ঐ গাড়ির রাস্তার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত উত্তম ও কর্ম্মের উপযুক্ত ফাটক সর্ব্বদাই তুলিয়া রাখিবেন এবং ঐ ফাটক খুলিবার ও বন্ধ করিবার জন্যে উপযুক্ত লোকদিগকে নিযুক্ত করিবেন। যদি ঐ ফাটক গাড়ির রাস্তার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত হয় তবে তাহা সর্ব্বদাই বন্ধ থাকিবেক কেবল যে সময়ে ঐ রাস্তায় গমনশীল ঘোড়া কি গোমেষাদি জন্তু কি বলদগাড়ি কি গাড়ির ঐ রেলওয়ের উপর দিয়া যাইতে হইবেক সেই সময়ে খোলা থাকিবেক। এবং ঐ ফাটকের এমন পরিমাণ হইবেক ও তাহা এমন গঠনের হইবেক যে তাহা বন্ধ থাকিলে রেলওয়ের রাস্তার বেড়ার ন্যায় হয় এবং রাস্তার উপর গমনাগমনকারি গোমেষাদি জন্তু কি ঘোড়া রেলওয়ের উপর যাইতে না পারে। যদি ঐ ফাটক রেলওয়ের রাস্তার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত হয় তবে তাহা সর্ব্বদা বন্ধ রাখা যাইবেক কেবল যখন রেলওয়ের রাস্তার উপর গমনকারি কলের কি অন্য গাড়ির ঐ রাস্তার উপর দিয়া যাইবার প্রয়োজন হয় তখন তাহা খোলা যাইবেক। এবং তাহার এমত পরিমাণ ও এমত গঠন হইবেক যে তাহা খোলা থাকিলে রেলওয়ের রাস্তার বেড়ার ন্যায় হয় এবং গোমেষাদি কি গাড়ি কি পথিকেরা রেলওয়ের উপর যাইতে না পারে। পরন্তু জানা কর্ত্তব্য যে স্থানীয় গবর্ণমেণ্টের কোন গতিকে ক্ষমতা থাকিবেক যে যেমন উচিত বোধ করেন তেমনি ঐ ফাটক গা-

forfeit a sum not exceeding two hundred rupees for each offence, and any Magistrate or Justice of the Peace may, in case any such gates be not erected or maintained, order the Company to erect and maintain the same within a time to be specified in the order, and in case of wilful failure on the part of the Railway Company to comply with such order, they shall be liable to a fine not exceeding two hundred rupees for every day that they shall wilfully fail so to do.

[Railway to be fenced. Penalty for not fencing.]

XX. Every such Railway Company shall be bound to erect and maintain good and sufficient fences on each side of their Railway; or, failing therein, shall be liable to a fine not exceeding fifty rupees for every offence; and it shall be lawful for a Magistrate or Justice of the Peace to order the Company to erect or repair any such fence within a time to be specified in the order, and upon failure of the Company to comply with such order they shall be liable to a fine not exceeding fifty rupees for every day that they fail so to do.

[Liability of owner of animal trespassing.]

XXI. The owner of any animal which shall trespass or stray upon any such Railway, or upon any lands belonging to such Railway Company, except for want of the erection or maintenance of any fence or gate which the Company is bound to erect and maintain, shall be liable to a fine not exceeding ten rupees for each animal; and it shall be lawful for the Company, or any of their servants, to take or drive every animal which shall be found so trespassing to the nearest Police Station, there to be detained until the highest amount of fine incurred by such trespass and the expense of feeding and keeping the animal be paid, or until a Magistrate shall otherwise order. A Magistrate may, upon proof of the trespass, cause such animal to be sold by public auction, and the proceeds of the sale, after deducting therefrom such fine or such a sum, not exceeding ten rupees for each animal, as the Magistrate shall award to be paid in lieu of the fine to which the owner is hereby made liable, and such further sum as the Magistrate shall order to be paid for the expenses of detaining, feeding, and selling such animal, shall be returned to the owner of the animal on demand.

[Penalty for injury to carriage, &c.]

XXII. Any person who shall unlawfully and

ঁর রাস্তার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত কিম্বা রেলওয়ের রাস্তার এক পার্শ্বহইতে অন্য পার্শ্বপর্য্যন্ত করিবার হুকুম করেন। এবং সেই স্থলে ঐ হুকুমানুসারে ঐ ফাটক তোলা যাইবেক ও রাখা যাইবেক ও বন্ধ করা যাইবেক। যদি কোন রেলওয়ে কোম্পানি এই ধারার বিধানমতে কার্য্য করিতে জানিয়াশুনিয়া ত্রুটি করেন তবে তাঁহারদের এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অনধিক জরীমানা হইবেক। এবং যদি ঐ প্রকার কোন ফাটক না তোলা যায় কি না রাখা যায় তবে কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পিস সাহেব ঐ কোম্পানিকে হুকুম করিতে পারেন যে তাঁহারা ঐ হুকুমের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ফাটক তুলিয়া দেন ও রাখেন। এবং যদি রেলওয়ে কোম্পানি ঐ হুকুমানুসারে কার্য্য করিতে জানিয়াশুনিয়া ত্রুটি করেন তবে যে প্রতিদিন সেইমতে করিতে ত্রুটি করেন তাহার দিনপ্রতি তাঁহারা দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

[রেলওয়ের রাস্তার বেড়া দিতে হইবেক। না দিলে তাহার দণ্ডের কথা।]

২০ ধারা। এমত প্রত্যেক রেইলওয়ে কোম্পানির আপন২ রেলওয়ের রাস্তার উভয় পার্শ্বে উত্তম ও প্রচুর বেড়া তুলিতে ও রাখিতে হইবেক। নতুবা এই বিষয়ে ত্রুটি হইলে এমত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহারা পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন। এবং কোন মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেব ঐ কোম্পানিকে হুকুম করিতে পারেন যে তাঁহারা, ঐ হুকুমে যে সময় নির্দ্দিষ্ট করা যাইবেক সেই সময়ের মধ্যে, এমত কোন বেড়া তোলেন কি সারাইয়া দেন এবং ঐ কোম্পানি ঐ হুকুমমতে কার্য্য করিতে ত্রুটি করিলে তাঁহারা যে প্রতিদিন সেইমত কর্ম্ম করিতে ত্রুটি করেন তাহার দিনপ্রতি তাঁহারা পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

[পশু অন্যায়মতে গেলে তাহার মালিকের দণ্ড।]

২১ ধারা। এইমত কোন রেলওয়ের উপর কিম্বা ঐ রেলওয়ে কোম্পানির কোন জমীর উপর যে কোন পশু প্রবেশ করে কি বেড়ায় তাহার মালিক সেই প্রত্যেক পশুর জন্যে দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। কিন্তু কোম্পানির যে বেড়া কি ফাটক তুলিতে ও রাখিতে হইবেক সে বেড়া না তোলনে কি না রাখণে যদি ঐ পশু প্রবেশ করে তবে ঐ জরীমানা হইবেক না। এবং ঐ কোম্পানির কি তাঁহারদের কোন চাকরের ক্ষমতা থাকিবেক যে ঐ প্রকারে প্রবেশ করিয়াছে এমত যে প্রত্যেক পশুকে পাওয়া যায় তাহাকে অতিনিকট পোলীসের আড্ডায় লইয়া যায় কি তাড়ায় এবং যাবৎ ঐ অন্যায়মতে গমনের অতিউচ্চ যে জরীমানা হয় তাহা না দেওয়া যায় এবং ঐ পশুকে রাখিবার ও খাওয়া দিবার খরচ না দেওয়া যায় অথব যাবৎ মাজিষ্ট্রেট সাহেব অন্য প্রকার হুকুম না করেন তাবৎ ঐ পশুকে সেই স্থানে আটক করিয়া রাখা যাইবেক। অন্যায়মতে গমনের প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব ঐ পশুকে নীলামে বিক্রয় করাইতে পারেন এবং নীলামের উৎপন্ন টাকাহইতে ঐ জরীমানার টাকা বাদ দিয়া অথবা ইহার দ্বারা মালিক যে জরীমানার যোগ্য হয় তাহার পরিবর্ত্তে ঐ মাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক পশুর উপর দশ টাকার অনধিক যত টাকা দেওনের হুকুম করেন তাহা বাদ দিয়া এবং ঐ পশুর আটক রাখণের ও খাওয়ার ও বিক্রয়ের খরচের বাবৎ মাজিষ্ট্রেট সাহেব অধিক যত টাকা দিবার হুকুম করেন তাহা বাদ দিয়া অবশিষ্ট টাকা চাওয়া গেলে পশুর মালিককে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[গাড়িপ্রভৃতির নোকসান করণের দণ্ড।]

২২ ধারা। যে কোন ব্যক্তি এমত কোন রেলওয়ে

wilfully remove or deface the number plates, or remove or extinguish any lamp on any carriage belonging to any such Railway Company; or shall wilfully or negligently damage or injure any carriage, engine, waggon, truck, warehouse, building, machine, fence, or any other matter or thing belonging to such Railway Company, shall be liable to a fine not exceeding fifty rupees.

[Penalty for opening or not properly shutting gates.]

XXIII. If any person for whose use or accommodation any gate shall have been set up by any such Railway Company on either side of such Railway, or any other person, shall open such gate; or pass, or attempt to pass, or drive, or attempt to drive any carriage, cattle, or other animal or thing across the said Railway at a time when any engine or train approaching along the same shall be in sight; or shall at any time omit to shut and fasten such gate, as soon as he and any carriage, cattle, or other animal or thing under his charge, shall have passed through the same, he shall be liable to a fine not exceeding fifty rupees.

[Offender may be apprehended.]

XXIV. If any person shall commit any offence hereby made punishable by fine, and the name and address of such person shall be unknown, or there be reason to believe that the offender will abscond, any officer or servant of the Company, or any police officer, or other person whom such officer or servant may call to his aid, may, without any warrant or written authority, lawfully apprehend and detain such offender until he can be taken before a Magistrate or other officer having jurisdiction over the offence, or shall give sufficient security for his appearance before such Magistrate or other officer, or shall be otherwise discharged by due course of law.

[Penalty for wilful act or omission endangering a passenger.]

XXV. Whoever shall wilfully do any act, or shall wilfully omit to do what he is legally bound to do, intending by such act or omission to cause, or knowing that he is thereby likely to cause the safety of any person travelling or being upon any such Railway to be endangered, shall be liable to be transported beyond sea for the term of his life, or to be imprisoned, with or without hard labour, for any term not exceeding seven years.

[Penalty for wilful act or omission in a Railway officer.]

XXVI. If any officer or servant of such Railway Company shall wilfully do any act which he is legally prohibited from doing; or shall wilfully or negligently omit to do what he is legally bound to do, and if, in consequence of such act or omission, the safety of

কোম্পানির কোন গাড়ির উপর নম্বরের পাত বেআইনীমতে ও জানিয়াশুনিয়া তুলিয়া লয় কি বিকৃত করে অথবা কোন লাম্প অর্থাৎ প্রদীপ তুলিয়া লয় কি নিবাইয়া ফেলে কিম্বা ঐ রেলওয়ে কোম্পানির কোন গাড়ি কি কলের গাড়ি কিম্বা মালের গাড়ি বা ট্রুক কিম্বা গুদাম ঘর বা এমারৎ কি যন্ত্র কিম্বা বেড়া অথবা অন্য কোন বিষয় কি দ্রব্যের নোকসান বা ক্ষতি জানিয়াশুনিয়া কি অমনোযোগে করে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[ফাটক খুলিবার কি উপযুক্তমতে বন্ধ না করিবার দণ্ড।]

২৩ ধারা। যদি উক্ত প্রকার কোন রেলওয়ে কোম্পানি কোন ব্যক্তির ব্যবহার কি সুবিধার নিমিত্তে ঐ রেলওয়ের কোন পার্শ্বে কোন ফাটক করেন এবং ঐ রেলওয়ের উপর আগমনশীল কোন কলের গাড়ি কি ট্রেন যে সময়ে দেখা যায় এইমত সময়ে যদি সেই ব্যক্তি কিম্বা অন্য কোন ব্যক্তি ঐ দ্বার খোলে কি ঐ রেলওয়ের উপর দিয়া পার হয় কি পার হইবার উদ্যোগ করে অথবা কোন গাড়ি কি গোমেষাদি কি অন্য পশু কি বিষয় চালায় কি চালাইবার উদ্যোগ করে কিম্বা যদি সেই ব্যক্তি ও তাহার জিম্মায় কোন গাড়ি কি গোমেষাদি বা অন্য পশু কিম্বা বস্তু ঐ ফাটক দিয়া গেলে পর তৎক্ষণে ঐ ফাটক বন্দ করিয়া দৃঢ়রূপে বন্ধ না করে তবে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[অপরাধিকে গ্রেফ্তার করা যাইতে পারে।]

২৪ ধারা। এই আইনমতে যে অপরাধের জরীমানার দণ্ড হইতে পারে এমত কোন অপরাধ যদি কোন ব্যক্তি করে এবং তাহার নাম ও ঠিকানা জানা না থাকে অথবা ঐ অপরাধী পলায়ন করিবেক এমত বিশ্বাস করিবার হেতু থাকে তবে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর কিম্বা পোলীসের কোন কার্য্যকারক অথবা যে কোন ব্যক্তিকে ঐ কার্য্যকারক কি চাকর আপনার সাহায্য করিতে তলব করে সে ব্যক্তি কোন ওয়ারণ্ট কি লিখিত হুকুম বিনা ঐ অপরাধিকে আইনমতে গ্রেফ্তার করিতে পারিবেক এবং যাবৎ তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ঐ অপরাধের বিষয়ে অন্য যে কার্য্যকারকের এলাকা আছে তাঁহার সম্মুখে লইয়া যাইতে না পারা যায় কিম্বা যাবৎ সেই অপরাধী এমত মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের সম্মুখে হাজির হইবার প্রচুর জামিন না দেয় কি তাহাকে আইনের উপযুক্ত ধারামতে অন্য প্রকারে খালাস না করা যায় তাবৎ তাহাকে আটক করিয়া রাখিতে পারে ইতি।

[যাহাতে চড়নদারের সঙ্কট জন্মে এমত কর্ম্ম জানিয়াশুনিয়া করণের কি ত্রুটি করণের দণ্ড।]

২৫ ধারা। যে কোন ব্যক্তি কোন কার্য্য করণের দ্বারা কিম্বা আইনমতে যে কর্ম্ম করিতে বদ্ধ আছে এমত কোন কার্য্য না করণের দ্বারা এমত কোন রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিত থাকা কোন ব্যক্তির সুরক্ষার বিঘ্ন জন্মাইবার মনস্থ করিয়া কিম্বা বিঘ্ন জন্মাইবার সম্ভাবনা আছে জানিয়া সেই কার্য্য করে কি সেই হুকুম করা কার্য্য না করে সেই ব্যক্তি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের যোগ্য হইবেক কিম্বা সাত বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[রেলওয়ের কার্য্যকারকের জানিয়াশুনিয়া কোন কার্য্য কি ত্রুটি করণের দণ্ড।]

২৬ ধারা। যদি এমত রেলওয়ে কোম্পানির কোন কার্য্যকারক কি চাকর যে কর্ম্ম করিতে তাহার আইনমতে নিষেধ আছে এমত কোন কর্ম্ম জানিয়াশুনিয়া করে, কিম্বা যে কর্ম্ম করিতে আইনমতে বদ্ধ আছে তাহা জানিয়াশুনিয়া কি অমনোযোগে না করে এবং যদি ঐ কর্ম্ম করণ কি

any person travelling or being upon such Railway shall be endangered, such officer or servant shall be liable to be imprisoned, with or without hard labour, for any term not exceeding three years, or to fine, or to both.

[Penalty for drunkenness or breach of duty by Railway officer.]

XXVII. Any officer or servant of such Railway Company who shall be in a state of intoxication, whilst actually employed upon the Railway, or any of the works connected therewith, in the discharge of any duty, and any officer or servant of such Company who negligently shall omit to perform his duty, or shall perform the same in an improper manner, shall be liable to a fine not exceeding fifty rupees; and if the duty in any of the cases in this Section above mentioned be such, that the omission or negligent performance thereof would be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, such officer or servant shall, on conviction before a Magistrate, be liable to imprisonment, with or without hard labour, for a term not exceeding one year, or to fine, or to both.

[Penalty for an act not wilful.]

XXVIII. If any person shall rashly or negligently and without lawful excuse do any act which shall be likely to endanger the safety of any person travelling or being upon such Railway, he shall, upon conviction before a Magistrate, be liable to imprisonment, with or without hard labour, for a term not exceeding one year, or to fine, or to both.

[Rule of Construction of this Act.]

XXIX. In the construction of this Act, every Officer and servant of such Railway Company, shall be deemed to be legally bound to do every thing necessary for, or conducive to the safety of the public which he shall be required to do by any Regulation which shall be made by the Company, and allowed by the Governor General of India in Council, and of which Regulation such officer or servant shall have notice; and every such officer and servant shall be deemed to be legally prohibited from doing every act which shall be likely to cause danger, and which by any such Regulation he shall be prohibited from doing; and every person employed by or on behalf of such Railway Company to do any act upon the Railway, shall be deemed to be a servant of the Company.

[Jurisdiction of Magistrate, &c., to fine.]

XXX. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence, for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Justice of the Peace for any of the Presidency Towns of Calcutta, Madras and Bombay, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, whether the offence shall have been committed within the local limits of the jurisdiction of such officer or not, and any person hereby made punish-

না করণপ্রযুক্ত ঐ রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিতথাকা কোন ব্যক্তির সুরক্ষার বিঘ্ন হয় তবে ঐ কার্য্যকারক কি চাকর তিন বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার কিম্বা জরীমানার কি ঐ উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[রেলওয়ের কার্য্যকারক মাতাল হইলে কি কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাহার দণ্ড।]

২৭ ধারা। ঐ রেলওয়ে কোম্পানির যে কোন কার্য্যকারক কি চাকর রেলওয়ের উপর কি তৎসম্পর্কীয় কোন কার্য্যেতে নিতান্ত নিযুক্ত হইয়া কোন কার্য্য করণ সময়ে মাতাল হয় এবং ঐ কোম্পানির যে কোন কার্য্যকারক বা চাকর অমনোযোগপ্রযুক্ত আপনার কর্ত্তব্য কর্ম্ম না করে কিম্বা অনুচিতমতে করে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। এবং যদি এই ২৪ ধারার লিখিত কোন গতিকে ঐ কর্ত্তব্য কর্ম্ম এইমত হয় যে তাহা না করিলে কি অমনোযোগে করিলে ঐ রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিতথাকা কোন ব্যক্তির সুরক্ষার বিঘ্ন হইবার সম্ভাবনা হয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ সাব্যস্ত হইলে ঐ কার্য্যকারক কি চাকর এক বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদ হইবার কিম্বা জরীমানার কি ঐ উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[না জানিয়াশুনিয়া যে কার্য্য হয় তাহার দণ্ড।]

২৮ ধারা। ঐ রেলওয়ের উপর গমনকারি কি উপস্থিতথাকা কোন ব্যক্তির সুরক্ষার বিঘ্ন যাহাতে জন্মিতে পারে এমত কোন কার্য্য যদি কেহ অবিবেচনাতে কি অমনোযোগে ও ন্যায্য ওজরবিনা করে তবে সেই দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে ব্যক্তি এক বৎসরের অনধিক মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদ হইবার কি জরীমানার কি ঐ উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[এই আইনের অর্থ করণের বিধি।]

২৯ ধারা। এই আইনের অর্থ করণেতে রেলওয়ে কোম্পানি যে কোন বিধান করেন এবং হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর মঞ্জুর করেন এবং ঐ রেলওয়ে কোম্পানির কার্য্যকারক কি চাকরকে অবগত করা যায় এমত বিধানক্রমে সাধারণ লোকেরদের সুরক্ষার জন্যে আবশ্যক ও তাহারদের সুরক্ষাজনক যে প্রত্যেক কার্য্য ঐ কার্য্যকারক কি চাকরকে করিতে হুকুম হয় তাহা করিতে সেই ব্যক্তি আইনমতে বদ্ধ আছে জ্ঞান হইবেক। এবং যে কোন কার্য্যের দ্বারা সঙ্কট হইবার সম্ভাবনা হয় ও ঐ প্রকার বিধানের দ্বারা ঐ প্রকার প্রত্যেক কার্য্যকারক ও চাকরের প্রতি করিবার নিষেধ আছে ঐ প্রত্যেক কার্য্য করিতে আইনমতে নিষেধ হইয়াছে এমত জ্ঞান হইবেক। এবং ঐ রেলওয়ে কোম্পানির দ্বারা কি তাঁহারদের তরফে যে প্রত্যেক ব্যক্তি রেলওয়ের উপর কোন কার্য্য করিতে নিযুক্ত হয় সে ব্যক্তি কোম্পানির চাকর আছে এমত জ্ঞান হইবেক ইতি।

[জরীমানা করিতে মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতির এলাকা।]

৩০ ধারা। এই আইনের বিধানানুসারে যে অপরাধের জন্যে কেবল জরীমানা হইতে পারে এমত অপরাধে যে কোন ব্যক্তি অপরাধী হয় সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক কি না হউক তাহার সেই অপরাধের জন্যে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই শহরের কোন জুষ্টিস অফ দি পীসের দ্বারা কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কি জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি কোন ব্যক্তির দ্বারা দণ্ড হইতে পারিবেক, ঐ অপরাধ ঐ কার্য্যকারকের এলাকার সীমাসরহদ্দের মধ্যে করা যাউক কিনা তবু তাঁহার দ্বারা দণ্ড হইতে পারিবেক। এবং এই হুকুমমতে জুষ্টিস অফ দি পীসের দ্বারা যে কোন ব্যক্তির দণ্ড হইতে পারে সেই

able by a Justice of the Peace, shall be punishable upon summary conviction.

[Conviction to be quashed on merits only—form of conviction, &c.]

XXXI. No conviction, order, or judgment of any Justice of the Peace, shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds; but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment, in obedience to any writ of *certiorari*, and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment shall be aided by what so appears in such depositions.

[Magistrate may refer case to his Assistant or Deputy.]

XXXII. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only to any of his Assistants, or to any Deputy Magistrate lawfully appointed to exercise the powers of a covenanted assistant, and in such case every such Assistant or Deputy Magistrate may exercise all the powers vested in a Magistrate, subject to all the rules applicable to criminal cases deputed to such Assistants or Deputy Magistrate, acting judicially.

[Local Government may authorize Assistant, &c. Proviso.]

XXXIII. The local Government may give general authority to any such Assistant or Deputy Magistrate to exercise, without reference by a Magistrate, any of the powers which they are hereby rendered competent to exercise upon reference by a Magistrate, subject to appeal to the Magistrate from any conviction by such Assistant or Deputy Magistrate, within one month from the date of conviction. Provided that a Magistrate may at any time call from any of his Assistants, or from any Deputy Magistrate subordinate to him, any case pending before such Assistant or Deputy Magistrate.

[Fines how to be recovered.]

XXXIV. All fines imposed under the authority of this Act for offences punishable by fine only by any Justice of the Peace, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of a Magistrate, or by any Assistant to a Magistrate, or Deputy Magistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods

ব্যক্তির দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[দোষ সাব্যস্ত করণ কেবল মোকদ্দমার দোষগুণক্রমে বাতিল হইতে পারিবেক। দোষ সাব্যস্ত করণাদির প্রকার।]

৩১ ধারা। কোন জুষ্টিস অফ দি পীসকর্ত্তৃক যে কোন দোষ সাব্যস্ত হয় কি যে হুকুম কি বিচার হয় তাহা দাঁড়ার কি কার্য্য করিবার নিয়মের ভ্রমপ্রযুক্ত বাতিল হইবেক না কেবল দোষগুণক্রমে বাতিল হইবেক। এবং দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচার যে প্রমাণক্রমে হয় তাহা ঐ হুকুমপ্রভৃতিতে ব্যক্ত করা আবশ্যক হইবেক না। কিন্তু সর্টিওরারিনামক কোন পরওয়ানা বাহির হইলে, যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার নকল দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচারের সঙ্গে ঐ পরওয়ানাক্রমে পাঠান যাইবেক এবং যদি দোষ সাব্যস্তকরণের কি হুকুমের কি বিচারের উপর এলাকা দুষ্ট না হয় কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহাতে ঐ ত্রুটির প্রতিকার হয় তবে ঐ সাক্ষ্যেতে ঐরূপে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা ঐ দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচারের সাহায্য হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব আপন আসিষ্টাণ্টের প্রতি নালিশ অর্পণ করিতে পারেন।]

৩২ ধারা। এই আইনের দ্বারা যে অপরাধের কেবল জরীমানার দণ্ড হইতে পারে তাহার কোন নালিশ মাজিষ্ট্রেট সাহেব বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের কিম্বা চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিতে আইনমতে নিযুক্ত কোন ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে অর্পণ করিতে পারেন। এবং বিচারকর্ত্তা কর্ম্মকারি এমত আসিষ্টাণ্ট সাহেবেরদের কি ডেপুটী মাজিষ্ট্রেটেরদের প্রতি অর্পিত ফৌজদারী মোকদ্দমার বিষয়ে যে সকল বিধি খাটে সেই বিধিঅনুসারে উক্ত প্রকার গতিকে এমত প্রত্যেক আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন ইতি।

[গবর্ণমেণ্ট আসিষ্টাণ্ট সাহেবেরদিগকে ও ডেপুটী মাজিষ্ট্রেটদিগকে বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবার শক্তি দিতে পারেন। বর্জ্জিত কথা।]

৩৩ ধারা। মাজিষ্ট্রেট সাহেব আসিষ্টাণ্ট সাহেবের কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি কোন মোকদ্দমা অর্পণ করিলে তাঁহারা এই আইনক্রমে যে ক্ষমতামতে কার্য্য করিতে পারেন মাজিষ্ট্রেট সাহেব অর্পণ না করিলেও এমত কোন ক্ষমতামতে কার্য্য করিতে স্থানীয় গবর্ণমেণ্ট এমত কোন আসিষ্টাণ্ট সাহেবকে কি ডেপুটী মাজিষ্ট্রেটকে সাধারণ শক্তি দিতে পারেন। কিন্তু এমত আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী মাজিষ্ট্রেট কোন দোষ সাব্যস্ত করিলে তাহার উপর আপীল ঐ দোষ সাব্যস্ত হওনের তারিখের পর এক মাসের মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইতে পারে। পরন্তু জানা কর্ত্তব্য যে মাজিষ্ট্রেট সাহেব আপনার কোন আসিষ্টাণ্ট সাহেবের কি আপনার অধীন কোন ডেপুটী মাজিষ্ট্রেটের সম্মুখে যে কোন মোকদ্দমা উপস্থিত থাকে তাহা ঐ আসিষ্টাণ্ট সাহেবের কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের স্থানহইতে কোন সময়ে তলব করিতে পারেন ইতি।

[জরীমানা যেপ্রকারে আদায় করিতে হইবেক।]

৩৪ ধারা। যে অপরাধের কেবল জরীমানার দণ্ড হইতে পারে তাহার নিমিত্তে কোন জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেব কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে আইনমতে কার্য্যকারক কোন ব্যক্তির দ্বারা কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কোন আসিষ্টাণ্ট সাহেবের দ্বারা কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা এই আইনের শক্তিক্রমে যে সকল জরীমানা করা যায় তাহা

and chattels of the offender, by warrant under the hand of any of the above-named officers; and in case any such fine shall not be forthwith paid, any such officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such officer may take such security by way of recognizance or otherwise; and if upon the return of such warrant it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such officer, by the confession of the offender or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such officer may, by warrant under his hand, commit the offender to prison, there to be imprisoned only, or to be imprisoned and kept to hard labour, according to the discretion of such officer, for any term not exceeding two calendar months when the amount of the fine shall not exceed fifty rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred rupees, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Jurisdiction in Madras and Bombay Presidencies.]

XXXV. The heads of district police and ameens of police in the Presidency of Madras, and district or joint police officers in the Presidency of Bombay, may punish, to the extent of the powers conferred upon them respectively in petty offences, any offence hereby made punishable by fine not exceeding twenty rupees.

[Enforcing payment of fare by passenger not producing ticket.]

XXXVI. Payment of any fare to which any passenger not producing or delivering up his ticket shall be liable under Section I. of this Act, may be enforced in the same manner as any fine imposed by this Act.

[Apprehension of offenders.]

XXXVII. Every person who shall be guilty of any offence mentioned in Sections XXV., XXVI., XXVII. and XXVIII., of this Act, may be lawfully apprehended without any warrant or written authority, by any servant or officer of the Company, or by any other person whom such officer or servant shall call to his aid, or by any police officer of such grade, as shall, by any law in force for the time being, be entrusted in any case with the power of arrest without a warrant; and every person so apprehended shall, with all convenient despatch, be car-

না দেওয়া গেলে ঐ জরীমানা পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধির মাল ও অস্থাবর সম্পত্তি ক্রোক করিয়া নীলাম করণের দ্বারা আদায় হইতে পারিবেক। এবং যদি এমত কোন জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় তবে এমত কোন কার্য্যকারক হুকুম করিতে পারেন যে অপরাধিকে গ্রেফ্তার করা যায় এবং যেপর্য্যন্ত ঐ ক্রোকী পরওয়ানার ওয়াপোস সুবিধামতে না হইতে পারে সেইপর্য্যন্ত তাহাকে উত্তম নেগাহবানীতে কয়েদ করিয়া রাখা যায়। কিন্তু যদি সেই ব্যক্তি ঐ ক্রোকী পরওয়ানা ওয়াপোসের নিমিত্তে যে স্থান ও সময় নির্দ্দিষ্ট হইবেক সেই স্থানে ও সময়ে আপনার হাজির হইবার বিষয়ে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে জামিন দিতে পারে তবে তাহাকে কয়েদ করা যাইবেক না এবং ঐ কার্য্যকারক ঐ জামিন মুচলকাস্বরূপ কি অন্য প্রকারে লইতে পারেন। এবং ঐ পরওয়ানা ওয়াপোস হইলে যদ্যপি দৃষ্ট হয় যে ঐ জরীমানা যাহাতে আদায় করা যায় ক্রোক করিবার প্রচুর এমত কোন দ্রব্য পাওয়া যায় না এবং ঐ জরীমানা তৎক্ষণাৎ না দেওয়া যায় অথবা যদ্যপি ঐ অপরাধির স্বীকারক্রমে কিম্বা অন্য প্রকারে ঐ কার্য্যকারকের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে ক্রোকী পরওয়ানা জারী হইলেও যাহাতে ঐ জরীমানা কি টাকা আদায় হইতে পারে ঐ ব্যক্তির এমত প্রচুর কোন মাল কি অস্থাবর সম্পত্তি নাই তবে এমত কোন কার্য্যকারক আপনার দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধিকে কয়েদ করিতে পারিবেন এবং যদি জরীমানা পঞ্চাশ টাকার অনধিক হয় তবে দুই মাসের অনধিক কোন মিয়াদে এবং যদি জরীমানা এক শত টাকার অনধিক হয় তবে চারি মাসের অনধিক কোন মিয়াদে এবং অন্য কোন গতিকে ছয় মাসের অনধিক কোন মিয়াদে ঐ ব্যক্তিকে কেবল কয়েদ করা যাইবেক কিম্বা ঐ কার্য্যকারকের বিবেচনামতে কয়েদ করা যাইবেক এবং তাহার কঠিন পরিশ্রমও হইবেক। পূর্ব্বোক্ত কোন গতিকে জরীমানার টাকা দেওয়া গেলে কয়েদের শেষ হইবেক ইতি।

[মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে এলাকা।]

৩৫ ধারা। মান্দ্রাজ রাজধানীতে জিলার পোলীসের প্রধান কার্য্যকারকেরা ও পোলীসের আমীনেরা এবং বোম্বাই রাজধানীতে জিলার কি পোলীসের জাইণ্ট কার্য্যকারকেরা, ক্ষুদ্র২ অপরাধে তাঁহারদের প্রতি যেপর্য্যন্ত ক্ষমতার্পণ হইয়াছে সেই ক্ষমতামতে, এই আইনের দ্বারা বিশ টাকার অনধিক জরীমানাতে দণ্ডনীয় কোন অপরাধের দণ্ড করিতে পারেন ইতি।

[চড়নদার টিকিট না দেখাইলে তাহার ভাড়া বলপূর্ব্বক লওন।]

৩৬ ধারা। কোন চড়নদার আপনার টিকিট না দেখাইলে কি না দিলে এই আইনের ১ ধারানুসারে যে ভাড়া দিবার যোগ্য হয় তাহা এই আইনের দ্বারা করা কোন জরীমানা যে প্রকারে আদায় করা যায় সেই প্রকারে আদায় করা যাইতে পারিবেক ইতি।

[অপরাধিরদের গ্রেফ্তার করণ।]

৩৭ ধারা। যে প্রত্যেক ব্যক্তি এই আইনের ২৫ ও ২৬ ও ২৭ ও ২৮ ধারার লিখিত কোন অপরাধে দোষী হয় তাহাকে, কোন ওয়ারণ্ট কি লিখিত হুকুমবিনা কোম্পানির কোন কার্য্যকারক কি চাকরের দ্বারা, কিম্বা অন্য যে কোন ব্যক্তিকে ঐ কার্য্যকারক কি চাকর আপনার সাহায্যার্থে তলব করে তাহার দ্বারা, কিম্বা পোলীসের যে কোন কার্য্যকারক এইমত পদের হয় যে তাহাকে তৎকালীন চলিত কোন আইনমতে কোন গতিকে ওয়ারণ্ট বিনা গ্রেফ্তার করণের ক্ষমতা দেওয়া যায় এমত কোন কার্য্যকারকের দ্বারা, আইনমতে গ্রেফ্তার করা যাইতে পারে। এবং যে প্রত্যেক ব্যক্তি এই প্রকারে

ried and conveyed before a Magistrate or Justice of the Peace, or other officer lawfully authorized to punish the offender or to commit him for trial.

[Construction.]

XXXVIII. In the construction of this Act, unless where a contrary intention appears from the context, the word "Magistrate" shall include a Joint Magistrate, and any person lawfully exercising the powers of a Magistrate; words in the singular number shall include the plural, words in the plural shall include the singular; and words in the masculine gender shall include the feminine; and the word "fine" shall include a sum of money due upon a forfeited recognizance.

[Acts repealed.]

XXXIX. Acts No. III. of 1853 and No. XII. of 1853, are hereby repealed, except as to acts done, offences committed, and liabilities incurred before the passing of this Act.

[All Indian Railways to be within the Act.]

XL. Every Railway within the said territories used for the public conveyance of passengers or goods shall, until the contrary be proved, be presumed to be a Railway within the meaning of this Act, and every Company to whom any such Railway shall belong, shall, until the contrary be proved, be presumed to be a Railway Company within the meaning of this Act.

[Penalty for omitting to report accident.]

XLI. Every such Railway Company shall, within forty-eight hours after the occurrence upon the Railway belonging to such Company of any accident attended with serious personal injury, give notice thereof to the local Government; and if any such Company omit to give such notice, they shall forfeit the sum of fifty rupees for every day during which the omission to give the same shall continue.

[Local Government may require a return of accidents. Penalty.]

XLII. The local Government may order and direct any such Railway Company to make up and deliver to them a return of serious accidents occurring in the course of the public traffic upon the Railway belonging to such Company, whether attended with personal injury or not, in such form and manner as the Government shall deem necessary and require for their information, with a view to the public safety; and if any such returns shall not be so delivered within fourteen days after the same shall have been required, every such Company shall forfeit the sum of fifty rupees for every day during which the said Company shall neglect to deliver the same.

[Copy and translation of Acts to be shown at Railway Stations.]

XLIII. A copy of this Act, and of the General

গ্রেপ্তার হয় তাহাকে সুবিধামতে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে বা অপরাধির দণ্ড করিতে কি তাহাকে বিচারার্থে সমর্পণ করিতে আইনমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের সম্মুখে লওয়া যাইবেক ও চালান করা যাইবেক ইতি।

[আইনের অর্থ।]

৩৮ ধারা। এই আইনের অর্থ করণেতে "মাজিষ্ট্রেট" এই শব্দের অর্থের মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবকে এবং মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে আইনমতে কার্য্যকারক অন্য কোন ব্যক্তিকে বুঝাইবেক এবং এক বচনের শব্দেতে বহু বচনের শব্দও বুঝাইবেক বহু বচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবেক এবং পুংলিঙ্গ শব্দের মধ্যে স্ত্রীলিঙ্গ শব্দকেও বুঝাইবেক এবং "জরীমানা" এই শব্দেতে খেলাফহওয়া মুচলকার উপর দেনা টাকাও বুঝাইবেক। কিন্তু যদি পদের পূর্ব্বাপর কথাতে বিপরীত অভিপ্রায় বোধ হয় তবে বুঝাইবেক না ইতি।

[রদ করা আইন।]

৩৯ ধারা। ১৮৫৩ সালের ৩ আইন এবং ১৮৫৩ সালের ১২ আইন ইহার দ্বারা রদ হইল। কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে যে কোন কার্য্য হইয়াছে ও অপরাধ করা গিয়াছে ও দায় জন্মিয়াছে তাহার বিষয়ে ঐ আইন রদ হইল না ইতি।

[ভারতবর্ষীয় সকল রেলওয়ে এই আইনের মধ্যে পড়িবেক।]

৪০ ধারা। উক্ত দেশের মধ্যে লোকদিগকে কি মাল প্রকাশরূপে লইয়া যাওনের নিমিত্তে যে প্রত্যেক রেলওয়ের ব্যবহার হয় তাহা এই আইনের অর্থের মধ্যের রেলওয়ে জ্ঞান হইবেক, কিন্তু তাহার বিপরীত প্রমাণ হইলে হইবেক না। এবং এইমত কোন রেলওয়ে যে প্রত্যেক কোম্পানির হয় তাহা এই আইনের অর্থের মধ্যের রেলওয়ে কোম্পানি জ্ঞান হইবেক, কিন্তু তাহার বিপরীত প্রমাণ হইলে হইবেক না ইতি।

[কোন দুর্ঘটনার রিপোর্ট না করণের দণ্ড।]

৪১ ধারা। এমত প্রত্যেক রেলওয়ে কোম্পানির রেলওয়ের উপর যাহাতে ব্যক্তির গুরুতর হানি হয় এমত কোন দুর্ঘটনা ঘটিলে পর আট চল্লিশ-ঘণ্টার মধ্যে ঐ কোম্পানির তদ্বিষয়ের সম্বাদ স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে দিতে হইবেক। এবং যদি এমত কোন কোম্পানি ঐ সম্বাদ দিতে ত্রুটি করেন তবে যত দিনপর্য্যন্ত ঐ ব্যাপারের সম্বাদ না দেওয়া যায় তত দিন তাঁহারদের দিনপ্রতি পঞ্চাশ টাকা জরীমানা হইবেক ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্ট দুর্ঘটনার রিপোর্ট তলব করিতে পারেন। দণ্ড।]

৪২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এমত কোন রেলওয়ে কোম্পানিকে আজ্ঞা ও আদেশ করিতে পারেন যে ঐ কোম্পানির রেলওয়ের রাস্তার উপর সর্ব্ব সাধারণ লোকেরদের বাণিজ্য দ্রব্য চালাওনেতে যে সকল গুরুতর দুর্ঘটনা হয় তাহাতে ব্যক্তির হানি হউক কি না হউক তাহার রিটর্ণ, গবর্ণমেণ্ট সাধারণ লোকেরদের সুরক্ষার অভিপ্রায়ে যে নিয়মমতে ও যে প্রকারে আবশ্যক জ্ঞান করেন ও আপনারদের জ্ঞাপনের জন্যে চাহেন তদনুসারে প্রস্তুত করিয়া অর্পণ করেন। এবং যদি ঐ রিটর্ণ দিবার হুকুম হইলে পর চতুর্দ্দশ দিবসের মধ্যে এমত কোন রিটর্ণ না দেওয়া যায় তবে যত দিনপর্য্যন্ত ঐ কোম্পানি তাহা দিতে শৈথিল্য করেন তত দিনপর্য্যন্ত এমত কোম্পানির দিনপ্রতি পঞ্চাশ টাকা জরীমানা হইবেক ইতি।

[আইনের এক২ প্রস্থ ও তাহার তরজমা রেলওয়ের ষ্টেশন ঘরে দেখান যাইবার কথা।]

৪৩ ধারা। এই আইনের এক প্রস্থ এবং যে সাধা-

Regulations, Time Tables, and Tariff of Charges which shall from time to time be published by any Railway Company, with the sanction of the local Government, shall be exhibited in some conspicuous place at each Station of every Railway so that they may be easily seen and read; and all such documents shall be so exhibited in English and in the Vernacular language of the district in which the Station is situate, and in such other language, if any, as shall be required by order of the local Government.

W. MORGAN,
Clerk of the Council.

রণ বিধান ও সময়ের টেবিল ও ভাড়ার তালিকা কোন রেলওয়ে কোম্পানির দ্বারা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সময়ে২ প্রকাশ করা যায় তাহা প্রত্যেক রেলওয়ের প্রত্যেক ষ্টেশন ঘরে সকল লোকের দৃষ্টিগোচর এমত কোন স্থানে প্রকাশ করা যাইবেক যে তাহা অনায়াসে দৃষ্ট হয় ও পাঠ করা যায়। এবং ঐ সকল কাগজ ঐ ষ্টেশন ঘর যে জিলার মধ্যে আছে সেই জিলার চলন ভাষাতে এবং ইঙ্গরেজী ভাষাতে এবং স্থানীয় গবর্ণমেণ্ট যদি অন্য কোন ভাষার বিষয়ে হুকুম করেন তবে সেই অন্য ভাষায় ঐ প্রকারে প্রকাশ হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 8th September, 1854.

Baboo Gopaul Chunder Ghose, Moonsiff of Bhattoorea, to be Moonsiff of Mohumudpore, in Zillah East Burdwan.

Hamidul Huq, Moonsiff of Mohumudpore, to be Moonsiff of Bhattoorea, in that district.

Kazim Hossein to officiate as Moonsiff of Dwarhutta, in Zillah Hooghly, during the absence on leave of the incumbent or until further orders.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৮ সেপ্টেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাতুড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ মহম্মদপুরের মুনসেফ হইবেন।

ঐ জিলার মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত হামিদুল হক্ ভাতুড়িয়ার মুনসেফ হইবেন।

জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কাজিম হুসেন ঐ স্থানের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সি টি বক্‌লাণ্ড রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৮ আগষ্ট।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ১০ আগষ্ট।

শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা মালদহ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৪ সাল ১৫ আগষ্ট।

শ্রীযুত মুনশী নাজির উদ্দীন মহম্মদ হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৯ আগষ্ট।

আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ বি বর্ণি সাহেব (Reverend H. B. Burney,) নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৪ আগষ্ট।

চব্বিশপরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু গত মাসের ২৪ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 12*th September*, 1854.]

১৯০৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

ঢাকা।

১৮৫৪ সাল ২৪ আগষ্ট।

ছুটী।

১৮৫৪ সাল ১৬ আগষ্ট।

ময়মনসিংহের কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) আপনার কর্ম্মের ভার ঐ জিলার মাজিষ্ট্রেট শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেবের (Mr. R. Alexander,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক বিধির ১১ ও ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত আলেকজাণ্ডর সাহেব কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাকরগঞ্জের সদর আমীন শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৯ আগষ্ট।

হাবড়ার মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২২ আগষ্ট।

চাটিগাঁর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু বৈদ্যনাথ ব্রহ্ম যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি দুই মাস পনের দিনের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৯৬৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৯ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ জে মনি সাহেব (Mr. W. J. Money,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ২১ আগষ্ট।

মান্দ্রাজ দেশীয় পদাতিক ২২ পল্টনের কাপ্তান শ্রীযুত জে পি ফ্রাই সাহেব (Captain J. P. Frye,) যে তারিখে কর্ম্ম গ্রহণ করেন সেই তারিখঅবধি উড়িষ্যার পর্ব্বতীয় দেশের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ২২ আগষ্ট।

মঙ্গলদহের মুনসেফ শ্রীযুত মুনশী ইজ্জৎ হুসেন দরঙ্গ জিলাতে সদর আমীনের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

ত্রিহুতের কালেক্টর শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌণ সাহেবের (Lord H. U. Browne,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লার্ড ব্রৌণ সাহেব কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

শ্রীযুত পাদরি এচ বি বর্ণি সাহেব (Reverend H. B. Burney,) বেণ্টীঙ্কনামক বাষ্পীয় জাহাজে রাজধানীহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন। ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০০৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৯ আগষ্ট।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে সুন্দরবনের ডেপুটী কালেক্টর শ্রীযুত এ টি স্মিথ সাহেব (Mr. A. T. Smith,) ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন। এবং ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারানুসারে জিলা চব্বিশপরগনা ও বীরাসৎ ও যশোহরে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৪ সাল ২৪ আগষ্ট।

জিলা হুগলী ও বর্দ্ধমান ও বীরভূমের কালেক্টর সাহেবেরা রেলওয়ের জন্যে যে জমীর প্রয়োজন হয় তাহার সম্পর্কীয় দাওয়ার নিষ্পত্তি করিতে পারেন এ নিমিত্তে ১৮২৪ সালের ১ আইনের ৩ ধারার ২ প্রকরণের নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ১ সেপ্টেম্বর।

ডাকাইতী নিবারণার্থ কমিস্যনর শ্রীযুত ই জাক্সন সাহেব (Mr. E. Jackson,) জিলা বর্দ্ধমানে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ৫ সেপ্টেম্বর।

পাবনার সদর আমীন শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দে ঐ জিলার সদর মোকামের মুনসেফও হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৮ আগষ্ট।

ঢাকার কালেক্টর শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C. Tottenham,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী তফজল হুসেন চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৯ তারিখঅবধি দশহরার বন্দের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৬ আগষ্ট।

চাটিগাঁর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ আলী স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৫ সেপ্টেম্বর।

দক্ষিণ পশ্চিমাঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের সিংহভূমে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে এস ডেবিস সাহেব (Lieutenant J. S. Davies,) গত মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

মালদহের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২২ আগষ্ট।

গঙ্গার উপর ছাপরার সদর মোকামের নিকটে জান তোলার গুদারা ১৮১৯ সালের ৬ আইনানুসারে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

জিলা সারণে বড় গণ্ডকী নদীর উপর সেগুণার গুদারা ১৮১৯ সালের ৬ আইনানুসারে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

১৮৫৪ সাল ৩১ আগষ্ট।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব গোলন্দাজী সৈন্যেরদের প্রথম লেপ্টেনেণ্ট শ্রীযুত এ আর ফুলর সাহেবকে (Lieutenant A. R. Fuller,) পারসী ভাষায় সুপটুতার সর্টিফিকট প্রদান করিয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

SALT.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ আগষ্ট ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়।

এজেন্সীর নাম	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	০	৫,১১৩/	৫,১১৩/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	৪০/	৫২৬/	৫৬৬/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	১২,২৬৯৸৬৸	২,০১,৭৮৮/	২,১৪,০৫৭৸৬৸
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ পুরীঘাটা।	০	০	০	০	০	৫৮,৭১২/	৫৮,৭১২/
একুন।	০	০	০	০	১২,৩০৯৸৬৸	২,৬৬,১৩৯/	২,৭৮,৪৪৮৸৬৸
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	১৫,২৮৮/১॥	১৫,২৮৮/১॥
একুন।	০	০	০	০	০	১৫,২৮৮/১॥	১৫,২৮৮/১॥
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	১৫,৮৪৬॥০	০	০	০	১০,১০০ ।৫	২৫,৯৪৬৸৫
ঐ ঐ আরাকিন।	০	০	০	০	০	৭৮,৪৬১ ।৭৸	৭৮,৪৬১ ।৭৸
একুন।	০	১৫,৮৪৬॥০	০	০	০	৮৮,৫৬১৸২৸	১,০৪,৪০৮ ।২৸

	সন ১২৫৫সাল ইং রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২ ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৪,২৫,৯৯৯/৫	৩,১৬২৸৭	৮৬৭৸৩	০	০	০	৪,৩০,০২৯৸৫
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	০	০	০	০	০
ঐ ঐ চিলকা।	০	০	০	০	০	০	০
ঐ হিজলি রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	০	০	২১/	০	০	২১/
ঐ ঐ ডাইমনহারবর।	৩,৬৪,৮৬৫ ।৫	০	০	০	০	০	৩,৬৪,৮৬৫ ।৫
ঐ সাগর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
মান্দ্রাজ পরমিট নেমক ২ রকম।	০	০	০	০	০	০	০
	০	০	০	০	০	* ৫,৯৯৭॥০	৫,৯৯৭॥০
একুন।	৯ ১,৩২৪৯॥০	৩,১৬২৸৭	৮৬৭৸৩	২১/	০	৫,৯৯৭॥০	৯,২৩,২৯৮৸০
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
একুন।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
মোট একুন।	৯,১৩,২৪৯॥০	১৯,০০৯ ।৭	৮৬৭৸৩	২১/	১২,৩০৯৸৬৸	৪,০১,৭৭৫ ।১।	১৩,৪৭,২৩২৸৮

* ১৮৫৪ ৫৫ সালের

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২৭ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে লি মহে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 19, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১৯ সেপ্টেম্বর।

ACTS.

LEGISLATIVE COUNCIL.

26TH AUGUST, 1854.

THE following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India on the 26th of August, 1854, and is hereby promulgated for general information:—

ACT No. XIX. OF 1854.

An Act for removing the prohibition against the importation of Foreign Sugar.

[Preamble.]

WHEREAS by the provisions of a Statute passed in the 12th year of the reign of Her present Majesty, the duties to be levied on the importation of Sugar from different places into the United Kingdom, have been equalized; It is enacted as follows:—

[Repeal of Acts prohibiting the importation of Sugar into Bengal, Madras, and the North Western Provinces.]

I. Acts XXXII. of 1836, XV. of 1839, XI. of 1842, and so much of Act XIV. of 1843 as prohibits the importation of Sugar into any part of the North Western Provinces of the Presidency of Bengal, are hereby repealed.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

26TH AUGUST, 1854.

The following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India on the 26th of August, 1854, and is hereby promulgated for general information:—

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৬ আগষ্ট।

ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২৬ আগষ্ট তারিখে মঞ্জুর করিয়াছেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৯ আইন।

ভিন্ন দেশজাত চিনী আমদানী করণের নিষেধ রহিত করণের আইন।

[হেতুবাদ।]

যেহেতুক বিদ্যমানা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের দ্বাদশ বৎসরে জারীকরা এক আইনের বিধানমতে, নানা স্থানহইতে যে চিনী সংযুক্ত রাজ্যেতে, অর্থাৎ ইঙ্গলণ্ড ও স্কটলাণ্ড ও ঐর্লাণ্ড দেশে, আমদানী হয়, তাহার উপর যে মাসুল লইতে হইবেক তাহা সমান করা গিয়াছে, অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[বাঙ্গলা ও মান্দ্রাজ ও উত্তর পশ্চিম দেশে চিনী আমদানী করিবার নিষেধ যে২ আইনে আছে তাহা রদ করণ।]

১ ধারা। ১৮৩৬ সালের ৩২ আইন, ও ১৮৩৯ সালের ১৫ আইন, ও ১৮৪২ সালের ১১ আইন, এবং ১৮৪৩ সালের ১৪ আইনের যে অংশেতে বাঙ্গলা রাজধানীর উত্তর পশ্চিম দেশের কোন স্থানে চিনী আমদানী করিবার নিষেধ আছে সেই অংশ রদ হইল ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৬ আগষ্ট।

ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২৬ আগষ্ট তারিখে মঞ্জুর করিয়াছেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ACT No. XX. OF 1854.

An Act to amend Regulation XIII. of 1833 of the Bengal Code.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the provisions of Regulation XIII. of 1833 of the Bengal Code; It is enacted as follows:—

[Repeals part of Regulation XIII. of 1833.]

I. So much of the said Regulation as prescribes that the Officer in whom the duties specified in Section IV. of the said Regulation shall be vested, shall be denominated "Agent to the Governor General" is repealed.

[Officer appointed by the Local Government may exercise all powers by that Regulation vested in the Agent to the Governor General.]

II. Such duties shall be vested in any Officer whom the local Government shall, from time to time, appoint for that purpose, and such Officer when appointed, and his assistants respectively, may exercise, within the tracts of country separated as prescribed in the said Regulation, all the powers which by the said Regulation the Agent to the Governor General and his assistants respectively may exercise, and all the provisions in the said Regulation relating to the Agent to the Governor General and his assistants, shall be applicable to the Officer to be appointed as aforesaid and his assistants respectively.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

26TH AUGUST, 1854.

The following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India on the 26th of August, 1854, and is hereby promulgated for general information:—

ACT No. XXI. OF 1854.

An Act to amend the Law relating to the several Banks of Bengal, Madras, and Bombay.

[Preamble.]

FOR the purpose of removing doubts, and of extending the powers of the chartered Banks of Bengal, Madras and Bombay, It is enacted as follows:—

[Secretary, &c. empowered to draw and endorse Bills, &c., and to sign documents for the Banks.]

I. The persons for the time being holding the Offices of Secretary and Treasurer or of Secretary alone or of Deputy Secretary of the Bank of Bengal, of the Bank of Madras, or of the Bank of Bombay, are hereby severally empowered, for and on behalf of the Bank under which they hold either of such offices, to endorse and transfer Government Securities standing in the name of the Bank, to draw, accept and endorse Bills of Exchange, Promissory Notes, and Bank Post Bills connected

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২০ আইন।

বাঙ্গলা দেশের চলিত ১৮৩৩ সালের ১৩ আইন সংশোধনের আইন।

[হেতুবাদ।]

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩৩ সালের ১৩আইনের বিধান সংশোধন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[১৮৩৩ সালের ১৩ আইনের এক অংশ রদ হয়।]

১ ধারা। উক্ত আইনের যে অংশেতে হুকুম হইয়াছে যে ঐ আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট কর্ম্ম যে কার্য্যকারক সাহেবের প্রতি অর্পণ হইবেক তাঁহার নাম "শ্রীযুত নওয়াব গবরনর জেনরলের এজেণ্ট" হইবেক তাহা রদ হইল ইতি।

[ঐ আইনের দ্বারা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রতি যে সকল ক্ষমতার্পণ হইয়াছিল তদনুসারে স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্ত কার্য্যকারক কার্য্য করিতে পারেন।]

২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারককে সময়ে২ ঐ কার্য্যের নিমিত্তে নিযুক্ত করেন, তাঁহার প্রতি ঐ কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হইবেক। এবং ঐ কার্য্যকারক নিযুক্ত হইলে, শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্টেরা উক্ত আইনানুসারে যে২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন, তিনি ও তাঁহার আসিষ্টাণ্টেরা সেই সকল ক্ষমতাক্রমে উক্ত আইনের নির্দ্দিষ্টমতে স্বতন্ত্রকরা প্রদেশে কার্য্য করিতে পারিবেন। এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবেরদের বিষয়ে উক্ত আইনের যে সকল বিধান সম্পর্ক রাখে তাহা পূর্ব্বোক্তমতে যে কার্য্যকারক সাহেব নিযুক্ত হইবেন তাঁহার ও তাঁহার আসিষ্টাণ্টেরদের প্রতি খাটিবেক ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৬ আগষ্ট।

ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৪ সালের ২৬ আগষ্ট তারিখে মঞ্জুর করিয়াছেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২১ আইন।

বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের ব্যাঙ্কের বিষয়ি আইন সংশোধনের আইন।

[হেতুবাদ।]

সন্দেহ দূর করিবার জন্যে এবং বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের চার্টরপ্রাপ্ত ব্যাঙ্কের ক্ষমতা বৃদ্ধি করিবার জন্যে নীচের লিখিতমতে হুকুম হইল।

[সেক্রেটারীপ্রভৃতি বিল অফ এক্সচেঞ্জপ্রভৃতি দিতে ও তাহার পৃষ্ঠে দস্তখৎ করিতে এবং ব্যাঙ্কের তরফে দলীলে দস্তখৎ করিতে পারিবেন।]

১ ধারা। বাঙ্গাল ব্যাঙ্কের কি মান্দ্রাজ ব্যাঙ্কের কি বোম্বাই ব্যাঙ্কের যিনি যে সময়ে সেক্রেটারী ও ট্রেজুরর এই উভয় পদ অথবা কেবল সেক্রেটারীর কি ডেপুটী সেক্রেটারীর পদপ্রাপ্ত হন তাঁহাকে ইহার দ্বারা ক্ষমতা দেওয়া যাইতেছে যে ঐ পদের মধ্যে যে কোন পদ যে ব্যাঙ্কে প্রাপ্ত হন, সেই ব্যাঙ্কের নিমিত্তে ও তাহার তরফে, ব্যাঙ্কের নামে গবর্ণমেণ্টের যে সকল নিদর্শনপত্র থাকে তাহার পৃষ্ঠে দস্তখৎ করেন ও তাহা খারিজদাখিল করেন, এবং ব্যাঙ্কের চলিত ও নিত্য কার্য্যসম্পর্কীয় বিল অফ এক্সচেঞ্জ ও প্রোমিসরি নোট ও ব্যাঙ্ক পোষ্ট বিল দেন ও গ্রাহ্য

with the current and ordinary business of the Bank, and to sign all other documents connected with such business.

[Banks may lend money on shares of guaranteed Railway Companies. Proviso.]

II. It shall be lawful for any of the said Banks to lend money on the security of shares in such of the incorporated Indian Railway Companies as hold a guarantee from the East India Company with regard to interest: provided that no such loan shall in any case exceed in amount three-fourths of the paid up value of the shares, on the security of which the loan is made, and in every case such shares shall be transferred to the Bank by which the loan is made either absolutely, or by way of mortgage.

W. MORGAN,
Clerk of the Council.

করেন ও তাহার পৃষ্ঠে দস্তখৎ করেন এবং ঐ প্রকার কার্য্য-সম্পর্কীয় অন্য সকল কাগজপত্রে সহী করেন ইতি।

[জামিনীপ্রাপ্ত রেলওয়ে কোম্পানির শ্যারের উপর ঐ২ ব্যাঙ্ক কর্জ দিতে পারেন। বর্জ্জিত কথা।]

২ ধারা। কোম্পানি বাহাদুর ভারতবর্ষীয় সমাজভুক্ত যে২ রেলওয়ে কোম্পানির সুদের বিষয়ে জামিন হন সেই২ কোম্পানির শ্যারের জামিনীতে উক্ত ব্যাঙ্কের কোন ব্যাঙ্ক টাকা কর্জ দিতে পারিবেন। পরন্তু জানা কর্ত্তব্য যে, যে শ্যারের জামিনীতে টাকা কর্জ দেওয়া যায় সেই কর্জ টাকা ঐ শ্যারের মূল্যের যত দেওয়া গিয়াছে তাহার চারি অংশের তিন অংশের অধিক কোন স্থলে হইবেক না। এবং প্রত্যেক গতিকে যে ব্যাঙ্ক কর্জ দেয় সেই ব্যাঙ্কেতে ঐ শ্যার একেবারে অথবা বন্ধকস্বরূপ দাখিল করা যাইবেক ইতি।

ডবলিউ মর্গান।
ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক।

RULES FOR THE MANAGEMENT OF THE POST OFFICE DEPARTMENT.

Passed by the Governor General of India in Council, on the 12th of August, 1854.

[All existing orders passed by Government rescinded.]

I. ALL existing Rules, General Orders and Proclamations issued by the Government, for the guidance of the Post Office Departments of the different Presidencies and Settlements of India, saving such as relate to Dawk Travelling and matters of account, shall cease to have effect from 1st of October next, and the following Rules and Orders shall be substituted for the same, to be in force at all Post Office Stations in any of the Presidencies, Settlements, or Possessions of the East India Company, and to take effect from the above-mentioned date.

[Receipt of letters, &c., for despatch by land or sea.]

II. Letters, papers and parcels shall be received at every Post Office, for despatch by land or sea, to every part of India, to Ceylon, and to every other part of the world with which there is a Post Office communication. Unless specially superscribed for the first despatch by land or by sea, or by some particular ship, they shall be sent by such route as shall appear to the Post Master to afford the means of most speedy and secure transmission. Letters and papers not exceeding 12 tolahs in weight shall also be received at every Receiving House or other place which the Post Master General may appoint. Letters, papers and parcels shall likewise be received for despatch by post as above at every Thannah or District Dawk Office.

[Receipt of letters for Foreign countries, *via* Great Britain or Ireland.]

III. Letters, papers or parcels required to be transmitted *via* Great Britain or Ireland to foreign countries must, unless the pre-payment of postage from the United Kingdom to such countries be optional, be addressed to the care of an agent or other

ডাকঘরের সিরিশ্তার কর্ম্ম নির্ব্বাহের বিধি।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকর্ত্তৃক ১৮৫৪ সালের ১২ আগষ্ট তারিখে জারী হয়।

[গবর্ণমেণ্টের জারীকরা চলিত সকল হুকুম রদ হওনের কথা।]

১। লোকেরদের ডাকে যাইবার সম্পর্কীয় এবং হিসাবের বিষয়ি বিধি ছাড়া, ভারতবর্ষের নানা রাজধানীর ও বসতি স্থানের ডাকঘরের সিরিশ্তার কার্য্য নির্ব্বাহের বিষয়ে এইক্ষণে চলিত যে সকল বিধি ও সাধারণ হুকুম ও বিজ্ঞাপন গবর্ণমেণ্টকর্ত্তৃক জারী হইয়াছে তাহা আগামি অক্টোবর মাসের ১ তারিখঅবধি রহিত হইবেক। এবং তাহার পরিবর্ত্তে নীচের লিখিত বিধি ও হুকুম হইবেক ও কোম্পানি বাহাদুরের কোন রাজধানীতে ও বসতিস্থানে ও অধিকৃত দেশে যে সকল মোকামে ডাকঘর আছে তাহাতে চলন হইবেক ও পূর্ব্বোক্ত তারিখঅবধি প্রবল হইবেক।

[পত্রাদি স্থলপথে কি সমুদ্রপথে চালান হইবার নিমিত্তে তাহা ডাকঘরে লওনের কথা।]

২। ভারতবর্ষের কোন স্থানে ও সিংহলদ্বীপে এবং পৃথিবীর অন্য যে কোন দেশে ডাকের দ্বারা পত্রাদি প্রেরণ ও গ্রহণের উপায় আছে সেই দেশে স্থলপথে কি সমুদ্রপথে চালান করিবার জন্যে পত্র ও কাগজপত্র ও পুলিন্দা প্রত্যেক ডাকঘরে লওয়া যাইবেক। সমুদ্রপথে কি স্থলপথে প্রেরণের প্রথম উপায়ে কিম্বা কোন বিশেষ জাহাজে চালান হইবেক এইরূপ কথা যদি কোন পত্রাদির উপরে বিশেষমতে না লেখা থাকে, তবে ডাকাধ্যক্ষের বিবেচনায় ঐ পত্রাদি যে পথে অতিত্বরায় ও নির্ব্বিঘ্নরূপে চালান হইতে পারে সেই পথে পাঠান যাইবেক। ১২ তোলার অনধিক ওজনের পত্র ও কাগজপত্র পত্রগ্রহণের প্রত্যেক ঘরে, কিম্বা সাধারণ ডাকাধ্যক্ষ অন্য যে কোন স্থান নিরূপণ করেন সেই স্থানে, লওয়া যাইবেক। আরো পত্র ও কাগজপত্র ও পুলিন্দা ডাকে চালান হইবার জন্যে প্রত্যেক থানায় কি জিলার ডাকের আড্ডায় উক্তমতে লওয়া যাইবেক।

[গ্রেটব্রিটন কি ঐর্লাণ্ড দিয়া ভিন্নাধিকার দেশে প্রেরণার্থে পত্র লওন।]

৩। যে সকল পত্র কি কাগজপত্র কি পুলিন্দা গ্রেটব্রিটন কি ঐর্লাণ্ড দিয়া ভিন্নাধিকার দেশে পাঠাইতে হইবেক, যদি ঐ সংযুক্ত রাজ্যহইতে ঐ২ দেশের ডাকমাসুল পূর্ব্বে দেওয়া কি না দেওয়া পত্রাদিপ্রেরকের স্বেচ্ছাধীন না করা গিয়াছে, তবে ঐ পত্রাদির উপর ভিন্নাধিকার দেশীয় যে

person in the United Kingdom, by whom the foreign postage demandable at the London General or other Post Office may be paid. Such postage cannot be received in this country, and unless it be paid through an agent as above described, the letters are liable to be returned to India.

[Name of sender of any letter, &c., not to be demanded.]

IV. The name of the sender of any letter, paper or parcel shall not be demanded in any Post Office, whether the postage be prepaid or not.

[Letters to be received at any station for delivery at such station.]

V. Letters, papers or parcels shall be received at any Presidency or Provincial Post Office, or Receiving House, for delivery at the same station, within the ordinary range of delivery.

[Limitation as to weight of parcels.]

VI. Parcels exceeding 600 tolahs in weight may be received at the discretion of any Officer in charge of a Post Office for despatch along any line of road on which the banghy parcels are not carried by foot-runners; but no parcel exceeding 2,000 tolahs in weight shall be received at any Post Office for despatch by banghy or letter mail under any circumstances whatever.

[Parcels received from seaward in excess of maximum weight how to be treated.]

VII. Parcels received by post from seaward, exceeding the maximum weight, which may be sent by banghy post, shall be made over to the Collector of Customs for publication in his lists of Unclaimed Packages.

[Newspapers, &c., not to be detained for examination, but to be forwarded marked "Doubtful."]

VIII. Newspapers or other printed or engraved papers, packed in open covers, or letters certified to be on the Public Service, respecting any of which there is reason to believe that the provisions of the Post Office Act have been infringed, shall not be detained for examination at the Despatching Office, but shall be forwarded marked "Doubtful." The Post Master receiving such letters, &c., by the mail, shall then be guided by the instructions laid down in Section XLVIII. of the Post Office Act; but unless for the causes specified above, and in Sections XXXVII. and XLVIII. of the Post Office Act, all Post Office authorities are prohibited from detaining any letter, paper or packet received for delivery by post.

[Letters, papers and parcels to be weighed at Office of despatch.]

IX. All letters, newspapers or other papers and packets received for despatch by post, or banghy post, shall be weighed at the Post Office of despatch, and shall be stamped with the office stamp, and marked single, double, &c., as the case may be;

ডাকমাসুল লণ্ডন নগরের সাধারণ কি অন্য ডাকঘরে দাওয়া হইতে পারে তাহা যে ব্যক্তি দিবেন, ঐ সংযুক্ত রাজ্যের মধ্যে এমত কোন এজেণ্টের কি অন্য ব্যক্তির জিম্মা করিয়া ঐ পত্রাদির শিরনামা লিখিতে হইবেক। ঐ ডাকমাসুল এই দেশে গ্রহণ হইতে পারিবেক না এবং যদি উপরের লিখিতমতে এজেণ্টের দ্বারা না দেওয়া যায় তবে ঐ পত্র ভারতবর্ষে ফিরিয়া পাঠান যাইতে পারিবেক।

[কোন পত্রাদি প্রেরকের নাম কহিতে আদেশ না হইবার কথা।]

৪। কোন পত্র কি কাগজ কি পুলিন্দার মাসুল পূর্ব্বে দেওয়া যাউক কি না যাউক যে ব্যক্তি তাহা পাঠাইয়াছে তাহার নাম কহিতে আদেশ হইবেক না।

[কোন মোকামে বিলি করিবার নিমিত্তে সেই মোকামের ডাকঘরে পত্র লওনের কথা।]

৫। কোন রাজধানীর কি প্রদেশের ডাকঘর কি পত্র গ্রহণের ঘর যে মোকামে আছে সেই মোকামে পত্র কি কাগজপত্র কি পুলিন্দা, ঐ ডাকঘরের পত্রাদি বিলি করিবার নিয়মিত স্থানের মধ্যে বিলি করিবার জন্যে, লওয়া যাইবেক।

[পুলিন্দার ওজন নিরূপণ।]

৬। যে পথে বাঙ্গির পুলিন্দা ডাকের হরকারারদের দ্বারা চালান যায় না এমত কোন পথে ৬০০ তোলার অধিক ওজনের পুলিন্দা চালান করিবার জন্যে ডাকঘরের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক আপন বিবেচনামতে লইতে পারেন। কিন্তু ২০০০ তোলার অধিক ওজনের পুলিন্দা বাঙ্গির দ্বারা কি পত্রের ডাকপুলিন্দায় চালান হইবার নিমিত্তে কোন প্রকারে কোন ডাকঘরে লওয়া যাইবেক না।

[ঐ ঊর্দ্ধ ওজনহইতে অধিকওজনের পুলিন্দা সমুদ্রপথে পাওয়া গেলে তাহা লইয়া যাহা করিতে হইবেক।]

৭। যত ওজনের পুলিন্দা বাঙ্গির ডাকে পাঠান যাইতে পারে তাহার অধিক ওজনের পুলিন্দা সমুদ্রপথে ডাকের দ্বারা পাওয়া গেলে, তাহা হাসিলের কালেক্টর সাহেবকে, তাঁহার দাওয়া না হওয়া পুলিন্দার তালিকার ফর্দ্দে প্রকাশ হইবার নিমিত্তে, দেওয়া যাইবেক।

[সম্বাদপত্রপ্রভৃতি তদারক করিবার জন্যে আটক করিতে হইবেক না কিন্তু "সন্দিগ্ধ" এই কথা লিখিয়া চালান হইবেক।]

৮। দুই দিগে খোলা খামে বন্ধ যে সম্বাদপত্রের কি ছাপাহওয়া কিম্বা খোদিত প্রস্তরাদিহইতে ছাপা যে কোন কাগজের কিম্বা "সরকারী কর্ম্মের পত্র" এই নিদর্শনযুক্ত যে কোন পত্রের বিষয়ে এমত সন্দেহ থাকিবার হেতু আছে যে তাহার বিষয়ে ডাকঘরের আইনের বিধান লঙ্ঘন হইয়াছে তাহা যে ডাকঘরহইতে চালান হইবেক সেই ডাকঘরে তদারক করিবার জন্যে আটক করিতে হইবেক না, কিন্তু "সন্দিগ্ধ" এই কথা তাহার উপর লিখিত হইয়া চালান হইবেক। পরে যে ডাকাধ্যক্ষের নিকটে ঐ পত্রাদি ডাকপুলিন্দায় পঁহুছে তিনি ডাকঘরের আইনের ৪৮ ধারার লিখিত আদেশমতে কার্য্য করিবেন। কিন্তু সকল ডাকঘরের কার্য্যকারকদিগকে নিষেধ হইতেছে যে বিলি করিবার জন্যে তাঁহারা ডাকের দ্বারা যে কোন পত্র কি কাগজ কি পুলিন্দা পান তাহা উপরের নির্দ্দিষ্ট হেতু ভিন্ন এবং ডাকঘরের আইনের ৩৭ ও ৪৮ ধারার লিখিত হেতু ভিন্ন অন্য কোন কারণে আটক না করেন।

[চালাওনের ডাকঘরে পত্র ও কাগজ ও পুলিন্দার ওজন করিতে হইবেক।]

৯। ডাকে কি বাঙ্গির ডাকে চালান হইবার জন্যে যে সকল পত্র কি সম্বাদপত্র কি অন্য কাগজপত্র ও পুলিন্দা পাওয়া যায় তাহা যে ডাকঘরহইতে চালান হইবেক তাহাতে ওজন করা যাইবেক এবং ডাকঘরের ইষ্টাম্প তাহাতে বসান যাইবেক এবং তাহাতে বি-

and all letters, &c., the full postage on which has not been pre-paid by stamps, shall have the postage to which they are severally liable marked on them. Service letters shall never be re-weighed prior to delivery, nor newspapers, except in case of suspicion. Banghy parcels shall in all cases be re-weighed on delivery. The re-weighing of private letters shall be at the discretion of the Officer in charge.

[Examination of Post Office records not permitted to the public.]

X. Persons not belonging to the Department shall not be admitted into the interior, nor permitted to examine the records of any Post Office, without the special permission of the Post Master General, to whom, or to the Post Master, applications for information or redress must be made, either in person, or in writing, by the party requiring the same.

[Hours of receipt at Presidency Post Offices.]

XI. At each Presidency Post Office, banghy parcels will be received every day, Sundays excepted, for despatch, from 10 A. M. till 5 P. M., and newspapers and letters every day till 6 P. M., after which hours, respectively, they will be received till 7 P. M., on payment of an extra half-rupee each, which shall be credited to Government.

[At Receiving Houses.]

XII. At Receiving Houses and places where there are letter boxes, letters, papers and packets not exceeding 12 tolahs in weight will be received daily from 11 A. M. to 4 P. M., or at such other hours as may be determined by the Post Master General, provided that no Receiving House shall remain open for less than five hours daily, and that letter-boxes for letters unpaid and prepaid by stamps be kept open, day and night, except for a quarter of an hour subsequent to the time fixed for the closing of each mail.

[At Provincial Post Offices.]

XIII. At Provincial Post Offices, banghy parcels will be received for despatch from 10 A. M. till 4 P. M., and letters and newspapers till 5 P. M., after which hours respectively they will be received till 5¾ P. M., on the sender paying an extra half-rupee each, to be appropriated as provided in Section XI.

[Office hours for reference.]

XIV. Although all Post Offices will be open for receipt of letters, papers and parcels as above, official references shall be made to Post Office authorities only between the hours of 11 and 5, Sundays excepted.

[Delivery of letters, &c., at Presidency Post Offices.]

XV. At each Presidency Post Office, there shall

ষয়বিশেষে "এক হারা" "দোহারা" প্রভৃতির চিহ্ন দেওয়া যাইবেক। এবং যে সকল পত্রপ্রভৃতির সম্পূর্ণ মাসুল ডাকমাসুলের ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে না দেওয়া গিয়াছে তাহার প্রত্যেকের যত মাসুল দেনা হয় তাহার চিহ্ন তাহার উপর দেওয়া যাইবেক। সরকারী কর্ম্মের পত্র কিম্বা সম্বাদপত্র পঁহুছাইয়া দিবার পূর্ব্বে পুনরায় কখন ওজন হইবেক না কেবল যে স্থলে সন্দেহ থাকে সেই স্থলে হইবেক। বাঙ্গির পুলিন্দা পঁহুছাইয়া দেওনের কালে সর্ব্বদাই পুনরায় ওজন হইবেক। বিশেষ ব্যক্তিরদের পত্র, ভারপ্রাপ্ত কার্য্যকারক আপন বিবেচনামতে পুনরায় ওজন করিবেন কি না করিবেন।

[ডাকঘরের কাগজপত্র সাধারণ লোকেরদের তদারক করিবার অনুমতি না থাকনের কথা।]

১০। যাঁহারা ডাকঘরের সিরিশ্তার লোক নহেন তাঁহারা সাধারণ ডাকাধ্যক্ষের বিশেষ অনুমতি বিনা কোন ডাকঘরের ভিতরে যাইতে পারিবেন না এবং কাগজপত্রও তদারক করিতে পারিবেন না। যে ব্যক্তি কোন সম্বাদ পাইতে চাহেন কিম্বা কোন ক্ষতির প্রতিকার চাহেন তিনি সাধারণ ডাকাধ্যক্ষের কিম্বা ডাকাধ্যক্ষের নিকটে আপনি গিয়া কিম্বা পত্র লিখিয়া তাহা প্রার্থনা করিবেন।

[রাজধানীর ডাকঘরে পত্র গ্রহণের সময়।]

১১। প্রত্যেক রাজধানীর ডাকঘরে বাঙ্গির পুলিন্দা চালান হইবার নিমিত্তে রবিবারছাড়া প্রতিদিন বেলা ১০ ঘণ্টাঅবধি ৫ ঘণ্টাপর্য্যন্ত এবং সম্বাদপত্র ও পত্র প্রতিদিন ৬ ঘণ্টাপর্য্যন্ত লওয়া যাইবেক। সেই২ ঘণ্টার পরেও ৭ ঘণ্টাপর্য্যন্ত লওয়া যাইতে পারিবেক কিন্তু তাহার প্রত্যেকের উপর অধিক ॥০ আট আনা করিয়া দিতে হইবেক, তাহা গবর্ণমেণ্টের নামে জমা হইবেক।

[পত্রগ্রহণের ঘরে।]

১২। পত্রগ্রহণের ঘরে এবং যে২ স্থানে পত্র দিবার বাক্স আছে সেই সকল স্থানে ১২ তোলার অনধিক ওজনের পত্র ও কাগজপত্র ও পুলিন্দা প্রতিদিন বেলা ১১ ঘণ্টাঅবধি ৪ ঘণ্টাপর্য্যন্ত, কিম্বা সাধারণ ডাকাধ্যক্ষ অন্য যে কোন ঘণ্টা নিরূপণ করেন সেই২ ঘণ্টায় লওয়া যাইবেক। পরন্তু পত্র গ্রহণের কোন ঘর প্রতিদিন পাঁচ ঘণ্টার কম খোলা থাকিবেক না, এবং যে পত্রের মাসুল পূর্ব্বে দেওয়া যায় না ও ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে দেওয়া যায় সেই পত্র দিবার জন্যে পত্রের বাক্স দিবারাত্রি খোলা থাকিবেক, কেবল প্রত্যেক ডাকপুলিন্দা বন্দ করিবার যে সময় নিরূপণ আছে তাহার পর পোয়া ঘণ্টাপর্য্যন্ত খোলা থাকিবেক না।

[প্রদেশের ডাকঘর।]

১৩। প্রদেশের ডাকঘরে বাঙ্গির পুলিন্দা চালান হইবার নিমিত্তে বেলা ১০ ঘণ্টাঅবধি ৪ ঘণ্টাপর্য্যন্ত এবং পত্র ও সম্বাদপত্র ৫ ঘণ্টাপর্য্যন্ত লওয়া যাইবেক, তাহার পরেও পৌনে ৬ ঘণ্টাপর্য্যন্ত লওয়া যাইতে পারিবেক। কিন্তু পত্রপ্রভৃতি প্রেরকের ঐ এক২ পত্রপ্রভৃতির উপর অধিক ॥০ আট আনা করিয়া দিতে হইবেক ঐ আট আনা ১১ ধারার নির্দ্দিষ্টমতে জমা হইবেক।

[কর্ম্ম বিষয়ে পত্র প্রেরণের সময়।]

১৪। যদিও সকল ডাকঘর পত্র ও কাগজপত্র ও পুলিন্দা লওনের নিমিত্তে উক্তমতে খোলা থাকিবেক তথাপি ডাকঘরের কার্য্যকারকেরদের নিকটে কর্ম্মসম্পর্কীয় যে সকল জিজ্ঞাসাপ্রভৃতি করিতে হয় তাহা রবিবারছাড়া অন্য দিনে কেবল ১১ ঘণ্টাঅবধি ৫ ঘণ্টাপর্য্যন্ত কোন সময়ে হইতে পারিবেক।

[রাজধানীর ডাকঘরহইতে পত্রাদি বিলি করিবার কথা।]

১৫। প্রত্যেক রাজধানীর ডাকঘরহইতে প্রতিদিন

be three deliveries daily, the first delivery not to be later than 7, the second at 11 A. M., and the third at 3 P. M., at which hours, respectively, the peons shall quit the Office with the letters, &c., entrusted to them. All letters, papers and parcels received from 3 P. M. till 5 A. M. shall be sent out at the first delivery, all from 5 to 10 A. M. at the second delivery, and all from 10 A. M. to 3 P. M. at the third delivery, and mails received after 3 P. M. shall not ordinarily be opened till the following morning, except when received by Express or from seaward.

[At Provincial Post Offices.]

XVI. At Provincial Post Offices the delivery of letters, papers and parcels must depend upon the hour of the arrival of the mails at each station, after which they hall be delivered with all possible despatch.

[Immediate payment of postage required.]

XVII. The delivering peons are prohibited from going out of their usual course to deliver letters, papers or parcels, and from delivering them without immediate payment of the exact amount of postage; and they are not bound to give change. Should they be subject to detention, they are not to deliver the letters, papers or parcels, but to return them in the evening to the Post Office for delivery the following day.

[Complaints how to be preferred.]

XVIII. Whatever postage is marked on a letter, paper or parcel must be paid at once on delivery, after which any complaint of overcharge will be duly attended to. In all complaints of over charge or unnecessary delay in delivering letters, papers or parcels, the covers or envelopes bearing the Post Office stamp must be presented for inspection; and when any complaints are preferred against any peon, the number on his badge should be specified.

[Despatch of mails from Presidency Post Offices.]

XIX. From each Presidency Post Office the mails shall be despatched daily at 8 P. M. and the banghies as soon after as possible.

[From Provincial Post Offices.]

XX. At Provincial Post Offices the packets for all mails to be despatched in the course of the night shall be finally closed at 6 P. M.; but for mails which usually pass in the course of the day, the packets shall be made up half an hour before the time appointed for the arrival of such mails, which are in no case to be subjected to any detention beyond the regulated time. Notice of the hour at which such packet is closed shall be hung up outside the Office, both in English and in the language

তিনবার পত্র বিলি হইবেক। প্রথমবার পূর্ব্বাহ্নের ৭ ঘণ্টা সময়ের অধিক হইবেক না। দ্বিতীয়বার বেলা ১১ ঘণ্টার সময়ে ও তৃতীয়বার ৩ ঘণ্টার সময়ে হইবেক। হরকারারদের হাতে যে পত্রাদি দেওয়া যায় তাহা লইয়া তাহারা ঐ২ সময়ে ডাকঘরহইতে বাহির হইবেক। যে সকল পত্র ও কাগজপত্র ও পুলিন্দা অপরাহ্নের ৩ ঘণ্টাঅবধি পূর্ব্বাহ্নের ৫ ঘণ্টাপর্য্যন্ত পঁহুছে তাহা প্রথমবার বিলি করণের সময়ে বাহির হইবেক। পূর্ব্বাহ্নের ৫ ঘণ্টাঅবধি ১০ ঘণ্টাপর্য্যন্ত যে সকল পঁহুছে তাহা দ্বিতীয়বার বিলি করণের সময়ে বাহির হইবেক এবং ১০ ঘণ্টাঅবধি অপরাহ্নের ৩ ঘণ্টাপর্য্যন্ত যে সকল পঁহুছে তাহা তৃতীয়বার বিলি করণের সময়ে বাহির হইবেক এবং অপরাহ্নের ৩ ঘণ্টার পরে যে সকল ডাকপুলিন্দা পঁহুছে তাহা প্রায়ই পর দিনের প্রাতঃকালপর্য্যন্ত বন্দ থাকিবেক। কেবল কাসিদের দ্বারা কি সমুদ্রহইতে যাহা পঁহুছে তাহা খোলা যাইবেক।

[প্রদেশের ডাকঘরে।]

১৬। প্রদেশের ডাকঘরে ডাকের পুলিন্দা প্রত্যেক মোকামে যে২ ঘণ্টায় পঁহুছে সেই২ ঘণ্টাঅনুসারে তাহার বিলি করিবার নিয়ম হইবেক। পঁহুছিলে পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র বিলি করা যাইবেক।

[ডাকমাসুল অবিলম্বে দেওয়ার আদেশ।]

১৭। যে হরকারারা পত্র বিলি করে তাহারদিগকে নিষেধ হইতেছে যে পত্র কি কাগজপত্র কি পুলিন্দা বিলি করিবার জন্যে তাহারা আপনারদের নিরূপিত সীমার বাহিরে কোন স্থানে না যায়। এবং যত মাসুল পাওনা হয় ঠিক ততই মাসুল অবিলম্বে না দেওয়া গেলে তাহারা পত্রাদি না দেয়। এবং তাহারা টাকাপ্রভৃতি ভাঙ্গাইয়া পয়সা দিতে বদ্ধ নহে। যদি তাহারদিগকে অধিক কাল রাখা যায় তবে তাহারা পত্র কি কাগজপত্র কি পুলিন্দা না দিয়া সন্ধ্যা কালে তাহা ডাকঘরে ফিরিয়া দিবেক, এবং পর দিনে তাহা পঁহুছাইয়া দেওয়া যাইবেক।

[নালিশ যেপ্রকারে করিতে হইবেক।]

১৮। যত মাসুলের চিহ্ন পত্র কি কাগজপত্র কি পুলিন্দার উপর থাকে তাহা পত্রাদি পাওয়া গেলে তৎক্ষণে দিতে হইবেক। অধিক মাসুল লইবার নালিশের বিষয়ে তাহার পরে উপযুক্তমত মনোযোগ হইবেক। অধিক মাসুল লওয়ার কিম্বা পত্র কি কাগজপত্র কি পুলিন্দা দিবার অনাবশ্যক বিলম্বের কোন নালিশ হইলে, যে খামের কি বেটনের উপর ডাকঘরের ইষ্টাম্প বসান আছে তাহা দেখিবার জন্যে দাখিল করিতে হইবেক। এবং যখন কোন হরকারার নামে কোন নালিশ হয় তখন ঐ হরকারার চাপরাসে যে নম্বর আছে তাহা নির্দ্দিষ্ট করিতে হইবেক।

[রাজধানীর ডাকঘরহইতে ডাকের পুলিন্দা চালান হইবার কথা।]

১৯। প্রত্যেক রাজধানীর ডাকঘরহইতে পত্রের ডাকপুলিন্দা প্রতিদিন পূর্ব্বাহ্নের ৮ ঘণ্টার সময়ে চালান হইবেক এবং তাহার পরে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র বাঙ্গির পুলিন্দা চালান হইবেক।

[প্রদেশের ডাকঘরহইতে।]

২০। প্রদেশের ডাকঘরহইতে রাত্রির মধ্যে যে সকল ডাকপুলিন্দা চালান করিতে হইবেক তাহার পত্রের পুলিন্দা অপরাহ্নের ৬ ঘণ্টার সময়ে একেবারে বন্দ হইবেক। কিন্তু যে ডাকপুলিন্দা দিনের বেলা নিয়ত চালান হয় তাহার পত্রের পুলিন্দা ঐ ডাকপুলিন্দা পঁহুছিবার নিরূপিত সময়ের পূর্ব্বে আধ ঘণ্টা থাকিতে বাঁধা যাইবেক এবং নিরূপিত সময়ের অতিরিক্ত তাহা কোন প্রকারে রাখিতে হইবেক না। ঐ ডাকপুলিন্দা যে ঘণ্টায় বন্দ হইবেক তাহার সম্বাদ ইঙ্গরেজী ভাষাতে এবং জিলার দেশীয় ভাষাতে ডাকঘরের বাহিরে লট্‌কান থাকিবেক। সেই

of the district, after which hour, letters, papers or parcels received shall not be forwarded till the following day, unless such mails should not arrive until after 6 P. M., in which case a second packet shall be made up.

[Letters, &c., damaged, not to be received.]

XXI. The Post Master at any station, or person in charge of the Office, shall have power to refuse letters, papers or parcels bearing the appearance of having been opened and re-closed, or otherwise improperly dealt with, unless the writer or sender thereof shall attest with his full signature, that they were sent in that state.

[Post Offices not to receive valuables for despatch.]

XXII. In order to protect, as far as possible, the public mails from the chance of robbery, Officers in charge of Post Offices shall not knowingly receive coin, bullion, precious stones or jewels for despatch, either by letter or banghy post.

[Post Office prohibited from giving change.]

XXIII. The servants at the several Post Offices *are prohibited from giving* change to parties sending or receiving letters in any case.

[Registered letters.]

XXIV. Letters will be registered on payment of a fee of 4 annas, and parties posting such letters will be furnished with a receipt bearing the address of the letter and the office stamp. The fee must in all cases be paid in money. On the delivery of a registered letter, a receipt for the same must be given to the delivery peon.

[Receipts will not be given for letters, &c.]

XXV. Receipts will not be granted for any letters or papers received at any Post Office for despatch, except in the case of registered letters; and will be granted for parcels only when presented ready written, either in books or on separate slips of paper along with the parcels. Receipts so presented will be duly stamped.

[Notice to arriving vessels for disposal of packets.]

XXVI. On the arrival of any ship or vessel off any British Indian port, a printed notice, under the signature of the Post Master of the port or station, shall be delivered to the Commander by the first boat despatched to board the vessel, according to the requisition of which, the Commander shall proceed to dispose of such packets as he may have on board, as directed in Section XL. of the Post Office Act, a copy of which Clause shall be communicated to the said Commander.

[Master Attendant to notify intended departure for all vessels. Post Master to publish weekly lists.]

XXVII. The Master Attendant of each Presidency port, or such other Officer as may be directed by Government, shall furnish the Post Master with early intimation of the intended departure of

ঘণ্টার পরে যে সকল পত্র কি কাগজপত্র কি পুলিন্দা ডাকঘরে লওয়া যায় তাহা পর দিনে চালান হইবেক কিন্তু যদি ডাকপুলিন্দা অপরাহ্নের ৬ ঘণ্টার পরে পঁহুছে তবে অন্য এক পুলিন্দা বাঁধা যাইবেক।

[যে পত্রপ্রভৃতির কোনমতে নোকসান হইয়াছে তাহা লওয়া যাইবেক না।]

২১। যে পত্র কি কাগজপত্র কি পুলিন্দা খোলা গিয়াছে ও পুনরায় আঁটা গিয়াছে কিম্বা যাহা লইয়া কোন অনুচিত ব্যবহার হইয়াছে দেখা যায় এমন পত্রাদি কোন মোকামের ডাকাধ্যক্ষ কিম্বা ডাকঘরের ভারপ্রাপ্ত কার্য্যকারক অগ্রাহ্য করিতে পারেন। কিন্তু যদি ঐ পত্রাদির লেখক কি প্রেরক লিখিয়া দেয় যে সেই পত্রাদি সেই অবস্থায় পাঠান গিয়াছে ও তাহাতে আপনার সম্পূর্ণ নাম দস্তখৎ করে তবে অগ্রাহ্য করিবেন না।

[ডাকঘরে কোন বহুমূল্য দ্রব্য চালান হইবার নিমিত্তে লওয়া যাইবেক না।]

২২। সরকারী ডাকপুলিন্দা অপহরণ হওয়ার সম্ভাবনাহইতে সাধ্যমতে রক্ষা করিবার জন্যে ডাকঘরের ভারপ্রাপ্ত কার্য্যকারকেরা পত্রেতে কি বাঙ্গির ডাকে চালান করিবার জন্যে জানিয়াশুনিয়া মুদ্রা কি সোণারূপাদির চাক্তি কি বহুমূল্য পাতর কি গহনা গ্রহণ করিবেন না।

[ডাকঘরে টাকাপ্রভৃতি ভাঙ্গাইবার নিষেধ।]

২৩। নানা ডাকঘরের চাকরেরদের প্রতি নিষেধ হইতেছে যে যাহারা পত্র পাঠায় কি গ্রহণ করে তাহারদিগকে কোন সময়ে টাকাপ্রভৃতি ভাঙ্গাইয়া পয়সাইত্যাদি না দেয়।

[রেজিষ্টরীকরা পত্র।]

২৪। চারি আনা রসুম দেওয়া গেলে পত্র রেজিষ্টরী করা যাইবেক এবং যাহারা সেই প্রকার পত্র ডাকে দেয় তাহারদিগকে পত্রের শিরনামার লিখিত কথা ও ডাকঘরের ইষ্টাম্পযুক্ত এক রসীদ দেওয়া যাইবেক। ঐ রসুম সর্ব্বদাই নগদে দিতে হইবেক। রেজিষ্টরীকরা পত্র পঁহুছাইয়া দেওয়া গেলে যে হরকারা তাহা পঁহুছাইয়া দেয় তাহাকে ঐ পত্রের এক রসীদ দিতে হইবেক।

[পত্রাদির রসীদ দেওয়া যাইবেক না।]

২৫। রেজিষ্টরীকরা পত্রছাড়া অন্য যে কোন পত্র কি কাগজপত্র কোন ডাকঘরে চালান হইবার নিমিত্তে লওয়া যায় তাহার জন্যে কোন রসীদ দেওয়া যাইবেক না। এবং পুলিন্দার সঙ্গে যদি বহীতে কি আলাহিদা একখান কাগজে রসীদ লিখিয়া দাখিল করা যায় তবে কেবল সেই পুলিন্দার জন্যে রসীদ দেওয়া যাইবেক। এইপ্রকারে দাখিলহওয়া রসীদে ইষ্টাম্প উপযুক্তমতে বসান যাইবেক।

[জাহাজ পঁহুছিলে পত্রাদির পুলিন্দা লইয়া যাহা করিতে হইবেক তাহার এত্তেলা দেওয়ার কথা।]

২৬। ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত কোন বন্দরে যখন কোন প্রকারের জাহাজ পঁহুছে তখন লোকেরদের জাহাজে উঠিবার নিমিত্তে প্রথম যে নৌকা পাঠান যায় সেই নৌকাদ্বারা ঐ বন্দরের কি মোকামের ডাকাধ্যক্ষের দস্তখৎকরা এক ছাপাহওয়া এত্তেলা ঐ জাহাজের অধ্যক্ষের নিকটে পাঠান যাইবেক। তাহার লিখিত আদেশমতে জাহাজাধ্যক্ষ তাঁহার জাহাজে যে সকল পত্রের পুলিন্দা থাকে তাহা লইয়া ডাকঘরের আইনের ৪০ ধারার নির্দ্দিষ্টমতে করিবেন। ঐ ধারার এক নকল ঐ জাহাজাধ্যক্ষকে দেওয়া যাইবেক।

[কোন জাহাজ গমন করিতে উদ্যত হইলে তাহার কথা মাষ্টর এটেণ্ডেণ্ট সাহেব জানাইবেন। ডাকাধ্যক্ষ সপ্তাহে২ তালিকা প্রকাশ করিবেন।]

২৭। প্রত্যেক রাজধানীর বন্দরের মাষ্টর এটেণ্ডেণ্ট কিম্বা গবর্ণমেণ্টকর্ত্তৃক অন্য যে কোন কার্য্যকারক হুকুম পান তিনি পৃথিবীর কোন দেশে যে সকল জাহাজ যাইতে উদ্যত হয় তাহার সম্বাদ কাল থাকিতে ডাকাধ্যক্ষকে দি-

all vessels to any part of the world, and the Post Master shall cause a list of the vessels for which packets are open to be published weekly in the official *Gazette* of his own Presidency.

[Post Master to publish weekly notice of packets despatched.]

XXVIII. The Post Master shall also cause to be published weekly, in the official *Gazette* of the Presidency, a notice of the several dates up to which packets have been despatched by each vessel carrying a mail, that may have left the port.

[Public despatches to be compactly made up.]

XXIX. All public despatches are to be made up in the most compact form possible, and whenever two or more letters are despatched from any one Office to the same individual, by the same day's post, they are to be put up under one cover, provided they do not, in the aggregate, exceed 12 tolahs weight.

[When bulk of mails exceeds regulated weight how to be disposed of.]

XXX. When the number of covers received at any Post Office shall cause the weight of the mail to exceed the regulated weight, the Post Master is authorized to keep back a portion of the heavier public despatches and imported newspapers till the following day, but private letters and public letters marked "Despatch" shall not be kept back.

[Expresses.]

XXXI. Despatches to be transmitted by Express must bear on the face of them the words "By Express," and the signature in full of the Officer sending them.

[Public Officers to employ them sparingly under a penalty.]

XXXII. As the employment of Expresses interferes with the celerity and regularity of the ordinary mails, and is attended with expense, public Officers are enjoined to employ them as sparingly as possible, and any public Officer despatching an Express, when the exigency of the Public Service does not, in the opinion of the authority to whom he is subordinate, require it, will be held answerable for the expenses attending that method of transmission. Public Expresses from a Presidency Post Office can only be ordered by a Secretary to Government.

[Expresses for private persons.]

XXXIII. Expresses may be employed by private individuals at the discretion of the Post Master applied to, on payment being made at the rate of [illegible] as yer mile in advance.

[Commanding Officers may receive letters for their own Regiments.]

XXXIV. Letters directed to Native Officers, or men of their Regiments or Detachments, shall be delivered to an Orderly, or any other fit person, who shall be deputed by the Officer Commanding

ছেন। এবং যে সকল জাহাজে চালান হইবার নিমিত্তে ডাকপুলিন্দা খোলা আছে তাহার এক তালিকা সপ্তাহে২ ডাকাধ্যক্ষ যে রাজধানীর হন সেই রাজধানীর গেজেটে প্রকাশ করাইবেন।

[যে পত্রের পুলিন্দা চালান হইয়াছে তাহার সম্বাদ ডাকাধ্যক্ষ সপ্তাহে২ প্রকাশ করাইবেন।

২৮। আরো যে সকল জাহাজ ডাকপুলিন্দা লইয়া বন্দরহইতে প্রস্থান করিয়াছে সেই প্রত্যেক জাহাজে যে২ তারিখপর্য্যন্ত পত্রাদির পুলিন্দা চালান হইয়াছে তাহার সম্বাদ ডাকাধ্যক্ষ রাজধানীর সরকারী গেজেটে সপ্তাহে২ প্রকাশ করাইবেন।

[সরকারী পত্রসকল আঁটিয়া বাঁধা যাইবেক।]

২৯। সরকারী পত্রসকল যত আঁটিয়া বাঁধা যাইতে পারে তত আঁটিয়া বাঁধা যাইবেক। এবং যদি একি দফ্তরখানাহইতে একি ব্যক্তির নামে একি দিনের ডাকে দুই কি তাহার অধিক পত্র দেওয়া যায় তবে সেই সকল পত্রের ওজন মোটে ১২ তোলার অধিক না হইলে তাহা একি খামে দেওয়া যাইবেক।

[যখন ডাকপুলিন্দার ওজন নির্দ্ধারিত ওজনের অধিক হয় তখন তাহা লইয়া যাহা করিতে হইবেক।]

৩০। কোন ডাকঘরে যে সকল পত্র পাওয়া যায় তাহার সংখ্যাপ্রযুক্ত যদি ডাকপুলিন্দার ওজন নির্দ্ধারিত ওজনের অধিক হয় তবে ডাকাধ্যক্ষের প্রতি অনুমতি আছে যে তিনি অধিক ভারি২ সরকারী পত্রের ও বিদেশাগত সম্বাদপত্রের একাংশ পর দিনপর্য্যন্ত রাখেন কিন্তু বিশেষ ব্যক্তিরদের পত্র ও সরকারী যে পত্রের উপর "জরায় পাঠাও" এই কথা থাকে তাহা রাখিতে হইবেক না।

[কাসিদ।]

৩১। যে সকল পত্র কাসিদের দ্বারা পাঠাইতে হইবেক তাহার উপরি ভাগে "কাসিদের দ্বারা" এই কথা লেখা যাইবেক এবং যে কার্য্যকারক তাহা পাঠান্ তাঁহার সম্পূর্ণ নাম সহী থাকিবেক।

[সরকারী কার্য্যকারকেরা কেবল কোন২ সময়ে কাসিদ পাঠাইবেন। দণ্ড।]

৩২। কাসিদেরদিগকে নিযুক্ত করাতে নিয়মিত ডাকপুলিন্দার জরায় ও রীতিমতে চলনের ব্যাঘাত হয় এবং তাহাতে খরচও হয় অতএব সরকারী কার্য্যকারকদিগকে আজ্ঞা হইতেছে যে যত অল্পবার হইতে পারে তত অল্পবার তাঁহারা তাহারদিগকে নিযুক্ত করেন, এবং যদি কোন সরকারী কার্য্যকারক কাসিদ পাঠান্, অথচ তিনি যাঁহার অধীন থাকেন তাঁহার বিবেচনাতে যদি সরকারী সেই কার্য্য তাদৃশ গুরুতর নহে যে কাসিদকে পাঠান আবশ্যক হয়, তবে সেই কার্য্যকারক ঐ প্রকারে পত্রাদি চালানের খরচের বিষয়ে দায়ী জ্ঞান হইবেন। রাজধানীর ডাকঘরহইতে সরকারী কর্ম্মেতে কাসিদ পাঠাইবার হুকুম কেবল গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব দিতে পারেন।

[বিশেষ ব্যক্তিরদের নিমিত্তে কাসিদ।]

৩৩। বিশেষ ব্যক্তিরা যে ডাকাধ্যক্ষের নিকটে প্রার্থনা করেন তাঁহার বিবেচনামতে এবং মাইল প্রতি ।০ চারি আনা আগাম দেওয়া গেলে, কাসিদ নিযুক্ত করিতে পারেন।

[পল্টনের অধ্যক্ষতা কর্ম্মকারক সেনাপতি সাহেবেরা আপনারদের পল্টনের নিমিত্তে পত্র গ্রহণ করিতে পারেন।]

৩৪। এদেশীয় হুদ্দাদারেরদের কিম্বা তাহারদের পল্টনের কি দলের সিপাহীরদের নামে যে সকল পত্র লেখা যায় তাহা গ্রহণ করিতে পল্টনের কিম্বা দলের অধ্যক্ষতা কর্ম্মকারক সেনাপতি সাহেব যে আর্দ্দলিকে কিম্বা অন্য

the Regiment or Detachment to receive the same; but letters on which postage may be due shall not be delivered to such person, unless the postage be first paid.

[Letters addressed to public Officers on private affairs to be prepaid by stamps.]

XXXV. Letters which individuals address on their private affairs to any Government Officer must be sent pre-paid by stamps; and this rule is to be understood to include letters transmitting Bills of Exchange, Promissory Notes, Receipts, Government Securities, &c., to the Accountant General, Government Agent, or any other public Officer. When public Officers write letters on such subjects to individuals they shall subscribe on the envelopes, with their official signatures, the words "Bearing Postage."

[To be continued.]

কোন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করেন তাহাকে দেওয়া যাইবেক কিন্তু যে পত্রের উপর ডাকমাসুল পাওনা থাকে তাহা প্রথমে না দেওয়া গেলে ঐ পত্র সেই ব্যক্তিকে দেওয়া যাইবেক না।

[কোন ব্যক্তির বিশেষ কর্ম্মের বিষয়ে যে সকল পত্র সরকারী কার্য্যকারকের নামে পাঠান যায় তাহার মাসুল ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে দেওয়া যাইবেক।]

৩৫। কোন ব্যক্তিরা আপনারদের কর্ম্মের বিষয়ে যে সকল পত্র গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের নামে পাঠান তাহার মাসুল ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে দিয়া পাঠাইতে হইবেক। যে সকল পত্রের দ্বারা আকেণ্টাণ্টেণ্ট জেনরল সাহেবের কি গবর্ণমেণ্টের এজেণ্ট সাহেবের কি অন্য কোন সরকারী কার্য্যকারকের নিকটে হুণ্ডী কি প্রমিসরি নোট কি রসীদ কিম্বা গবর্ণমেণ্টের নিদর্শনপত্রপ্রভৃতি পাঠান যায় তাহাও এই বিধির মধ্যে আইসে এমত জানিতে হইবেক। যখন সরকারী কার্য্যকারকেরা এমত বিষয়ে বিশেষ লোকেরদের নিকটে পত্র লেখেন তখন তাঁহারা খামের উপরে "বেরিং মাসুল" এই কথা লিখিয়া তাহার নীচে আপনারদের পদসম্পর্কীয় সহী দিবেন।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 9.

To the Criminal Authorities in the Lower Provinces.

It having been brought to the notice of the Court that an erroneous practice prevails in a District, under the Court's Jurisdiction, of requiring lists of exhibits filed in cases under Act IV. of 1840 to be written on stamped paper, I am directed to request that should such practice obtain in your district, it may be discontinued, and to observe that such lists should be filed on plain paper.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 25th August, 1854.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতকে জ্ঞাপন করা গিয়াছে যে ঐ আদালতের এলাকার মধ্যে এক জিলাতে এই ভ্রমের রীতি চলিতেছে যে ১৮৪০ সালের ৪ আইনমতের মোকদ্দমাতে যে কাগজপত্র দাখিল করা যায় তাহার ফিরিস্তি ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম হইতেছে অতএব আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে এমত ব্যবহার যদি তোমার জিলার মধ্যে চলন থাকে তবে তাহা রহিত কর এবং জানাইতেছি যে ঐ ফিরিস্তি শাদা কাগজে দাখিল করা উচিত।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 26.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court, having ascertained that in some Districts it is not customary to award costs in Miscellaneous Cases, direct the attention of the Judicial Authorities to Circular Order No. 13 of 10th August, 1838, which prescribes that the rules which govern the award of costs in Regular Suits must be considered equally applicable to Miscellaneous Cases.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 25th August, 1854.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা অবগত হইয়াছেন যে কোন২ জিলাতে মুৎফরকা মোকদ্দমায় খরচার ডিক্রী করিবার রীতি চলন হয় না। অতএব তাঁহারা বিচারকর্ত্তারদিগকে ১৮৩৮ সালের ১০ আগষ্ট তারিখের ১৩ নম্বরী সরক্যুলর অর্ডরের বিষয়ে মনোযোগ করাইতেছেন। তাহাতে নির্দ্দিষ্ট হইয়াছে যে নম্বরী মোকদ্দমায় খরচার ডিক্রী করিবার বিষয়ে যে বিধি আছে সেই বিধি মুৎফরকা মোকদ্দমার বিষয়েও তুল্যরূপে খাটে এমত জ্ঞান করিতে হইবেক।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

No. 27.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to request that you will report as soon as possible, what Candidates for examination there may be in your District, under Section 31 of the Circular Order No. 88 of the 19th April, 1850.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 28th August, 1854.

২৭ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে আদেশ করিতেছি যে ১৮৫০ সালের ১৯ আপ্রিল তারিখের ৮৮ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩১ ধারামতে যাঁহারা ইমতিহান দিতে চাহেন তোমার জিলার মধ্যে এমত কে২ আছেন তাহার রিপোর্ট যত শীঘ্র করিতে পার তত শীঘ্র কর।

সি টি বক্‌লাণ্ড রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৫ আগষ্ট।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 8th September, 1854.

Baboo Nittanund Gangoolee, to officiate as Moonsiff of Naraingunge, Zillah Dacca.

The 12th September, 1854.

Moonshee Syud Nussceroodeen, to officiate as Moonsiff of Juggernath Diggy, Zillah Tipperah, during the absence on leave of the incumbent, or until further orders.

LEAVES OF ABSENCE.

The 8th September, 1854.

Baboo Nyrottom Mullick, Moonsiff of Naraingunge, Zillah Dacca, for fifteen days, in excess of the Dusserah and Mohurrum Vacations.

Moulvie Anwar Ali, Moonsiff of Sundeep, Zillah Chittagong, from the 24th to the 28th October next.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৮ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু নিত্যানন্দ গাঙ্গুলি জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ১২ সেপ্টেম্বর।

জিলা ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মুনশী সায়দ নসীর উদ্দীন ঐ স্থানের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৮ সেপ্টেম্বর।

জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক দশহরার ও মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের সন্দীপের মুনসেফ শ্রীযুত মৌলবী অনয়ার আলী আগামি অক্‌টোবর মাসের ২৪ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২০৩৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৬ আগষ্ট।

ভদরকের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ ব্রৌন সাহেব (Mr. W. Brown,) বালেশ্বরের নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত জে কাম্বেল সাহেবের (Mr. J. Campbell,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঔষধ প্রস্তুতকারক শ্রীযুত টি মরে সাহেব (Mr. T. Murray,) আসামে লক্ষ্মীপুর জিলার চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) ত্রিপুরার কালেক্‌টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৯ সেপ্টেম্বর।]

শ্রীযুত এচ নেলসন সাহেব (Mr. H. Nelson,) বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি ই রেবন্‌শা সাহেব (Mr. T. E. Ravenshaw,) দিনাজপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ৭ সেপ্টেম্বর।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের সহআসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেব (Mr. W. O. A. Beckett,) ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্‌টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ৮ সেপ্টেম্বর।

শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr. A. J. Jackson,) ত্রিপুরার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) যশোহর জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া খুলনা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৪ সাল ৯ সেপ্টেম্বর।

শ্রীযুত জি পি লেস্টর সাহেব (Mr. G. P. Leycester,) ঢাকার কালেক্টর হইবেন।

শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) চাটিগাঁয়ের কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

উপরের উক্ত নিয়োগসকল গত মাসের ২৫ তারিখ-অবধি চলিবেক।

শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল ১৮৩৩ সালের ৯ আইনানুসারে নদীয়া জিলাতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ১১ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ. সি রেক্স সাহেব (Mr. H. C. Raikes,) ফরিদপুর জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

দশহরার বন্দের পর যে তারিখে দেওয়ানী আদালত খোলা যাইবেক সেই তারিখঅবধি শ্রীযুত বাবু বেণিনাথ বসুর অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী গোলাম হুসেন রঙ্গপুরের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১২ আগষ্ট।

চাটিগাঁয়ে বন্দরের অধ্যক্ষ ও সমুদ্রপথে আমদানী রফ্তানীহওয়া দ্রব্যের মাসুলের আসিষ্টাণ্ট কালেক্টর শ্রীযুত এফ জে এ এলসন সাহেব (Mr. F. J. A Elson,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৬ আগষ্ট।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত জে রাইলি সাহেব (Mr. J. Reily,) সেপ্টেম্বর মাসের ১৮ তারিখ-অবধি আগামি নবেম্বর মাসের ৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৩০ আগষ্ট।

বাকরগঞ্জের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত বর্ত্তমান মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশহরার বন্দপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৩১ আগষ্ট।

বুদবুদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী গোলাম আশরফ আপনার কর্ম্মের ভার বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া আগামি মাসের ১৮ তারিখঅবধি ছত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী আবদুল লতিফ আপনার কর্ম্মের ভার হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৭ সেপ্টেম্বর।

নগোয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াহিদুন নবি আপনার কর্ম্মের ভার মেদিনীপুরের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া আগামি দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

দিগার জেলখানার চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নীলমণি দত্ত তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৯ সেপ্টেম্বর।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১১ সেপ্টেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে রেলওয়ের নিরিশ্‌তায় নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়াচরণ মল্লিক দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু বেণিনাথ বসু দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইরফান আলী দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২২ আগষ্ট।

শ্রীযুত জি বি উইলক সাহেব ও শ্রীযুত ই বি থর্ণহিল সাহেব (Messrs. G. B. Willock and E. B. Thornhill,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় নিরিশ্‌তায় নিযুক্ত হইয়া "পিকিন" নামক বাষ্পীয় জাহাজে বর্ত্তমান মাসের ১৬ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of PETRUSE JOHANNES SARKIES, an Insolvent.

On Monday, the 4th day of September, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 4,725-11-4 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. 2-12 Annas, (which will amount to the sum of Co.'s Rs. 4,157-10-4,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 12th September, 1854.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন পিটুস জোহানিস সারকিস সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে সেপ্টেম্বর মাসের ৪ তারিখ সোমবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে

যে ৪,৭২৫॥৶৪ টাকা আছে সেই টাকাহইতে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকরা ২৸৹ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ কোং ৪,১৫৭॥৶৪ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৪ সাল ১২ সেপ্টেম্বর।

The like notice in the matter of BRIJONAUTH DHUR, an Insolvent, it was ordered that out of the sum of Co.'s Rs. 5,770-0-9, a Dividend at the rate of Co.'s Rs. 3-12 Annas per Cent. (amounting to Co.'s Rs. 5,131-14-9,) be paid.

যোত্রহীন ব্রজনাথ ধরের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইয়াছে যে আসৈনি সাহেবের হাতে কোং ৫,৭৭০৲৯ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ৩৸৹ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫,১৩১৸৶৯ টাকা দেন।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরে তমোহরনামক এক নূতন যন্ত্র শ্রী গোবিন্দচন্দ্র মিত্রকর্ত্তৃক স্থাপিত হইয়াছে তাহাতে কোন মহাশয় যদি সংস্কৃত কি ইঙ্গরেজী কি বঙ্গভাষার পুস্তক মুদ্রিত করিতে ইচ্ছুক হন তবে তাহা উপযুক্ত ব্যয়ে উত্তমাক্ষরে সুপণ্ডিতের দ্বারা সংশোধন করাইয়া মুদ্রাঙ্কিত করা যাইবেক।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ বাণ্মাসিক আগামি ৫৲ ও বার্ষিক ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইতেছে, প্রথম তিন মাসের বহী প্রস্তুত আছে, চতুর্থ মাসের মুদ্রিত হইতেছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৯ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 26, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২৬ সেপ্টেম্বর।

CALCUTTA PUBLICK LIBRARY

RULES FOR THE MANAGEMENT OF THE POST OFFICE DEPARTMENT.

Passed by the Governor General of India in Council, on the 12th of August, 1854.

[Concluded from Page 549.]

[Postage on letters on Public Service to be charged to the Department to which Officers signing them belong.]

XXXVI. The postage on letters and parcels sent on the Public Service, by the public Officers mentioned in the subjoined lists, shall be charged to the Departments to which they severally belong; such letters must be addressed according to the subjoined form:—

Form of Address.

ON THE PUBLIC SERVICE ONLY.
The Officer Commanding
1st Regt. Lt. Cavalry,
CAWNPORE.
JOHN SMITH,
Adjt. Genl.

The signature and designation of the Officer signing the same being written in full.

LIST No. 1.

Parties authorized to send by post (without actual payment of postage) all letters, packets or parcels, *bonâ fide* and exclusively on the Public Service, the same to be certified on each letter in the form above described:—

Civil.

Her Majesty's Principal Secretaries of State.

President and Secretaries of the Board of Control.

ডাকঘরের সিরিশ্তার কর্ম্ম নির্ব্বাহের বিধি।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকর্ত্তৃক ১৮৫৪ সালের ১২ আগষ্ট তারিখে জারী হয়।

[৫৪৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[সরকারী কর্ম্মের পত্রের মামুল তাহাতে দস্তখৎকারি কার্য্যকারকেরা যে সিরিশ্তার হন সেই সিরশ্তার নামে লেখা যাইবেক। শিরনামার পাঠ।]

৩৬। নীচের লিখিত তালিকাতে যে সরকারী কার্য্যকারকেরা নির্দ্দিষ্ট হন তাঁহারা যে সকল পত্র ও পুলিন্দা সরকারী কর্ম্মে পাঠান্ তাহার মামুল তাঁহারা যে সিরিশ্তার হন সেই সিরিশ্তার নামে লেখা যাইবেক। পত্রের শিরনামা নীচের লিখিত পাঠে লেখা যাইবেক।

কেবল সরকারী কর্ম্মে।
লঘুঅস্ত্রধারি অশ্বারোহি প্রথম পল্টনের
শ্রীযুত অধ্যক্ষতাকারি সেনাপতি সাহেব।
কানপুর।
জান স্মিথ
আজুটাণ্ট জেনরল।

যে কার্য্যকারক তাহাতে দস্তখৎ করেন তাঁহার নাম ও পদবী সম্পূর্ণরূপে লেখা যাইবেক।

তালিকা ১ নং।

যাঁহারা প্রকৃতরূপে ও কেবল সরকারী কার্য্যের সকল পত্র কি পত্রের পুলিন্দা কি পুলিন্দা ডাকের মামুল নিতান্ত না দিয়া ডাকে পাঠাইতে পারেন তাঁহারা। কিন্তু সেইং পত্র সরকারী কর্ম্মের পত্র বটে এই কথা প্রত্যেক পত্রের উপর পূর্ব্বের পাঠানুসারে লিখিতে হইবেক।

দেওয়ানী।

শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের প্রধান সেক্রেটারী সাহেবেরা।

বোর্ড কন্ট্রোলের প্রসীডেণ্ট ও সেক্রেটারী সাহেবেরা।

Chairman and Deputy Chairman of the East India Company.

Secretary, Deputy Secretary, and Assistant Secretary at the India House.

The Governor General.

The Governors of Bengal, Madras, and Bombay.

The Lieutenant-Governors of the North-West Provinces and Bengal.

Members of Council.

Members of the Legislative Council.

Accountant General or Deputy Accountant General.

Accountant.

Agents, Political, or to the Governor General.

Civil Auditor.

Clerk of the Legislative Council.

Collectors, and Deputy Collectors of Customs.

Conservator of Forests, Bombay.

Collectors.

" Sub, Deputy, or Assistant, having special charge.

Commissioners, and Deputy Commissioners.

Governor of the Straits' Settlements.

Judges of the Sudder Courts, when on Circuit or Deputation only.

Judges, Sessions and Zillah.

" Subordinate and Assistant, having special charge.

Magistrates.

" Joint, Deputy, and Assistant, having special charge.

Members of Boards and Commissions, when on Circuit, or Deputation only.

Mint Masters.

Opium Agents and Deputies.

Director General of the Post Office in India.

Post Master General.

Post Masters.

Private Secretary to Governor General, or to Governor, or to Lieutenant-Governor of any Presidency.

Registers of Sudder Courts.

Residents at Foreign Courts.

Resident Councillors in the Straits' Settlements.

Remembrancer of Legal Affairs.

Salt Agents.

Secretaries to Government.

" Under, Deputy, and Assistant.

" to all Boards, Commissions, and Committees, appointed by Government.

Sub-Treasurer.

Superintendent or Chief Magistrate of Police.

" of the Government Lithographic Press.

" Stamps.

কোম্পানি বাহাদুরের চেরম্যান ও ডেপুটী চেরম্যান।

ইণ্ডিয়া হৌসে সেক্রেটারী ও ডেপুটী সেক্রেটারী ও আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেব।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর।

বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শ্রীযুত গবরনর সাহেবেরা।

উত্তরপশ্চিম দেশের ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবেরা।

কৌন্সেলের শ্রীযুত মেম্বর সাহেবেরা।

ব্যবস্থাপক কৌন্সেলের শ্রীযুত মেম্বর সাহেবেরা।

আকেকৌণ্টেণ্ট জেনরল কি ডেপুটী আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেব।

আকেকৌণ্টেণ্ট সাহেব।

এজেণ্ট অর্থাৎ পলিটিকাল কি শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেব।

সিবিল আডিটর সাহেব।

ব্যবস্থাপক কৌন্সেলের ক্লার্ক সাহেব।

হাসিলের কালেক্টর ও ডেপুটী কালেক্টরেরা।

বোম্বাই বনের রক্ষক সাহেব।

কালেক্টর সাহেবেরা।

বিশেষ ভারপ্রাপ্ত সব-কালেক্টরেরা কি ডেপুটী কি আসিষ্টাণ্ট কালেক্টরেরা।

কমিস্যনর সাহেবেরা ও ডেপুটী কমিস্যনরেরা।

ইষ্ট্রেট অর্থাৎ দক্ষিণ দিগের সমুদ্রের নিকটস্থ বসতি স্থানের শ্রীযুত গবরনর সাহেব।

সদর আদালতের জজ সাহেবেরা কেবল যখন তাঁহারা দওরায় কিম্বা বিশেষ কর্ম্মে নিযুক্ত থাকেন।

সেশন ও জিলার জজ সাহেবেরা।

বিশেষ ভারপ্রাপ্ত তাঁহারদের অধীন ও আসিষ্টাণ্ট জজেরা।

মাজিষ্ট্রেট সাহেবেরা।

বিশেষ ভারপ্রাপ্ত জাইণ্ট ও ডেপুটী ও আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটেরা।

বোর্ডের ও কমিস্যনের মেম্বর সাহেবেরা কিন্তু কেবল যখন তাঁহারা দওরায় কি বিশেষ কর্ম্মে নিযুক্ত থাকেন।

টাকশালের অধ্যক্ষ সাহেবেরা।

আফীনের এজেণ্ট সাহেব ও তাঁহার ডেপুটী।

ভারতবর্ষে ডাকঘরের ডৈরেক্টর জেনরল।

সাধারণ ডাকাধ্যক্ষ।

ডাকাধ্যক্ষেরা।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কি কোন রাজধানীর গবরনর সাহেবের কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিজ সেক্রেটারী।

সদর আদালতের রেজিষ্টর সাহেবেরা।

বিদেশীয় দরবারে রেসিডেণ্ট সাহেবেরা।

দক্ষিণ সমুদ্রে বসতি স্থানের রেসিডেণ্ট কৌন্সেলর সাহেবেরা।

আইনসম্পর্কীয় কার্য্যের প্রয়োজক সাহেব।

নিমকের এজেণ্ট সাহেবেরা।

গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবেরা।

ছোট ও ডেপুটী ও আসিষ্টাণ্ট সেক্রেটারী সাহেবেরা।

গবর্ণমেণ্টের নিযুক্ত সকল বোর্ডের ও কমিস্যনের ও কমিটির সেক্রেটারী সাহেবেরা।

সবট্রেষুরর সাহেব।

পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট কি প্রধান মাজিষ্ট্রেট সাহেব।

গবর্ণমেণ্টের পাতরীয়া ছাপাখানার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব।

ইষ্টাম্পের ঐ

Superintendent of Stationary.

„ for Suppression of Thuggee, and Assistants, having special charge.

Superintendent of Electric Telegraph.

Marine.

Commander-in-Chief of Her Majesty's Naval Forces.

„ the Indian Navy.

Secretary to Her Majesty's Naval Commander-in-Chief.

„ to the Marine Board.

Superintendent of Marine.

Ecclesiastical.

Bishops of Calcutta, Madras, and Bombay.

Military.

Commander-in-Chief of the Army in India.

„ at Madras and Bombay.

Adjutants General, Assistants, and Deputy Assistants.

Agents for Army Clothing.

Auditor General.

Brigadiers.

Commandants of Forces, or Stations.

Commanding Officers of Corps or Detachments.

Commissary General, and Deputy.

Commissariat, Senior Executive Officer at the Presidency or at Out-Stations.

Commissaries of Ordnance, and Deputies, being Commissioned Officers.

Director of Artillery Depôt of Instruction.

Engineers, Chief.

„ Civil, or Executive.

„ Superintending.

Fort or Town Major.

General Officers on the Staff.

Judge Advocate Generals, and Deputies of Divisions.

Pay Masters, and Deputy Pay Masters.

Quarter Masters General, Deputies, Assistants, and Deputy Assistants.

Secretary, Military, to Governor General, or Governor.

„ to Commander-in-Chief.

„ to all Boards, Commissions, and Committees appointed by Government.

Superintendent of Canals and Bridges.

„ Family Payments and Pension.

„ Gun Carriages.

„ Gunpowder.

„ Roads.

„ Trigonometrical and other Surveys.

„ Stud.

Surveyor General, Deputy, and Commissioned Assistants.

Medical.

Apothecary to the Company, or Medical Store Keeper.

কাগজকলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব।

ঠগী নিবারণার্থে ঐ ও বিশেষ ক্ষমতাপ্রাপ্ত তাঁহার আসিষ্টাণ্ট।

ইলেকট্রিক টেলিগ্রাফের সুপরিণ্টেণ্ডেণ্ট।

জাহাজীর।

শ্রীশ্রীমতী মহারাণীর জাহাজীয় সৈন্যেরদের প্রধান সেনাপতি সাহেব।

ভারতবর্ষীয় যুদ্ধ জাহাজের ঐ।

শ্রীশ্রীমতী মহারাণীর জাহাজীয় সৈন্যেরদের প্রধান সেনাপতি সাহেবের সেক্রেটারী সাহেব।

মারিন্ বোর্ডের সেক্রেটারী সাহেব।

মারিন্ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব।

ইক্লিসিয়াষ্টিকাল।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের লার্ড বিশপ সাহেব।

সৈন্যসম্পর্কীয়।

ভারতবর্ষে সকল সৈন্যদলের প্রধান সেনাপতি সাহেব।

মান্দ্রাজে ও বোম্বাইতে ঐ ঐ

আজুটাণ্ট জেনরল সাহেব ও আসিষ্টাণ্ট ও ডেপুটী আসিষ্টাণ্ট সাহেব।

সৈন্যেরদের বস্ত্র যোগাওনের এজেণ্ট সাহেবেরা।

আডিটর জেনরল সাহেব।

ব্রিগাডিয়র সাহেবেরা।

পল্টনের কি ছাউনি স্থানের কমাণ্ডাণ্ট সাহেব।

পল্টনের কএক দলের কি ভিন্ন স্থানে প্রেরিত কএক সিপাহীর অধ্যক্ষ সেনাপতি।

কমিসরি জেনরল সাহেব ও ডেপুটী সাহেব।

রাজধানীতে কিম্বা মফঃসলের মোকামে কমিসেরিয়াট ও প্রধান একসেকিটিব কর্ম্মকারক সেনাপতি সাহেব।

যুদ্ধসামগ্রীর কমিসরি ও ডেপুটী সাহেবেরা যদি তাঁহারা সনদপ্রাপ্ত সেনাপতি হন।

শিক্ষাকরণার্থে গোলন্দাজীয় যুদ্ধসামগ্রীর ঘরের ডৈরেক্টর সাহেব।

প্রধান ইঞ্জিনিয়র সাহেবেরা।

সিবিল কি এক্সেকিটিব ঐ

সুপরিণ্টেণ্ডিং ঐ

কিল্লার কি টৌন মেজর।

ষ্টাফ কর্ম্মে জেনরল সেনাপতি সাহেবেরা।

জজ আডবোকেট জেনরল ও এলাকার ডেপুটী সাহেবেরা।

পেমাষ্টর ও ডেপুটী পেমাষ্টর সাহেবেরা।

কার্টর মাষ্টর জেনরল ও ডেপুটী ও আসিষ্টাণ্ট ও ডেপুটী আসিষ্টাণ্ট সাহেবেরা।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কি গবরনর সাহেবের মিলিটারী সেক্রেটারী সাহেব।

প্রধান সেনাপতি সাহেবের সেক্রেটারী সাহেব।

গবর্ণমেণ্টের নিযুক্ত সকল বোর্ড ও কমিস্যন ও কমিটির সেক্রেটারী সাহেব।

খাল ও সাঁকোর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব।

পরিবারকে টাকা দেওন ও পেনশ্যন দেওনের ঐ।

তোপ গাড়ির ঐ

বারুদের ঐ

রাস্তার ঐ

ত্রিগণমেত্রিকাল ও অন্য সরবের ঐ

ঘোড়ার বাথানের ঐ

সরবেয়র জেনরল সাহেব ও ডেপুটী ও সনদপ্রাপ্ত আসিষ্টাণ্ট সাহেবেরা।

চিকিৎসাসম্পর্কীয়।

কোম্পানির ঔষধপ্রস্তুতকারক কিম্বা ঔষধাদিরক্ষক।

Inspector, and Deputy Inspector General of Her Majesty's Hospitals.

Superintending Surgeon.

LIST No. II.

Parties authorized to send letters and official *Gazettes, bonâ fide* and *exclusively* on the Public Service, relating to the business of their respective Departments, without actual payment of postage, but only to the authorities hereinafter named :—

Archdeacon,	To the Registrar and Clergy of the Diocese.
Accountant to Chief Engineers,	To Superintending, Executive, Assistant Executive, and Civil Engineers.
Chaplains at Out-Stations,	To Archdeacon or Registrar.
Garrison Surgeons and Medical Officers attached to Regiments, Stations, or Depots,	To Superintending Surgeons of their several Divisions.
Master Attendant, Calcutta,	To Authorities at Diamond Harbour, Kedgeree, and Stations down the River.
Controller of Government Steam Vessels,	To the same, and to Steam Agents.
Subordinate Judicial, Revenue, Police, Engineer, and other Civil Officers,	To the Authorities with whom they may have to correspond on Public Service within their respective Districts.
Patrolling Officers of Customs,	To their immediate superior, or to the nearest Magistrate.
Revenue and other Surveyors,	To Surveyor General, Deputy Surveyor General, Collector of the District, or Paymaster of the Division.
Steam Agents,	To the Controller of Government Steamers, and to each other (their communications being sent

শ্রীশ্রীমতী মহারাণীর হাসপাতালের ইন্‌স্পেক্‌টর ও ডেপুটী ইনস্পেক্‌টর জেনরল সাহেব।

সুপরিণ্টেণ্ডিং চিকিৎসক সাহেব।

তালিকা ২ নং।

যাঁহারা আপন২ সিরিশ্‌তার কর্ম্মের বিষয়ি প্রকৃতরূপে ও কেবল সরকারী কর্ম্মের পত্র ও সরকারী গেজেট ডাকমাসুল নিতান্ত না দিয়া পাঠাইতে পারেন। কিন্তু কেবল দক্ষিণপার্শ্বের লিখিত কার্য্যকারকেরদের নামে।

আর্চডীকন সাহেব	তাঁহার এলাকার রেজিষ্ট্রার সাহেব ও পাদরি সাহেবেরদের নামে।
প্রধান ইঞ্জিনিয়র সাহেবেরদের আকেণ্টেণ্ট সাহেব	সুপরিণ্টেণ্ডিং ও এক্‌সেকিটিব ও আসিষ্টাণ্ট এক্‌সেকিটিব ও সিবিল ইঞ্জিনিয়র সাহেবেরদের নামে।
মফঃসলের মোকামের পাদরী সাহেবেরা	আর্চডীকন কি রেজিষ্ট্রার সাহেবের নামে।
গারিসন চিকিৎসক সাহেবেরা ও পল্টনে কি ছাউনি স্থানে কি যুদ্ধসামগ্রীর ঘরে নিযুক্ত চিকিৎসক সাহেবেরা	তাঁহারদের নানা এলাকার সুপরিণ্টেণ্ডিং চিকিৎসক সাহেবেরদের নামে।
কলিকাতার মাষ্টর এটেণ্ডেণ্ট সাহেব	কলাগাছিয়াতে ও খাজুরীতে ও সমুদ্রদিগে নদীর উপর নানা মোকামের কার্য্যকারকেরদের নামে।
গবর্ণমেণ্টের বাষ্পীয় জাহাজের তত্ত্বাবধারক সাহেব	ঐ ঐ এবং বাষ্পীয় জাহাজের এজেণ্ট সাহেবের নামে।
অধস্থ জুডিসিয়ল ও রেবিনিউ ও পোলীস ও ইঞ্জিনিয়র এবং অন্য২ দেওয়ানীর কার্য্যকারক	আপন২ জিলার মধ্যে উপরিস্থ যে কার্য্যকারকেরদের সঙ্গে তাঁহারদের সরকারী কর্ম্মের পত্রাদি পাঠাইবার প্রয়োজন হয়।
হামিলের রোঁদগস্তি কার্য্যকারকেরা	আপন২ উপরিস্থ কার্য্যকারকের কি অতি নিকট মাজিষ্ট্রেট সাহেবের নামে।
রাজস্বসম্পর্কীয় ও অন্য২ সরবেয়র	সরবেয়র জেনরল সাহেবের কি ডেপুটী সরবেয়র জেনরল সাহেবের কি জিলার কালেক্‌টর সাহেবের কি এলাকার পেমাষ্টর সাহেবের নামে।
বাষ্পীয় জাহাজের এজেণ্ট সাহেবেরা	গবর্মেণ্টের বাষ্পীয় জাহাজের তত্ত্বাবধারক সাহেবের ও পরস্পরের

	in covers open at each end.)		নামে (তাঁহারদের পত্র দুই দিগে খোলা খামে পাঠাইতে হইবেক)
Principal Sudder Ameens and Sudder Ameens,	Within their respective districts and to their immediate superior.	প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা ———	আপন২ জিলার মধ্যে ও আপন২ উপরিস্থ কার্য্যকারকের নামে।
Superintendent of Salt Chowkies, ———	The same.	নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টেরা ———	ঐ ঐ
Superintendent of Government *Gazette* Press, ———	Official Gazettes to public Officers authorized to receive the same.	গবর্ণমেণ্ট গেজেটের ছাপাখানার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব	যে সরকারী কার্য্যকারকেরা গেজেট পাইবার অনুমতি পান তাঁহারদের নামে সরকারী গেজেট।
Assistants in the Telegraph Department,	To their immediate superior.	টেলিগ্রাফ সিরিশ্তার আসিষ্টাণ্টেরা ———	আপন২ উপরিস্থ কার্য্যকারকের নামে।
Vaccinators, ———	To the same.	টীকাদেওনিয়ারা ———	ঐ ঐ
Warrant and Non-Commissioned Officers of the Commissariat Department in charge of public cattle, when absent from stations only,	To their immediate superior, or to the Quarter Master General or Assistant or Deputy Assistant Quarter Master General.	কমিসেরিয়ট সিরিশ্তায় সরকারী বলদাদির তত্ত্বাবধারণের ভারপ্রাপ্ত ওয়ারণ্ট ও সনদ অপ্রাপ্ত কার্য্যকারকেরা কেবল যখন আপনারদের মোকামহইতে বাহিরে থাকেন ———	আপন২ উপরিস্থ কার্য্যকারকের নামে কি ক্বার্টর মাষ্টর জেনরল সাহেব কি আসিষ্টাণ্ট কি ডেপুটী আসিষ্টাণ্ট ক্বার্টর মাষ্টর জেনরল সাহেবের নামে।
Warrant and Non-Commissioned Officers of the Ordnance Department in charge of stores, when absent from stations only,	To their immediate superior, or to the Secretary to the Military Board.	যুদ্ধামগ্রীর ডিপার্টমেণ্টে দ্রব্যের তত্ত্বাবধারণের ভারপ্রাপ্ত ওয়ারণ্ট ও সনদ অপ্রাপ্ত কার্য্যকারকেরা কেবল যখন আপনারদের মোকামহইতে বাহিরে থাকেন —	আপন২ উপরিস্থ কার্য্যকারকের কি মিলিটারী বোর্ডের সেক্রেটারী সাহেবের নামে।
Warrant and Non-Comsioned Officers of the Department of Public Works, when detached on such works,	To their immediate superiors.	সরকারী ইমারৎপ্রভৃতি নির্ম্মাণের সিরিশ্তার ওয়ারণ্ট ও সনদঅপ্রাপ্ত কার্য্যকারকেরদিগকে যখন সেই কর্ম্মেতে ভিন্ন স্থানে পাঠান যায়।	আপন২ উপরিস্থ কার্য্যকারকের নিকটে।
Commanders of Government Steamers and Pilots, ———	To the Commander-in-Chief of the Indian Navy, Master Attendant, or Secretary to the Marine Board. This privilege extends only to Shipping Reports, superscribed as such, and sent either open or in covers open at both ends.	গবর্ণমেণ্টের বাষ্পীয় জাহাজের অধ্যক্ষেরা ও আড়কাটি সাহেবেরা ———	ভারতবর্ষে যুদ্ধ জাহাজের প্রধান সেনাপতি সাহেব কি মাষ্টর এটেণ্ডেণ্ট সাহেব কি মারিন বোর্ডের সেক্রেটারী সাহেবের নামে। এই অনুমতি কেবল জাহাজীয় রিপোর্টের বিষয়ে অর্থাৎ যে পত্রের উপর সেই কথা লেখা আছে সেই পত্রের বিষয়ে খাটে এবং তাহা খোলা কিম্বা দুই দিগে খোলা খামে বদ্ধ হইয়া পাঠাইতে হইবেক।

[*Government Gazette*, 26*th September*, 1854.]

Tide Waiters,——— To Collector of Customs. This privilege extends only to Tide Waiters' Reports superscribed as such.

N. B.—The privilege of sending letters by post, without actual payment of postage, extends only to letters exclusively on the Public Service, and all Public Officers are prohibited from sending on service letters relating to the private concerns of individuals, though they may be in reply to communications addressed to them in their official capacity. Such letters must either be pre-paid by stamps, or sent bearing postage.

All Periodical Returns and Reports, and all letters not of an important or confidential nature, are to be packed in covers open at each end.

Letters on the Public Service, not intended to be permanently retained on record, are to be written on paper of the smallest size (compatible with clear and legible writing.)

[All letters, &c., received for despatch, to be marked with the appropriate office stamp, and with the amount of postage.]

XXXVII. All letters, papers and packets whatever, received at any Post Office in India, for despatch by post, whether paid, stamped, or liable to postage, as the case may be, are to be marked with the appropriate stamp, bearing the name of such Office of despatch; and when slide stamps, showing the date of the month and year, are not provided, the said date must be entered in writing across the middle of the face of the stamp. If the letter or packet received for despatch be bearing postage, the amount of postage due must be entered in writing on the face of the letter.

[All letters, &c., received for delivery, to be stamped, but the postage, unless under-charged, not to be marked.]

XXXVIII. All letters, papers and packets whatever, received at any Post Office, by post, for delivery at such Office, are in like manner to be stamped with the appropriate office stamp, and marked with the date of the month and year; but the amount of postage paid or due is not to be marked, unless the letter has been under-charged with postage at the Despatching Office.

[Obliterating stamp.]

XXXIX. All postage stamps on letters, papers or parcels must be carefully obliterated with the stamp furnished for that object; and the black composition supplied for the purpose must be used in all cases. Letters bearing stamps, which have been previously obliterated or defaced, must be treated as unpaid letters.

টাইড ওয়েটরেরা ——— হাসিলের কালেক্টর সাহেবের নিকটে। এই অনুমতি কেবল টাইড ওয়েটরেরদের রিপোর্টের বিষয়ে খাটে তাহার উপর সেই কথাও লিখিতে হইবেক।

মন্তব্য কথা। ডাকমাসুল নিতান্ত না দিয়া ডাকের দ্বারা পত্র পাঠাওনের অনুমতি কেবল সরকারী কর্ম্মের বিষয়ি পত্রের প্রতি খাটে। এবং সরকারী সকল কার্য্যকারকদিগকে নিষেধ হইতেছে যে তাঁহারা বিশেষ লোকেরদের নিজ কর্ম্মের বিষয়ি পত্র সরকারী পত্র বলিয়া না পাঠান্ তাঁহারদের পদোপলক্ষে তাঁহারদের নামের পত্রের উত্তর ও সরকারী পত্র বলিয়া না পাঠান্। এইমত সকল পত্রের মাসুল হয় ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে দিতে হইবেক নতুবা "বেরিং" পাঠাইতে হইবেক।

নিরূপিত সময়ের সকল রিটর্ণ ও রিপোর্ট এবং যে সকল পত্র গুরুতর কি গোপনীয় ভাবের না হয় তাহা দুই দিগে খোলা খামে বন্ধ করিতে হইবেক।

সরকারী কর্ম্মের যে সকল পত্র চিরকাল সিরিশ্তার কাগজপত্রের মধ্যে রাখিবার অভিপ্রায় না হয় তাহা যত ছোট কাগজে স্পষ্টরূপে ও সুপাঠ্যরূপে লেখা যাইতে পারে এমত ছোট পরিমাণের কাগজে লিখিতে হইবেক।

[চালান হইবার নিমিত্তে যে সকল পত্রাদি পাওয়া যায় তাহার উপর ডাকঘরের উপযুক্ত ইষ্টাম্প দেওয়া যাইবেক ও তাহার যত মাসুল হয় তাহা লেখা যাইবেক।]

৩৭। ভারতবর্ষের কোন ডাকঘরে যে কোন পত্র ও কাগজপত্র ও পুলিন্দা ডাকে চালান হইবার নিমিত্তে লওয়া যায় তাহার মাসুল পূর্ব্বে দেওয়া যাউক কি তাহাতে মাসুলের ইষ্টাম্প থাকুক কিম্বা বিষয়বিশেষে তাহার ডাকমাসুল দেনা হউক তাহার উপর উপযুক্ত ইষ্টাম্প দেওয়া যাইবেক ও যে ডাকঘরহইতে চালান হয় তাহার নাম সেই ইষ্টাম্পে থাকিবেক। এবং সাল ও মাস ও দিনদিনের তারিখ যাহাতে দেখান যায় এমত ইষ্টাম্প যদি না থাকে তবে মাসুলের ইষ্টাম্পের মধ্য ভাগের আড়ভাবে উক্ত তারিখ লিখিয়া দিতে হইবেক। যে পত্র কি পুলিন্দা চালান হইবার নিমিত্তে লওয়া যায় তাহা যদি "বেরিং" হয় তবে তাহার যে ডাকমাসুল দেনা হয় তাহা পত্রের উপর লিখিয়া দিতে হইবেক।

[পঁহুছাইয়া দিবার নিমিত্তে যে সকল পত্রাদি পাওয়া যায় তাহার উপর ইষ্টাম্প বসাইতে হইবেক। কিন্তু উপযুক্ত মাসুলহইতে কম মাসুল তাহার উপর না লেখা গেলে মাসুল লিখিতে হইবেক না।]

৩৮। পত্র ও কাগজপত্র ও পত্রাদির পুলিন্দা যে ডাকঘরে পঁহুছাইয়া দিতে হইবেক সেই ডাকঘরে পঁহুছিলে সেই পত্রাদির উপর সেই প্রকারে ডাকঘরের উপযুক্ত ইষ্টাম্প দেওয়া যাইবেক এবং তাহাতে সাল ও মাস ও তারিখ লেখা যাইবেক। কিন্তু যত মাসুল দেওয়া গিয়াছে কি দেনা হয় তাহা লিখিতে হইবেক না কেবল ঐ পত্রাদি যে ডাকঘরহইতে চালান হইয়াছিল তাহাতে তাহার যত মাসুল লেখা হইয়াছে তাহা যদি যথার্থ মাসুলের কম হয় তবে মাসুল লিখিতে হইবেক।

[ইষ্টাম্পের কথা মুছিয়া ফেলন।]

৩৯। মাসুলের ইষ্টাম্পের কথা মুছিয়া ফেলনের জন্যে একং ইষ্টাম্প দেওয়া যাইবেক তাহা লইয়া পত্রের কি কাগজপত্রের কি পুলিন্দার উপর ডাকমাসুলের সকল ইষ্টাম্প মনোযোগপূর্ব্বক মুছিয়া ফেলিতে হইবেক এবং তাহার জন্যে যে কাল দ্রব্য দেওয়া যাইবেক তাহা সর্ব্বদাই ব্যবহার করিতে হইবেক। যে ইষ্টাম্পের কথা পূর্ব্বে মুছিয়া ফেলা গিয়াছে কি অপাঠ্য করা গিয়াছে এমত ইষ্টাম্প যদি কোন পত্রের উপর দেওয়া যায় তবে তাহা মাসুল না দেওয়া পত্র জ্ঞান হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২৬ সেপ্টেম্বর।]

[Post Master not himself to affix a stamp on letters, &c.]

XL. No Post Master is allowed to affix a postage stamp to a letter brought unstamped to his Office.

[Forward letters, &c., to be stamped and marked with additional postage.]

XLI. Forward letters, papers or packets, *i. e.*, those which follow a party addressed from station to station, *are* to be stamped at each Office of fresh despatch, and marked with the additional postage due on such fresh despatch.

[Extra weight of banghy parcels to be marked.]

XLII. On banghy parcels the exact weight must in all cases be entered in writing on the face thereof.

[Other letters, &c., how to be stamped.]

XLIII. Supplementary rules, regarding the shape and size of the office stamps to be used on the several description of letters, shall be, when necessary, circulated by the Director General of the Post Office.

[At such Post Offices as have more than one delivery daily, letters &c., to be stamped A. M. or P. M., according to time of delivery.]

XLIV. At such Post Offices as have more than one delivery daily, all letters, papers and packets must be marked with a stamp, showing at which delivery they were distributed.

C. ALLEN,
Secy. to the Govt. of India.

GENERAL RULES RELATING TO THE RECEIPT, DESPATCH AND DELIVERY OF LETTERS BY DISTRICT POSTS.

Approved of by the Governor General of India in Council, on the 12th August, 1854.

1. WHEREVER any local establishment may be maintained for the conveyance or delivery of the Police, Revenue or other official communications, it shall also be made use of for the conveyance and delivery of private correspondence, and be designated a District Post.

2. All Office or Road establishments, attached to any District Post, will be under the control and management of the Officer to whom they may be entrusted by the Local Government.

3. Such Police Stations and other Public Offices, as may be selected by the Local Government, shall be constituted District Post Offices, but this shall remain under the management and supervision of the same officials who are at present in charge of them.

4. A Letter Box, with a slit in the top or side, shall be fixed in a conspicuous place outside of every District Post Office. The words "Letter

[ডাকাধ্যক্ষ পত্রাদির উপর মাসুলের ইষ্টাম্প বসাইবেন না।]

৪০। যে পত্রের উপর মাসুলের ইষ্টাম্প বসান না গিয়াছে এমত পত্র ডাকঘরে আনা গেলে তাহার উপর ঐ ইষ্টাম্প বসাইতে কোন ডাকাধ্যক্ষের প্রতি অনুমতি নাই।

[স্থানে২ যে পত্রাদি পাঠাইতে হইবেক তাহার উপর ইষ্টাম্প দেওয়া যাইবেক ও অতিরিক্ত ডাকমাসুল লেখা যাইবেক।]

৪১। যে পত্র কি কাগজপত্র কি পত্রাদির পুলিন্দা স্থানে২ চালান হইবেক অর্থাৎ যাঁহার নামে লেখা যায় তিনি এক স্থানে না থাকিলে অন্য স্থানে চালান করিতে হইবেক সেই পত্রাদি যে২ ডাকঘরহইতে নূতন চালান হয় সেই প্রত্যেক ডাকঘরে তাহাতে ইষ্টাম্প দেওয়া যাইবেক এবং ঐ নূতন চালানপ্রযুক্ত তাহার উপর আর যত মাসুল দেনা হয় তাহা লেখা যাইবেক।

[বাঙ্গির পুলিন্দার উপর ঠিক ওজন লিখিতে হইবেক।]

৪২। বাঙ্গির পুলিন্দার উপর তাহার ঠিক ওজন সর্ব্বদাই লিখিতে হইবেক।

[অন্য পত্রাদিতে যে প্রকারে ইষ্টাম্প দিতে হইবেক।]

৪৩। নানা প্রকারের পত্রেতে ডাকঘরের যে২ ইষ্টাম্প বসাইতে হইবেক তাহার আকারের ও পরিমাণের বিষয়ের অতিরিক্ত বিধি যখন আবশ্যক হয় তখন ডাকঘরের ডৈরেক্টর জেনরল সাহেব জারী করিবেন।

[যে২ ডাকঘরহইতে পত্রাদি একবারের অধিক বাহির হয় সেই২ ডাকঘরে সময়ের অনুসারে পত্রের উপর A.M. কি P. M. এই২ অক্ষর ইষ্টাম্প করিতে হইবেক।]

৪৪। যে২ ডাকঘরহইতে প্রতিদিন দুই তিনবার পত্র বাহির হয় সেই২ ডাকঘরে সকল পত্র ও কাগজের ও পত্রের পুলিন্দা যে সময়ে বিলি করা যায় তাহা দেখাইবার ইষ্টাম্প ঐ পত্রাদির উপর দেওয়া যাইবেক।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

জিলার ডাকে পত্র লওনের ও চালাওনের ও পঁহুছাইয়া দেওনের বিষয়ের সাধারণ বিধি।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কর্ত্তৃক ১৮৫৪ সালের ১২ আগষ্ট তারিখে মঞ্জুর হয়।

১। যে কোন স্থানে পোলীস কি রাজস্বসম্পর্কীয় কিম্বা সরকারী অন্য২ পত্রাদি চালাওনের কি পঁহুছাইয়া দেওনের নিমিত্তে বিশেষ২ স্থানীয় শিরিশ্তা থাকে সেই স্থানে ঐ সিরিশ্তার দ্বারা বিশেষ ব্যক্তিরদেরও পত্রাদি চালান ও পঁহুছাইয়া দেওয়া যাইবেক এবং তাহা জিলার ডাক নামে খ্যাত হইবেক।

২। কোন জিলার ডাকে দফ্তরখানা কি রাস্তাসম্পর্কীয় যে সিরিশ্তা নিযুক্ত হয় তাহা, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ বিষয়ের ভার যে কার্য্যকারকের প্রতি অর্পণ করেন তাঁহার তত্ত্বাও কর্ত্তৃত্বাধীন থাকিবেক।

৩। স্থানীয় গবর্ণমেণ্ট পোলীসের যে কোন থানা কি সরকারী অন্য২ দফ্তরখানা মনোনীত করেন তাহাই জিলার ডাকের আড্ডা হইবেক। কিন্তু এইক্ষণে যে২ কার্য্যকারকেরদের প্রতি তাহার ভার আছে তাঁহারদেরই আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে থাকিবেক।

৪। জিলার ডাকের প্রত্যেক আড্ডার বাহিরে সকল লোকের দৃষ্টিগোচর স্থানে এক২ পত্রের বাক্স থাকিবেক। তাহার উপরি কি পার্শ্ব ভাগে পত্র ফেলিবার জন্যে এক২ লম্বা ছিদ্র থাকিবেক। প্রত্যেক বাক্সের

Box," in English and the Vernacular of the district, shall be painted on each box in legible characters.

5. All letters (except those to be specially registered,) intended for despatch from any District Post Office, must be dropped into the Letter Box. No receipt will be given. Every letter posted at a District Post Office must have its proper postage stamp affixed to it.

6. Any person wishing to post a registered letter at any District Post Office can do so on payment of a registry fee of four annas, in addition to the ordinary postage chargeable on the letter, according to its weight. A receipt in the proper form must, in all cases, be given to the poster of a registered letter, whether it be demanded or not. One anna of the registration fee will be allowed to the person registering the letter, the remaining three annas must be sent with the letter by the same day's despatch to the nearest Post Office.

7. Every District Post Office will be supplied by the Post Office Department with registered letter covers, forms of receipt and of register, and with the rules relating to registered letters.

8. Except when it may be opened for the purpose of taking out the letters preparatory to their despatch, the Letter Box shall remain locked, the key being in custody of the person in charge of the Office.

9. Fifteen minutes before the hour at which the despatches of the Office are usually made up, the Letter Box will be opened and the letters in it taken out. Those addressed to places to which there is a direct communication through the District Post will be separated from all other letters, sorted and packed in covers addressed to the Officer in charge of the District Post Office from which they will be delivered. The remaining letters will be made up into one packet and addressed to the nearest Post Office with which he has a communication.

10. A Chulan or Letter Bill in the Vernacular (Form 1) will be sent with every packet despatched from a District Office to a Post Office. The Deputy Post Master or person in charge of the Post Office will, after satisfying himself that the contents of the packet agree with the Chulan, copy the entries into his register, sign, and by the next day's despatch return the Chulan. The receipted Chulans will be filed and form the only record in any District Post Office of the despatches made from it.

11. All Chulans are to be numbered consecutively in a series commencing on the 1st of May; and if any District Post Office is in the habit of sending packets to more than one Post Office, the Chulans sent to each Post Office will be numbered in a separate series.

12. All letters sent from one District Post Office

উপর "পত্রের বাক্স" এই কথা ইঙ্গরেজী ভাষাতে ও জিলার চলন ভাষাতে রঙ্গ দিয়া স্পষ্ট অক্ষরে লেখা থাকিবেক।

৫। যে সকল পত্রের বিশেষমতে রেজিষ্টরী করিতে হইবেক তাহাছাড়া অন্য যে সকল পত্র কোন জিলার ডাকের আড্ডাহইতে চালাইবার অভিপ্রায় হয় তাহা ঐ পত্রের বাক্সে ফেলিতে হইবেক। কোন রসীদ দেওয়া যাইবেক না। যে২ পত্র জিলার ডাকের আড্ডায় দেওয়া যায় তাহার প্রত্যেকের উপর উপযুক্ত মাসুলের ইষ্টাম্প বসাইতে হইবেক।

৬। যে কোন ব্যক্তি রেজিষ্টরীকরা পত্র জিলার ডাকের কোন আড্ডায় দিতে চাহেন তিনি ওজনঅনুসারে পত্রের উপর রীতিমতের যে মাসুল লাগিবেক তাহার অধিক চারি আনা রেজিষ্টরী রসুম দিলে তাহা ডাকে দিতে পারেন। আর যে ব্যক্তি রেজিষ্টরীকরা পত্র ডাকে দেন তিনি রসীদ চাহিলে কি না চাহিলে তাঁহাকে উপযুক্ত পাঠের এক রসীদ সর্ব্বদাই দেওয়া যাইবেক। রেজিষ্টরী করিবার ঐ রসুমের এক আনা, যে ব্যক্তি পত্র রেজিষ্টরী করেন তাঁহাকে দেওয়া যাইবেক। বাকী তিন আনা ঐ পত্রের সঙ্গে সেই দিনের ডাকে অতি নিকট ডাকঘরে চালান হইবেক।

৭। রেজিষ্টরীকরা পত্রের খাম এবং রসীদের ও রেজিষ্টরের পাঠ এবং রেজিষ্টরীকরা পত্রের বিষয়ি বিধি ডাকঘরের সিরিশ্তাহইতে জিলার প্রত্যেক ডাকের আড্ডায় পাঠান যাইবেক।

৮। পত্রের বাক্স চাবিতে বন্দ থাকিবেক এবং ডাকঘরের ভারপ্রাপ্ত যে ব্যক্তি হন্ তাঁহার জিম্মায় চাবি থাকিবেক। কেবল পত্র চালান করিবার পূর্ব্বে পত্র বাহির করিবার জন্যে বাক্স খোলা যাইবেক।

৯। ঐ আড্ডাহইতে চালান হইবার পত্রাদি যে সময়ে বাঁধা যাইবেক তাহার পূর্ব্ব পনের মিনিট থাকিতে পত্রের বাক্স খোলা যাইবেক ও তাহার মধ্যের পত্র বাহির করা যাইবেক। যে২ স্থানে জিলার ডাকের দ্বারা পত্র একেবারে চালান হইয়া থাকে সেই২ স্থানে যে সকল পত্র পাঠাইতে হইবেক তাহা অন্য পত্রহইতে পৃথক্ করা যাইবেক, এবং তাহা সাজাইয়া খামে বন্ধ করা যাইবেক, ও যে জিলার ডাকের আড্ডাহইতে পঁহুছাইয়া দেওয়া যাইবেক তাহার ভারপ্রাপ্ত কার্য্যকারকের নামে শিরনামা লেখা যাইবেক। বাকী সকল পত্র একি খামে বন্ধ হইয়া ঐ জিলার ডাকের সঙ্গে অতিনিকট যে ডাকঘরের পত্র দেওনের ও লওনের সম্পর্ক আছে সেই ডাকঘরের নামে শিরনামা লেখা যাইবেক।

১০। যে পত্রের পুলিন্দা জিলার ডাকের আড্ডাহইতে ডাকঘরে চালান হয় তাহার প্রত্যেকের সঙ্গে দেশীয় ভাষাতে প্রথম পাঠের এক চালানও দিতে হইবেক, ডেপুটী ডাকাধ্যক্ষ কিম্বা ডাকঘরের ভারপ্রাপ্ত অন্য কার্য্যকারক, ঐ ডাকপুলিন্দার পত্রাদি ঐ চালানের সঙ্গে মিলে ইহা সুবোধমতে জানিলে পর, চালানের লিখিত সকল দফা আপন রেজিষ্টরী বহীতে নকল করিয়া, চালানে দস্তখৎ করিয়া, পর দিনের ডাকে তাহা ফিরিয়া পাঠাইবেন। ঐ প্রকারে দস্তখৎকরা চালানের এক নথী করিয়া রাখা যাইবেক। এবং কোন জিলার ডাকের আড্ডাহইতে যে সকল পত্র চালান হয় সেই পত্রের ঐ নথীকরা চালানভিন্ন অন্য দলীল ঐ আড্ডায় থাকিবেক না।

১১। প্রত্যেক চালানে যে মাসের প্রথম তারিখঅবধি আরম্ভ করিয়া ১,২প্রভৃতি নম্বর থাকিবেক। এবং যদি কোন জিলার ডাকের আড্ডাহইতে একের অধিক ডাকঘরে ডাকপুলিন্দা পাঠান গিয়া থাকে তবে এক২ ডাকঘরে যে চালান পাঠান যায় তাহার পৃথক্‌রূপে নম্বরবিলি হইবেক।

১২। যে সকল পত্র জিলার ডাকের এক আড্ডাহইতে

to another will be accompanied by a Chulan (Form 2), which will be receipted and returned to the Despatching Office, to be filed as a record.

13. All letters received at any Post Office, to the address of persons resident in the same district, but beyond the limits of any ordinary post delivery, will, if the Post Office be at the head-quarters of the district, be sent with a Chulan (Form 1) to the Officer in charge of the District Post, to be by him sorted and forwarded to the District Post Offices of the several sub-divisions in which the residence of the addressees may be situated.

14. Persons in charge of Post Offices in the interior of districts receiving letters for persons residing beyond the limits of their ordinary delivery, but within the sub-division of a District Post Office with which they have direct communication, will send them, if pre-paid, for delivery to that Office, with a Chulan (Form 1.) Letters for persons resident in the district, but within a sub-division with which the Receiving Office has no direct communication, must be sent to the Post Office of the head-quarters of the district. All letters bearing postage for delivery in the interior must be sent to the Post Office at the head-quarters of the district.

15. Officers in charge of District Post Offices will carefully compare with the Chulan the contents of every packet received. If the Chulan is correct, it will be receipted and returned; if not correct, the discrepancies will be noted thereon.

16. A delivery book (Form 3,) showing the names of persons entrusted with the delivery of letters, will be kept in every District Post Office, and be the only record of letters received for delivery.

17. Letters will be delivered by such persons and under such rules as the Local Government may from time to time determine. Every person, through whom any District Post letter may be delivered, is authorized to receive a fee of one pice (a fourth of an anna) for his own use, in addition to any unpaid postage which may be due on it.

18. All postage realized on letters sent from any Post Office for delivery through the District Post will be remitted every Saturday to the Post Office at the head-quarters of the district with the remittance book (Form 4). The person in charge of the Post Office will give a receipt for the amount in the opposite column and return the book by the first despatch. At the close of the month, a balance will be struck, showing the postage still due to the Post Office on letters which have been received; this balance will be brought forward and a new ac-

অন্য আড্ডায় পাঠান যায় তাহার সঙ্গে দ্বিতীয় পাঠের এক চালান থাকিবেক। এবং তাহাতে দস্তখৎ হইয়া, যে আড্ডাহইতে পাঠান গিয়াছিল সেই আড্ডায় ফিরিয়া পাঠান যাইবেক, এবং তাহা দলীলস্বরূপ নথীর শামিল করা যাইবেক।

১৩। কোন ডাকঘরে যে পত্র পাওয়া যায় তাহার শিরনামায় যাঁহার নাম থাকে তিনি ঐ জিলার মধ্যে কিন্তু ঐ ডাকের পত্র যে সীমাপর্য্যন্ত নিয়ত পঁহুছাইয়া দেওয়া যায় তাহার বাহিরে যদি বাস করেন তবে ঐ ডাকঘর জিলার সদর মোকামে থাকিলে ঐ সকল পত্র প্রথম পাঠের চালানের সহিত জিলার ডাকের ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকটে পাঠান যাইবেক এবং তিনি ঐ সকল পত্র সাজাইয়া তাহার শিরনামার লিখিত ব্যক্তিরদের বাস স্থান যে২ জিলার ডাকের এলাকায় থাকে সেই২ ডাকের আড্ডায় পাঠাইয়া দিবেন।

১৪। জিলার মফঃসল স্থানের কোন ডাকঘরের পত্রাদি যে সীমাপর্য্যন্ত নিয়ত পঁহুছাইয়া দেওয়া যায় তাহার বাহিরে কিন্তু ঐ ডাকঘরহইতে যে জিলার ডাকের আড্ডায় পত্র একেবারে পাঠান যায় তাহার এলাকার মধ্যে যাঁহারা বাস করেন এমত কোন ব্যক্তিরদের নামে, ঐ ডাকঘরের ভারপ্রাপ্ত ব্যক্তিরা যে সকল পত্র পান, যদি সেই পত্রের মাসুল পূর্ব্বে দেওয়া গিয়া থাকে তবে তাঁহারা সেই পত্র পঁহুছাইয়া দিবার জন্যে প্রথম পাঠের চালানের সঙ্গে এ আড্ডায় পাঠাইবেন। যে ব্যক্তিরা জিলার মধ্যে বাস করেন কিন্তু ঐ জিলার যে স্থানে থাকেন সেই স্থানে পত্র গ্রহণের ঐ ডাকঘরহইতে পত্র একেবারে পাঠান যায় না তবে এমত ব্যক্তিরদের নামের পত্র জিলার সদর মোকামের ডাকঘরে পাঠাইতে হইবেক। জিলার মফঃসলে পঁহুছাইয়া দিবার নিমিত্তে যে সকল পত্র বেরিং পাঠান যায় তাহা জিলার সদর মোকামের ডাকঘরে পাঠাইতে হইবেক।

১৫। জিলার ডাকের আড্ডার ভারপ্রাপ্ত কার্য্যকারকেরা যে সকল ডাকপুলিন্দা পান তাহার সকল পত্রাদি চালানের সঙ্গে মনোযোগপূর্ব্বক মিলাইবেন। যদি চালান ঠিক হয় তবে তাহাতে দস্তখৎ করিয়া তাহা ফিরিয়া পাঠাইবেন। যদি ঠিক না হয় তবে যে২ বিষয়ে বৈলক্ষণ্য থাকে তাহা তাহাতে টুকিয়া রাখিবেন।

১৬। জিলার ডাকের প্রত্যেক আড্ডায় তৃতীয় পাঠানুসারে পত্র পঁহুছাইবার এক২ বহী থাকিবেক। পঁহুছাইয়া দিবার জন্যে পত্র যে ব্যক্তিরদের জিম্মা করা যায় তাহারদের নাম তাহাতে লেখা থাকিবেক এবং ঐ বহীভিন্ন পঁহুছাইয়া দিবার জন্যে যে সকল পত্র পাওয়া যায় তাহার অন্য কোন দলাল থাকিবেক না।

১৭। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে২ ব্যক্তিকে ও যে২ বিধি নির্দ্দিষ্ট করেন সেই২ ব্যক্তি সেই২ বিধিমতে পত্র পঁহুছাইয়া দিবেক। কোন জিলার ডাকের পত্র যে হরকারার দ্বারা পঁহুছান যায় তাহাকে অনুমতি আছে যে ঐ পত্রের উপর না দেওয়া যে কোন মাসুল পাওনা থাকে তাহার অধিক আপনার নিমিত্তে এক২ পয়সা লয়।

১৮। জিলার ডাকের দ্বারা পঁহুছাইয়া দিবার যে সকল পত্র কোন ডাকঘরহইতে পাঠান যায় তাহার উপর যে সকল মাসুল আদায় হয় তাহা প্রতি শনিবারে চতুর্থ পাঠানুসারে টাকার চালান বহীর সঙ্গে জিলার সদর মোকামের ডাকঘরে পাঠান যাইবেক। তাহাতে যে স্থানে টাকার মোট লেখা যায় তাহার সম্মুখ ঘরে ডাকঘরের ভারপ্রাপ্ত কার্য্যকারক রসীদ লিখিয়া তাহার পর যে প্রথম বারে ঐ আড্ডায় পত্র চালান করেন সেই বারে ঐ বহী ফিরিয়া পাঠাইবেন। মাসের শেষ হইলে বাকী কাটা যাইবেক। তাহাতে যে সকল পত্র পাওয়া গিয়াছে তাহার উপর ডাকঘরের যত মাসুল পাওনা থাকে তাহা

count commenced on the 1st of the following month.

19. All letters, which from any cause cannot be delivered, will be returned with as little delay as possible to the Post Office from which they were received and if any unpaid postage be due on them, credit for the amount will be taken in the remittance book. Unpaid letters are never, under any circumstances, to be sent from one District Post Office to another.

20. A monthly memorandum (Form 5,) showing the number of letters received for delivery at each District Post Office, will be prepared by the person in charge and sent on the 2nd of the following month to the Officer in charge of the Post Office at the head-quarters of the district. Persons in charge of Post Offices will prepare similar memoranda and send them to the Post Office at the head-quarters of the district. The Officer in charge will, before the 15th of each month, prepare a general statement showing the number of letters posted at, and delivered through the agency of the District Post Office in the preceding month.

By Order of the Most Noble the Governor General of India,

C. ALLEN,
Secy. to the Govt. of India.

দৃষ্ট হইবেক। পরে ঐ বাকীর জের টানিয়া তাহার পর মাসের ১ তারিখঅবধি নূতন হিসাব আরম্ভ হইবেক।

১৯। যে সকল পত্র কোন কারণে পঁহুছাইয়া দেওয়া যাইতে না পারে তাহা যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র যে ডাকঘরহইতে পাওয়া গিয়াছিল সেই ডাকঘরে ফিরিয়া দেওয়া যাইবেক এবং তাহার উপর যদি না দেওয়া কিছু মাসুল পাওনা থাকে তবে তাহা টাকার চালান বহীতে জমা হইবেক। যে পত্রের মাসুল না দেওয়া গিয়াছে এমত কোন পত্র কোন প্রকারে জিলার ডাকের এক আড্ডাহইতে অন্য আড্ডায় পাঠান যাইবেক না।

২০। জিলার ডাকের প্রত্যেক আড্ডাতে পঁহুছাইয়া দিবার নিমিত্তে যত পত্র পাওয়া যায় তাহার পঞ্চম পাঠানুসারে এক স্মারক লিপি মাসের ঐ ডাকের আড্ডার ভারপ্রাপ্ত ব্যক্তির দ্বারা প্রস্তুত হইয়া তাহার পর মাসের ২ তারিখে জিলার সদর মোকামে ডাকঘরের ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকটে পাঠান যাইবেক। ডাকঘরের ভারপ্রাপ্ত ব্যক্তিরাও সেই প্রকারের স্মারক লিপি প্রস্তুত করিয়া জিলার সদর মোকামের ডাকঘরে পাঠাইবেন। ভারপ্রাপ্ত কার্য্যকারক প্রতিমাসের ১৫ তারিখের পূর্ব্বে এক সাধারণ কৈফিয়ৎ প্রস্তুত করিবেন তাহাতে পূর্ব্ব মাসে জিলার ডাকের আড্ডায় যত পত্র দেওয়া যায় ও তাহার দ্বারা যত পঁহুছান যায় তাহা দৃষ্ট হইবেক।

ভারতবর্ষের শ্রীযুত মোস্ট নোবল গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

Form 1.

DISTRICT POST.

CHALAN NO.

Letters despatched from *District Post Office to* *District Post Office.*

Dated *of* 185 .

No. of Letters.		No. of Rates of Postage.	Postage. Despatching Office.			Postage. Receiving Office.		
	Paid Letters, ...							
	Paid Newspapers, ...							
	Registered Letters, ...							
	Total, ...							

C. D.,
Post Master.

A. B.,
Post Master.

N. B.—The Receiving Officer is invariably to enter the correct amount in the column of Postage, whether it agrees with the Despatching Office or not.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২৬ সেপ্টেম্বর।]